সমুদ্রে গমনশীল লোকদিগের ১৮৫৫ সালের আইন নামে রাজকীয় মহাসভার প্রণীত আইনের ৯৯ ধারাতে এই বিধি হইয়াছিল যে, "মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং উক্ত কার্য্যের নিমিত্ত কোন এক কি অধিক আইন করিয়া ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত দেশের অন্তঃপাতি কোন বন্দর কি স্থান হইতে অন্য কোন স্থানে গমনশীল লোকদিগকে লইয়া যাইবার প্রতি এই আইন কি ইহার কোন অংশ বর্ত্তিবে এমত প্রকাশ করিতে পারিবেন, কিন্তু সেই এক কি অধিক আইনে ঐ সকল বন্দরের কি স্থানের নাম নির্দ্দেশ করিতে হইবে।" সেই আইনে আরো এই বিধি হইয়াছিল, "ভারতবর্ষে সেই এক কি অধিক আইন বিধিবদ্ধ হইলে, যত কাল তাহা প্রবল থাকে তত কাল এই আইনের যে সকল অংশ, উহাতে গৃহীত হয়, সেই সকল অংশ, ভারতবর্ষের উক্ত এক কি অধিক আইনের নির্দ্দিষ্ট স্থানে গমনশীল লোকদিগকে লইয়া যাইবার প্রতি বর্ত্তিবে, ও এই আইনের বিধান যে প্রকারে প্রবল করা যায় ভারতবর্ষের উক্ত আইনের বিধান সেইপ্রকারে শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত সকল দেশে প্রবল করা যাইবে।"

আরো পার্লিয়ামেণ্ট মহাসভার উক্ত আইনের কএক অংশ সমুদ্রপথে লোকদিগকে লইয়া যাইবার আইন সংশোধন করণার্থ ১৮৬০ সালের ২ আইনক্রমে কতিপয় নির্দ্দিষ্ট সমুদ্রযাত্রা সম্পর্কে লোকদিগকে লইয়া যাইবার প্রতি বর্ত্তান হইয়াছিল।

আরো আরোহীদিগের ১৮৫৫ সালের আইনের যে কএক অংশ তদ্রূপে বর্ত্তান হইয়াছিল তাহা রাজকীয় পার্লিয়ামেণ্ট মহাসভার "আরোহীদিগের আইন সংশোধন করণার্থ ১৮৬৩ সালের আইন" নামক আইন দ্বারা সংশোধিত হইয়াছে এবং এইরূপ বিধান হইয়াছে যে রাজকীয় পার্লিয়ামেণ্ট মহাসভার উক্ত সকল আইন একই আইন বলিয়া একত্র ব্যাখ্যা করিতে হইবে,

আরো আরোহীদিগের ১৮৫৫ সালের আইনের তদ্রূপে যে সংশোধন করা যায় তাহা ঐ আইনের যে সকল অংশ তদ্রূপে বর্ত্তান গেল তাহাতেও করা বিহিত এবং তদ্রূপে সংশোধিত ঐ অংশগুলি যাহা ১৮৬০ সালের ২ আইনক্রমে নির্দ্দিষ্ট হয় নাই এমত কএক

The Indian Sea Passengers Bill, 1884.

সমুদ্রযাত্রা সম্পর্কে লোকদিগকে লইয়া যাইবার প্রতি বর্ত্তান বিহিত,

অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে,—

সংক্ষেপ নাম ও আরম্ভ।

১ ধারা। (১) এই আইন ভারতবর্ষীয় সমুদ্র যাত্রীবিষয়ক ১৮৮৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে; ও

(২) ইহা ১৮৮৫ সালের মার্চ্চ মাসের ১ তারিখে বলবৎ হইবে।

১৮৬০ সালের ২ আইন রহিত করণের কথা।

২ ধারা। যে তারিখে এই আইন বলবৎ হয় সেই তারিখে ও তদবধি সমুদ্রপথে লোকদিগকে লইয়া যাইবার আইন সংশোধন করণার্থ ১৮৬০ সালের ২ আইন রহিত হইবে।

রাজকীয় আইনের কএক বিধান ভারতবর্ষ হইতে নির্দ্দিষ্ট কএক সমুদ্রযাত্রার প্রতি বর্ত্তাইবার কথা।

৩ ধারা। আরোহীদিগের আইন সংশোধন করণার্থ ১৮৬৩ সালের আইনদ্বারা সংশোধিত আরোহীদিগের ১৮৫৫ সালের আইনের অংশস্বরূপ এই আইনের ৪ ও ৫ ও ৬ ধারার বিধান ও এই আইনসংযুক্ত তফসীল নিম্নলিখিত যাত্রার প্রতি বর্ত্তিবে প্রকাশ করা যাইতেছে, অর্থাৎ—

(ক) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দর হইতে মরীচ ও জামেকা ও ব্রিটিষ গায়েনা ও ট্রীনিদাদ ও সেন্টলুশিয়া ও গ্রেনাডা ও সেন্ট বিনসেন্ট ও নেটাল ও সেন্টকিটস্ ও নেবিস ও ফিজি ব্রিটিষ উপনিবেশে যাত্রার প্রতি;

(খ) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দর হইতে রেইউনিয়ন ও মার্টিনিক ও গাডেলুপ ফরাসী উপনিবেশে ও উহার অধীনদেশে ও গায়েনায় যাত্রার প্রতি;

(গ) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দর হইতে ওলন্দাজ গায়েনা নামক ওলন্দাজদিগের উপনিবেশে যাত্রার প্রতি;

(ঘ) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দর হইতে সেন্টক্রোয়া নামক দিনেমারদিগের উপনিবেশে যাত্রার প্রতি;

(ঙ) কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই ও কারাচী ও রাঙ্গুন ও ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত অন্য বন্দর হইতে ষ্ট্রেট সেটলমেন্টে ও ঐ সেটলমেন্টের সন্নিহিত রক্ষিত দেশীয় রাজ্যে ও অষ্ট্রেলিয়ায় ও লোহিতসাগর ও পারস্য উপসাগরের বন্দরে দেশীয় চড়নদারদিগের জাহাজবিষয়ক ১৮৭৬ সালের আইনমত যাত্রার প্রতি।

আরোহীদিগের জাহাজ হইতে আরোহীদিগকে বাহির করিয়া লওয়া গেলে তাহাদের খরচ গবর্ণর কি কনসল সাহেবের দিবার কথা।

৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট কোন যাত্রা উপলক্ষে আরোহীদিগকে যে জাহাজে লওয়া যাইতেছে তাহা হইতে যদি তাহাদিগকে বাহির করিয়া লওয়া যায়, কিম্বা সমুদ্রে ভাসমান কোন নৌকা কি ভেলা প্রভৃতি হইতে যদি তাহাদিগকে তুলিয়া লওয়া যায়, তবে যে বন্দরে কি স্থানে তাহারা আনীত হয় তাহা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত কোন বউপনিবেশের অন্তর্গত হইলে, সেই উপনিবেশের গবর্ণর সাহেব কি তাঁহার স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, কিম্বা ঐ বন্দর কি স্থান কোন বিদেশের অন্তর্গত হইলে সেই বন্দর কি স্থানে শ্রীশ্রীমতীর যে কনসল সাহেব থাকেন তিনি, তাহাদের রক্ষাদি করিবার সকল খরচ কিম্বা ঐ খরচের কোন অংশ দিতে পারিবেন।

জাহাজের কাপ্তান আরোহীদিগকে পাঠাইয়া দিতে ত্রুটি করিলে গবর্ণর কি কনসল সাহেবের তাহা করিতে পারিবার কথা।

৫ ধারা। পূর্ব্বোক্তমত আরোহীদিগের জাহাজের কোন আরোহীর নিজের কোন দোষ কি ত্রুটি বিনা কোন ঔপনিবেশিক কি বৈদেশিক বন্দরে কি ঐ তাহাদের আদিম উদ্দিষ্ট স্থান ভিন্ন অন্য কোন স্থানে কিম্বা তিনি স্বয়ং কি বিদেশগমনকার্য্যের এজেন্ট কি কোন সরকারী কার্য্যকারক কি তাঁহারপক্ষে অন্য কোন ব্যক্তি যে স্থানে তাঁহাকে নামাইয়া দিবার করার করিয়াছিলেন তদ্ভিন্ন অন্য কোন স্থানে তিনি পঁহুছিয়া থাকিলে, সেই উপনিবেশের গবর্ণর সাহেব কিম্বা তাঁহার নিকট উক্ত কার্য্যের নিমিত্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কিম্বা বিদেশীয় কোন বন্দর কি স্থান হইলে সেই স্থানের শ্রীশ্রীমতী মহারাণীর কনসল সাহেব ঐ আরোহীকে উদ্দিষ্ট স্থানে পঁহুছাইয়া দিতে পারিবেন। কিন্তু ঐ আরোহীর পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে যদি সেই জাহাজের কাপ্তান সাহেব ঐ গবর্ণর কি স্থল বিশেষে কনসল সাহেবকে এই মর্ম্মের করার লিখিয়া দেন যে ঐ কাল অবধি ছয় সপ্তাহের মধ্যে ঐ আরোহীকে তদীয় আদিম উদ্দিষ্ট স্থানে পঁহুছাইয়া দিবেন কি লইয়া যাইবেন এবং যদি ঐ কাপ্তান সাহেব ঐ সময়ের মধ্যে তাঁহাকে পঁহুছাইয়া দেন কি লইয়া যান তাহা হইলে ঐ গবর্ণর কি কনসল সাহেবের তাঁহাকে পঁহুছাইয়া দিতে হইবে না।

৪ ও ৫ ধারামতে যে খরচ হয় তাহা শ্রীশ্রীমতীর নিকট ঋণ বলিয়া গণ্য হইবার কথা।

৬ ধারা। (১) ইহার পূর্ব্বের দুই ধারামতে কি উহার কোন ধারামতে কোন গবর্ণর কি কনসল সাহেবের কি ঐ২ ধারায় ক্রমান্বয়ে উল্লিখিত অন্য কোন ব্যক্তির দ্বারা কি তাঁহাদিগের আজ্ঞামতে যত খরচ হয় তাহা ও আরোহীদিগকে যাবৎ তাঁহাদিগের উদ্দিষ্ট স্থানে পঁহুছাইয়া দেওয়া না যায় তাবৎ তাঁহাদিগের ভরণপোষণের খরচ ও আবশ্যক শয্যার ও আহারীয় ও ব্যবহার্য্য দ্রব্যের খরচ ঐ জাহাজের স্বামীর ও ভাড়াকারীর ও কাপ্তান সাহেবের স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর ও তাঁহার উত্তরাধিকারীদের প্রাপ্য হইবে ও শ্রীশ্রীমতীর প্রাপ্য অন্য টাকার ন্যায় শ্রীশ্রীমতীর নালিশমতে ও তাঁহার কার্য্যের নিমিত্ত ঐ স্বামি প্রভৃতির কি তাঁহাদের এক কি অধিক জনের স্থানে আদায় হইতে পারিবে।

(২) এতৎ সংযুক্ত তফসীলের লিখিত পাঠে কি বিষয় বিবেচনায় যতদূর তাহার সদৃশ হইতে পারে ততদূর সদৃশ পাঠে লিখিত, তদ্রূপ কোন গবর্ণর কি স্থল বিশেষে কনসল সাহেবের স্বাক্ষরিত বলিয়া প্রদত্ত ও মোট যত খরচ হইল তৎপ্রকাশক কোন সর্টিফিকেট ঐ প্রাপ্য টাকা আদায় করণার্থ কোন মোকদ্দমা কি অন্য কার্য্যানুষ্ঠানে ঐ গবর্ণর কি কনসল সাহেবের হস্তা-

ক্ষর কি তদীয় সরকারী পদের ভার সম্বন্ধে কোন প্রমাণ না লইয়া প্রমাণ স্থলে গৃহীত হইবে ও যত টাকা খরচ হইল ও ঐ খরচ যে উপযুক্তমতে হইয়াছে তাহার প্রচুর প্রমাণ বলিয়া গণ্য হইবে।

ঐ দাবীর পোষকতায় শ্রীশ্রীমতী মাহারাণীর পক্ষে অন্য কোন প্রমাণ উপস্থিত করা আবশ্যক হইবে না ও মোকদ্দমার খরচ সুদ্ধ শ্রীশ্রীমতীর পক্ষে রায় দেওয়া যাইবে। কিন্তু প্রতিবাদী বিশেষমত আপত্তি করিয়া ঐ সর্টিফিকেট মিথ্যা কি প্রতারণামূলক ইহ উপযুক্তমতে প্রমাণ করিলে কিম্বা বিশেষমতে আপত্তি করিয়া ঐ সকল খরচ উপযুক্তমতে করা হয় নাই এতৎপ্রকাশক কোন বৃত্তান্ত উপযুক্তমতে প্রমাণ করিলে তদ্রূপ রায় দেওয়া যাইবে না।

কিন্তু এ আরোহীদিগের ঐ জাহাজে যে সকল লোক উঠিয়াছিল তাহাদের সকলের স্থানে কি সকলের নিমিত্তে ঐ জাহাজের স্বামী কি ভাড়াকারী কি কাপ্তান কি তাঁহাদিগের মধ্যে কোন ব্যক্তি, সর্ব্বসুদ্ধ পথ খরচের যত টাকা পাইলেন কিম্বা তাহাদিগের যত টাকা পাওনা আছে ও তাহাদের দ্বারা বা পক্ষে যত টাকা আদায় হইতে পারিবে তাহার দ্বিগুণের অধিক টাকা সেই খরচের নিমিত্তে কোন স্থলে আদায় করা যাইবে না। ঐ সীমা পর্য্যন্ত টাকা আদায় হয় প্রতিবাদী যদি এই উপকার পাইতে ইচ্ছা করেন তবে সর্ব্বসুদ্ধ পথ খরচের উক্ত যত টাকা পাইয়াছেন তাহার প্রমাণ করিবেন। কিন্তু তদ্রূপ কোন আরোহীকে ইহার পূর্ব্বধারার বিধানমতে তদীয় উদ্দিষ্ট স্থানে পঁহুছাইয়া দেওয়া কি লইয়া যাওয়া গেলে, তিনি আপন পাথেয় টাকা ফিরিয়া পাইতে কি সেই জাহাজে যাওয়া হইল না বলিয়া ক্ষতিপূরণ পাইতে পারিবেন না।

তফসীল।

আরোহীদিগের জাহাজ নষ্ট হইলে কি তদ্রূপ অন্য দুর্ঘটনা হইলে গবর্ণর কি কনসল সাহেবদিগের খরচের সর্টিফিকেট দিবার পাঠ।

(৬ ধারা দেখ।)

আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে ভারতবর্ষীয় সমুদ্রযাত্রীবিষয়ক ১৮৮৫ সালের আইনের বিধানানুসারে ও তৎক্রমে কার্য্য করিয়া আমি সমুদ্রে বিনষ্ট কি অন্য বিধ (খ) অমুক নামক আরোহীদের জাহাজের অমুক স্থান হইতে অমুক স্থানগামী এতজন আরোহীকে উদ্ধার ও ভরণপোষণ করিবার ও তাহাদিগকে আবশ্যক শয্যা ও আহার্য্য ও বাদহার্য্য দ্রব্যাদি (ক) দিবার ও তাহাদিগকে তদীয় উদ্দিষ্ট স্থানে পঁহুছাইয়া দিবার খরচ সংকুলান করিয়াছি।

(ক) মন্তব্য।—১।—যতজন আরোহীকে পঁহুছাইয়া দেওয়া যায় তদপেক্ষা অধিকজন আরোহীকে উদ্ধার করা হইয়া থাকিলে কিম্বা শয্যাপ্রভৃতি দেওয়া না হইয়া থাকিলে, প্রত্যেক স্থলের বৃত্তান্তের উপযোগী হইবার নিমিত্তে সর্টিফিকেটের পরিবর্ত্তন করিতে হইবে।

(খ) মন্তব্য।—২।—দুর্ঘটনার ভাব ও উহা কোথায় হইয়াছিল তাহা সাধারণ ভাবে উল্লেখ করিতে হইবে। কিন্তু যদি আরোহীদের আপন ক্রটিবিনা কেবল তাহাদিগকে ফেলিয়া রাখিয়া আসা হইয়া থাকে ঐ কথার উল্লেখ করিতে হইবে।

উক্ত ভারতবর্ষীয় সমুদ্রযাত্রীবিষয়ক ১৮৮৫ সালের আইনের ৬ ধারার কার্য্যপক্ষে আমি আরো এই সর্টিফিকেট দিতেছি যে ঐ খরচের মোট টাকা এত এবং আমি উক্ত আইনমতে ঐ খরচ উপযুক্তমতে করিয়াছি।

১৮ সালের মাসের তারিখে আমার স্বাক্ষরিত হইয়া প্রদত্ত হইল।

অমুক স্থানের গবর্ণর (কি স্থলবিশেষে) ব্রিটিষ সাম্রাজ্যের শ্রীশ্রীমতী মহারাণীর অমুক স্থানের কন্সল।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

কলিকাতা, মান্দ্রাজ, ও বোম্বাই বন্দর হইতে মরীচ, জামেকা, ব্রিটিষ গায়েনা, ত্রিনিদাদ, সেন্টলুশিয়া, ও গ্রেনাদা, এই সকল উপনিবেশে, এবং ব্রিটিষ ভারতবর্ষের বন্দর হইতে লোহিত সাগরের বা পারস্য উপসাগরের বন্দরে সমুদ্র পথে যাত্রা করিয়া যে সকল লোক যায়, তাহাদিগকে লইয়া যাইবার সম্বন্ধে ১৮৫৫ সালের ইংলণ্ডীয় সমুদ্র যাত্রিদের আইনের (অর্থাৎ শ্রীশ্রীমতী বিক্টোরিয়ার ১৮ ও ১৯ বৎসরের আইনের ১১৯ অধ্যায়ের) কোন কোন অংশ অর্থাৎ ৫২, ৫৩, ও ৫৪ ধারা খাটিবে, ১৮৬০ সালের ২ আইনে এইরূপ নির্দ্দেশ করা হইয়াছে তৎকালে যে যে স্থানে মজুরদের যাওয়া আইনসম্মত ছিল উল্লিখিত উপনিবেশগুলি সেই সেই স্থান। ১৮৬০ সালের পর ফিজি, নেটাল, রেইউনিয়ন, সেন্টক্রোয়া, গাডেলুপ, মার্টিনিক, ওলন্দাজ গায়েনা, সেন্টবিন্‌সেন্ট নেবিস, ও সেন্টকিটস, এই সকল উপনিবেশ মজুরদের যাইবার অনুমতি হইয়াছে। কিন্তু ১৮৬০ সালের ২ আইনে যে যে স্থানের উল্লেখ নাই তথায় সমুদ্রযাত্রা উপলক্ষে জাহাজ ভঙ্গ হইলে যাত্রীদিগকে গন্তব্য স্থানে পাঠাইতে এবং যাবৎ না পাঠান যায় তাহাদের ভরণপোষণ করিতে যে খরচ পড়ে, উক্ত আইনে সেই খরচ আদায় করিবার কোন ক্ষমতা কোন কর্তৃপক্ষকে দেওয়া হয় নাই। এনিমিত্ত এক্ষণে যে যে সমুদ্র যাত্রা সম্বন্ধে উক্ত আইন খাটে, তদপেক্ষা যে যে সমুদ্র যাত্রা সম্বন্ধে খাটে না তাহার সংখ্যা অধিক।

২। আবার এক্ষণে আইন যেমন আছে, তাহাতে, ঠিক ঠিক অর্থ করিতে গেলে সচরাচর যেরূপ অবস্থায় ভারতবর্ষ হইতে দেশান্তর গমনকার্য্য চলে, তৎপ্রতি উক্ত আইন বর্ত্তে না। ১৮৫৫ সালের ইংলণ্ডীয় সমুদ্র যাত্রীদের আইনের ৫৩ ধারা অনুসরণ করিয়া উক্ত আইনের ৩ ধারায় এইরূপ লেখা হইয়াছে, “কোন চড়নদারকে যে স্থানে লইয়া যাইবার করার হইয়াছিল সেই স্থানে না হইয়া যদি * * * তাহাকে ব্রিটনীয়দের কোন বসতি স্থানের অন্য বন্দরে কি বিদেশীয় কোন বন্দরে কি অন্য স্থানে রাখিয়া যাওয়া গেল” ইত্যাদি। কিন্তু ভারতবর্ষ হইতে যে মজুরেরা বিদেশে যায় তাহারা জাহাজের স্বামির বা ভাড়াকারীর সহিত সামান্যতঃ আপ-

নারা চুক্তি করে না। যে সকল স্থলে ভিন্ন দেশ গমনবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের ৭ আইন খাটে (অথবা দেশান্তর গমন বিষয়ক ভারতবর্ষীয় ১৮৮৩ সালের ২১ আইন প্রচলিত হইলে যে সকল স্থলে বর্ত্তে) সেই সকল স্থলে যে উপনিবেশে মজুর আমদানী করা হয় সেই উপনিবেশের মজুরসংগ্রাহক দেশান্তরগামিদের রক্ষকের তত্ত্বাবধানে চুক্তি করেন। সুতরাং এইরূপে যে দেশান্তরগামী মজুরদিগকে পাঠান যায়, তাহারা আইনের কথামতে ১৮৬০ সালের ২ আইনের বিধানের বহির্ভূত। ইংলণ্ডেও এই রূপ গোলযোগ উপস্থিত হইয়াছিল ও আইনের সংশোধন করিয়া তাহার নিষ্পত্তি হইয়াছে, ইহা দৃষ্ট হয়। ইংলণ্ডীয় সমুদ্র যাত্রীদের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনের (অর্থাৎ শ্রীশ্রীমতী বিক্টরিয়ার ২৬, ও ২৭ বৎসরের আইনের ৫১ অধ্যায়ের) ১২ ধারায় ১৮৫৫ সালের ইংলণ্ডীয় সমুদ্র যাত্রীদের আইনের ৫৩ ধারা রহিত করা হইয়াছে, এবং পুর্ব্বোক্ত আইনের ১৫ ধারায় " কোন চড়নদারকে যে স্থানে লইয়া যাইবার করার হইয়াছিল সেই স্থানে না লইয়া " এই কথার পরিবর্ত্তে " যে স্থানে জাহাজ যাইবে বলিয়া প্রথমে কথা ছিল অথবা যে স্থানে চড়নদার নামিবে বলিয়া সে কিম্বা দেশান্তরগমনসম্পর্কীয় কমিশনরেরা কিম্বা কোন সরকারী কার্য্যকারক বা অন্য ব্যক্তি তাহার পক্ষে চুক্তি করে সেই স্থান না হইয়া " এই কথাগুলি দেওয়া হইয়াছে।

৩। নিম্নলিখিত ঘটনাসূত্রে আইনের এই দুইটি দোষ জানা যায়। গত আপ্রিল মাসের শেষে লালেহাম নামক ষ্টীমর কলিকাতা হইতে ওলন্দাজ গায়েনায় মজুর লইয়া যাইতে যাইতে সিংহলের নিকট চড়ায় লাগিয়া ত্রিনকমলীতে চড়নদারদিগকে নামাইতে বাধ্য হয়। ঐ জাহাজ কলিকাতায় ফিরিয়া যায়, তথায় উক্ত বন্দরের ইঞ্জিনিয়র সরবেয়র জাহাজ পরীক্ষা করিয়া রিপোর্ট করেন যে তাহা সমুদ্রে যাইবার অনুপযোগী ও প্রাণের গুরুতর আশঙ্কা না ঘটাইয়া সমুদ্রে যাইতে পারে না। ঐ জাহাজের এজেন্টেরা প্রথমতঃ অন্য একখান জাহাজ দিবার প্রস্তাব করেন, কিন্তু পরে তাহা করিতে অসম্মত হইয়া এই প্রস্তাব করেন যে কেবল ঐ জাহাজ কলিকায় মেরামত করিবেন এবং ত্রিনকমলী হইতে কুলিদিগকে তুলিয়া সুরিনামে লইয়া গিয়া চাটরপাটির শর্ত্ত অনুসারে কার্য্য করিবেন।

বঙ্গদেশের আডবোকেট জেনরল সাহেবকে পরামর্শ জিজ্ঞাসা করাতে, তিনি এই মত দেন যে, ১৮৬০ সালের ২ আইনমতে কোন কার্য্য করা যাইতে পারে না, চার্টরপাটি দ্বারা তদ্বিষয় নিয়মিত হইবে। তিনি বলেন যে সুরিনাম ওলন্দাজ গায়েনার অন্তর্গত হওয়াতে তথায় ১৮৬০ সালের ২ আইন বর্ত্তে না। তিনি আরও বিবেচনা করেন যে, কড়াকড় করিয়া ইংলণ্ডীয় সমুদ্র যাত্রীদের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনের অর্থ করা হইবে; এবং এরূপে অর্থ করিতে গেলে, উক্ত আইন যে সমুদ্রযাত্রার প্রতি বর্ত্তে, তাহাতে যে ত্রুটি ঘটে, সেই ত্রুটি সম্বন্ধে যে স্থলে চড়নদার নিজে চুক্তি করিয়াছে সেই স্থল ছাড়া অন্য কোন স্থলে ১৮৬০ সালের ২ আইনের ৩ ধারার কথা খাটিবে, তিনি এরূপ বিবেচনা করেন না।

এইরূপ অবস্থায় ১৮৬০ সালের ২ আইন বর্ত্তমান দেশান্তরগমনপ্রণালীর ও ইংলণ্ডীয় সমুদ্রযাত্রিদের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনের অনুযায়ী করিবার নিমিত্ত ব্যবস্থা করা আবশ্যক বোধ হয়।

এই নিমিত্ত বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। ইহাতে ১৮৬০ সালের ২ আইন রহিত করিয়া আবশ্যক সংশোধন সহিত পুনর্ব্বিধিবদ্ধ করা হইয়াছে। বর্ত্তমান পাণ্ডুলিপির ৩ ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে যে পাণ্ডুলিপির পরবর্ত্তী বিধানগুলি (এগুলি সমুদ্র যাত্রীদের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনদ্বারা সংশোধিত ১৮৫৫ সালের ইংলণ্ডীয় সমুদ্র যাত্রিদের আইনের অংশ) কএক নির্দ্দিষ্ট উপনিবেশে ও স্থানে সমুদ্রযাত্রার প্রতি বর্ত্তিবে। যেং উপনিবেশ ও স্থানে যাওয়া বর্ত্তমান ব্যবস্থামতে এক্ষণে আইনসিদ্ধ বা আইনসিদ্ধ হইবার সম্ভাবনা, ঐ নির্দ্দিষ্ট উপনিবেশ ও স্থান বস্তুতঃ তদ্ভিন্ন অন্য কিছু নহে। ১৮৬০ সালের ২ আইনের ৩ ও ৪ ধারার মূলস্বরূপ ১৮৫৫ সালের ইংলণ্ডীয় সমুদ্র যাত্রিদের আইনের ৫৩ ও ৫৪ ধারায় ইংলণ্ডীয় সমুদ্র যাত্রিদের আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনদ্বারা যেং সংশোধন করা গিয়াছে, তাহা এই দেশের উপযোগী করণার্থ সামান্য পরিবর্ত্তন করিয়া ৫ ও ৬ ধারায় সন্নিবেশ করা গিয়াছে।

১৮৮৪ সাল ৫ ডিসেম্বর।

সি, পি, ইলবার্ট।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ২৭ জানুয়ারি।

সপ্তম খণ্ড

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর।

২০ নম্বর সাধারণপত্র।

বঙ্গ ও আসাম দেশের সকল জজ সাহেব

সমীপেষু।

কলিকাতা, ১৮৮৪ সাল ১৭ ডিসেম্বর।

হাই কোর্ট,
ইংরেজি কার্য্যবিভাগ,
দেওয়ানী।

১৮৮৪ সালের ২১ জুলাইর ৬ নং সরকুলরের সঙ্গে প্রচারিত নৌকা ভাড়া ও কুত আদায় করণার্থ বিধিমতে আপনার জিলার মধ্যে, যাবৎ অন্য আজ্ঞা না হয়, কোন কার্য্য করা না যায়, এই অনুরোধ জানাইবার নিমিত্ত আমি আদেশ প্রাপ্ত হইয়াছি।

সি, এ, উইলকিন্স,
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৭ জানুয়ারি।]

বিজ্ঞাপন।

অধীন দেওয়ানী আদালত সকল ১৮৮৫ সালের যেং তারিখে বন্ধ হইবে বঙ্গদেশস্থ ফোর্টউলিয়ম রাজধানীর হাই কোর্ট ১৮৭১ সালের ৬ আইনের ১৭ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহার নিম্নলিখিত নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়া প্রকাশ করিলেন।

বন্ধের দিনের নাম।	ইংরাজী তারিখ।	বাঙ্গলা তারিখ।	বার।	যত দিন।	মন্তব্য।
নূতন বৎসরের দিন ও তৎপরবর্তী দুই দিন ...	১ অবধি ৩ জানুয়ারি পর্য্যন্ত ...	১২৯১ সালের ১৮ অবধি ২০ পৌষ পর্য্যন্ত।	বৃহস্পতি অবধি শনিবার পর্য্যন্ত	৩ দিন	
বসন্ত পঞ্চমী	২১ ও ২২ " ...	" ৯ ও ১০ মাঘ ...	বুধ ও বৃহস্পতিবার ...	২ "	
শিবরাত্রি	১৩ ও ১৪ ফেব্রুয়ারি ...	" ৩ ও ৪ ফাল্গুন	শুক্র ও শনিবার ...	২ "	
দোলযাত্রা ও তাহার পর দিন	১ ও ২ মার্চ্চ ...	" ১৯ ও ২০ "	রবি ও সোমবার ...	২ "	
বারুণী গঙ্গাস্নান	১৪ " ...	" ২ চৈত্র ...	শনিবার	১ "	
শ্রীরাম নবমী	২৫ " ...	" ১৩ " ...	বুধবার	১ "	
চন্দ্রগ্রহণের পর দিন	৩১ " ...	" ১৯ " ...	মঙ্গলবার	১ "	
গুডফ্রাইডে ও তাহার পর দিন	৩ ও ৪ আপ্রিল ...	" ২২ ও ২৩ " ...	শুক্র ও শনিবার	২ "	
মহাবিষুব সংক্রান্তি	১২ " ...	" ৩১ " ...	রবিবার	১ "	
শ্রীশ্রীমতী ভারতবর্ষের অধীশ্বরীর জন্মদিন ...	২৪ মে ...	১২৯২ সালের ১২ জ্যৈষ্ঠ ...	রবিবার	১ "	
জুবে বরাৎ (ক)	২৯ " ...	" ১৭ " ...	শুক্রবার	১ "	(ক) ১৫ মে তারিখে চাঁদ দেখা না গেলে ৩০ মে তারিখে আদালত বন্ধ হইবে।
দশহরা গঙ্গাস্নান (খ)	২২ জুন ...	" ৯ আষাঢ় ...	সোমবার	১ "	(খ) অন্যকার তারিখের পরিবর্ত্তে রাসপূর্ণিমায় (নিম্নভাগে দেখ) উড়িষ্যায় বন্ধ হইবে।
ইদুল ফিতর রথযাত্রা জুড (গ) ...	১৪ ও ১৫ জুলাই ...	" ৩১ ও ৩২ " ...	মঙ্গল ও বুধবার	২ "	(গ) ১৩ জুলাইয়ে চাঁদ দেখা না গেলে ১৫ ও ১৬ জুলাইয়ে আদালত বন্ধ হইবে।

উল্‌টা রথ (ঘ)	...২২ " ...	" ৭ শ্রাবণ ...	বুধবার	১ "	(ঘ) ভাগলপুর, গয়া, পাটনা, সারণ, শাহাবাদ ও ত্রিহুত জিলায় এই দিন বন্ধ হইবে না।
জন্মাষ্টমী	...১ ও ২ সেপ্টেম্বর ...	" ১৭ ও ১৮ ভাদ্র ...	মঙ্গল ও বুধবার	২ "	
ইদুজ্জোহা (ঙ)	...২০ ও ২১ " ...	" ৫ ও ৬ আশ্বিন ...	রবি ও সোমবার	২ "	(ঙ) ১৯ সেপ্টেম্বরে চাঁদ দেখা গেলে ১৯ ও ২০ সেপ্টেম্বরে আদালত বন্ধ হইবে।
দুর্গোৎসব, ইহার মধ্যে মহালয়া, দুর্গাপূজা, মহরম, লক্ষ্মী ও দেওয়ালীপূজা ও ভ্রাতৃদ্বিতীয়া ...	৭ অক্টোবর অবধি ৮ নবেম্বর পর্য্যন্ত।	" ২২ আশ্বিন অবধি ২৪ কার্ত্তিক পর্য্যন্ত।	বুধ অবধি রবিবার পর্য্যন্ত ...	৩৩ "	
কার্ত্তিক পূজা	...১৪ ও ১৫ নবেম্বর ...	" ৩০ কার্ত্তিক ও ১ অগ্রহায়ণ।	শনি ও রবিবার	২ "	
জগদ্ধাত্রী পূজা (চ)	...১৬ ও ১৭ নবেম্বর ...	" ২ ও ৩ অগ্রহায়ণ	সোম ও মঙ্গলবার	২ "	(চ) ভাগলপুর, গয়া, পাটনা, সারণ, শাহাবাদ ও ত্রিহুত জিলায় এই কএক দিন বন্ধ হইবে না।
ছট মেলা (ছ)	...২০ অবধি ২৬ নবেম্বর পর্য্যন্ত...	ফসলী ১২৯৩ সালের ২৮ কার্ত্তিক অবধি ৪ অগ্রহায়ণ পর্য্যন্ত, বাঙ্গলা ১২৯২ সালের ৬ অবধি ১২ অগ্রহায়ণ পর্য্যন্ত।	শুক্র অবধি বৃহস্পতিবার পর্য্যন্ত ...	৭ "	(ছ) কেবল ভাগলপুর, গয়া, পাটনা, সারণ, শাহাবাদ, ও ত্রিহুত জিলায় এই কএক দিন বন্ধ হইবে।
রাস পূর্ণিমা (জ)	...২১ নবেম্বর ...	১২৯২ সালের ৭ অগ্রহায়ণ ...	শনিবার	১ "	(জ) কেবল উড়িষ্যা প্রদেশে রথযাত্রা গঙ্গাস্নানের পরিবর্ত্তে এই দিন বন্ধ হইবে।
আখিরি চাহার সম্বা	...২ ডিসেম্বর ...	" ১৮ " ...	বুধবার	১ "	
ফতেহা দুয়াজ দহম (ব) ...	...১১ " ...	" ৫ পৌষ ...	শনিবার	১ "	(ব) ৭ ডিসেম্বরে চাঁদ দেখা না গেলে ২০ ডিসেম্বরে আদালত বন্ধ হইবে।
খ্রীষ্টমাস ডে ও তৎপূর্ব্ব এক দিন ও তৎপরে এক দিন।	২৪ অবধি ২৬ ডিসেম্বর পর্য্যন্ত	" ১০ অবধি ১২ পৌষ পর্য্যন্ত।	বৃহস্পতি অবধি শনিবার পর্য্যন্ত	৩ "	

হাই কোর্ট,
১৮৮৪ সাল ১১ ডিসেম্বর।

আজ্ঞাক্রমে,
সি, এ, উইলকিন্স,
একটিং রেজিষ্ট্রার।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 27, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৭ জানুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

জিলা বাখরগঞ্জ।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা বাকরগঞ্জের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফীসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৮৪ সালের ২৮ সেপ্টেম্বর দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮৫ সালের ২৯ জানুয়ারি মোং ১২৯১ সনের ১৭ মাঘ বৃহস্পতিবার দিবসে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবে। সন ১৮৮৪ সাল তারিখ ১ ডিসেম্বর।

তফ্‌সীল।

মহালের শ্রেণী।	তৌজির নম্বর।	মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	বাকীর সংখ্যা।	কৈফিয়ৎ।
প্রথম শ্রেণী।	১৪৪৫	দুর্গাপুর জোয়ার	দক্ষিণাকুমার রায়চৌধুরী গং	৮২০।১০॥	৬০॥৶১১॥	ষোল আনা মহাল নিলাম হইবেক।
ঐ	১৫৭৮	প্যানাটী আলকজওর তালুক।	নবড়িলাল চক্রবর্ত্তী হিঃ ৶০ আনা হিসাব পৃথক।	৪৮৩৩৮০॥ মিনাহ এজমালী অংশের জমা ৩৯২৭।৶৮॥ ৯০৬।/৪	১৯৯৮৶৭	এই হিসাব পৃথক ৶০ আনা অংশ নিলাম হইবেক।
ঐ	১৫৮৫	রাধাকৃষ্ণ রায় ও হরানন্দ রায় ও কালিদাস সিদ্ধান্ত তাং।	জগদীশ্বরী দেব্যা চৌধুরাণী গং হিঃ ।/১৪।—১০ এজমালী।	২৪৩৬॥৶১০ মিনাহ হিসাব পৃথক অংশের জমা ১৫৬১৮৶৩ ৮৭৪॥৶৭	৪০।০৲॥	এই এজমালী ।/১৪।—১০ অংশ নিলাম হইবেক।
ঐ	১৬৭১	রোমজান বিবি ও করজান বিবি ছদরদ্দীন বাজি তাং।	স্বর্ণময়ী দেব্যা কার্য্যাধ্যক্ষ জানিবে বিহারীলাল বন্দ্যোপাধ্যায় ও উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও গং হিঃ ৶০ আনা হিসাব পৃথক।	৫৩৫।৵৭॥ মিনাহ এজমালী অংশের জমা ৪৫৯।৶৪॥ ১০৬৲৩	২২৶২	এই হিসাব পৃথক ৶০ আনি অংশ নিলাম হইবেক।
ঐ	১৭২৭	চিকনীকান্দী মৌজা হিঃ ।৶০ আনী।	দ্বারিকানাথ সেন গং হিঃ ৮৶৪।৭ দন্তি এজমালী।	২৮১৫৮৵১০ মিনাহ হিসাব পৃথক অংশের জমা ৩১২৮/২ ২৫০৩/৮	৫০৵০৲॥	এই এজমালী ৮৶৪।৭ দন্তি অংশ নিলাম হইবেক।
ঐ	১৭৩১	খাজেনুর তালুক হিঃ ।/৬৮ গণ্ডা	আছমতালী খাঁ চৌধুরি গং	২৫২৫৶১১॥	৮৭৪।৬	ষোলআনা মহাল নিলাম হইবেক।
ঐ	১৯৮৩	জাহাপুর পরগনা	রজনীকান্ত দত্ত চৌধুরি গং হিঃ ॥৶১৫॥৩৮৭ এজমালী	৮৫৩॥৶১০ মিনাহ হিসাব পৃথক অংশের জমা ২২৫৮/১ ৬২৭৮৵৯	১১॥৶৮॥	এই এজমালী ॥৶১৫॥৩৮৭ অংশ নিলাম হইবেক।
ঐ	২৭৪৯	দুর্গাগঞ্জেশ্বর তাং	হরচরণ রায় হিঃ ৶১৩।— হিসাব পৃথক।	১৩৩৭॥৶২॥ মিনাহ এজমালী অংশের জমা ৮৬৪৮০ ১৭২৮৶২॥	৬৫৮৵১॥	এই হিসাব পৃথক ৶১৩।— অংশ নিলাম হইবেক।
ঐ	৩৩০৫	সাএস্তানগর পরগনা হিঃ ।/৬৮ গণ্ডা।	ব্রজেন্দ্রকুমার দাস চৌধুরি গং হিঃ ১৫॥—১৫ এজমালী	৬৪৪।৵৭ মিনাহ হিসাব পৃথক সকল অংশের জমা ৬১০৮৶৩ ৫৩॥৪	১০৶৪	এই এজমালী ১৫॥—১৫ অংশ নিলাম হইবেক।
ঐ	ঐ	ঐ	শরচ্চন্দ্র রায় চৌধুরি হিঃ ৶২। কড়া হিসাব পৃথক।	৬৪৫।৶৭ মিনাহ হিসাব পৃথক ও এজমালী অংশের জমা ৫১৯৲১০। ১০৫।/৮৮	৩৮/১৮	এই হিসাব পৃথক ৶২। কড়া অংশ নিলাম হইবেক।

মহালের শ্রেণী।	তৌজির নম্বর।	মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	বাকী সংখ্যা।	কৈফিয়ৎ।
প্রথম শ্রেণী	৩৩০৫	সাএস্তানগর পরগনা হিঃ ।/৬৮ গণ্ডা।	গঙ্গানন্দ রায় গং হিঃ ৵৩৮=১৫ হিসাব পৃথক।	৬৪৪।৵৭ মিনাহ হিসাব পৃথক ও এজমালী অংশের জমা ৫৫৫৸/৭ ——— ৮৮॥/০	২৬।২॥	এই হিসাব পৃথক ৵:৮=১৫ অংশ নিলাম হইবেক।
ঐ	৩৪১৭	রামদাস তালুক হিঃ ৮৬৮ গণ্ডা।	পূর্ণশশী সেব্যা কার্য্যাধ্যক্ষ জাং যোগেন্দ্রনাথ রায়-চৌধুরি গং।	১১৭৩।/৪	২৯৩।/৪	ষোল আনা মহাল নিলাম হইবেক।
ঐ	৩৫৫৮	তপেসুলতানাবাদ জমিদারী।	সৈয়দ জেকায়দ্দীন আলী আনছসনি চৌধুরি হিঃ ৵১।১৮৮=১০ কাঃ হিসাব পৃথক।	২৩১২৮৸/৫ মিনাহ হিসাব পৃথক ও এজমালী অংশের জমা ২০১৪১॥৭॥ ——— ২৯৮৭।৯॥	৯৩৩॥৶১	এই হিসাব পৃথক ৵১।১৮৮=১০ অংশ নিলাম হইবেক।
ঐ	৩৮৫১	নিজামাবাদ পরগনা হিঃ ১০। গণ্ডা।	জগচ্চন্দ্র দাস গং হিঃ ৬৮=১৭৸৶ এজমালী।	৩২৮৫৲৭ মিনাহ হিসাব পৃথক অংশের জমা ১০৪৭৴১০ ——— ২২৩৭৸৶৯	২২৶১॥	এই এজমালী ৲৬৮=১৭।৵ অংশ নিলাম হইবেক।
ঐ	৪৬২৩	কল্যানকলস জোয়ার।	করুণাশঙ্কর ভট্টাচার্য্য গং হিঃ ॥০ আনি এজমালী।	৬১৬।৶১০ মিনাহ হিসাব পৃথক অংশের জমা ৩০৮৶১১ ——— ৩০৮৶১১	৩১৮৶১০	এই অবশিষ্ট ॥০ আনা এজমালী অংশ নিলাম হইবেক।

The 2nd December 1884.　　R. C. Dutt, *Offg. Collector.*

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জিলা চট্টগ্রাম।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে, ১৮৬৮ সালের ৭ আইন, ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত তালুকা ১৮৮৪ ইংরেজির ২৫ সেপ্টেম্বর তারিখের বাকী পড়া খাজানা ও ছেস আদায়ের নিমিত্তে ১৮৮৫ ইংরেজির ৭ ফেব্রুয়ারি মোং ১২৯১ বাঙ্গালার ২৬ মাঘ রোজ শনিবার জেলা চট্টগ্রামের কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, ইতি সন ১৮৮৪ ইং তারিখ ডিসেম্বর।

মহল নওয়াবাদ।

নম্বর তালুক।	তালুকের নাম।	মালিকের নাম।	সদর জমা।		বাকী।			মন্তব্য।
			রাজস্ব।	ছেচ।	রাজস্ব।	ছেচ।	মোট।	
২০০ / ৬০৪	থানা কটীকছরি মৌঃ ভোজপুর। তালুক মাজাম্মদ হাসমত আলি।	মিং বসিয়োন্না।	৯০৩৲	২৯৸/০	৯০৬৲	৩২॥৶০	৯৩৮॥৶০	সম্পূর্ণ তালুকা নিলাম হইবে।

Chittagong Collectorate,
The 12th December 1884.　　A. Manson, *Collector.*

INSOLVENCY NOTICES.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of DAVID COWIE AND ANOTHER (COLVIN COWIE & Co.) Insolvents.

NOTICE is hereby given that Wednesday, the 4th day of February next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 1st day of September 1882 until the 31st day of December 1884, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said insolvent, will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

The like Notice.—In the matter of ROBERT ANDREW LYALL AND ANOTHER (LYALL RENNIE & Co.) Insolvents. Wherein the account of the Official Assignee from 1st November 1883 to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of SHERMULL, an Insolvent. Wherein the account of the Official Assignee from 8th January to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of RAMNARAIN SEAL, an Insolvent. Wherein the account of the Official Assignee from 24th August 1883 to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of MEGRAJ BORAH & CHOGMULL KOTARI, Insolvents. Wherein the account of the Official Assignee from 15th January 1883 to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of GREEDHAREELOLL AND KANNAILOLL, Insolvents. Wherein the account of the Official Assignee from 1st July 1881 to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of PITTAR LAWRIE PEW, an Insolvent. Wherein the account of the Official Assignee from 1st August 1865 to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of RICHARD DODD AND ANOTHER (R. THOMAS & Co.) Insolvents. Wherein the account of the Official Assignee from 1st January 1873 to 31st December 1884 has been filed in the Chief Clerk's Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 20th January 1885.

A. B. MILLER,
Official Assignee.
(3—1)

[*Government Gazette, 27th January* 1885.]

বিজ্ঞাপন।

জেলা ২৪ পরগণার ১৮৮৫—৮৬ সালের নিমিত্ত জমিদারী ডাক ট্যাক্সের নিরিখ, ৫০ টাকা এবং ৫০ টাকার উর্দ্ধ রাজস্ব আদায়ী মহলের সদর জমার উপর শতকরা ।৶৬ ছয় আনা ছয় পাই ধার্য্য হইয়াছে এবং প্রথম ষষ্ঠ মাসিক কিস্তির দেনা ১৮৮৫ সালের জুন ১লা তারিখে ও দ্বিতীয় ষষ্ঠ মাসিক কিস্তির টাকা ঐ সনের ডিসেম্বর ১৬ই তারিখে কি ঐ ঐ তারিখের পূর্ব্বে অত্র জেলার ট্রেজারিতে দাখিল করিতে হইবে। ইতি তারিখ সন ১৮৮৪।

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only* at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin, *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only*; at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rate

---

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮।৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬।৷০ টাকা।

তদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।৷০ টাকা ৮ আউন্স টীন ১০।৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাকমাসুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ২৪৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকটে নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাসুল লাগিবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A. in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING, No. 166, Dhurrumtolah Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেন্ট-কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পালের শ্রীযুত সি, ডি, ফিল্ড. এম, এ, ও এল, এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট এক২ খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mofussil.		Rs.	A.	P.	
Entire Gazette	...	10	0	0	per annum.
Postage ...	...	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	...	4	0	0	„
Postage ...	...	1	0	0	„
For a single copy—					
Entire Gazette	...	0	4	0	
Postage ...	...	0	1	0	
Parts III, IV, V, and VI ...	...	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage ...	...	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette,* 27*th January* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে।

				টাকা।	
সম্পূর্ণ গেজেট	...	...	বৎসর	১০৲	
ডাকমাসুল	...	...	„	২॥০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	...	...	„	৪৲	
ডাকমাসুল	...	...	„	১৲	
সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য	...	...		।০	
ডাকমাসুল	...	...		/০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)	...	...		/০	৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাসুল	...	...		/০	

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এম. বেকার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—*Rates for Advertisements in the* Calcutta Gazette.

		Rs.
Full page, per issue	... ...	20
Half „	... ...	10

Casual advertisements.—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই ঃ—

				টাকা
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	...	২০৲
আধ পৃষ্ঠা ,, ,,	...	...	...	১০৲
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি		...	...	।০

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্যানেস ব্যারেক্ট টৌমকালের হাতায়স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[*Government Gazette, 27th January* 1885.]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 102—22-1-85—649

Numb. 2375 [২৩৭৫].

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 3, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ৩ ফেব্রুয়ারি।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATION.

Fort William, the 15th January 1885.

No. 2.—Mr. R. J. Crosthwaite, C.S., is appointed to officiate as Secretary to the Government of India in the Legislative Department during the absence on deputation of Mr. D. Fitzpatrick, or until further orders.

J. M. MACPHERSON,
Deputy Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATION.—JUDICIAL.

Calcutta, the 10th January 1885.

No. 39.—Her Majesty has been pleased to appoint Mr. W. Macpherson, of the Bengal Civil Service, Mr. E. J. Trevelyan, Barrister-at-Law, and Babu Chunder Madhub Ghose, Pleader, to be Judges of the High Court of Judicature at Fort William in Bengal.

No. 44.—Under the provisions of the Act of Parliament 24 & 25 Vic., Cap. 104, Section 7, the Governor-General in Council is pleased to appoint Mr. H. Beverley, C.S., to officiate as a Judge of the High Court of Judicature at Fort William in Bengal during the unexpired period of the furlough granted to the Honorable Mr. Justice Macleau by Home Department Notification No. 63, dated the 15th January 1884, or until further orders.

The 16th January 1885.

No. 79.—The Honorable E. J. Trevelyan, Barrister-at-Law, and the Honorable Chunder Madhub Ghose took their seats as Judges of the High Court of Judicature at Fort William in Bengal on the forenoon of the 12th instant.

The 22nd January 1885.

No. 140.—The Honourable H. Beverley, C.S., took his seat as an Officiating Judge of the High Court of Judicature at Fort William in Bengal on the forenoon of the 12th instant.

D. FITZPATRICK,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF FINANCE AND COMMERCE.

SEPARATE REVENUE.
STAMPS.

Calcutta, the 15th January 1885.

No. 241.—In exercise of the powers conferred by Section 35 of the Court Fees Act, 1870, the Governor-General in Council is pleased to remit the fees payable on applications for loans under the Agriculturists' Loans Act, XII of 1884.

D. BARBOUR,
Secretary to the Govt. of India.

[*Government Gazette, 3rd February* 1885.]

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম, ১৮৮৫ সাল ১৫ জানুয়ারি।

২ নম্বর।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত ডি, ফিট্জপাট্রিক সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত আর, জে, ক্রস্থোয়েট সাহেব, সি, এস, ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটারির কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

জে, এম, মাকফরসন,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—জুডিশ্যাল।

কলিকাতা, ১৮৮৫ সাল ১০ জানুয়ারি।

৩৯ নম্বর।—শ্রীশ্রীমতী মাহারাণী বঙ্গদেশের সিবিল সর্বিসের শ্রীযুত ডাবলিউ, মাকফরসন সাহেবকে, ও বারিস্টার-আট-লা শ্রীযুত ই, জে, ট্রিবিলিয়ন সাহেবকে এবং উকীল শ্রীযুত বাবু চন্দ্রমাধব ঘোষকে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের পদে নিযুক্ত করিলেন।

৪৪ নম্বর।—মানবর শ্রীযুত জষ্টিস মাকলীন সাহেব হোম ডিপার্টমেণ্টের ১৮৮৪ সালের ১৫ জানুয়ারি তারিখের ৬১নং বিজ্ঞাপনক্রমে যে নিয়মিত ছুটী পান তাহার অনতিবাহিত কালের নিমিত্ত অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীশ্রীমতী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের পার্লিয়ামেণ্টের আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারার বিধানমতে শ্রীযুত এচ, বেবর্লী, সি, এস, সাহেবকে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত করিলেন।

১৮৮৫ সাল ১৬ জানুয়ারি।

৭৯ নম্বর।—বারিস্টার-আট-লা মানবর শ্রীযুত ই, জে, ট্রিবিলিয়ন সাহেব ও মানবর শ্রীযুত চন্দ্রমাধব ঘোষ এই মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের জজস্বরূপ স্ব২ আসন গ্রহণ করিলেন।

১৮৮৫ সাল ২২ জানুয়ারি।

১০৪ নম্বর।—মানবর শ্রীযুত এচ, বেবর্লী সাহেব, সি, এস, এই মাসের ১২ তারিখের পূর্ব্বাহ্নে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের জজস্বরূপ স্বীয় আসন গ্রহণ করিলেন।

ডি, ফিট্জপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

স্বতন্ত্র রাজস্ব—ইষ্টাম্প বিষয়ক।

কলিকাতা, ১৮৮৫ সাল ১৫ জানুয়ারি।

২৪১ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৩৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি কৃষিকদের ঋণ গ্রহণবিষয়ক ১৮৮৪ সালের ১২ আইনমত ঋণ গ্রহণের প্রার্থনাপত্রের উপর দেয় ফী না দিবার আজ্ঞা করিলেন।

ডি, বারবর,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 3, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ৩ ফেব্রুয়ারি ।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 433A.

GENERAL.—*The* 23*rd January* 1885.—Mr. J. E. B. Jeffery, Joint-Magistrate and Deputy Collector, Mymensingh, is transferred to Hooghly, and is posted to the sudder station of that district.

The services of Baboo Surjya Kumar Das, Temporary Sub-Deputy Collector, employed in the Dacca Dearah Survey and Settlement, are placed at the disposal of the Public Works Department, Railway Branch, of this Government, for the purpose of acquiring land required for the Purneah division of the Behar-Assam Railway.

Baboo Surjya Kumar Das is vested with the powers of a Collector under Act X of 1870 in the districts of Purneah and Bhagulpore.

The 24*th January* 1885.—Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, is allowed leave for six weeks, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Mr. W. H. Grimley, Magistrate and Deputy Collector, Howrah, acted in the first grade of Magistrates and Collectors from the 25th to the 31st October 1884, both days inclusive.

Mr. W. M. Clay, Magistrate and Collector, Khoolna, is appointed to act until further orders in the first grade of Magistrates and Collectors with effect from the 1st December 1884.

Mr. R. C. Dutt, Officiating Magistrate and Collector, Backergunge, acted in the second grade of Magistrates and Collectors from the 28th to the 31st October 1884, both days inclusive.

Mr. A. Manson, Magistrate and Collector, Chittagong, is appointed to act until further orders in the second grade of Magistrates and Collectors, with effect from the 1st December 1884.

The 26*th January* 1885.—Baboo Mohinee Mohun Chuckerbutty, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is allowed leave for 30 days under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

In modification of the order of the 4th instant, Mr. F. W. V. Peterson, District and Sessions Judge, Jessore, is allowed furlough for nine months, under section 50, chapter V of the Civil Leave Code, with effect from the 10th proximo.

Mr. F. H. McLaughlin, District and Sessions Judge, Pubna, is appointed to act as District and Sessions Judge, Jessore, during the absence on furlough of Mr. F. W. V. Peterson, or until further orders.

Mr. G. G. Dey, Joint-Magistrate and Deputy Collector, Nuddea, is appointed to act as District and Sessions Judge of Pubna, during the absence, on deputation, of Mr. F. H. McLaughlin, or until further orders.

The 27*th January* 1885.—Moulvie Azhural Huq, Deputy Magistrate and Deputy Collector, Sewan, Sarun, is allowed leave for three months, under section 128, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 24th July last.

Baboo Rajani Coomar Dutt, Deputy Magistrate and Deputy Collector, Purneah, is appointed temporarily to have charge of the Arrareah sub-division of that district till relieved by Baboo Komul Nath Ghose.

Mr. J. T. Jarbo, Officiating Deputy Magistrate and Deputy Collector, Jessore, is allowed leave for fourteen days, under rule 2, section 138, chapter X of the Civil Leave Code, with effect from the 1st March next, or from such subsequent date as he may avail himself of it.

The services of Mr. W. F. Meres, District and Sessions Judge, Midnapore, are placed temporarily at the disposal of the Government of India in the Home Department.

Mr. W. Fiddian, Officiating Magistrate and Collector, Beerbhoom, is allowed leave for eleven days, under section 72, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 17th November 1884.

Mr. R. C. Dutt, Officiating Magistrate and Collector, Backergunge, is allowed furlough for twenty months, under section 50, chapter V of the Civil Leave Code, with effect from the 15th March next.

[*Government Gazette,* 3*rd February* 1885.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

৪১৩A নম্বর।

সাধারণ।—১৮৮৫ সাল ২৩ জানুয়ারি।—ময়মনসিংহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, ই, বি, জেঙ্কিন্স সাহেব হুগলীতে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ঢাকার দেয়াড়া জরীপ ও বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সূর্য্যকুমার দাস বেহার-আসাম রেলওয়ের পুরণিয়া খণ্ডে ভূমি গ্রহণার্থে এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের রেলওয়ে শাখার আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

শ্রীযুত বাবু সূর্য্যকুমার দাস পুরণিয়া ও ভাগলপুর জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ২৪ জানুয়ারি।—হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইলেন।

হাবড়ার মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, গ্রিমলী সাহেব ১৮৮৪ সালের অক্টোবর মাসের ২৫ তারিখ অবধি ৩১ তারিখ পর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিয়াছেন।

খুলনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, এম, ক্রে সাহেব ১৮৮৪ সালের ১ ডিসেম্বর অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, মাজিষ্ট্রেট ও কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বাখরগঞ্জের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর, সি দত্ত, ১৮৮৪ সালের অক্টোবর মাসের ২৮ তারিখ অবধি ৩১ পর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিয়াছেন।

চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, মন্সন সাহেব ১৮৮৪ সালের ১ ডিসেম্বর অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ২৬ জানুয়ারি।—মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মোহিনীমোহন চক্রবর্ত্তী অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে ত্রিশ দিনের ছুটী পাইলেন।

এই মাসের ৪ তারিখের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। যশোহরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ, শ্রীযুত এফ, ডবলিউ, বি, পিটরসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৫০ ধারামতে আগামি মাসের ১৬ তারিখ অবধি নয় মাসের নিয়মিত ছুটী পাইলেন।

শ্রীযুত এফ, ডবলিউ, বি, পিটরসন সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, পাবনার ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এফ, এচ, মাকলখলিন সাহেব যশোহরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, এচ, মাকলখলিন সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, নদীয়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, জি, ডে সাহেব পাবনার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ২৭ জানুয়ারি।—সারণের অন্তর্গত সেওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আমরুলহক্ গত জুলাই মাসের ২৪ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রজনীকুমার দত্ত, শ্রীযুত বাবু কমলনাথ ঘোষের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত কিয়ৎকালের জন্যে উক্ত জিলার অন্তর্গত অররিয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

যশোহরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, টি, জার্ব্বো সাহেব আগামি মার্চ্চ মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩৮ ধারার ২ প্রকরণমতে চৌদ্দ দিনের ছুটী পাইলেন।

মেদিনীপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত ডবলিউ, এফ মিরস সাহেব কিয়ৎকালের নিমিত্তে হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন:

বীরভূমের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, ফিডিয়ান সাহেব ১৮৮৪ সালের ১৭ নবেম্বরের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এগার দিনের ছুটী পাইলেন।

বাখরগঞ্জের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর সি, দত্ত, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৫০ ধারামতে আগামি মার্চ মাসের ১৫ তারিখ অবধি বিশ মাসের নিয়মিত ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

Kumar Ramendra Krishna, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, on leave, is transferred to Hooghly, and is posted to the sudder station of that district.

Baboo Sant Prosad, Deputy Collector, Mozufferpore, is vested with the powers of a Collector under Act X of 1870 in that district.

Moulvi Mahomed Azim, temporary Sub-Deputy Collector, Bhagalpore Division, is posted to Purneah.

POLICE.—*The 26th January* 1885.—Mr. C. S. Murray, Officiating Assistant Superintendent of Police, Rungpore, is allowed leave for 12 days, under rule 2, section 138, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 15th ultimo.

The 27th January 1885.—Mr. H. Munro, District Superintendent of Police, Mozufferpore, is allowed furlough for twenty months, under section 132, chapter X of the Civil Leave Code, with effect from the 30th March next.

LEGISLATIVE.—*The 23rd January* 1885.—With the sanction of His Excellency the Viceroy and Governor-General, the Lieutenant-Governor, under the provisions of the 29th, 30th and 45th sections of the Indian Councils Act of 1861, re-appoints, with effect from the 3rd instant, the Hon'ble H. J. Reynolds to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

With the sanction of His Excellency the Viceroy and Governor-General, the Lieutenant-Governor appoints Lalla Ban Bihari Kapur, under the provisions of the 29th, 30th, and 45th sections of the Indian Councils Act of 1861, to be a Member of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations in the Bengal Division of the Presidency of Fort William.

REGISTRATION.—*The 23rd January* 1885.—Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, Pubna, is appointed to be also Sudder Sub-Registrar of Pubna, with effect from the 16th October 1884, *vice* Baboo Manick Lal Pal, transferred.

Baboo Ram Gati Banerjee, Rural Sub-Registrar of Baluchar, in the district of Moorshedabad, is appointed to be Rural Sub-Registrar of Baraset in the district of the 24-Pergunnahs, *vice* Baboo Brindabun Chunder Chatterjee, deceased.

Baboo Kali Pada Banerjee is appointed to be Rural Sub-Registrar of Baluchar in the district of Moorshedabad.

The 24th January 1885.—Rai Nobo Krista Ghose Bahadoor, Rural Sub-Registrar of Raneegunge in the district of Burdwan, is appointed to be Rural Sub-Registrar of Cossipore, in the district of the 24-Pergunnahs, *vice* Baboo Umesh Chandra Chatterjee, deceased.

Baboo Shashi Bhusan Chakravarti, Rural Sub-Registar of Perozeporo in the district of Backergunge, is appointed to be Rural Sub-Registrar of Raneegunge in the district of Burdwan.

Pandit Dabee Prosad, Special Sub-Registrar of Chupra, is allowed leave for seven weeks under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

Baboo Rajendra Nath Roy, Deputy Magistrate and Collector, Sarun, is appointed to act as Special Sub-Registrar of Chupra, in addition to his own duties, during the absence on leave of Pandit Dabee Prosad, or until further orders.

The 27th January 1885.—Mr. H. H. Birch, Officiating Deputy Magistrate and Deputy Collector, Monghyr, is appointed to be also Sudder Sub-Registrar of Monghyr, with effect from the 22nd September 1884, *vice* Mr. W. O'Reilly, transferred.

OPIUM.— *The 24th January* 1885.—Mr. J. E. Hand, Assistant Sub-Deputy Opium Agent, acted as Sub-Deputy Opium Agent, Ghazipore, from the 4th October to the 1st November 1884, both days inclusive.

The 27th January 1885.—Mr. J. R. Mawson, Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, is appointed to act, until further orders, as Sub-Deputy Opium Agent of Sitapore, with effect from the 24th November 1884.

Mr. W. J. Currie, Assistant Sub-Deputy Opium Agent, Benares Agency, acted as Sub-Deputy Opium Agent of Sitapore from the 4th to the 23rd November 1884.

[*Government Gazette, 3rd February* 1885.]

ছুটীপ্রাপ্ত রাজশাহীর একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত কুমার রাজেন্দ্রকৃষ্ণ হুগলীতে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

মজফরপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত শান্তপ্রসাদ বাবু উক্ত জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ভাগলপুর খণ্ডের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ আজিম পুরণিয়ায় অবস্থাপিত হইলেন।

(৩) জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার পদ ত্যাগ করিবার ইচ্ছা লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টে জানাইয়া পদ ত্যাগ করিতে পারিবেন; এবং স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার পদত্যাগ পত্র গ্রহণ করিলে, তাঁহার পদ শূন্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

দেশীয় রাজ্যের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার নিযুক্ত করিতে পারিবার কথা।

১২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজাধিকারের অন্তর্গত যেং স্থানীয় চক্র সময়েং নির্দ্দেশ করেন, তজ্জন্য যত জনকে উপযুক্ত বোধ করেন তত জনকে ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া নামোল্লেখে বা পদোপলক্ষে সময়েং জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিতে পারিবেন।

রেজিষ্ট্রারের আফিস ও উপস্থিতির কথা।

১৩ ধারা। (১) জন্ম মৃত্যুর যে রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের জন্য নিযুক্ত হন, তথায় তাঁহার এক আফিস থাকিবে।

(২) জন্মমৃত্যুর যে রেজিষ্ট্রারের সম্বন্ধে এই প্রকরণ খাটিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ দেন, তিনি জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব সময়েং যেং তারিখ ও ঘণ্টা নির্দ্দেশ করেন সেইং তারিখে ও ঘণ্টায় জন্মমৃত্যু রেজিষ্টরী করিবার নিমিত্ত আপন আফিসে উপস্থিত থাকিবেন, এবং আপন আফিসের বহির্দ্বারের উপরিস্থ বা নিকটস্থ কোন সুপ্রকাশ স্থানে তিনি যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হইয়াছেন সেই স্থানীয় চক্রের জন্মমৃত্যুর রেজিষ্ট্রার বলিয়া আপনার নাম ও তিনি যেং তারিখে ও ঘণ্টায় উপস্থিত থাকেন তাহা লেখাইয়া রাখিবেন।

রেজিষ্ট্রার আপন জিলায় উপস্থিত না থাকিবার ও তাঁহার পদ শূন্য হইবার কথা।

১৪ ধারা। (১) কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরের অন্তর্গত কোন স্থানীয় চক্রের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার ভিন্ন জন্ম মৃত্যুর যে কোন রেজিষ্ট্রার সম্বন্ধে এই ধারা খাটিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করেন, তিনি অনুপস্থিত থাকিলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে, জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব এতদর্থে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি অথবা ঐরূপ নিয়োগ করা না গেলে যে জিলা আদালতের জজ সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত রেজিষ্ট্রারের আফিস থাকে সেই জজ সাহেব, উক্ত অনুপস্থিতিকালে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল উক্ত শূন্য পদ পূর্ণ না করেন তত কাল জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার থাকিবেন।

(২) কলিকাতা মান্দ্রাজ বা বোম্বাই নগরের অন্তর্গত কোন স্থানীয় চক্রের জন্ম মৃত্যুর ঐরূপ কোন রেজিষ্ট্রার অনুপস্থিত থাকিলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে, জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব এতদর্থে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি উক্ত অনুপস্থিতিকালে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল উক্ত শূন্য পদ পূর্ণ না করেন তত কাল জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার থাকিবেন।

(৩) এই ধারামতে যে সকল নিয়োগ করা যায় তদ্বিষয়ে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন।

রেজিষ্টরী বহী দিবার ও কাগজপত্র রক্ষা করণের বিধান করিবার কথা।

১৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট জন্ম মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রারকে উপযুক্ত সংখ্যক জন্মের রেজিষ্টরী বহী ও মৃত্যুর রেজিষ্টরী বহী দিবেন এবং জন্ম মৃত্যু রেজিষ্টরী করণ সংক্রান্ত কাগজপত্র রক্ষা করিবার উপযুক্ত বিধান করিবেন।

গ।—রেজিষ্টরী করণের প্রণালীর কথা।

যে জন্ম মৃত্যুর সংবাদ দেওয়া হয় রেজিষ্ট্রারের তাহা রেজিষ্টরে লিখিতে হইবার কথা।

১৬ ধারা। জন্মমৃত্যুর রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের জন্য নিযুক্ত হইয়াছেন, তন্মধ্যে জন্ম বা মৃত্যু হইবার সংবাদ পাইলে, যে ব্যক্তি এই আইন অনুসারে সংবাদ দিতে ক্ষমতাপন্ন যদি সেই ব্যক্তি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নির্দ্দিষ্ট প্রকারে সেই সংবাদ দিয়া থাকে, তবে উপযুক্ত রেজিষ্টরী বহীতে ঐ জন্ম বা মৃত্যুর কথা তৎক্ষণাৎ লিখিবেন।

যে ব্যক্তির জন্মের সংবাদ দিতে পারিবেন তাঁহাদের কথা।

১৭ ধারা। নিম্নলিখিত ব্যক্তিদিগকে, অর্থাৎ শিশুর পিতা বা মাতাকে, কিম্বা পিতা বা মাতার অভাবে যে গৃহে দখলীকারের জ্ঞান গোচরে শিশুর জন্ম হয় সেই গৃহের দখলীকারকে, কিম্বা জন্ম কালে উপস্থিত কোন ব্যক্তিকে কিম্বা শিশুর ভার প্রাপ্ত ব্যক্তিকে জন্মের সংবাদ দিবার ক্ষমতা এতদ্দ্বারা দেওয়া গেল।

যে ব্যক্তিরা মৃত্যুর সংবাদ দিতে পারিবেন তাঁহাদের কথা।

১৮ ধারা। মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা এতৎক্রমে নিম্নলিখিত ব্যক্তিগণ প্রাপ্ত হইলেন যথা,—

(ক) এই আইন যে তারিখে প্রচলিত হয় সেই তারিখের পর কোন গৃহে কোন ব্যক্তির মৃত্যু হইলে, মৃত ব্যক্তির অতি নিকট যে আত্মীয়েরা মৃত্যুকালে উপস্থিত থাকেন কিম্বা মৃত ব্যক্তির চরম পীড়াকালে শুশ্রূষা করেন তাঁহারা, অথবা ঐরূপ আত্মীয়ের অভাবে মৃত ব্যক্তি মৃত্যুকালে যে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের স্থানীয় চক্রের মধ্যে ছিলেন তথায় মৃত ব্যক্তির অন্য কোন আত্মীয় বাস করিলে বা থাকিলে সেই আত্মীয়, অথবা তদভাবে মৃত্যু কালে উপস্থিত অন্য কোন ব্যক্তি কিম্বা যে গৃহে দখলীকারের জ্ঞানগোচরে মৃত্যু ঘটে সেই গৃহের দখলীকার অথবা এই ধারার লিখিত পূর্ব্বোক্ত ব্যক্তিগণের অভাবে পূর্ব্বোক্ত গৃহে যে কোন ব্যক্তি থাকে সেই ব্যক্তি, এবং

(খ) যে তারিখে এই আইন প্রচলিত হয় সেই তারিখের পর যে স্থান গৃহ নহে এরূপ স্থানে কোন ব্যক্তির মৃত্যু হইলে কিম্বা গৃহ ভিন্ন অন্য স্থানে মৃতদেহ পাওয়া গেলে, মৃত্যু সম্বন্ধে যেং বৃত্তান্ত রেজিষ্টরী করা আবশ্যক তাহার কোন কথা জানে মৃত ব্যক্তির এরূপ কোন আত্মীয় অথবা তদভাবে মৃত্যু কালে উপস্থিত কোন ব্যক্তি অথবা যে ব্যক্তি মৃতদেহ প্রাপ্ত হন বা তাহার ভার গ্রহণ করেন সেই ব্যক্তি।

যে ব্যক্তি সংবাদ দেন জন্ম বা মৃত্যুর লিখিত কথায় তাঁহার স্বাক্ষর করিতে হইবার কথা।

১৯ ধারা। (১) ১৬ ধারার আদেশমত জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার জন্ম বা মৃত্যুর কথা লিখিলে, যে ব্যক্তি জন্ম বা মৃত্যুর সংবাদ দেন তিনি রেজিষ্ট্রারের সমক্ষে রেজিষ্টরের লিখিত কথায় স্বাক্ষর করিবেন।

(২) উক্ত কথায় যাবৎ ঐরূপে স্বাক্ষর করা না যায়, তাবৎ এই আইনমতে উক্ত জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করণের সর্টিফিকেট দিবার কথা।

২০ ধারা। যে ব্যক্তি জন্ম বা মৃত্যুর সংবাদ দেন সেই ব্যক্তি জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করিবার সময়ে প্রার্থনা করিয়া নির্দ্দিষ্ট ফী দিলে, জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার উক্ত জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করিয়াছেন বলিয়া নির্দ্দিষ্ট পাঠে রেজিষ্ট্রারের স্বাক্ষরিত সর্টিফিকেট প্রার্থককে দিবেন।

রেজিষ্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইবার সম্বন্ধে রেজিষ্ট্রারদের কর্ত্তব্যের কথা।

২১ ধারা। (১) ব্রিটিষ ভারতবর্ষের জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হন, তাহা যে দেশের অন্তর্গত, সেই দেশের জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট নির্দ্দিষ্ট সময়ান্তরে শেষবার পাঠাইবার সময়াবধি তদ্রক্ষিত রেজিষ্টরী বহীতে জন্মমৃত্যুর যে সকল দফা লিখিত হইয়াছে নির্দ্দিষ্ট পাঠে আপনার স্বাক্ষরিত সর্টিফিকেট সহিত তাহার ঠিক নকল পাঠাইবেন।

কিন্তু জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার ইংলিস, রোমক ও স্কচ চর্চ্চের পাদরি হইলে, তাঁহার ধর্ম্মসংক্রান্ত উচ্চতর কর্ত্তৃপক্ষের নিকট প্রথমে ঐ সর্টিফিকেটযুক্ত নকল পাঠাইতে পারিবেন, এবং ঐ কর্ত্তৃপক্ষ জন্মমৃত্যু ও বিবাহের যথাযোগ্য রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট উহা পাঠাইবেন।

এই প্রকরণে "ইংলিস চর্চ্চ" ও "স্কচ চর্চ্চ" শব্দে যথাক্রমে আইনক্রমে সংস্থাপিত ইংলিস চর্চ্চ ও স্কচ চর্চ্চ বুঝাইবে; এবং যে চর্চ্চ রোমের পোপকে গুরু বলিয়া মানে, "রোমক চর্চ্চ" শব্দে সেই চর্চ্চ বুঝাইবে।

(২) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজ্যাধিকারের দেশে যে কোন জন্মমৃত্যুর রেজিষ্ট্রার থাকেন, তৎসম্বন্ধে (১) প্রকরণের বিধান এই পরিবর্ত্তন সহকারে খাটিবে যে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে জন্ম মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরলকে নিযুক্ত করেন উক্ত প্রকরণের উল্লিখিত সর্টিফিকেটযুক্ত নকল তাঁহার নিকট পাঠাইতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

২২ ধারা। (১) জন্ম মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রার নির্দ্দিষ্ট ফী লইয়া যুক্তিসিদ্ধ সকল সময়ে আপনার রক্ষিত সকল রেজিষ্টরী বহীতে অনুসন্ধান লইবার অনুমতি দিবেন এবং ঐ সকল বহীর লিখিত কোন কথার নকল দিবেন।

রেজিষ্টরীবহীর লিখিত কথার অনুসন্ধান লইবার ও নকল দিবার কথা।

(২) এই ধারামতে রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার যে নকল দেওয়া যায় জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার তাহাতে স্বাক্ষর করিবেন; এবং তাহা যে জন্ম বা মৃত্যু সম্বন্ধে লিখিত হয় তাহার প্রমাণ করণার্থ সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

ঘ।—দণ্ডের কথা।

২৩ ধারা। কোন জন্ম বা মৃত্যুর রেজিষ্টরের মধ্যে সন্নিবিষ্ট হইবার নিমিত্ত যদি কেন ব্যক্তি এই আইনমত জন্ম বা মৃত্যুর সংবাদ সম্পর্কে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা বর্ণনা করেন বা করান, তবে তাঁহার তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড হইবে।

ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সংবাদ দিলে দণ্ডের কথা।

২৪ ধারা। জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রারের যে জন্ম বা মৃত্যু এই আইনমতে লেখা উচিত, তিনি তাহা উপযুক্ত রেজিষ্টরী বহীতে লিখিতে অস্বীকার করিলে কিম্বা যুক্তিসিদ্ধ কারণ বিনা না লিখিলে অথবা জন্ম বা মৃত্যুর কোন রেজিষ্টরী বহীর ভারপ্রাপ্ত কোন ব্যক্তি অনবধানতাপ্রযুক্ত ঐ বহী হারাইলে বা উহার হানি করিলে বা করিতে দিলে তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

রেজিষ্টরে জন্ম বা মৃত্যু না লিখিলে বা রেজিষ্টর হারাইলে দণ্ডের কথা।

ঙ।—ভুল সংশোধন করিবার কথা।

২৫ ধারা। (১) জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার এই আইনমতে যে কোন রেজিষ্টরী বহী রাখেন, তাহাতে জন্ম বা মৃত্যুর লিখিত কোন কথার পাঠে বা মর্ম্মে কোন ভুল দেখিলে, যে ব্যক্তিরা জন্ম বা মৃত্যুর সংবাদ দেন তাঁহাদের সমক্ষে কিম্বা তাঁহাদের মৃত্যু বা অনুপস্থিতি ঘটিলে অন্য দুইজন বিশ্বাসযোগ্য সাক্ষীর সমক্ষে মূল লিখিত কথা পরিবর্ত্তন না করিয়া পার্শ্বে লিখিয়া ঐ ভুল সংশোধন করিতে পারিবেন, এবং পার্শ্বলিখিত কথায় স্বাক্ষর করিয়া তাহাতে সংশোধনের তারিখ যোগ করিবেন।

জন্ম মৃত্যুর রেজিষ্টরে লিখিত কথা সংশোধন করিবার কথা।

(২) এই ধারামতে যে প্রত্যেক কথা লেখা যায়, তাহা যে সাক্ষীদের সমক্ষে লেখা যায়, তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন।

(৩) লিখিত কথার সার্টিফিকেট যুক্ত নকল জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠান গিয়া থাকিলে, জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার মূল ভুল কথার ও পার্শ্বে লিখিত সংশোধনের স্বতন্ত্র সার্টিফিকেটযুক্ত নকল লিখিয়া পাঠাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

৪ অধ্যায়।

১৮৭২ সালের বিবাহ বিষয়ক আইন সংশোধনের বিধি।

২৬ ধারা। স্থল বিশেষে বিবাহ প্রথার বিধান করণার্থ ১৮৭২ সালের ৩ আইনের ১১ ধারার পর নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।—

১৮৭২ সালের ৩ আইনের ১১ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

"১৩ ধারা। রেজিষ্ট্রারের জিলা যে দেশের মধ্যে থাকে তিনি সেই দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে সময়ে যেরূপ সময়ান্তরের আদেশ করেন সেইরূপ সময়ান্তরে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যেরূপ পাঠ নির্দ্দেশ করেন সেই রূপ পাঠে শেষ বার পাঠাইবার সময়াবধি উক্ত বিবাহের সার্টিফিকেট বহীতে তাঁহার লিখিত সমুদয় কথার ঠিক নকল আপনার স্বাক্ষরিত সার্টিফিকেট যুক্ত করিয়া পাঠাইবেন।"

বিবাহের সার্টিফিকেট বহীর লিখিত কথার সার্টিফিকেট যুক্ত নকল জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইবার কথা।

২৭ ধারা। খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনে নিম্নলিখিত সংশোধন করিতে হইবে যথা—

খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন সংশোধনের কথা।

(ক) ৩ ধারার শেষে "জন্মমৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল শব্দে জন্মমৃত্যু ও বিবাহের রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৮৫ সালের আইনমতে নিযুক্ত জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল বুঝাইবে" এই কথাগুলি যোগ করিতে হইবে—

(খ) যেং স্থলে "স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী" এই কথা আছে সেইং স্থলে উক্ত কথার পরিবর্ত্তে "জন্ম মৃত্যুর ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল" এই কথা, এবং ৭৯ ধারায় "স্থানীয় গবর্ণমেণ্টের যে সেক্রেটরী" এই কথার পরিবর্ত্তে "জন্ম, মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরল" এই কথা দিতে হইবে।

(গ) ৬২ ধারার "স্থানীয় গবর্ণমেণ্ট যেং স্থান নিরূপণ করেন সেইং স্থানে" এই কথার পরিবর্ত্তে "রেজিষ্টর বহী যে ব্যক্তি রাখেন, সেই ব্যক্তি যে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট লাইসেন্স পান, সেই স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে" এই কথা দিতে হইবে।

(ঘ) ৮১ ধারার "জন্মের ও মৃত্যুর ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল" এই কথার পূর্ব্বে "বঙ্গদেশে" এই কথা দিতে হইবে।

৫ অধ্যায়।

বর্ত্তমান কোনং রেজিষ্টর সম্বন্ধে বিশেষ বিধান।

২৮ ধারা। যদি ব্রিটিষ ভারতবর্ষে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজ্যাধিকারের দেশে উপস্থিত সময়ে কোন ব্যক্তির হস্তে ১০ ধারার নির্দ্দিষ্ট শ্রেণীর কোন ব্যক্তির জন্ম, বাপ্তাইজকরণ নামকরণ উৎসর্গ মৃত্যু বা সমাধিকরণের কোন রেজিষ্টর বা কাগজপত্র কিম্বা যাহাদের প্রতি ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন বর্ত্তে সেই শ্রেণীর ব্যক্তিদের বিবাহের কোন রেজিষ্টর বা কাগজপত্র থাকে এবং যে দেশে উক্ত রেজিষ্টর বা কাগজপত্র রাখা হয় সেই দেশের আইনে যে কর্ম্ম করিবার বিশেষ আজ্ঞা থাকে, সেই কর্ম্ম সম্পাদনক্রমে না হইয়া প্রকারান্তরে যদি ঐ ব্যক্তি উক্ত রেজিষ্টর বা কাগজপত্র প্রস্তুত করিয়া থাকেন, তাহা হইলে তিনি এই আইন প্রবল হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে যে দেশে বাস করেন সেই দেশের জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে, অথবা পূর্ব্বোক্তরূপ কোন রাজার বা রাজ্যাধিকারের দেশে বাস করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব হইতে গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়েং এতদর্থে এরূপ যে কোন রেজিষ্ট্রার জেনরল সাহেবকে নির্দ্দেশ করেন তাঁহার নিকট উক্ত রেজিষ্টর বা কাগজপত্র পাঠাইতে পারিবেন।

কোনং কাগজপত্র যে ব্যক্তিদের হস্তে থাকে, তাহাদেরতাহাএকবৎসরের মধ্যে রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইতে পারিবার কথা।

২৯ ধারা। (১) পূর্ব্ব ধারামতে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট যে সকল রেজিষ্টর বা কাগজপত্র পাঠান যায়, তাহার পরীক্ষা করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যতজনকে উপযুক্ত বোধ করেন, তত জনকে কমিশ্যনরস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন;

রেজিষ্টর পরীক্ষার্থ কমিশ্যনর নিয়োগের কথা।

(২) এরূপে যে কমিশ্যনরদিগকে নিযুক্ত করা যায় তাঁহারা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নিয়োগের আজ্ঞা বা পরবর্ত্তী আজ্ঞাক্রমে যত কালের আদেশ করেন, তত কাল পদস্থ থাকিবেন।

৩০ ধারা। (১) যে কোন রেজিষ্টর বা কাগজপত্র ২৮ ধারামতে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠান যায় পূর্ব্ব ধারামতে নিযুক্ত কমিশ্যনরগণ তাহার কিরূপ অবস্থা ও তাহা কিরূপ হেপাজতে ছিল ও তাহা প্রকৃত কি না এবিষয়ে অনুসন্ধান লইবেন,

কমিশ্যনরদের কর্ত্তব্যের কথা।

এবং তাঁহারা যে সকল রেজিষ্টর বা কাগজপত্র কিম্বা রেজিষ্টরের বা কাগজপত্রের অংশ শুদ্ধ এবং বিশ্বাস্য বলিয়া নির্ণয় করেন তাহার বর্ণনাত্মক নির্ঘণ্ট বা নির্ঘণ্ট সমূহ সময়েং রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট অর্পণ করিবেন।

(২) উক্ত নির্ঘণ্টে বা নির্ঘণ্ট সমূহে নির্দ্দিষ্ট বৃত্তান্ত লেখা থাকিবে এবং নির্দ্দিষ্ট প্রকারে উক্ত রেজিষ্টরের বা কাগজপত্রের, অথবা রেজিষ্টর বা কাগজপত্রের অংশের উল্লেখ থাকিবে।

(৩) কমিশ্যনরদের নির্ঘণ্টে বা নির্ঘণ্ট সমূহে যে কোন রেজিষ্টর বা কাগজপত্র অথবা রেজিষ্টরের বা কাগজপত্রের অংশ উল্লিখিত হয় তাহা যে কোন স্বতন্ত্র বহীতে বা বালয়ে থাকে তাহার কোন স্থানে কমিশ্যনরগণ লিখিয়া এই সর্টিফিকেট দিবেন যে, উক্ত নির্ঘণ্টে বা নির্ঘণ্ট সমূহে যেং রেজিষ্টর বা কাগজপত্র বা রেজিষ্টরের বা কাগজপত্রের অংশ উল্লিখিত হইয়াছে ইহা তন্মধ্যে একটি।

৩১ ধারা। (১) কমিশ্যনরেরা রেজিষ্টরের বা কাগজপত্রের, অথবা রেজিষ্টর বা কাগজপত্রের, অংশের বর্ণনাত্মক যে নির্ঘণ্ট বা নির্ঘণ্ট সমূহ জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট অর্পণ করেন, কোন ব্যক্তি তাহা দেখিবার প্রার্থনা করিলে নির্দ্দিষ্ট ফী দিয়া যুক্তিসিদ্ধ সকল সময়ে দেখিতে পাইবেন। এবং যে সকল ব্যক্তি প্রার্থনা করেন তাঁহাদিগকে উক্ত রেজিষ্টরের বা কাগজপত্রের লিখিত কথার নকল ফী লইয়া দেওয়া যাইবে।

কমিশ্যনরদের প্রস্তুত নির্ঘণ্ট অনুসন্ধান করিবার ও তাহার লিখিত কথার সর্টিফিকট যুক্ত নকল দিবার কথা।

(২) এই ধারামতে কোন লিখিত কথার যে নকল দেওয়া যায় তাহাতে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব স্বাক্ষর করিবেন এবং উক্ত কথা যে জন্ম বাপ্তাইজকরণ, নাম করণ, উৎসর্গ, মৃত্যু সমাধিকরণ, বা বিবাহ সম্বন্ধে লিখিত হয়, তাহার প্রমাণ করণার্থ ঐ নকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

---

৬ অধ্যায়।

বিধি।

৩২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং নিম্নলিখিত কার্য্যের বিধি প্রণয়ন করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

(ক) এই আইনমতে দেয় ফী ধার্য্য করিবার;

(খ) এই আইনের কার্য্যপক্ষে আবশ্যক পাঠ নির্দ্দিষ্ট করিবার;

(গ) যে ব্যক্তিরা বা এই আইনমতে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের নিকট জন্মের বা মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা পাইয়াছেন তাঁহারা যে সময়ের মধ্যে যে প্রকারে ঐ সংবাদ দিবেন, ইহা নির্দ্দেশ করিবার;

(ঘ) যেং রেজিষ্টর রাখিতে হইবে ও যে পাঠে ও যে প্রকারে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারেরা এই আইনমতে জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিবেন এবং তাঁহাদের রক্ষিত রেজিষ্টরে লিখিত জন্ম মৃত্যুর কথার ঠিক নকল যে সময়ান্তরে তাঁহারা পাঠাইবেন ইহা নির্দ্দেশ করিবার;

(ঙ) এ অধ্যায়মতে নিযুক্ত কমিশ্যনরেরা যে বর্ণনাত্মক নির্ঘণ্ট বা নির্ঘট সমূহ প্রস্তুত করেন তাহাতে যে২ বৃত্তান্ত লিখিতে হইবে এবং ঐ২ বৃত্তান্ত যে২ কাগজপত্র বা রেজিষ্টর কিম্বা যে কাগজপত্রের বা রেজিষ্টরের অংশ সম্পর্কীয় হয়, তাহার উল্লেখ তাঁহারা যে প্রকারে করিবেন; ইহা নির্দেশ করিবার; এবং

(চ) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সফল করিবার।

বিধিপ্রণয়ন ও প্রকাশ করিবার কার্য্য প্রণালীর কথা।

৩৩ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্ব ধারামতে বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে এতদ্দ্বারা যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা তাহাদের অবগতি নিমিত্ত যে প্রকারে প্রকাশ করিলে তাঁহার মতে প্রচুর হইতে পারে, সেই প্রকারে প্রস্তাবিত বিধির পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) যে তারিখে বা যে তারিখের পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করা যাইবে, তাহা নির্দ্দেশ করিয়া ঐ পাণ্ডুলেখ্যের সহিত একটি মন্তব্য প্রকাশ করা যাইবে।

(৩) ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করা যায় তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে; এবং পূর্ব্ব ধারামতে প্রণীত বলিয়া কোন বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা গেলে ঐ প্রকাশ করণেই তাহা নিয়মিতরূপে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১। (১) সমাজের যে২ শ্রেণীর লোক এইরূপ রেজিষ্টরী করাইবার সম্ভাবনা তাঁহাদের উপকারার্থ জন্ম ও মৃত্যু ইচ্ছামত রেজিষ্টরী করিবার প্রণালী স্থাপন করিতে, ও (২) ঐরূপে যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যায় তাহার ও ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের ১৫ আইনমতে রেজিষ্টরী বিবাহের রেজিষ্টরী বহী রাখিবার সাধারণ রেজিষ্টরী আফিসে স্থাপন করিতে, এবং ৩ আইনের আদেশ বিনা জন্ম, বাপ্তাইজ করণ মৃত্যু, সমাধিকরণ, ও বিবাহের যে২ রেজিষ্টরী রাখা হইয়াছে এরূপ বর্ত্তমান কোন২ রেজিষ্টরকে প্রামাণিকতা দিবার যন্ত্রের বিধান করিতে, এই পাণ্ডুলিপিতে প্রস্তাব করা গিয়াছে।

২। ভারতবর্ষীয় ইউরোপীয়দের মধ্যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার বিষয় বহুকাল গবর্ণমেন্টের বিবেচনাধীনে আছে; এবং এবিষয়ে ব্যবস্থা করিবার আবশ্যকতা অত্যন্ত নির্ব্বন্ধ সহকারে দর্শাইয়া নানা খ্রীষ্টীয়ান ধর্ম্ম সম্প্রদায় যে সকল আবেদনপত্র প্রেরণ করিয়াছেন, তাহাতেও বারম্বার এবিষয়ে গবর্ণমেন্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে।

৩। ভারতবর্ষীয় আইনের মধ্যে একণে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার কোন সাধারণ ব্যবস্থা নাই। সত্য বটে, একপ আইন আছে যাহাতে নির্দ্দিষ্ট স্থানের মধ্যে, প্রধানতঃ মুনিসিপালিটী ও সেনানিবেশস্থানের মধ্যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার বিধান আছে; কিন্তু এই সকল আইন প্রথমতঃ ভাব দেখিতে গেলে বিশেষরূপে স্থানীয় ও তাহাতে দেশের অধিকাংশ স্থান সম্বন্ধে কোন বিধান নাই। দ্বিতীয়তঃ এই সকল আইনের বিধানের মুখ্যদৃষ্টি স্থিতিরীতি সংক্রান্ত বিষয়ে নিবদ্ধ থাকায়, ঐ সকল বিধান এপ্রকারের নহে যে তদনুসারে রক্ষিত জন্ম মৃত্যুর রেজিষ্টর সাক্ষ্যসংক্রান্ত কার্য্যে লাগিতে পারে।

৪। দেশের সকল স্থানে ধর্ম্মযাজকেরা বাপ্তাইজের ও সমাধিকরণের বহুসংখ্যক রেজিষ্টর রাখেন, তৎসম্বন্ধে এইরূপ সন্দেহ হয় যে জন্ম ও মৃত্যু সংক্রান্ত আবশ্যক বৃত্তান্ত শুদ্ধরূপে দেওয়া বিষয়ে তাহার উপর কতদূর নির্ভর করা যাইতে পারে ও তন্মধ্যে অধিকাংশই সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না।

৫। যখন আইনের এইরূপ অবস্থা, তখন সাধারণতঃ বিষয়ের গুরুত্ব ও পূর্ব্বলিখিত আবেদনপত্র বিবেচনায় এবং সম্পত্তিগত স্বত্ব প্রভৃতি বিষয়ক ব্যক্তিগত বৃহৎ স্বার্থ ঘটিত প্রশ্ন সম্পর্কে বয়সের বা মৃত্যুর প্রমাণ সম্বন্ধে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ও ভারতবর্ষীয় গবর্ণমেন্টকে বারম্বার জিজ্ঞাসাবাদ করা হয় তাহার প্রতি দৃষ্টি রাখিয়া ভারতবর্ষীয় গবর্ণমেন্ট বিবেচনা করেন যে এরূপ একটি স্বেচ্ছাধীন ব্যবস্থা প্রণয়ন করা বিহিত, যাহাতে যে ব্যক্তিরা জন্ম মৃত্যুর অলঙ্ঘনীয় প্রমাণ চাহেন তাঁহাদিগকে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার সম্পূর্ণ সুবিধা করিয়া দেওয়া হইবে।

৬। পাণ্ডুলিপির দ্বিতীয় উদ্দেশ্য সম্বন্ধে ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে স্থানীয় নানা আফিসে যে সকল সন্ধান রেজিষ্টরী করা যায় তাহা একটি কেন্দ্রস্থানে সাধারণ আফিস স্থাপন করিয়া উহাতে এরূপ সংগৃহীত ও সুবিন্যস্ত থাকিবে যাহাতে জনসাধারণ এ সন্ধান জিজ্ঞাসা করিলেই সহজে জানিতে পারেন, এরূপ বিধান না করিতে পারিলে জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করণ সম্বন্ধে কোন প্রণালীই সম্পূর্ণ কার্য্যকর হইবে না।

৭। এই সম্বন্ধে খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন ও ১৮৭২ সালের ৩ আইন মত বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক প্রণালী যে সন্তোষজনক নহে, এই বিষয়ের প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেন্টের মনোযোগ আকর্ষণ করা হইয়াছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫।৩ ফেব্রুয়ারি।]

পূর্ব্বোক্ত আইনের বিধানমতে অথবা ঐ আইনমত আদেশক্রমে ঐ আইনমত বিবাহের প্রমাণস্বরূপ দলীল স্থানীয় গবর্নমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট প্রেরিত হয় উহার সর্টিফিকেটযুক্ত নকল দিতে তাঁহার ক্ষমতা আছে। ঐ সকল প্রমাণ স্থলে গ্রাহ্য হইয়া থাকে। ইহাতে আপাততঃ এরূপ বোধ হইতে পারে যে এই বিষয়ে আর কিছু করিবার প্রয়োজন নাই। কিন্তু যে সকল বিবাহের রিকার্ড স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে রক্ষিত হয় তাহার সূচীপত্র রাখিবার কার্য্যতঃ কেবল যে কোন বন্দোবস্ত নাই এমত নহে, স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে প্রাপ্ত ঐ সকল আসল রিকার্ডের অধিকাংশই পূর্ব্বোক্ত আইনের ৮১ ধারা প্রচলিত আদেশমতে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট প্রেরণার্থে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্নমেণ্টের নিকট পাঠাইতে হয়। সুতরাং স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে প্রাপ্ত বিবাহের রিকার্ডের অধিকাংশ ঐ স্থানে না থাকাতে সাধারণের জিজ্ঞাস কার্য্য সিদ্ধ হয় না, এবং যে গুলি থাকে তাহাও সূচীপত্রের অভাবে কার্য্যতঃ অব্যবহার্য্য হয়।

১৮৭২ সালের ৩ আইন সম্বন্ধে বক্তব্য এই যে ঐ আইনমতে যে সকল বিবাহ সাধিত হয় তাহা কোন কেন্দ্র স্থলীয় কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করিবার উহাতে কোন বিধান নাই: উহাতে যে বিবাহের সর্টিফিকেটের বহী রাখিবার বিধান আছে তাহা রেজিষ্ট্রার রাখিয়া থাকেন। কিন্তু ঐ বহীর সূচীপত্র রাখিতে হইবে তাঁহার প্রতি এরূপ কোন আদেশও নাই। সুতরাং যে সকল বিবাহের সহিত ঐ বহীর সম্পর্ক থাকে তৎসম্বন্ধে রিকার্ড স্বরূপ গ্রাহ্য হওন পক্ষে উহার ফলোপধায়িতার অনেক হ্রাস হইয়া যাইতেছে।

৮। এই সকল কারণে ভারতবর্ষীয় গবর্নমেণ্ট জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করণ বিষয়ক প্রস্তাবিত আইন প্রণয়ন করণোপলক্ষে বিবাহ রেজিষ্টরী করণ বিষয়িণী ব্যবস্থার পূর্ব্বোক্ত অভাবগুলি দূরীকরণার্থে সাধারণ রেজিষ্টরী আফিসের বিধান করিয়া উহাতে প্রস্তাবিত আইনক্রমে যে সকল জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে কেবল তৎসম্পর্কেই রেজিষ্টরী না রাখিয়া ১৮৭২ সালের ৩ আইন অথবা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনক্রমে যে সকল বিবাহ রেজিষ্টরী হইতে পারিবে তাহারও রেজিষ্টরী রাখিতে হইবে এই বিধান করিয়াছেন।

৯। উপস্থিত পাণ্ডুলিপি (২ ধারা) ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র প্রচলিত হইবে এবং শ্রীশ্রীমতীর প্রজা সম্পর্কে শ্রীশ্রীমতীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষের রাজাদিগের অধিকৃত ও রাজ্যাধিকার সমূহের অন্তর্গত দেশে প্রচলিত হইবে।

১০। পূর্ব্ববর্ত্তী ৩ দফার উল্লিখিত স্থানীয় আইনসমূহের নির্দ্দিষ্ট জন্ম ও মৃত্যু বলপূর্ব্বক রেজিষ্টর করাইবার প্রণালী লক্ষিত বিশেষ উদ্দেশের নিমিত্ত কার্য্যে লাগাইবার এবং ঐ সকল আইনের আদেশমতে জনসাধারণের রেজিষ্টরী করণ হইতে পাণ্ডুলিপি সংস্পৃষ্ট সামাবদ্ধ শ্রেণীর লোকের রেজিষ্টরী করণ পৃথক করিয়া রাখিবার কোন পথ নাই বোধ হওয়াতে, স্থান বিশেষে জন্ম মৃত্যু রেজিষ্টরী করাইবার বিধান করণার্থে যে২ আইন এক্ষণে প্রবল আছে বা অতঃপর বিধিবদ্ধ হইবে, তৎসমুদয় রক্ষা করা আবশ্যক বলিয়া দেখা গিয়াছে; এবং ৪ ধারায় ইহার বিধান করা গিয়াছে। এই নিমিত্ত এই ধারার ফল এইরূপ হইবে যে, জন্মমৃত্যু রেজিষ্টরী করণ সংক্রান্ত পাণ্ডুলিপির বিধান যে ব্যক্তিদের সম্বন্ধে খাটে তাঁহারা ঐ২ স্থানীয় আইনের স্থিতিরীতিঘটিত প্রয়োজন পূরণ করিতে পূর্ব্বের ন্যায় বাধ্য থাকিবেন এবং প্রমাণসংক্রান্ত কার্য্যের নিমিত্ত এই পাণ্ডুলিপিমতে জন্ম ও মৃত্যু পুনর্ব্বার রেজিষ্টরী করিতে পারিবেন।

১১। ২ অধ্যায়ের ৫ ধারায় স্থানীয় গবর্নমেণ্ট কর্তৃক জন্ম মৃত্যু ও বিবাহের সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপনের এবং জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল নিয়োগের বিধান আছে। এই পাণ্ডুলিপি অনুসারে অথবা ১৮৭২ সালের ৩ আইন কিম্বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন অনুসারে রেজিষ্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল পাঠান যায়, সাধারণ রেজিষ্টরী আফিসে ৬ ধারামতে তাহার সূচীপত্র রাখিতে হইবে। এই সকল সূচীপত্র (৭ ধারা) সাধারণে দেখিতে পাইবে, এবং যে লেখা যে রেজিষ্টরের সম্বন্ধীয় হয়, সেই রেজিষ্টরের সর্টিফিকেটযুক্ত নকল হইতে সেই লেখার নকল যে সকল ব্যক্তি প্রার্থনা করেন, তাঁহাদিগকে দেওয়া যাইবে; এবং ঐ সকল (৮ ধারা) সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে। ৯ ধারায় জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারদের রেজিষ্ট্রার তত্ত্বাবধান করিবার ক্ষমতা জেনরল সাহেবের প্রতি প্রদত্ত হইয়াছে।

১২। ৩ অধ্যায়ে জন্ম মৃত্যু রেজিষ্টরীকরণবিষয়ের বিধান আছে। যে ব্যক্তিদের জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে, ১০ ধারায় তাঁহারা এইরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন, যথা, ব্রিটিষ ভারতবর্ষে যে কোন জাতি, সম্প্রদায় বা কুল সম্বন্ধে ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ববিষয়ক ১৮৬৫ সালের আইন খাটে এবং যাহার সম্বন্ধে উক্ত আইনের ৩৩২ ধারামত আজ্ঞা তৎকালে প্রবল না থাকে, সেই জাতি, সম্প্রদায় বা কুলের ব্যক্তিগণ ও খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বী সকল ব্যক্তি, এবং দেশীয় রাজ্যে এইরূপ যে সকল ব্যক্তি ব্রিটিষ প্রজা হন তাঁহারা। অতএব সাধারণতঃ বলিতে গেলে, পাণ্ডুলিপির এই সকল বিধান ফিরিঙ্গী, যিহুদী, আর্ম্মাণী, পার্সী ও ইউরোপীয়দের সম্বন্ধে এবং দেশীয় খ্রীষ্টীয়ানদের সম্বন্ধে খাটিবে। এই দেশে যে সকল শ্রেণীর লোক আছে, তন্মধ্যে কেবল ইহারাই এই প্রকারের আইনের উপকার লাভ করিতে যাইবার সম্ভাবনা বলিয়া বিশ্বাস আছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

১৩। পরে এই অধ্যায়ে ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে স্থানীয় গবর্ণমেণ্ট সমূহের প্রতি ও দেশীয় রাজ্যের মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত স্থানের জন্য কোন২ উপযুক্ত ব্যক্তিকে নাম ধরিয়া কি পদোপলক্ষে জন্ম ও মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করিয়া (১১ ও ১২ ধারা) রেজিস্টরীকরণকার্য্যের শিরিস্তা স্থাপনের বিধান করা হইয়াছে। ১৮৭২ সালের ৩ আইন কি খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমত বিবাহসাধন করিতে ক্ষমতা কি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদিগকে ঐ২ ধারামতে প্রদত্ত সাধারণ ক্ষমতাক্রমে নিযুক্ত করিবার প্রস্তাব করা যাইতেছে, এবং যাঁহারা বিবাহের রেজিষ্ট্রারদিগের নিকট যাইতে ইচ্ছা না করেন তাঁহাদিগের স্থানে সংবাদ গ্রহণ করিবার বিধান করণার্থে উপযুক্ত অপর ব্যক্তি দিগকে নিযুক্ত করিবার কল্পনা আছে। প্রত্যেক যে স্থানের জন্য বিবাহের রেজিষ্ট্রার নিযুক্ত হন সেই স্থানের জন্য শেষোক্ত প্রকার একং ব্যক্তিকে নিযুক্ত করা অভিপ্রেত। এই শেষোক্ত প্রকার রেজিষ্ট্রারদিগের প্রতিই ১৩ ও ১৪ ধারা বর্ত্তাইবার অভিপ্রায়। ঐ ধারায় উক্ত রেজিষ্ট্রারদের পদসম্পর্কে এবং ঐ পদ কিয়ৎকালের নিমিত্তে শূন্য হইলে উহাতে লোক নিযুক্তকরণসম্বন্ধে কতিপয় বিধান করা গিয়াছে। ১৫ ধারার রেজিস্টরী বহী সংরক্ষণ করিবার ও কাগজপত্র রক্ষা করিবার বিধান আছে।

১৪। পরে উক্ত অধ্যায়ে রেজিস্টরী করণকার্য্যের প্রণালী বিষয়ক কথা বলা হইয়াছে। ঐ অধ্যায়ে (১৬ ধারা) জন্ম ও মৃত্যুর রেজিষ্ট্রারকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ও নির্দ্দিষ্ট প্রকারে জন্ম ও মৃত্যুর সম্বাদ ঐ সংবাদ দিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্ত্তৃক দেওয়া গেলে উক্ত রেজিষ্ট্রারের উহা তদীয় রেজিস্টরী বহীতে লেখা কর্ত্তব্য কর্ম্ম এইরূপ নির্দ্দিষ্ট হইয়াছে। পরে (১৭ ও ১৮ ধারা) ক্রমান্বয়ে যেং ব্যক্তিরা জন্ম ও মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা পাইবেন তদ্ব্যক্তির নির্দ্দেশ করা হইয়াছে।

১৯ ধারার বিধান এই, জন্ম কি মৃত্যুর কথা লেখা গেলে সংবাদদাতা ঐ লিখনে স্বাক্ষর করিবেন এবং এই ধারায় নির্দ্দেশ হইয়াছে যে যাবৎ ঐ লিখন তদ্রূপে স্বাক্ষরিত না হয় তাবৎ ঐ জন্ম কি মৃত্যু রেজিস্টরী হইয়াছে বলিয়া গণ্য হইবে না। ২০ ধারাক্রমে জন্ম ও মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রারের প্রতি এই আদেশ হইয়াছে যে তিনি জন্ম কি মৃত্যু রেজিস্টরী করণকালে ঐ২ ঘটনার সংবাদদাতার প্রার্থনামতে ও ঐ সংবাদদাতা নির্দ্দিষ্ট ফী দিলে ঐ জন্ম কি মৃত্যু রেজিস্টরী করণের সর্টিফিকেট দিবেন।

২১ ধারামতে এই বিধান হইয়াছে যে জন্ম ও মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রার নির্দ্দিষ্ট কালানন্তর জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট আপন রেজিস্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল পাঠাইয়া দিবেন। ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে রেজিষ্ট্রারদিগের জন্য ব্যবস্থা এই যে যে স্থানীয় চক্রের জন্য ঐ রেজিষ্ট্রার নিযুক্ত হন তাহা যে রেজিষ্ট্রার জেনরলের বিচারাধিপত্যের অন্তর্গত তাঁহারই নিকট ঐ সকল নকল পাঠাইতে হইবে। কেবল যে রেজিষ্ট্রারেরা ইংলিষ চর্চ্চের কি রোমক কিম্বা চর্চ্চের পাদরী তাঁহাদিগের প্রতি এই নিয়ম খাটিবে না। তাঁহারা রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইয়া দিবার জন্য আপনং উপরস্থ ধর্ম্মযাজকের নিকট ঐ সকল নকল প্রেরণ করিবেন। দেশীয় রাজ্যের রেজিষ্ট্রার হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া এতৎকার্য্যপক্ষে যেরূপ আদেশ করেন সেইরূপ কোন এক জন রেজিষ্ট্রার জেনরলের নিকট উক্ত সকল নকল পাঠাইতে হইবে। ২২ ধারায় অনুসন্ধান করিবার ও প্রমাণস্থলে গ্রাহ্য হইতে পারিবে বলিয়া রেজিস্টরী বহীর লিখিত কথার নকল দিবার বিধান করা হইয়াছে।

১৫। জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্ট্রারকে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সংবাদ দিলে তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড এবং জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্ট্রার রেজিস্টরীতে জন্ম কি মৃত্যুর কথা না লিখিলে কি রেজিস্টরীবহী হারাইলে কি নষ্ট করিলে তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ২৩ ও ২৪ ধারায় এইরূপ নির্দ্দেশ হইয়াছে।

১৬। পরিশেষে, জন্ম ও মৃত্যুর কোন রেজিস্টরী বহীর লিখিত কোন কথার পাঠ কি বস্তুগত কোন অশুদ্ধি থাকিলে তাহা শোধন করিবার কার্য্যপদ্ধতি ২৫ ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে।

১৭। ৪ অধ্যায়ে (২৬ ও ২৭ ধারা) ১৮৭২ সালের ৩ আইন ও খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের কএকটি সংশোধন করা হইয়াছে। এই আইনমতে যে সকল রেজিস্টরী বহী রাখা যায় তাহার লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল উপস্থিত পাণ্ডুলিপিক্রমে ভবিষ্যতে জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইতে হইবে। সুতরাং ঐ ২ আইনের বিধান পাণ্ডুলিপির নির্দ্দিষ্ট কার্য্যপদ্ধতির সহিত মিলাইয়া লইবার জন্য পূর্ব্বোক্ত সংশোধন গুলি আবিশ্যক হইয়াছে।

১৮। এই বর্ণনাপত্রের প্রথম দফার উল্লিখিত তিনটি বিষয়ের মধ্যে ৫ অধ্যায়ে শেষ বিষয়টির কথা বলা হইয়াছে। পূর্ব্বেই কথিত হইয়াছে যে জন্ম কি বাপ্তাইজকরণ এবং মৃত্যু কি সমাধির রেজিস্টর এক্ষণে দেশের সর্ব্বত্রই ধর্ম্মযাজকেরা রাখিয়া থাকেন। বিবাহ রেজিস্টরী করণ বিষয়ক আইন প্রবল হইবার পূর্ব্বে বিবাহের রেজিস্টর ও ঐ ভাবে রক্ষিত হইত। আইনের বর্ত্তমান অবস্থায় ঐ রেজিস্টরের অনেক গুলিই প্রমাণস্বরূপ গ্রাহ্য নহে, ও কোন নিয়মিত প্রকারে সংগৃহীত না হওয়াতে প্রমাণ স্থলে গ্রাহ্য হওয়াও সম্ভব নহে। আবার উহাদের মধ্যে কতকগুলি রেজিস্টর সরকারী রেজিস্টর বলিয়া গ্রাহ্য হইবার উপযুক্ত হইলেও হইতে পারে। সুতরাং ইংলণ্ডে এইরূপ অবস্থায় যে প্রকার কার্য্য হইয়াছে (বিক্টোরিয়ার ৩ ও ৪ বৎসরের আইনের ৯২ অধ্যায় দেখ) তদনুযায়ী কার্য্য করত ঐ সঙ্গে রেজিস্টর মধ্যে যেগুলি গ্রাহ্য হইবার উপযুক্ত সেই গুলিকে সিদ্ধ ও উহাদের লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল প্রমাণস্থলে গ্রাহ্য হইবে এতৎপ্রকাশক কার্য্য পদ্ধতির বিধান করা পরামর্শসিদ্ধ বোধ হইয়াছে। ৫ অধ্যায়ে ইহাই করা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

১৯। ঐ অধ্যায়ে প্রথমেই ইহা প্রকাশ করা হইয়াছে (২৮ ধারা) যে, যে ব্যক্তির জিম্মায় তদ্রূপ কোন রিকার্ড থাকে তিনি উপস্থিত পাণ্ডুলিপি বলবৎ হইবার তারিখ অবধি একবৎসরের মধ্যে উহা যে প্রদেশের মধ্যে তিনি বাস করেন সেই প্রদেশের জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট কিম্বা ঐ ব্যক্তি কোন দেশীয় রাজ্যে বাস করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন প্রকাশ করিয়া যে রেজিষ্টর জেনরলের নির্দ্দেশ করেন তাঁহার নিকট পাঠাইয়া দিতে পারিবেন। পরে ঐ অধ্যায়ে (২৯ ধারা) বিধান হইয়াছে যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নানা রেজিষ্ট্রার জেনরলের নিকট তদ্রূপে যে সকল রেজিষ্টরী পাঠান গেল তাহা পরীক্ষা করিবার নিমিত্ত কমিশ্যনর নিযুক্ত করিতে পারিবেন এবং (৩০ ধারায়) ঐ কমিশ্যনরদিগের কর্ত্তব্যকার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে, যথা, তাঁহাদিগের নিকট অর্পিত প্রত্যেক রেজিষ্টরের অবস্থা ও প্রামাণিকতা ও উহা কাহার জিম্মায় ছিল তাঁহারা ইহা অনুসন্ধান করিবেন এবং যে সকল রেজিষ্টর কি রেজিষ্টরের অংশ শুদ্ধ ও বিশ্বাসযোগ্য দেখেন তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন ও ঐ নির্ঘণ্টপত্রের উল্লিখিত তদ্রূপ রেজিষ্টর কি রেজিষ্টরের অংশ যে বহী কি বালমের অন্তর্গত সেই প্রত্যেক বহী কি বালমের কোন অংশে এই সর্টিফিকেট দিবেন যে ঐ নির্ঘণ্টপত্রের উল্লিখিত সকল রেজিষ্টরের মধ্যে উহা এক খানি।

৩১ ধারায় এই অনুমতি দেওয়া হইয়াছে যে ফী দিলে তদ্রূপে যে সকল নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যায় তাহার অনুসন্ধান করা যাইবে এবং প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে বলিয়া ঐ রেজিষ্টরের লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল দিবার বিধান করা হইয়াছে।

২০। পরিশেষে, ৬ অধ্যায়ে (৩২ ও ৩৩ ধারা) এই আইনের উদ্দেশ্য সম্বন্ধীয় কএকটি বিষয়ে বিধি প্রণয়ন করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ক্ষমতা প্রদত্ত হইয়াছে এবং ঐরূপ বিধি প্রণয়ন ও প্রকাশ করিবার সাধারণ কার্য্যপদ্ধতি নির্দ্দিষ্ট হইয়াছে।

সি, পি, ইলবার্ট।
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৮৫ সাল ২ জানুয়ারি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ৩ ফেব্রুয়ারি।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ২৪ জানুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া এক মাসের পর তৎসম্বন্ধে রিপোর্ট করিবার আদেশ সহিত সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হইয়াছে।

১৮৭৯ সালের বঙ্গীয় ৩ আইন (অর্থাৎ কলিকাতা নগরে ও তাহার শাখানগরে ও হাবড়ায় বাষ্পীয় বাইলর ও তৎসংযুক্ত প্রাইম মুবর সকলের নিয়মিত কালানন্তর পরিদর্শন করণার্থ আইন) সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরে ও তাহার শাখানগরে ও হাবড়ায় বাষ্পীয় বাইলর ও তৎসংযুক্ত প্রাইম মুবর সকলের নিয়মিত কালানন্তর পরিদর্শন করণার্থ আইন সংশোধন করা বিহিত। এনিমিত্ত পশ্চাল্লিখিত বিধান করা যাইতেছে।—

আইনের অর্থকরণ ও আরম্ভ।

১ ধারা। এই আইন ১৮৭৯ সালের বঙ্গীয় ৩ আইনের সহিত পঠিত ও তাহার অংশ বলিয়া গৃহীত হইবে, এবং ইহা যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহিত কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি প্রবল হইবে।

অর্থকরণের কথা।

২ ধারা। ৩ ধারায় "বাইলর" শব্দের অর্থকরণে "এবং তাহা হইতে যে কোন বাষ্পীয় নল বহির্গত হয় তাহাও বুঝাইবে" এই কথাগুলি যোগ করিতে হইবে।

উক্ত ধারায় "বাইলর" শব্দের অর্থকরণের পর নিম্নলিখিত অর্থকরণটী সন্নিবেশ করিতে হইবে।—

"পরিদর্শক শব্দে এই আইনমতে পরিদর্শকের পদে নিযুক্ত ব্যক্তিকে বুঝাইবে।"

৪ ধারা সংশোধনের কথা।

৩ ধারা। ৪ ধারার (৬) প্রকরণের পর নিম্নলিখিত প্রকরণটী দিতে হইবে।—

"(৭) এই আইনমত ইঞ্জিনিয়রের কর্ম্ম করণার্থ ব্যক্তিদের পরীক্ষা করিবার ও পরীক্ষা করিয়া বা পরীক্ষা বিনা তাঁহাদিগকে সর্টিফিকেট দিবার এবং ঐরূপে প্রদত্ত সর্টিফিকেট রহিত করিবার বিধান করণের নিমিত্ত।"

উক্ত ধারার ১৯ পংক্তিতে "(৭)" এই অঙ্কের পরিবর্ত্তে "(৮)" এই অঙ্ক দিতে হইবে।

৭ ধারা সংশোধনের কথা।

৪ ধারা। ৭ ধারার ১০ পংক্তিতে "তফসীলের" এই কথার পূর্ব্বে "প্রথম" এই শব্দটি দিতে হইবে।

৫ ধারা। ৭ ধারার পর নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।—

সর্টিফিকেটপ্রাপ্ত ইঞ্জিনিয়রের রিপোর্টক্রমে প্রাইম মুবরের লাইসেন্স দিবার কথা।

"৭ক ধারা। ৫ ধারামতে প্রাইম মুবর সম্বন্ধে সম্বাদ দিবার সময়ে যদি উক্ত প্রাইম মুবরের স্বামী এতৎসংযুক্ত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা তদ্রূপ মর্ম্মের পাঠে ঐ প্রাইম মুবর সম্বন্ধে পরিদর্শকের নিকট রিপোর্ট দেন; এবং রিপোর্ট করণকালে যে ইঞ্জিনিয়র উক্ত প্রাইম মুবরের ভারপ্রাপ্ত থাকেন তিনি ৪ ধারার (৭) প্রকরণমতে প্রণীত বিধি অনুসারে ইঞ্জিনিয়রের সর্টিফিকেট পাইয়া থাকিলে যদি ঐ রিপোর্ট তাঁহার স্বাক্ষরিত হয়; আর স্থানীয় গবর্ণমেণ্ট যে ফী দিবার আদেশ করেন, যদি স্বামী সেই ফী পরিদর্শককে দেন, তবে ইতিপূর্ব্বে এই আইনে প্রকারান্তরের কথা থাকিলেও পরিদর্শক প্রাইম মুবর পরীক্ষা না করিয়া ঐ রিপোর্টের পৃষ্ঠে এতৎসংযুক্ত তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা তদ্রূপ মর্ম্মের পাঠে লাইসেন্স লিখিয়া দিবেন।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

A Bill to amend Bengal Act III of 1879 (an Act to provide for the periodical inspection of Steam Boilers and Prime Movers attached thereto in the Town and Suburbs of Calcutta, and in Howrah).

৬ ধারা। সর্টিফিকেটের পাঠ যে তফসীলে আছে তাহা এই আইনের প্রথম তফসীল হইবে; এবং উক্ত তফসীলের পর নিম্নলিখিত তফসীলদ্বয় যোগ করিতে হইবে।—

দ্বিতীয় তফসীল।

(৭ক ধারা দেখ।)

ইঞ্জিনিয়রের রিপোর্ট।

১	২	৩	৪	৫	৬	৭
স্বামীর নাম।	প্রাইম মুবরের বর্ণনা।	অশ্ব বল।	নির্মিত হইবার সময় ও স্থান।	শেষ মেরামতের সময় ও স্থান।	ভারপ্রাপ্ত ইঞ্জিনিয়রের সর্টিফিকেটের নম্বর ও তারিখ।	মন্তব্য।

১৮৭৯ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারার (৭) প্রকরণমতে সর্টিফিকেটপ্রাপ্ত ইঞ্জিনিয়র নিম্নস্বাক্ষরকারী আমি এই সর্টিফিকেট দিতেছি, উপরোক্ত প্রাইম মুবর পরীক্ষা করিয়া দেখিয়াছি, এবং আমার যথাসাধ্য বিবেচনায় উহার অবস্থা ভাল; ও তাহা এরূপ অসারত নহে যে তাহাতে বিপদ ঘটিতে পারে, এবং তজ্জন্য নির্ব্বিঘ্নে এত কালের নিমিত্ত লাইসেন্স দেওয়া যাইতে পারে।

শ্রী

ভারপ্রাপ্ত ইঞ্জিনিয়র।

তৃতীয় তফসীল।

(৭ক ধারা দেখ।)

ইঞ্জিনিয়রের রিপোর্টের পৃষ্ঠে যে লাইসেন্স লিখিয়া দিতে হইবে তাহার পাঠ।

এই রিপোর্টে যে প্রাইম মুবরের উল্লেখ আছে, তাহা ১৮ সালের তারিখ অবধি তারিখ পর্য্যন্ত ব্যবহার করিবার অনুমতি নিম্নস্বাক্ষরকারী আমি এতদ্দ্বারা দিলাম।

শ্রী

পরিদর্শক।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১৮৭৯ সালের বঙ্গীয় ৩ আইনের শব্দবিন্যাস অনুসারে এইরূপ আদেশ উক্ত আইনমতে নিযুক্ত পরিদর্শকের প্রতি আছে যে, উক্ত আইন যে সকল বাইলর ও প্রাইম মুবরের প্রতি বর্ত্তে তাহা ব্যবহার করিবার ক্ষমতাদান-সূচক সর্টিফিকেট দিবার বা নূতন করিয়া দিবার পূর্ব্বে তিনি ঐ সকল বাইলর ও প্রাইম মুবর সাবধানে ও পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করিয়া দেখিবেন। কিন্তু দেখা যাইতেছে যে, কার্য্যতঃ আইনের বিধান প্রাইম মুবর সম্বন্ধে প্রবল করা হয় নাই। ইহা গবর্ণমেণ্টের নিকট জানান হইয়াছে যে, আইনে প্রাইম মুবরের যেরূপ নিয়মিত কালানন্তর পরীক্ষা করিবার কল্পনা আছে, তাহাতে কার্য্যের গুরুতর বাধা হইত; এঞ্জিনগুলি সচরাচর উপযুক্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকে ও তাঁহারা এঞ্জিনের সূক্ষ্মানুসূক্ষ্ম বিষয় ও তাহার কার্য্য চালান সুন্দররূপে জানেন; এবং কর্ম্মকারকদের ও সাধারণের নির্ব্বিঘ্নতা সাধনার্থ সাবধানে বাইলর পরিদর্শন করা আবশ্যক হইলেও প্রাইম মুবর সম্বন্ধে আশঙ্কা অতি অল্পই আছে, আর ঐ আশঙ্কা যেপ্রকারের তাহাতে পরিদর্শকের দ্বারা নিয়মিত কালানন্তর পরীক্ষা হইলে উহা নিবারিত হইবার সম্ভাবনা নাই। এই সকল কারণে এইরূপ প্রস্তাব করা হয় যে, প্রাইম মুবরের সমুদয় উল্লেখ আইন হইতে উঠাইয়া ফেলা উচিত।

কিন্তু ভারতবর্ষের অন্যান্য প্রদেশে যে ব্যবস্থা প্রচলিত আছে তৎপ্রতি লক্ষ করিলে দেখা যায় যে, বোম্বাইয়ে ১৮৭৩ সালের বোম্বাইর ৫ আইনমতে ও ব্রিটিষ ব্রহ্মদেশে ১৮৮২ সালের ১৮ আইনমতে নিয়মিত কালানন্তর প্রাইম মুবর পরিদর্শন করিবার আদেশ আছে। প্রাইম মুবর কার্য্যোপযোগী অবস্থায় আছে কি না ইহা নির্ণয় করণার্থ গবর্ণমেণ্টের সমুদয় ক্ষমতা পরিত্যাগ করা পরামর্শসিদ্ধ বোধ হয় না; এবং বর্ত্তমান আইন ঠিক ঠিক খাটাইলে প্রাইম মুবরের স্বামীদের যে অসুবিধা ঘটিতে পারে তাহা যাহাতে নিবারিত হয় এরূপ নিয়মে বোধ হয় এই ক্ষমতা রাখা সম্ভব দৃষ্ট হইবে।

এই অভিপ্রায়ে বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। ইহাতে ১৮৭৯ সালের বঙ্গীয় ৩ আইনের কোন অংশ রহিত করা হয় নাই; কিন্তু ১৮৮২ সালের ১৮ আইনের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালী হইতে গ্রহণ করিয়া একটি ধারা যোগ করা হইয়াছে। এই ধারায় এইরূপ বিধান আছে যে কোন প্রাইম মুবর কোন সার্টিফিকেটপ্রাপ্ত ইঞ্জিনিয়রের অধ্যক্ষতাধীনে থাকিলে উক্ত প্রাইম মুবরের অবস্থা সম্বন্ধীয় ঐ ইঞ্জিনিয়রের রিপোর্ট পরিদর্শক প্রচুর বলিয়া গ্রহণ করিবেন এবং তদনুসারে লাইসেন্স দেওয়া বা নূতন করিয়া দেওয়া যাইবে। আরো পাণ্ডুলিপিতে গবর্ণমেণ্টকে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, গবর্ণমেণ্ট ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবার উপযুক্ত ব্যক্তিদিগকে পরীক্ষা করিয়া বা পরীক্ষা বিনা সর্টিফিকেট দিবার বিধি প্রণয়ন করিতে পারিবেন; এবং বাইলর কমিশ্যনরদের পরামর্শ অনুসারে "বাইলর" শব্দের অর্থকরণ এরূপে পরিবর্ত্তন করা গিয়াছে যে ঐ শব্দে বাইলরসংযুক্ত বাষ্পীয় নলও বুঝাইবে।

এচ, জে, রেনলডস্।

১৮৮৫ সাল ১৬ জানুয়ারি।

সি, এচ, রাইলী,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L, *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 3, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ৩ ফেব্রুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৮৫ সালের জানুয়ারি মাসের ১৫ তারিখের পূর্ব্ব দুই সপ্তাহ

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর	জিলা।	গম। এই সপ্তাহের হিসাব	গম। ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গম। গত বৎসরের এই সপ্তাহের হিসাব	যব। এই সপ্তাহের হিসাব	যব। ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	যব। গত বৎসরের এই সপ্তাহের হিসাব	ভাল চাউল। এই সপ্তাহের হিসাব	ভাল চাউল। ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	ভাল চাউল। গত বৎসরের এই সপ্তাহের হিসাব	সাধারণ চাউল। এই সপ্তাহের হিসাব	সাধারণ চাউল। ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	সাধারণ চাউল। গত বৎসরের এই সপ্তাহের হিসাব	কমু ও বাজরা। এই সপ্তাহের হিসাব	কমু ও বাজরা। ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	কমু ও বাজরা। গত বৎসরের এই সপ্তাহের হিসাব	চোনক ও জোয়ার। এই সপ্তাহের হিসাব	চোনক ও জোয়ার। ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	চোনক ও জোয়ার। গত বৎসরের এই সপ্তাহের হিসাব
	বঙ্গদেশ। পশ্চিমদিকস্থ জিলা।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বর্দ্ধমান ...	।৬	।৬	।৫।।	।।০	৸২	।৫	।৪।৵	।১।।	।৪	৭৵	।৬৸৵	।৭	.	...	...	...	...	...
২	বাঁকুড়া ...	।৫।।	।৫।।	।৫	।৬।	।৬	।৬	।৫	।৫	।৫।।	।৭	।৭	।৮৸	...	...	...	...	...	...
৩	বীরভূম ...	।৬	।৬	।৫	...	..	...	।৩।	।৩	।৫	।৭।	।৭।	।৭।	...	...	...	...	...	...
৪	মেদিনীপুর...	।৪	।৪	।২	।।০	।।০	।৫	।৪	।৪	।৪	।।০	।।০	।৵	...	...	...	...	...	..
৫	হুগলী ...	।৬	।৭	।৪	...	...	...	।০	/৯	/৮	।৪	।৪	।১	..	...		...	...	.
	হাবড়া ..	।৫।।	।৫।।	।১।	...	...	...	।১	।১	।১।	।০।।	।৪।	।১।	...	...	...	..	...	...
	মধ্যস্থলের জিলা।																		
	কলিকাতা ...	।৬।	।।।	।২।।	।৮।।	।৮।।	।৯।।	/৮।	/৮।	/৭	।১।৵	।১।৵	।১	।৮	।৮	।৬	।১।।	।১।।	।।০
৬	২৪ পরগণা...	।৬	।৬	।৩।/	।৮৸	।৮৸	।৬	/৮	/০	/৮	।৭৸	।৬	।৬	...	...	...	...	...	...
৭	নদীয়া ..	।৭	।৭।	।৬৸	৸৫।।	।।১/৲	।।৪।।	।২৸/	।২৸/	।৩০ /৲	।৩৸০	।৩৸০	।৫।	...	...	...	...		...
৮	খুলনা ...	...	...	...	...	...	...	।৬	।৬	।৪	।৮	৮	।৬	...	...	...	...	...	..
৯	যশোহর ...	।৪	।৩।	।৪।।	...	...	...	।৩	।১।।	।২	।৭	।৬	।৬	...	...	...	...	...	..
১০	মুরশিদাবাদ .	।৭	।৭	।৬	...	...	...	।১	।১	।৪	।৬	।৬	।৬	..		...	...	.	..
১১	দিনাজপুর ...	।৭	।৭	।৬	।৬	।৬	।৪।।	।৫	।৪।০	।১।	।৭০	।৵	।৬	..	...		...	...	...
১২	রাজশাহী ...	।৪।-।৭।	।৪।-।৮	।৬-৭।	।।১	।৯।।৵	।।৪	।৩।।	।৩।।	।০৸৵	[illegible]	[illegible]	।৩৵	...	.	..	...	...	...
১৩	রঙ্গপুর ...	।১৸৵	।১৸৵	।০	...	...	...	/৮	/৮	।০	।০	৯।।	।৩।/	...	...	.	..	...	...
১৪	বগুড়া ...	।২	।৩।।	।৫৸	...	...	..	।০।।	।০।	/৯৸	।৭।	।৭।	।১।।	...	.	...	...	..	...
১৫	পাবনা ..	।৯৵	।৮৸	।৮	...	...	..	/৮।	/৮।	/৮।৵	।৪।	।৫	।৪	...	...	...	...	...	...
১৬	দার্জিলিঙ্গ ...	।০	।০	/৮	/৯	/৯	/৭	/৫	/৫	/৬	।২	।২	।১	...	..	...	.	...	...
১৭	জলপাইগুড়ি...	।১	।৫	।০	।।০	।১	।।০	।১	।৪	।১	।৬	।৮	।৬	...	...	.	...	...	...

ক। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—কালনায় ও কাঁটওয়ায় ।৪ সের এবং রাণীগঞ্জে ।৩।। সের।

খ। মফঃসলে লবণের খুজরা দর টাকায় এই২।—উন্দায় ।৬ সের ইন্দাসে ।২ সের এবং বিষ্ণুপুরে ।৩ সের।

গ। মফঃসলে লবণের খুজরা দর টাকায় ।১।। সের অবধি ।৩।। সের পর্য্যন্ত।

ঘ। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—ঘাটালে ।৪।। সের ও কাঁতিতে ।২।। সের।

ঙ। ঐ ঐ।—শ্রীরামপুরে ।৩ সের এবং জাহানাবাদে ।৩।। সের।

চ। ঐ ঐ।—বারাসত ও বশীরহাটে ।৩ সের, বারাকপুরে ।২৸ সের এবং দমদমায় ।২ সের।

ছ। ঐ ঐ।—কুষ্টিয়ায় ।৩ সের, মেহেরপুরে ।২ সের চুঁয়াডাঙ্গায় ।২৸ সের এবং রাণাঘাটে ।১ সের।

অবধি তণ্ডুলাদি খাদ্যদ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ খুজরা বিক্রয়ের বাজার দর।

লবণ			৪০ সেরের মণের থোকে বিক্রয়ের দর। লবণ।			মাসিক গড় মজুরি। হলবাহ কৃষাণ ও মজুর।			সহিস।			রাজমিস্ত্রী ও ছুতার বা কামার।			জিলা।
এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	
															বঙ্গদেশ। পশ্চিমদিকস্থ জিলা।
সের	সের	সের	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	
ক ৷৩৷৴	৷৩৷৴	৷৩৷৶	৩৲	৩৲	২৸৶	৭৲	৯৶০	৯৸৶০	৬৲	৬৷০	৬৷০	১০-১৫৲	৮-১৫৲	১০-১৫৲	বর্দ্ধমান।
খ ৷৩	৷৩	৷২৷৶	৩৲	৩৲	৩৶৬	৬-১০৲	৬-৯৲	৮-১০৲	৪৷-৭৷০	৪৷-৬৷০	৪৷-৭৷০	৭৷-১৫৲	৭৷-১২৲	৭৷-১৫৲	বাঁকুড়া।
গ ৷২	৷২	৷২৸	৩৶৬	৩৶৬	৩৶৬	৮৲	৪৲	৪৲	৫৲	৫৲	৫৲	৮-১০	৯৲	৯৲	বীরভূম।
ঘ ৷২৸	৷২৸	৷২৸	৩৲	৩৲	...	৫৷৶০	৫৷৶	৬৲	৬৲	৬৲	৫৷০	৭৷-১১	৭৷-১১	৭৷-১৫৲	মেদিনীপুর।
ঙ ৷৩৴	৩৷৴	৷৩৷৴	২৸৶০	২৸৶০	২৸৶০	৭৷০	৬-৮৲	৮৲	৬৲	৬-৭৲	৭৲	১০-২০৲	১০-৩০৲	১০-২০৲	হুগলী।
৷৪	৷৩	৷৩	৩৲	৩৲	৩৲	৭৷০	৭৷০	৭৷০	৬৷০	৬৷০	৬৷০	১৪৲	১৪৲	১৪৲	হাবড়া।
															মধ্যাঞ্চলের জিলা।
৷৩	৩৷	৷১	২৸০	২৸০	২৸০	১২৲	১২৲	১৫৲	৭৲	৭৲	৭৲	১২৲	১২৲	১২৲	কলিকাতা।
চ ৷২৸	৷২৸৴	৷২৸৴	৩৲	৩৲	৩৲	১০৲	১০৲	১০৲	৬৲	৬৲	৬৲	১৫-২০৲	১৫-২০৲	১৫-২০৲	২৪-পরগনা।
ছ ৷২-	৷২-	৷২-	৩৶০	৩৶০	৩৲	৬৲	৬৲	৬৲	৬৲	৬৲	৬৲	৭৷-১৫৲	৭-১৫৲	৭৷-১৫৲	নদীয়া।
৷৶¼ জ ৷২	॥৶¼ ৷২	॥৹¼ ৷০৷	৩৸০	৩৶০	৩৲০	৯-১২৲	৯-১২৲	৯-১১৲	২-৮৲	৬-৮৲	৬-৮৲	১০-১৬৲	১০-১৫৲	১০-১৬৲	খুলনা।
ঝ ৷১৷	৷২৸	৷০৮	৩৶০	৩৹০	৩৹০	৭৷০	৭৷০	৭৷০	৬৲	৬৲	৬৲	১৫৲	১৫৲	১৫৲	যশোহর।
ঞ ৷২	৷২	৷০৷৶	৩/৩	৩/৩	৩৶০	৫৲	৫৲	৫৲	৫৲	৫৲	৫৲	৭৷০	৭৷০	৭৷০	মুরশিদাবাদ।
ট ৷২৷	৷২৷	৷২	২৶০	২৶০	৩৷০	৬-৭৷০	৭৷০	৬-৭৷০	৬-৮৲	৭৲	৬-৮৲	৮-১৫৲	১৫৲	৮-২০৲	দিনাজপুর।
ঠ ৷২৸	৷২৸	৷২	৩৲	৩৲	৩৶৬	৪-৫৲	৪-৭৲	৪-৫৲	৫-৭৲	৫-৬৲	৫-৬৲	১০-১৪৲	১০-১৮৲	১০-১৪৲	রাজশাহী।
ড ৷০	৷০	৷১৮৶	৪৲	৪৲	৩৷/০	৭৷০	৭৷০	৭৷০	৬-৭৲	৬-৭৲	৬-৭৲	১২-১৫৲	১২-১৮৲	১২-১৫৲	রঙ্গপুর।
৷২	৷২	৷২	৩৷/৪	৩/৪	৩৶৮	৫-৬৲	৫-৬৲	৫-৬৲	৬৲	৬৲	৫-৭৲	১০-১৫৲	১০-১৫৲	১০-১৫৲	বগুড়া।
ঢ ৷২৷০	৷২৷	৷২৷৶	৩/০	৩/০	৩৶৬	৬-৭৷	৫-৬৲	৭৷০	৪-৮৲	৫-৭৷০	৫-৬৲	১৫-২২৲	১০-২০৲	১০-২০৲	পাবনা।
ণ ৴৮	৴৮	৴৮	৪৷০	৪৷০	৪৷০	৭৲	৭৲	৭৲	৭-৯৲	৭-৯৲	৭-৯৲	১৫-২৫৲	১৫-২০৲	১৫-২৫৲	দার্জিলিঙ্গ।
ত ৷২৷	৷২৷	৷২৷	৩৷০	৩৷০	৩৷০	৭৷০	৭৲	৭৷০	৮৲	৭৲	৮৲	২০-৩০৲	১৫-২০৲	২৫-৩০৲	জলপাইগুড়ি।

জ। সাতক্ষীরা ও বাগিরহাট মহকুমায় লবণের খুজরা দ' টাকায় ৷১ সের।

ঝ। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এইং।—মাগুরায় ৷০৸ সের, নড়াইলে ৷২ সের, ও বনগাঁয়ে ৷৩ সের।

ঞ। ঐ ঐ ।—লালবাগে ৷১ সের, জঙ্গীপুরে ৷২৸ সের ও কান্দিতে ৷২ সের।

ট। রাইগঞ্জে লবণের খুজরা দর টাকায় ৷০৷ সের ও নিতপুরে ৷০ সের।

ঠ। নাটোর ও নোগাঁ মহকুমায় লবণের খুজরা দর টাকায় ৷২ সের।

ড। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এইং।—গাইবান্ধায় ৷৩ সের ও নিলফামারিতে ৷২ সের।

ঢ। শেরাজগঞ্জে লবণের খুজরা দর টাকায় ৷৩ সের।

ণ। কর্সিয়ঙ্গে লবণের খুজরা দর টাকায় ৴৮ সের ও শিলিগুড়িতে ৷১ সের।

ত। আলিপুর মহকুমার অন্তর্গত ফালাকোটায় লবণের খুজরা দর টাকায় ৷০ সের।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ৩ ফেব্রুয়ারি।]

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর	জিলা।	গম।			যব।			ভাল চাউল			মাঝারি চাউল			বজু ও বাজরা।			চোলম ও জোয়ার।		
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ
	পূর্ব্বদিকস্থ জিলা।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১৮	ঢাকা ...	।৩	।৩	।৫	॥৮	॥৬	।৬৸	।৬	।৬	।২॥	।৮	।৮	।৫	..	...	...	...	...	...
১৯	ফরীদপুর ..	।৬	॥০	।২	৸৪	৸৪	৸০	।৪	।১	।৪	।৬	।২	।৫	...	...	...	...	...	...
২০	বাখরগঞ্জ ..	...	..	...	...	...	...	।৩।	।৩।	।১	৮	।৮	।৬	..	...	...	...	...	...
২১	ময়মনসিংহ	।৩	।৩	।৩॥	...	...	..	।১	।০	।০	।৭	।২।	।৬	...	...	...	...	.	...
২২	চট্টগ্রাম	।৫	।৫	।১	.	..	..	।৪	।৪	।২	।৭	।৭	।৭	...	...	...	...	...	...
২৩	নওয়াখালী	...	..	...	.	...	...	।৫	।৫	।৬	।৬	।৬	।৮	...	...	...	...	...	...
২৪	ত্রিপুরা	।২।	।২।	।৩।৴	...	...	...	।৬৸৴	।৪	।৫	।৮।	॥০	।৭৸	...	...	...	...	...	...
২৫	চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ	...	...	...	...	...	...	।২।	।১।৶	।৪	।৩।৴	।২।	।৬	...	...	...	...	...	...
	ত্রিপুরা পর্ব্বত	।২	।২	।০	..	...	...	৪	।১	।৪	।৮	।৮	।৯	...	.	.	...	...	...
	বেহার।																		
২৬	পাটনা .	।২	॥২	॥০	৸২	৸২	॥১॥	।০॥	।০॥	।০	॥১	॥১	।৩	..	...	...	...	...	...
২৭	গয়া ..	৮॥	।৮৸	।৫॥	॥৩	॥২	॥১	৴৯॥	৴৮৸	।০	।৪	।৪	।৩।	...	...	...	...	...	...
২৮	সাহাবাদ ...	॥০-॥২	।৯-॥০	।৬-।৭	॥৫	॥৩	॥২	৴৯	৴৯	৴৯	।৪	।৩-।৪	২৻৩	...	...	...	॥৫	...	॥১
২৯	দারভঙ্গা ...	।৯।	।৯৸৶	।৩	...	॥৭॥	।৮	।১	নূতন ।৪॥	৴৯	।৪৸৶	।৬॥	।৩	...	...	...	...	...	...
৩০	মজফ্ফরপুর	॥০	॥০	।৬	॥৪	॥১	॥৫	।৩	।৪	৴৯	।৬	।৬	।২	...	...	...	..	...	...
৩১	সারণ ...	।৯॥	।৯।	।৭॥	॥৩	॥৩	॥৪	৴৮	৴৮।	৴৯	।৮	।৮॥	।১	...	...	...	৸১	৸২	॥৩
৩২	চম্পারণ ...	।৭	।৬	।৭	॥৩	॥০	...	।২	।৪	।০	।৮	।৭	।৫॥	...	...	...	...	...	...
৩৩	মুঙ্গের ...	॥৩৴	॥৩৴	।৭৸৴	॥১	॥১	॥১	।১॥৴	।০॥	।২॥৴	।৫।	।৪॥৶	।৩।৶	...	...	...	...	...	...
৩৪	ভাগলপুর ...	॥০৸৴	॥১৶	।৬।৶	।৭॥৶	॥০৶	॥২॥৶	।২॥৶	।১	।২॥৶	।৪॥	।৩।৶	।৪॥	..	...	..	...	...	...

থ। মহকুমায় লবণের খুচরা দর টাকায় এই২।—মাণিকগঞ্জে ২ সের ও নারায়ণগঞ্জে ।৪ সের।
দ। ঐ ঐ ।—গোয়ালন্দে ।২ সের ও মাদারীপুরে ।২ সের এবং গোপালগঞ্জে ।২৸ সের।
ধ। ঐ ঐ ।—পটুয়াখালিতে ।৩।৶ সের, পিরোজপুরে ।১ সের এবং ভোলায় ।৩॥ সের।
ন। ঐ ঐ ।—কিশোরগঞ্জে ৩ ।৶০ সের, আটিয়ায় ।২ সের, জামালপুরে ।১। সের এবং নেত্রকোণায় ।২।৴০ সের।
প। কক্সবাজারে লবণের খুচরা দর টাকায় ।৩ সের।
ফ। মফঃসলে লবণের খুচরা দর টাকায় ৴৯ সের অবধি ।২। সের পর্য্যন্ত।

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল			সামান্য চাউল			বজু ও বাজরা।			চোলম ও জোয়ার।		
		এই সপ্তাহের রিটেল	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটেল	গত বৎসরের এই সপ্তাহের রিটেল	এই সপ্তাহের রিটেল	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটেল	গত বৎসরের এই সপ্তাহের রিটেল	এই সপ্তাহের রিটেল	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটেল	গত বৎসরের এই সপ্তাহের রিটেল	এই সপ্তাহের রিটেল	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটেল	গত বৎসরের এই সপ্তাহের রিটেল	এই সপ্তাহের রিটেল	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটেল	গত বৎসরের এই সপ্তাহের রিটেল	এই সপ্তাহের রিটেল	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটেল	গত বৎসরের এই সপ্তাহের রিটেল
	বেহার।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
৩৫	পুরণিয়া ...	।৮	।৮	।৫	...	...	...	।৫	।৫	।৫	।৬	।৬	।৬	...	...	...	...	...	...
৩৬	মালদহ ...	।।০	।।	।।০	...	...	...	।২	।২	।৪	।৫	।৫	।৬	...	...	...	...	...	...
৩৭	সাঁওতাল পরগনা।	।৬	।৬	।৬	...	...	...	।১	।২	।৪	।৫	।১	।৭	...	...	...	...	...	...
	উড়িষ্যা।																		
৩৮	কটক ..	।।২।/	।।২।	।৪।৶	..	..	...	।৩৶	।৩৶	।৩৶	*৯।।৶	।৮।৶	।৮।৶	...	...	...	...	...	...
৩৯	পুরী ...	।৭/	৭	।০	...	...	...	।৫৬	।৩৶	।৪।৶	।১	।৯৶	।।৩।।৶	...	.	...	...	...	...
৪০	বালেশ্বর ...	৫।।	।৫।।	।৪	।১	।১	...	।৩	।৩	।৬	।।৪	।।৪	।১।।	...	...	...	...	...	..
	ছোটনাগপুর। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এজেন্টী।																		
৪১	হাজারীবাগ ..	।৫	।৬।।	।৫	।৫	।৫	...	।১।।	।১	/৯	।৮	।৯	।৫।।	...	...	...	...	...	...
৪২	লোহারডগা ..	।৪	।৪	।৪	...	...	।৫	।৬	।৬	।৪	।।১	।।১	।৮	...	...	...	...	...	...
৪৩	সিংহভূম ...	।।০	।।০	।১	।।০	।।০	।।৪	।।০	।।০	।।৪	।।৪	।।৪	।।৮	...	...	...	...	...	...
৪৪	মানভূম ...	।৬	।৪	।৪	...	...	...	।৫	।৬	।৬	।।১।।	।।৩	।।১	...	...	...	...	...	...

* মফঃসলে সামান্য চাউলের খুজরা দর টাকায় ।।৩।।৶ সের অবধি ।।৮৶৶ সের পর্য্যন্ত।
যং। অররিয়া মহকুমার অন্তর্গত কৃষ্ণগঞ্জে লবণের খুজরা দর টাকায় ।০ সের।
যঙ। রাজমহাল মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।২।। সের।

কলিকাতা,
১৮৮৫ সাল ২৭ জানুয়ারি।

[*Government Gazette*, 3rd *February* 1885.]

			৪০ সেরের মণের থোকে বিক্রয়ের দর।			মাসিক গড় মজুরি।									
লবণ।			লবণ।			বলবান্ কৃষাণ ও মজুর।			সহিস।			রাজমিস্ত্রী ও ছুতার বা কামার।			জিলা।
এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব	গত বৎসরের এই সপ্তাহের হিসাব	এই সপ্তাহের হিসাব।	ইহার পূর্ব্ব সপ্তাহের হিসাব।	গত বৎসরের এই সপ্তাহের হিসাব।	
															বেহার।
সের	সের	সের	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাক	টাকা	টাকা	
(য৫) ।০	।০	।০	৩৷৶০	৩৷৶০	৩৷৶৩	৩৴৬	৫৲	৪৷৶–৫৷৶	৪–৫৲	৪-৫৲	৪-৫৲	৭-১৬৲	৭-১৬৲	৭-১৬৲	পুরণিয়া।
।২	।২	।১	৩।০	৩।০	৩৶৬	৭।০	৭।০	৭।০	৫৲	৫৲	৫৲	৬।-১৫৲	৬।-১৫৲	৭।-১৩৲	মালদহ।
(য৬) ।২	।২	।২	৩৶	৩৶	৩।০	৫৲	৩৸০	৩৸০	৫৲	৫৲	৫৲	৪-১১৲	৪-৫৲	৭।-৯৷৶	সাঁওতাল পরগণা।
															উড়িষ্যা।
।৪	।৪	।৪	২৸০	২৸০	২৸০	৫৷৶০	৫৷৶০	৫৷৶০	৪৲	৪৲	৪৲	৭।-১০৲	৭।-১০৲	৭।-১০৲	কটক।
(য৭) ।৬	।৬	।৩৶	২।৶	২।৶০	২৸০	৬৲	৭।০	৭৲	৫৲	৫৲	৫৲	৮-১০৲	৮-১০৲	৮-১০৲	পুরী।
(য৮) ।০৸	।০৸	৴৯	৩৷৶০	৩৷৶০	৩৸৶০	৪৷৶০-৫৷৶০	৫৷৶০	৫৷৶০	৪-৬৲	৬৲	৬৲	৭।-৯৲	৭।-৯৲	৭।-৯৲	বালেশ্বর।
															ছোট নাগপুর। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এজেন্টী।
(য৯) ।০।	।০	।০	৩।৴৬	৩।৴৬	৩।৴৭	৪৲	৫৲	৪।০	৫৲	৬৲	৫৲	৮৲	৮৲	৮৲	হাজারীবাগ।
।১	।১	।১	৩।৶০	৩।৶০	৩।৶০	২-৪।০	৪।০	৩-৪।০	৩।-৫৲	৩।-৫৲	৬-১২৲	৭।-১২।	৬-১২৲	...	লোহারডগা।
৴৯	৴৯	৴৮	৩।৶০	৩।৶	৪৲	৩৲	৫৲	৩৲	৪।০	৪।০	৪।০	৫-১২৲	৫-১২৲	৫-১২৲	সিংহভূম।
(য১০) ।১।৶	।৭।।	।০	৩৶	৩৶০	৩।৴০	৪।৶	৪।৶০	৪।৶০	৪৲	৪৲	৪৲	১০৲	১০৲	১০৲	মানভূম।

য ৭। খুরদহ মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।৪ সের।
য ৮। ভদ্রক মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।০ সের।
য ৯। খড়কদিহায় লবণের খুজরা দর টাকায় ।২ সের ও ছত্রায় ।১ সের।
য১০। রঘুনাথপুরে লবণের খুদরা দর টাকায় ।২ সের এবং বড়বাজারে ।১ সের।

সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের নিম্নলিখিত সকল গঞ্জে ১৮৮৫ সালের জানুয়ারি মাসের ১৫ তারিখের পূর্ব্ব

৪০ সেরের

নম্বর।	বন্দর।	গম।			যব।			ভাল চাউল।			মাঝারি চাউল।			কলাই ও বাজরা।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
১	কলিকাতা ...	২।	২।৴০	২৸৵০	২৲	২৲	২৲	৪৸০	৪৸০	৫॥০	৩॥০	৩॥০	৩৲	২।০	২॥০	১৸৴
২	শেরাজগঞ্জ ...	৩৲	২।৶০	২।৵০	..	...	...	৩॥৵০	৪৸০	৩।৵	২॥৵	২।৶০	২।৵০	...	...	...
৩	ঢাকা ...	২৸০	২৸০	২॥০	১।০	১॥০	২।০	২।৵০	২।৵	৩৲	২৶০	২৶০	২।০	...	...	...
৪	নারায়ণগঞ্জ ...	...	...	...	...	...	...	২৸০	২৸০	২।০	২॥০	২॥০	২৵০	...	...	...
৫	চট্টগ্রাম ...	২॥০	২॥০	৩॥০	...	...	...	২৸০	২৸০	২৸৵০	২৶০	২৶০	২।০	...	...	.
৬	পাটনা ...	১॥৶০	১॥৶০	১৸৵৬	১৶০	১৶০	১॥৬	৩।৴০	৩।৴০	৩।০	১৸৴	১৸৴০	২॥০	...	...	...
৭	বালেশ্বর ..	২॥০	২॥০	২॥০	১৵০	১৵০	...	৩৲	৩৲	২।৵০	১॥৵০	১॥৵০	১৸৴০	...	...	...
৮	পুরী ...	.	...		...	..	...	...	..	...	১৸০	২৲	১।৶০	...	..	...
No. 32.—*Furlough.*—Mr. E. J. Martin, Superintending Engineer, Class I, on special duty, is granted furlough for 20 months, under section 50 of the Civil Leave Code, with effect from the 31st January 1885, or such subsequent date as he may avail himself of it, together with the necessary subsidiary leave.

The 2nd February 1885.

No. 33.—*Leave.*—Mr. T. E. Owen, Divisional Superintendent of Works, Bhagulpore, is granted three months' privilege leave, under section 74 of the Civil Leave Code, with effect from the 25th January 1885.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

কটক জিলার অন্তর্গত যাজপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার রায় অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইলেন।

১৮৮৫ সাল ২৯ জানুয়ারি।—হাজারীবাগের মুনসেফ শ্রীযুক্ত মৌলবী সৈয়দ ফকীরুদ্দীন হুসেন ১৮৮৫ সালের ৫ ফেব্রুয়ারি অবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩২ ধারামতে দুই মাসের নিয়মিত ছুটী পাইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ৩০ জানুয়ারি।

৩২ নম্বর।—নিয়মিত ছুটী।—বিশেষ কার্য্যে নিযুক্ত প্রথম শ্রেণীর সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুক্ত ই, জে, মার্টিন সাহেব ১৮৮৫ সালের ৩১ জানুয়ারি অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ৫০ ধারামতে বিশ মাসের নিয়মিত ছুটী পাইলেন, তদ্ভিন্ন প্রয়োজনীয় আনুষঙ্গিক ছুটীও পাইলেন।

১৮৮৫ সাল ২ ফেব্রুয়ারি।

৩৩ নম্বর।—ছুটী।—ভাগলপুরের ওয়ার্কের ডিবিশ্যনল সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত টি, ই, ওয়েন সাহেব সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ৭৪ ধারামতে ১৮৮৫ সালের ২৫ জানুয়ারি অবধি তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ১৬ জানুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়ন করণার্থ ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।—

১৮৮৫ সালের ১ নম্বর।

জন্ম, মৃত্যু ও বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৮৫ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

The Births, Deaths, and Marriages Registration Bill, 1885.

কোনং স্থলে জন্ম মৃত্যু ইচ্ছামত রেজিষ্টরী করিবার ও কোনং স্থলে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্টর রাখিবার সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন করিবার ও অন্য কোনং কার্য্য সাধন করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

কোনং শ্রেণীর ব্যক্তিদের মধ্যে জন্ম ও মৃত্যু ইচ্ছামত রেজিস্টরী করিবার, ও উক্ত জন্ম ও মৃত্যু ও ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমতে যে সকল বিবাহ রেজিষ্টরী করা যায় তাহা অধিকতর কার্য করভাবে রেজিষ্টরী করিবার, এবং ঐ জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্টর রাখিবার সাধারণ রেজিস্টরী আফিস স্থাপন করিবার বিধান করা বিহিত;

আর যে দেশে রেজিষ্টর রাখা হয়, সেই দেশের আইনে যে কর্ম্ম করিবার বিশেষ আজ্ঞা আছে সেই কর্ম্ম সম্পাদনার্থে না হইয়া প্রকারান্তরে যে রেজিষ্টর প্রস্তুত করা গিয়াছে, এরূপ বর্ত্তমান কোনং রেজিষ্টর সংগ্রহ করিয়া রাখিবার বিধান করা এবং ঐ সকল রেজিস্টরের লিখিত দফার নকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে এরূপ নির্দ্দেশ করা বিহিত।

অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

---

১ অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। (১) এই আইন জন্ম মৃত্যু ও বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৮৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে। এবং

সংক্ষেপ নাম ও আরম্ভ।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া যে তারিখের আজ্ঞা করেন, সেই তারিখ অবধি এই আইন প্রচলিত হইবে।

২ ধারা। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে এবং শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাদের সহিত যত দূর সম্পর্ক থাকে কেবল তত দূর শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজাদের ও রাজ্যাধিকারের দেশেও বর্ত্তিবে।

স্থানীয় ব্যাপ্তি।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে এই আইনে, "নির্দ্দিষ্ট" শব্দে এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত বিধিক্রমে নির্দ্দিষ্ট বুঝাইবে; এবং

অর্থকরণের কথা।

"জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার" শব্দে এই আইনমতে নিযুক্ত জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার বুঝাইবে।

৪ ধারা। এই আইনের, কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির, কোন কথায় স্থান বিশেষে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ইতিপূর্ব্বে বা অতঃপর বিধিবদ্ধ কোন আইনের কোন বিঘ্ন হইবে না।

স্থানীয় আইন সংরক্ষণের কথা।

২ অধ্যায়।

জন্ম, মৃত্যু ও বিবাহের সাধারণ রেজিষ্টরী আফিসবিষয়ক বিধি।

৫ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট,

সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন ও রেজিষ্ট্রার জেনরল নিয়োগ করিবার কথা।

(ক) এই আইনমতে রেজিষ্টরী করা জন্ম মৃত্যুর অথবা স্থান বিশেষে বিবাহ প্রথার বিধান করণার্থ ১৮৭২ সালের ৩ আইনমতে কিম্বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমতে রেজিষ্টরী করা বিবাহের রেজিষ্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল এই আইনমতে কিম্বা এই আইনদ্বারা সংশোধিত শেষোক্ত আইনদ্বয়ের কোন আইনমতে পাঠান যায়, তাহা রাখিবার নিমিত্ত একটী সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন করিবেন; এবং

(খ) স্বীয় শাসনাধীন দেশের নিমিত্ত উক্ত আফিসের কার্য্যভার গ্রহণার্থে সময়ে সময়ে এক জন কার্য্যকারক নিযুক্ত করিতে পারিবেন। তাঁহাকে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল বলা যাইবে।

(২) কিন্তু বোম্বাইর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক আপনার শাসনাধীন দেশের নিমিত্ত দুইটী সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন করিতে এবং জন্ম, মৃত্যু ও বিবাহের দুই জন রেজিষ্ট্রার জেনরল নিযুক্ত করিতে পারিবেন। সিন্ধু দেশের নিমিত্ত ঐরূপ একটী সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপিত ও এক জন রেজিষ্ট্রার জেনরল নিযুক্ত হইবেন, এবং বোম্বাইর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন অন্যান্য দেশের নিমিত্ত অন্য সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপিত ও অন্য রেজিষ্ট্রার জেনরল নিযুক্ত হইবেন।

৬ ধারা। জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে এই আইনমতে কিম্বা এই আইন দ্বারা সংশোধিত ১৮৭২ সালের ৩ আইন বা খৃষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমতে রেজিষ্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল পাঠান যায়, রেজিষ্ট্রার জেনরল সাহেব নির্দ্দিষ্ট পাঠে তাহার সূচীপত্র প্রস্তুত করাইয়া আপন আফিসে রাখিবেন।

সাধারণ রেজিষ্টরী আফিসে সূচীপত্র রাখিবার কথা।

৭ ধারা। ঐরূপে যে যে সূচীপত্র করা যায় কোন ব্যক্তি তাহা দেখিবার প্রার্থনা জানাইলে যুক্তিসিদ্ধ সকল সময়ে নির্দ্দিষ্ট ফী দিয়া তাহা দেখিতে পাইবেন; এবং যে লেখা যে রেজিষ্টরের সম্পর্কীয় হয়, সেই রেজিষ্টরের সর্টিফিকেটযুক্ত নকল হইতে সেই লেখার নকল যে সকল ব্যক্তি পাইবার প্রার্থনা করেন তাঁহাদিগকে নির্দ্দিষ্ট ফী লইয়া দেওয়া যাইবে।

সূচীপত্র দেখিতে পাইবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১০ ফেব্রুয়ারি।]

দফার সকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবার কথা।

৮ ধারা। পূর্ব্ব ধারামতে কোন দফার যে সকল সাক্ষ্য দেওয়া যায় তাহাতে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব স্বাক্ষর করিবেন; এবং উক্ত দফা যে জন্ম মৃত্যু বা বিবাহ সম্বন্ধে লিখিত হয় তাহার প্রমাণ করণার্থ ঐ সকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

রেজিষ্টার জেনরলের রেজিষ্ট্রারদের তত্ত্বাবধান করিবার কথা।

৯ ধারা। জন্ম মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরল যে দেশের নিমিত্ত নিযুক্ত হন, তিনি সেই দেশের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারদের কার্য্যের সাধারণ তত্ত্বাবধান করিবেন।

---

৩ অধ্যায়।

জন্ম মৃত্যু রেজিষ্টরীকরণবিষয়ক বিধি।

ক।—এই অধ্যায় বর্ত্তিবার কথা।

যে ব্যক্তিদের জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে তাহাদের কথা।

১০ ধারা। এই অধ্যায় অনুসারে নিম্নলিখিত ব্যক্তিদের জন্মমৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে, যথা,—

(ক) ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইন যে যে জাতি, সম্প্রদায়, বা কুলের প্রতি বর্ত্তে ও যাহার সম্বন্ধে উক্ত আইনের ৩৩২ ধারামত কোন আজ্ঞা তৎকালে প্রবল না থাকে, ব্রিটিষ ভারতবর্ষে সেই সেই জাতি, সম্প্রদায় বা কুলের ব্যক্তিদের ও খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী ব্যক্তিদের;

(খ) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজাদের ও রাজাধিকারের দেশে শ্রীশ্রীমতী মহারাণীর যে প্রজারা ঐরূপ কোন জাতি, সম্প্রদায় বা কুলভুক্ত বা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী তাহাদের।

খ।—রেজিষ্টরী শিরিশ্তার কথা।

আপন শাসনাধীন দেশের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের রেজিষ্ট্রার নিযুক্ত করিতে পারিবার কথা।

১১ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট আপন শাসনাধীন দেশের মধ্যে যে২ স্থানীয় চক্র সময়ে২ নির্দ্দেশ করেন, তজ্জন্য যত জনকে উপযুক্ত বোধ করেন ততজনকে নামোল্লেখে বা পদোপলক্ষে সময়ে২ জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিতে পারিবেন।

(২) এই ধারামতে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে স্থগিত, অপসারিত বা পদচ্যুত করিয়া তৎপরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

(৩) জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার পদ ত্যাগ করিবার ইচ্ছা লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টে জানাইয়া পদ ত্যাগ করিতে পারিবেন; এবং স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার পদ ত্যাগ পত্র গ্রহণ করিলে, তাঁহার পদ শূন্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

দেশীয় রাজ্যের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার নিযুক্ত করিতে পারিবার কথা।

১২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজাধিকারের অন্তর্গত যে২ স্থানীয় চক্র সময়ে২ নির্দ্দেশ করেন, তজ্জন্য যতজনকে উপযুক্ত বোধ করেন ততজনকে ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া নামোল্লেখে বা পদোপলক্ষে সময়ে২ জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিতে পারিবেন।

রেজিষ্ট্রারের আফিস ও উপস্থিতির কথা।

১৩ ধারা। (১) জন্ম মৃত্যুর যে রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের জন্য নিযুক্ত হন, তথায় তাঁহার এক আফিস থাকিবে।

(২) জন্মমৃত্যুর যে রেজিষ্ট্রারের সম্বন্ধে এই প্রকরণ খাটিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ দেন, তিনি জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব সময়ে২ যে২ তারিখ ও ঘণ্টা নির্দ্দেশ করেন সেই২ তারিখে ও ঘণ্টায় জন্মমৃত্যু রেজিষ্টরী করিবার নিমিত্ত আপন আফিসে উপস্থিত থাকিবেন, এবং আপন আফিসের বহির্দ্বারের উপরিস্থ বা নিকটস্থ কোন সুপ্রকাশ স্থানে তিনি যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হইয়াছেন সেই স্থানীয় চক্রের জন্মমৃত্যুর রেজিষ্ট্রার বলিয়া আপনার নাম ও তিনি যে২ তারিখে ও ঘণ্টায় উপস্থিত থাকেন তাহা লেখাইয়া রাখিবেন।

রেজিষ্ট্রার আপন জিলায় উপস্থিত না থাকিবার ও তাঁহার পদ শূন্য হইবার কথা।

১৪ ধারা। (১) কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরের অন্তর্গত কোন স্থানীয় চক্রের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার ভিন্ন জন্ম মৃত্যুর যে কোন রেজিষ্ট্রার সম্বন্ধে এই ধারা খাটিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করেন, তিনি অনুপস্থিত থাকিলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে, জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব এতদর্থে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি অথবা ঐরূপ নিয়োগ করা না গেলে যে জিলা আদালতের জজ সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত রেজিষ্ট্রারের আফিস থাকে সেই জজ সাহেব, উক্ত অনুপস্থিতকালে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল উক্ত শূন্য পদ পূর্ণ না করেন ততকাল জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার থাকিবেন।

(২) কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরের অন্তর্গত কোন স্থানীয় চক্রের জন্ম মৃত্যুর ঐরূপ কোন রেজিষ্ট্রার অনুপস্থিত থাকিলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে, জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব এতদর্থে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি উক্ত অনুপস্থিতিকালে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল উক্ত শূন্য পদ পূর্ণ না করেন তত কাল জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার থাকিবেন।

(৩) এই ধারামতে যে সকল নিয়োগ করা যায়, তদ্বিষয়ে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১০ ফেব্রুয়ারি।]

৫ অধ্যায়।

বর্তমান কোনং রেজিষ্টর সম্বন্ধে বিশেষ বিধান।

কোনং কাগজপত্র যে ব্যক্তিদের হস্তে থাকে, তাঁহাদেরতাহাএকবৎসরের মধ্যে রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইতে পারিবার কথা।

২৮ ধারা। যদি ব্রিটিষ ভারতবর্ষে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজ্যাধিকারের দেশে উপস্থিত সময়ে কোন ব্যক্তির হস্তে ১০ ধারায় নির্দ্দিষ্ট শ্রেণীর কোন ব্যক্তির জন্ম, বাপ্তাইজকরণ, নামকরণ, উৎসর্গ, মৃত্যু বা সমাধিকরণের কোন রেজিষ্টর বা কাগজপত্র কিম্বা যাহাদের প্রতি ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন বর্ত্তে সেই শ্রেণীর ব্যক্তিদের বিবাহের কোন রেজিষ্টর বা কাগজপত্র থাকে এবং যে দেশে উক্ত রেজিষ্টর বা কাগজপত্র রাখা হয় সেই দেশের আইনে যে কর্ম্ম করিবার বিশেষ আজ্ঞা থাকে, সেই কর্ম্ম সম্পাদনক্রমে না হইয়া প্রকারান্তরে যদি ঐ ব্যক্তি উক্ত রেজিষ্টর বা কাগজপত্র প্রস্তুত করিয়া থাকেন, তাহা হইলে তিনি এই আইন প্রবল হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে, যে দেশে বাস করেন সেই দেশের জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে, অথবা পূর্ব্বোক্তরূপ কোন রাজার বা রাজ্যাধিকারের দেশে বাস করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়েং এতদর্থে এরূপ যে কোন রেজিষ্ট্রার জেনরল সাহেবকে নির্দ্দেশ করেন তাঁহার নিকট উক্ত রেজিষ্টর বা কাগজপত্র পাঠাইতে পারিবেন।

রেজিষ্টর পরীক্ষার্থ কমিশ্যনর নিয়োগের কথা।

২৯ ধারা। (১) পূর্ব্ব ধারামতে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট যে সকল রেজিষ্টর বা কাগজপত্র পাঠান যায়, তাহার পরীক্ষা করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যতজনকে উপযুক্ত বোধ করেন, তত জনকে কমিশ্যনরস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন;

(২) ঐরূপে যে কমিশ্যনরদিগকে নিযুক্ত করা যায় তাঁহারা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নিয়োগের আজ্ঞা বা পরবর্ত্তী আজ্ঞাক্রমে যত কালের আদেশ করেন, তত কাল পদস্থ থাকিবেন।

কমিশ্যনরদের কর্ত্তব্যের কথা।

৩০ ধারা। (১) যে কোন রেজিষ্টর বা কাগজপত্র ২৮ ধারামতে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠান যায় পূর্ব্ব ধারামতে নিযুক্ত কমিশ্যনরগণ তাহার কিরূপ অবস্থা ও তাহা কিরূপ হেফাজতে ছিল ও তাহা প্রকৃত কি না এবিষয়ে অনুসন্ধান লইবেন,

এবং তাঁহারা যে সকল রেজিষ্টর বা কাগজপত্র কিম্বা রেজিষ্টরের বা কাগজপত্রের অংশ শুদ্ধ এবং বিশ্বাস্য বলিয়া নির্ণয় করেন তাহার বর্ণনাত্মক নির্দ্দেশ বা নির্দ্দেশ সমূহ সময়েং রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট অর্পণ করিবেন।

(২) উক্ত নির্দ্দেশে বা নির্দ্দেশসমূহে নির্দ্দিষ্ট বৃত্তান্ত লেখা থাকিবে এবং নির্দ্দিষ্ট প্রকারে উক্ত রেজিষ্টরের বা কাগজপত্রের, অথবা রেজিষ্টর বা কাগজপত্রের অংশের উল্লেখ থাকিবে।

(৩) কমিশ্যনরদের প্রণীত নির্দ্দেশে বা নির্দ্দেশসমূহে যে কোন রেজিষ্টর বা কাগজপত্র অথবা রেজিষ্টরের বা কাগজপত্রের অংশ উল্লিখিত হয়, তাহা যে কোন পুস্তক বহীতে বা বালমে থাকে তাহার কোন স্থানে কমিশ্যনরগণ লিখিয়া এই সর্টিফিকেটও দিবেন যে, উক্ত নির্দ্দেশে বা নির্দ্দেশসমূহে যেং রেজিষ্টর বা কাগজপত্র বা রেজিষ্টরের বা কাগজপত্রের অংশ উল্লিখিত হইয়াছে ইহা তন্মধ্যে একটি।

কমিশ্যনরদের প্রস্তুত নির্দ্দেশ অনুসন্ধান করিবার ও তাহার লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল দিবার কথা।

৩১ ধারা। (১) কমিশ্যনরেরা রেজিষ্টরের বা কাগজপত্রের, অথবা রেজিষ্টর বা কাগজপত্রের অংশের, বর্ণনাত্মক যে নির্দ্দেশ বা নির্দ্দেশসমূহ জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট অর্পণ করেন, কোন ব্যক্তি তাহা দেখিবার প্রার্থনা করিলে নির্দ্দিষ্ট ফী দিয়া যুক্তিসিদ্ধ সকল সময়ে দেখিতে পাইবেন; এবং যে সকল ব্যক্তি প্রার্থনা করেন তাঁহাদিগকে উক্ত রেজিষ্টরের বা কাগজপত্রের লিখিত কথার নকল ফী লইয়া দেওয়া যাইবে।

(২) এই ধারামতে কোন লিখিত কথার যে নকল দেওয়া যায় তাহাতে জন্ম মৃত্যু ও বিবাহের রেজেষ্ট্রার জেনরল সাহেব স্বাক্ষর করিবেন; এবং উক্ত কথা যে জন্ম, বাপ্তাইজকরণ, নাম করণ, উৎসর্গ, মৃত্যু, সমাধিকরণ, বা বিবাহ সম্বন্ধে লিখিত হয়, তাহার প্রমাণ করণার্থ ঐ নকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

---

৬ অধ্যায়।

বিধি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

৩২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং নিম্নলিখিত কার্য্যের বিধি প্রণয়ন করিতে পারিবেন,—

(ক) এই আইনমতে দেয় ফী ধার্য্য করিবার;

(খ) এই আইনের কার্য্যপক্ষে আবশ্যক পাঠ নির্দ্দিষ্ট করিবার;

(গ) যে ব্যক্তিরা এই আইনমতে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের নিকট জন্মের বা মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা পাইয়াছেন তাঁহারা যে সময়ের মধ্যে যেপ্রকারে ঐ সংবাদ দিবেন, ইহা নির্দ্দেশ করিবার;

(ঘ) যেং রেজিষ্টর রাখিতে হইবে ও যে পাঠে ও যে প্রকারে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারেরা এই আইনমতে জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিবেন এবং তাঁহাদের রক্ষিত রেজিষ্টরে লিখিত জন্ম মৃত্যুর কথার ঠিক নকল যে সময়ান্তরে তাঁহারা পাঠাইবেন, ইহা নির্দ্দেশ করিবার;

(ঙ) এ অধ্যায় মতে নিযুক্ত কমিশ্যনরেরা যে বর্ণনাত্মক নির্ঘণ্ট বা নির্ঘণ্টসমূহ প্রস্তুত করেন তাহাতে যে২ বৃত্তান্ত লিখিতে হইবে এবং ঐ২ বৃত্তান্ত যে২ কাগজপত্র বা রেজিষ্টর কিম্বা যে কাগজপত্রের বা রেজিষ্টরের অংশ সম্পর্কীয় হয়, তাহার উল্লেখ তাঁহারা যে প্রকারে করিবেন, ইহা নির্দ্দেশ করিবার; এবং

(চ) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সফল করিবার।

৬৩ ধারা। বিধিপ্রণয়ন ও প্রকাশ করিবার কার্য্যপ্রণালীর কথা।

(১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্ব ধারামতে বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে তদ্দ্বারা যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা তাহাদের অবগতি নিমিত্ত যে প্রকারে প্রকাশ করিলে তাঁহার মতে প্রচুর হইতে পারে, সেই প্রকারে প্রস্তাবিত বিধির পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) যে তারিখে বা যে তারিখের পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করা যাইবে, তাহা নির্দ্দেশ করিয়া ঐ পাণ্ডুলেখ্যের সহিত একটি মন্তব্য প্রকাশ করা যাইবে।

(৩) ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করা যায় তাহা গিজেটে প্রকাশ করা যাইবে; এবং পূর্ব্ব ধারামতে প্রণীত বলিয়া কোন বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা গেলে ঐ প্রকাশ করণেই তাহা নিয়মিতরূপে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১। সমাজের যেং শ্রেণীর লোক এইরূপ রেজিষ্টরী করাইবার সম্ভাবনা তাঁহাদের উপকারার্থ জন্ম ও মৃত্যু ইচ্ছামত রেজিষ্টরী করিবার প্রণালী স্থাপন করিতে, ও (২) ঐরূপে যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যায় তাহার ও ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের ১৫ আইনমতে রেজিষ্টরী করা বিবাহের রেজিষ্টরী বহী রাখিবার সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন করিতে, এবং (৩) আইনের আদেশ বিনা জন্ম, বাপ্তাইজকরণ, মৃত্যু, সমাধিকরণ, ও বিবাহের যেং রেজিষ্টর রাখা হইয়াছে এরূপ বর্ত্তমান কোনং রেজিষ্টরকে প্রামাণিকতা দিবার যত্নের বিধান করিতে, এই পাণ্ডুলিপিতে প্রস্তাব করা গিয়াছে।

২। ভারতবর্ষীয় ইউরোপীয়দের মধ্যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার নিয়ম বহুকাল গবর্ণমেণ্টের বিবেচনাধীনে আছে; এবং এবিষয়ে ব্যবস্থা করিবার আবশ্যকতা অত্যন্ত নির্ব্বন্ধ সহকারে দর্শাইয়া নানা খ্রীষ্টীয়ান ধর্ম্মসম্প্রদায় যে সকল আবেদনপত্র প্রেরণ করিয়াছেন, তাহাতেও বারম্বার এবিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে।

৩। ভারতবর্ষীয় আইনের মধ্যে এক্ষণে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার কোন সাধারণ ব্যবস্থা নাই। সত্য বটে, এরূপ আইন আছে যাহাতে নির্দ্দিষ্ট স্থানের মধ্যে, প্রধানতঃ মুনিসিপালিটী ও সেনানিবেশস্থানের মধ্যে, জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার বিধান আছে; কিন্তু এই সকল আইন প্রথমতঃ ভাব দেখিতে গেলে বিশেষরূপে স্থানীয় ও তাহাতে দেশের অধিকাংশ স্থান সম্বন্ধে কোন বিধান নাই। দ্বিতীয়তঃ এই সকল আইনের বিধানের মুখ্যদৃষ্টি স্থিতিরীতিসংক্রান্ত বিষয়ে নিবদ্ধ থাকায়, ঐ সকল বিধান এপ্রকারের নহে যে তদনুসারে রক্ষিত জন্ম মৃত্যুর রেজিষ্টর সাক্ষ্যসংক্রান্ত কার্য্যে লাগিতে পারে।

৪। দেশের সকল স্থানে ধর্ম্মযাজকেরা বাপ্তাইজ ও সমাধিকরণের যে বহুসংখ্যক রেজিষ্টর রাখেন, তৎসম্বন্ধে এইরূপ সন্দেহ হয় যে জন্ম ও মৃত্যু সংক্রান্ত আবশ্যক বৃত্তান্ত শুদ্ধরূপে দেওয়া বিষয়ে তাহার উপর কতদূর নির্ভর করা যাইতে পারে ও তন্মধ্যে অধিকাংশই সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না।

৫। যখন আইনের এইরূপ অবস্থা, তখন সাধারণতঃ বিষয়ের গুরুত্ব ও পূর্ব্বোল্লিখিত আবেদনপত্র বিবেচনায় এবং সম্পত্তিগত স্বত্ব প্রভৃতি বিষয়ক ব্যক্তিগত বৃহৎ স্বার্থ ঘটিত প্রশ্ন সম্পর্কে জন্মের বা মৃত্যুর প্রমাণ সম্বন্ধে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ও ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে বারম্বার জিজ্ঞাসাবাদ করা হয় ইহার প্রতি দৃষ্টি রাখিয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বিবেচনা করেন যে এরূপ একটি স্বেচ্ছাধীন ব্যবস্থা প্রণয়ন করা বিহিত, যাহাতে যে ব্যক্তিরা জন্ম মৃত্যুর অলঙ্ঘনীয় প্রমাণ চাহেন তাঁহাদিগকে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার সম্পূর্ণ সুবিধা করিয়া দেওয়া হইবে।

৬। পাণ্ডুলিপির দ্বিতীয় উদ্দেশ্য সম্বন্ধে ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে স্থানীয় নানা আফিসে যে সকল সন্ধান রেজিষ্টরী করা যায় তাহা একটি কেন্দ্রস্থানে সাধারণ আফিস স্থাপন করিয়া তাহাতে এরূপে সংগৃহীত ও সুবিন্যস্ত থাকিবে যাহাতে জনসাধারণ ঐ সন্ধান জিজ্ঞাসা করিলেই সহজে জানিতে পারেন, এরূপ বিধান না করিতে পারিলে জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করণ সম্বন্ধে কোন প্রণালীই সম্পূর্ণ কার্য্যকর হইবে না।

৭। এই সম্বন্ধে খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন ও ১৮৭২ সালের ৩ আইনমত বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক প্রণালী যে সন্তোষজনক নহে, এই বিষয়ের প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মনোযোগ আকর্ষণ করা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১০ ফেব্রুয়ারি।]

রেজিষ্টরী বহী দিবার ও কাগজপত্র রক্ষা করণের বিধান করিবার কথা।

১৫ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট জন্ম মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রারকে উপযুক্তসংখ্য জন্মের রেজিষ্টরী বহী ও মৃত্যুর রেজিষ্টরী বহী দিবেন এবং জন্ম মৃত্যু রেজিষ্টরী করণ সংক্রান্ত কাগজপত্র রক্ষা করিবার উপযুক্ত বিধান করিবেন।

গ।—রেজিষ্টরী করণের প্রণালীর কথা।

যে জন্মমৃত্যুর সংবাদ দেওয়া যায় রেজিষ্ট্রারের তাহা রেজিষ্টরে লিখিতে হইবার কথা।

১৬ ধারা। জন্মমৃত্যুর রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের জন্য নিযুক্ত হইয়াছেন, তন্মধ্যে জন্ম বা মৃত্যু হইবার সংবাদ পাইলে, যে ব্যক্তি এই আইন অনুসারে সংবাদ দিতে ক্ষমতাপন্ন যদি সেই ব্যক্তি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নির্দ্দিষ্টপ্রকারে সেই সংবাদ দিয়া থাকে, তবে উপযুক্ত রেজিষ্টরী বহীতে ঐ জন্ম বা মৃত্যুর কথা তৎক্ষণাৎ লিখিবেন।

যে ব্যক্তিরা জন্মের সংবাদ দিতে পারিবেন তাঁহাদের কথা।

১৭ ধারা। নিম্নলিখিত ব্যক্তিদিগকে, অর্থাৎ শিশুর পিতা বা মাতাকে, কিম্বা পিতা বা মাতার অভাবে যে গৃহে দখলীকারের জ্ঞানগোচরে শিশুর জন্ম হয় সেই গৃহের দখলীকারকে, কিম্বা জন্মকালে উপস্থিত কোন ব্যক্তিকে কিম্বা শিশুর ভারপ্রাপ্ত ব্যক্তিকে জন্মের সংবাদ দিবার ক্ষমতা এতদ্দ্বারা দেওয়া গেল।

যে ব্যক্তিরা মৃত্যুর সংবাদ দিতে পারিবেন তাঁহাদের কথা।

১৮ ধারা। মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা এতৎক্রমে নিম্নলিখিত ব্যক্তিগণ প্রাপ্ত হইলেন, যথা,—

(ক) এই আইন যে তারিখে প্রচলিত হয় সেই তারিখের পর কোন গৃহে কোন ব্যক্তির মৃত্যু হইলে, মৃত ব্যক্তির অতি নিকট যে আত্মীয়েরা মৃত্যুকালে উপস্থিত থাকেন কিম্বা মৃত ব্যক্তির চরম পীড়াকালে শুশ্রূষা করেন তাঁহারা, অথবা ঐরূপ আত্মীয়ের অভাবে মৃত ব্যক্তি মৃত্যুকালে যে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের স্থানীয় চক্রের মধ্যে ছিলেন তথায় মৃত ব্যক্তির অন্য কোন আত্মীয় বাস করিলে বা থাকিলে সেই আত্মীয়, অথবা তদভাবে মৃত্যুকালে উপস্থিত অন্য কোন ব্যক্তি কিম্বা যে গৃহে দখলীকারের জ্ঞানগোচরে মৃত্যু ঘটে সেই গৃহের দখলীকার অথবা এই ধারার লিখিত পূর্ব্বোক্ত ব্যক্তিগণের অভাবে পূর্ব্বোক্ত গৃহে যে কোন ব্যক্তি থাকে সেই ব্যক্তি, এবং

(খ) যে তারিখে এই আইন প্রচলিত হয় সেই তারিখের পর যে স্থান গৃহ নহে এরূপ স্থানে কোন ব্যক্তির মৃত্যু হইলে কিম্বা গৃহ ভিন্ন অন্য স্থানে মৃতদেহ পাওয়া গেলে, মৃত্যু সম্বন্ধে যে২ বৃত্তান্ত রেজিষ্টরী করা আবশ্যক তাহার কোন কথা জানে মৃত ব্যক্তির এরূপ কোন আত্মীয় অথবা তদভাবে মৃত্যু কালে উপস্থিত কোন ব্যক্তি অথবা যে ব্যক্তি মৃত দেহ প্রাপ্ত হন বা তাহার ভার গ্রহণ করেন সেই ব্যক্তি।

যে ব্যক্তি সংবাদ দেন জন্ম বা মৃত্যুর লিখিত কথায় তাঁহার স্বাক্ষর করিতে হইবার কথা।

১৯। (১) ১৬ ধারার আদেশমতে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার জন্ম বা মৃত্যুর কথা লিখিলে, যে ব্যক্তি জন্ম বা মৃত্যুর সংবাদ দেন তিনি রেজিষ্ট্রারের সমক্ষে রেজিষ্টরের লিখিত কথায় স্বাক্ষর করিবেন।

(২) উক্ত কথায় যাবৎ ঐরূপে স্বাক্ষর করা না যায়, তাবৎ এই আইনমতে উক্ত জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করণের সর্টিফিকেট দিবার কথা।

২০ ধারা। যে ব্যক্তি জন্ম বা মৃত্যুর সংবাদ দেন সেই ব্যক্তি জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করিবার সময়ে প্রার্থনা করিয়া নির্দ্দিষ্ট ফী দিলে, জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার উক্ত জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করিয়াছেন বলিয়া নির্দ্দিষ্ট পাঠে রেজিষ্ট্রারের স্বাক্ষরিত সর্টিফিকেট প্রার্থককে দিবেন।

রেজিষ্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইবার সম্বন্ধে রেজিষ্ট্রারদের কর্ত্তব্যের কথা।

২১ ধারা। (১) ব্রিটিষ ভারতবর্ষের জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হন, তাহা যে দেশের অন্তর্গত, সেই দেশের জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট নির্দ্দিষ্ট সময়ান্তরে শেষবার পাঠাইবার সময়াবধি তদ্রক্ষিত রেজিষ্টরী বহীতে জন্মমৃত্যুর যে সকল দফা লিখিত হইয়াছে নির্দ্দিষ্ট পাঠে আপনার স্বাক্ষরিত সর্টিফিকেট সহিত তাহার ঠিক নকল পাঠাইবেন।

কিন্তু জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার ইংলিস, রোমক ও স্কচ চর্চ্চের পাদরি হইলে, তাঁহার সম্প্রদায়সংক্রান্ত উচ্চতর কর্ত্তৃপক্ষের নিকট প্রথমে ঐ সর্টিফিকেটযুক্ত নকল পাঠাইতে পারিবেন, এবং ঐ কর্ত্তৃপক্ষ জন্মমৃত্যু ও বিবাহের যথাযোগ্য রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট উহা পাঠাইবেন।

এই প্রকরণে "ইংলিস চর্চ্চ" ও "স্কচ চর্চ্চ" শব্দে যথাক্রমে আইনক্রমে সংস্থাপিত ইংলিস চর্চ্চ ও স্কচ চর্চ্চ বুঝাইবে; এবং যে চর্চ্চ রোমের পোপকে গুরু বলিয়া মানে, "রোমক চর্চ্চ" শব্দে সেই চর্চ্চ বুঝাইবে।

(২) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজ্যাধিকারের দেশে যে কোন জন্মমৃত্যুর রেজিষ্ট্রার থাকেন, তৎসম্বন্ধে (১) প্রকরণের বিধান এই পরিবর্ত্তন সহকারে খাটিবে যে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে জন্ম মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরলকে নিযুক্ত করেন, উক্ত প্রকরণের উল্লিখিত সর্টিফিকেটযুক্ত নকল তাঁহার নিকট পাঠাইতে হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১০ ফেব্রুয়ারি।]

রেজিস্টরীবহীর লিখিত কথার অনুসন্ধান লইবার ও নকল দিবার কথা।

২২ ধারা। (১) জন্ম মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রার নির্দ্দিষ্ট ফী লইয়া যুক্তিসিদ্ধ সকল সময়ে আপনার রক্ষিত সকল রেজিষ্টরী বহীতে অনুসন্ধান লইবার অনুমতি দিবেন এবং ঐ সকল বহীর লিখিত কোন কথার নকল দিবেন।

(২) এই ধারামতে রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার যে নকল দেওয়া যায় জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার তাহাতে স্বাক্ষর করিবেন; এবং তাহা যে জন্ম বা মৃত্যু সম্বন্ধে লিখিত হয় তাহার প্রমাণ করণার্থ সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

খ।—দণ্ডের কথা।

ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সংবাদ দিলে দণ্ডের কথা।

২৩ ধারা। কোন জন্ম বা মৃত্যুর রেজিষ্টরের মধ্যে সন্নিবিষ্ট হইবার নিমিত্ত যদি কোন ব্যক্তি এই আইনমত জন্ম বা মৃত্যুর সংবাদ সম্পর্কে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা বর্ণনা করেন বা করান, তবে তাঁহার তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড হইবে।

রেজিষ্টরে জন্ম বা মৃত্যু না লিখিলে বা রজিষ্টর হারাইলে দণ্ডের কথা।

২৪ ধারা। জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রারের যে জন্ম বা মৃত্যু এই আইনমতে লেখা উচিত, তিনি তাহা উপযুক্ত রেজিষ্টরী বহীতে লিখিতে অস্বীকার করিলে কিম্বা যুক্তিসিদ্ধ কারণ বিনা না লিখিলে, অথবা জন্ম বা মৃত্যুর কোন রেজিষ্টরী বহীর ভারপ্রাপ্ত কোন ব্যক্তি অনবধানতাপ্রযুক্ত ঐ বহী হারাইলে বা উহার হানি করিলে বা করিতে দিলে, তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

গ।—ভুল সংশোধন করিবার কথা।

জন্ম মৃত্যুর রেজিষ্টরে লিখিত কথা সংশোধন করিবার কথা।

২৫ ধারা। (১) জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার এই আইনমতে যে কোন রেজিষ্টরী বহী রাখেন, তাহাতে জন্ম বা মৃত্যুর লিখিত কোন কথার পাঠে বা মর্ম্মে কোন ভুল দেখিলে, যে ব্যক্তিরা জন্ম বা মৃত্যুর সংবাদ দেন তাঁহাদের সমক্ষে কিম্বা তাঁহাদের মৃত্যু বা অনুপস্থিতি ঘটিলে অন্য দুইজন বিশ্বাসযোগ্য সাক্ষীর সমক্ষে মূল লিখিত কথা পরিবর্ত্তন না করিয়া পার্শ্বে লিখিয়া ঐ ভুল সংশোধন করিতে পারিবেন, এবং পার্শ্বলিখিত কথায় স্বাক্ষর করিয়া তাহাতে সংশোধনের তারিখ যোগ করিবেন।

(২) এই ধারামতে যে প্রত্যেক কথা লেখা যায়, তাহা যে স্বাক্ষীদের সমক্ষে লেখা যায়, তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন।

(৩) লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠান গিয়া থাকিলে, জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার মূল ভুল লেখার ও পার্শ্বলিখিত সংশোধনের স্বতন্ত্র সর্টিফিকেটযুক্ত নকল লিখিয়া পাঠাইবেন।

৪ অধ্যায়।

১৮৭২ সালের বিবাহ বিষয়ক আইন সংশোধনের বিধি।

১৮৭২ সালের ৩ আইনের ১৩ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

২৬ ধারা। স্থল বিশেষে বিবাহ প্রথার বিধান করণার্থ ১৮৭২ সালের ৩ আইনের ১৩ ধারার পর নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।—

বিবাহের সর্টিফিকেট বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইবার কথা।

"১৩ক ধারা। রেজিষ্ট্রারের জিলা যে দেশের মধ্যে থাকে তিনি সেই দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যেরূপ সময়ান্তরের আদেশ করেন সেইরূপ সময়ান্তরে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যেরূপ পাঠ নির্দ্দেশ করেন সেইরূপ পাঠে শেষ বার পাঠাইবার সময়াবধি উক্ত বিবাহের সর্টিফিকেট বহীতে তাঁহার লিখিত সমুদয় কথার ঠিক নকল আপনার স্বাক্ষরিত সর্টিফিকেটযুক্ত করিয়া পাঠাইবেন।"

খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন সংশোধনের কথা।

২৭ ধারা। খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনে নিম্নলিখিত সংশোধন করিতে হইবে, যথা,—

(ক) ৩ ধারার শেষে "জন্মমৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল শব্দে জন্মমৃত্যু ও বিবাহের রেজিস্টরীকরণ বিষয়ক ১৮৮৫ সালের আইনমতে নিযুক্ত জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল বুঝাইবে" এই কথাগুলি যোগ করিতে হইবে;

(খ) যেং স্থলে "স্থানীয় গবর্ণমেন্টের সেক্রেটরী" এই কথা আছে সেইং স্থলে উক্ত কথার পরিবর্ত্তে "জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল" এই কথা, এবং ৭৯ ধারার "স্থানীয় গবর্ণমেন্টের যে সেক্রেটরী" এই কথার পরিবর্ত্তে "জন্ম, মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরল" এই কথা দিতে হইবে।

(গ) ৬২ ধারার "স্থানীয় গবর্ণমেন্ট যেং স্থান নিরূপণ করেন সেইং স্থানে" এই কথার পরিবর্ত্তে "রেজিষ্টরী বহী যে ব্যক্তি রাখেন, সেই ব্যক্তি যে স্থানীয় গবর্ণমেন্টের নিকট লাইসেন্স পান, সেই স্থানীয় গবর্ণমেন্টের শাসনাধীন দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে" এই কথা দিতে হইবে।

(ঘ) ৮১ ধারায় "জন্মের ও মৃত্যুর ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল" এই কথার পুর্ব্বে "ইংলণ্ডে" এই কথা দিতে হইবে।

প্রথমোক্ত আইনের বিধানমতে অথবা ঐ আইনমত আদেশক্রমে ঐ আইনমত বিবাহের প্রমাণস্বরূপ দলীল স্থানীয় গবর্নমেন্টের সেক্রেটরী সাহেবের নিকট প্রেরিত হয়। উঁহার সর্টিফিকেটযুক্ত নকল দিতে তাঁহার ক্ষমতা আছে। ঐ সকল প্রমাণ স্থলে গ্রাহ্য হইয়া থাকে। ইহাতে আপাততঃ এরূপ বোধ হইতে পারে যে এই বিষয়ে আর কিছু করিবার প্রয়োজন নাই। কিন্তু যে সকল বিবাহের রিকার্ড স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে রক্ষিত হয় তাহার সূচীপত্র রাখিবার কার্য্যতঃ কেবল যে কোন বন্দোবস্ত নাই এমত নহে, স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে প্রাপ্ত ঐ সকল আসল রিকার্ডের অধিকাংশই পূর্ব্বোক্ত আইনের ৮১ ধারা ও প্রচলিত আদেশ মতে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট প্রেরণার্থে হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষীয় গবর্নমেন্টের নিকট পাঠাইতে হয়। সুতরাং স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে প্রাপ্ত বিবাহের রিকার্ডের অধিকাংশ ঐ স্থানে না থাকাতে সাধারণের জিজ্ঞাসা কার্য্য সিদ্ধ হয় না, এবং যে গুলি থাকে তাহাও সূচীপত্রের অভাবে কার্য্যতঃ অব্যবহার্য্য হয়।

১৮৭২ সালের ৩ আইন সম্বন্ধে বক্তব্য এই যে ঐ আইনমতে যে সকল বিবাহ সাধিত হয় তাহা কোন কেন্দ্র স্থলীয় কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করিবার উহাতে কোন বিধান নাই: উহাতে যে বিবাহের সর্টিফিকেটের বহী রাখিবার বিধান আছে তাহা রেজিষ্ট্রার রাখিয়া থাকেন, কিন্তু ঐ বহীর সূচীপত্র রাখিতে হইবে তাঁহার প্রতি এরূপ কোন আদেশও নাই। সুতরাং যে সকল বিবাহের সহিত ঐ বহীর সম্পর্ক থাকে, তৎসম্বন্ধে রিকার্ডস্বরূপ গ্রাহ্য হওন পক্ষে উহার ফলোপধায়িতার অনেক হ্রাস হইয়া যাইতেছে।

৮। এই সকল কারণে ভারতবর্ষীয় গবর্নমেন্ট জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করণ বিষয়ক প্রস্তাবিত আইন প্রণয়ন করণোপলক্ষে বিবাহ রেজিষ্টরী করণ বিষয়িণী ব্যবস্থার পূর্ব্বোক্ত অভাবগুলি দূরীকরণার্থে সাধারণ রেজিষ্টরী আফিসের বিধান করিয়া উহাতে প্রস্তাবিত আইনক্রমে যে সকল জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে কেবল তৎসম্পর্কেই রেজিষ্টরী না রাখিয়া ১৮৭২ সালের ৩ আইন অথবা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনক্রমে যে সকল বিবাহ রেজিষ্টরী হইতে পারিবে তাহারও রেজিষ্টরী রাখিতে হইবে এই বিধান করিয়াছেন।

৯। উপস্থিত পাণ্ডুলিপি (২ ধারা) ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র প্রচলিত হইবে এবং শ্রীশ্রীমতীর প্রজা সম্পর্কে শ্রীশ্রীমতীর সহিত সাক্ষন্ধ ভারতবর্ষের রাজাদিগের অধিকৃত ও রাজ্যাধিকারসমূহের অন্তর্গত দেশে প্রচলিত হইবে।

১০। পূর্ব্ববর্ত্তী ৩ দফার উল্লিখিত স্থানীয় আইনসমূহের নির্দ্দিষ্ট জন্ম ও মৃত্যু বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার প্রণালীলক্ষিত বিশেষ উদ্দেশের নিমিত্ত কার্য্যে লাগাইবার এবং ঐ সকল আইনের আদেশমত জনসাধারণের রেজিষ্টরী করণ হইতে পাণ্ডুলিপিসংস্পৃষ্ট সীমাবদ্ধ শ্রেণীর লোকের রেজিষ্টরী করণ পৃথক করিয়া রাখিবার কোন পথ নাই বোধ হওয়াতে, স্থানবিশেষে জন্ম মৃত্যু রেজিষ্টরী করাইবার বিধান করণার্থে যে২ আইন এক্ষণে প্রবল আছে বা অতঃপর বিধিবদ্ধ হইবে, তৎসমুদয় রক্ষা করা আবশ্যক বলিয়া দেখা গিয়াছে: এবং ৪ ধারায় ইহার বিধান করা গিয়াছে। এই নিমিত্ত এই ধারার ফল এইরূপ হইবে যে, জন্মমৃত্যু রেজিষ্টরী করণ সংক্রান্ত পাণ্ডুলিপির বিধান যে ব্যক্তিদের সম্বন্ধে খাটে তাঁহারা ঐ২ স্থানীয় আইনের স্থিতিরীতিঘটিত প্রয়োজন পূরণ করিতে পূর্ব্বের ন্যায় বাধ্য থাকিবেন এবং প্রমাণসংক্রান্ত কার্য্যের নিমিত্ত এই পাণ্ডুলিপিমতে জন্ম ও মৃত্যু পুনর্ব্বার রেজিষ্টরী করিতে পারিবেন।

১১। ২ অধ্যায়ের ৫ ধারায় স্থানীয় গবর্ণমেন্ট কর্তৃক জন্ম মৃত্যু ও বিবাহের সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপনের এবং জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল নিয়োগের বিধান আছে। এই পাণ্ডুলিপি অনুসারে অথবা ১৮৭২ সালের ৩ আইন কিম্বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন অনুসারে রেজিষ্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল পাঠান যায়, সাধারণ রেজিষ্টরী আফিসে ৬ ধারামতে তাহার সূচীপত্র রাখিতে হইবে। এই সকল সূচীপত্র (৭ ধারা) সাধারণে দেখিতে পাইবে, এবং যে লেখা যে রেজিষ্টরের সম্বন্ধীয় হয়, সেই রেজিষ্টরের সর্টিফিকেটযুক্ত নকল হইতে সেই লেখার নকল যে সকল ব্যক্তি প্রার্থনা করেন, তাঁহাদিগকে দেওয়া যাইবে; এবং ঐ নকল (৮ ধারা) সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে। ৯ ধারায় জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের তত্ত্বাবধান করিবার ক্ষমতা রেজিষ্ট্রার জেনরল সাহেবের প্রতি প্রদত্ত হইয়াছে।

১২। ৩ অধ্যায়ে জন্ম মৃত্যু রেজিষ্টরীকরণনিয়মের বিধান আছে। যে ব্যক্তিদের জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে, ১০ ধারায় তাঁহারা এইরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন, যথা, ব্রিটিষ ভারতবর্ষে যে কোন জাতি, সম্প্রদায় বা কুল সম্বন্ধে ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইন খাটে এবং যাহার সম্বন্ধে উক্ত আইনের ৩৩২ ধারামত আজ্ঞা তৎকালে প্রবল না থাকে, সেই জাতি, সম্প্রদায় বা কুলের ব্যক্তিগণ ও খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বী সকল ব্যক্তি, এবং দেশীয় রাজ্যে এইরূপ যে সকল ব্যক্তি ব্রিটিষ প্রজা হন তাঁহারা। অতএব সাধারণতঃ বলিতে গেলে, পাণ্ডুলিপির এই সকল বিধান ফিরিঙ্গী, যিহুদী, আর্ম্মাণী, পার্সী ও ইউরোপীয়দের সম্বন্ধে এবং দেশীয় খ্রীষ্টীয়ানদের সম্বন্ধে খাটিবে। এই দেশে যে সকল শ্রেণীর লোক আছে, তন্মধ্যে কেবল ইহারাই এই প্রকারের আইনের উপকার লাভ করিতে যাইবার সম্ভাবনা বলিয়া বিশ্বাস আছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১০ ফেব্রুয়ারি।]

১৩। পরে এই অধ্যায়ে ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টসমূহের প্রতি ও দেশীয় রাজ্যের মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত স্থানের জন্য উপযুক্ত ব্যক্তিদিগকে নাম ধরিয়া কি পদোপলক্ষে জন্ম ও মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করিয়া (১১ ও ১২ ধারা) রেজিষ্টরীকরণকার্য্যের শিরিস্তা স্থাপনের বিধান করা হইয়াছে। ১৮৭২ সালের ৩ আইন কি খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমত বিবাহসাধন করিতে ক্ষমতা কি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদিগকে ঐ২ ধারামতে প্রদত্ত সাধারণ ক্ষমতাক্রমে নিযুক্ত করিবার প্রস্তাব করা যাইতেছে, এবং যাঁহারা বিবাহের রেজিষ্ট্রারদিগের নিকট যাইতে ইচ্ছা না করেন তাঁহাদিগের স্থানে সংবাদ গ্রহণ করিবার বিধান করণার্থে উপযুক্ত অপর ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার কল্পনা আছে। প্রত্যেক যে স্থানের জন্য বিবাহের রেজিষ্ট্রার নিযুক্ত হন সেই স্থানের জন্য শেষোক্ত প্রকার এক২ ব্যক্তিকে নিযুক্ত করা অভিপ্রেত। এই শেষোক্ত প্রকার রেজিষ্ট্রারদিগের প্রতিই ১১ ও ১৪ ধারা বর্ত্তাইবার অভিপ্রায়। ঐ২ ধারায় উক্ত রেজিষ্ট্রারদের পদসম্পর্কে এবং ঐ পদ কিয়ৎকালের নিমিত্তে শূন্য হইলে উহাতে লোক নিযুক্তকরণসম্বন্ধে কতিপয় বিধান করা গিয়াছে। ১৫ ধারায় রেজিষ্টরী বহী সরবরাহ করিবার ও কাগজপত্র রক্ষা করিবার বিধান আছে।

১৪। পরে উক্ত অধ্যায়ে রেজিষ্টরী করণকার্য্যের প্রণালী বিষয়ক কথা বলা হইয়াছে। ঐ অধ্যায়ে (১৬ ধারা) জন্ম ও মৃত্যুর রেজিষ্ট্রারকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ও নির্দ্দিষ্ট প্রকারে জন্ম ও মৃত্যুর সম্বাদ ঐ সংবাদ দিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্ত্তৃক দেওয়া গেলে উক্ত রেজিষ্ট্রারের উহা তদীয় রেজিষ্টরী বহীতে লেখা কর্ত্তব্য কর্ম্ম এইরূপ নির্দ্দিষ্ট হইয়াছে। পরে (১৭ ও ১৮ ধারা) ক্রমান্বয়ে যে২ ব্যক্তিরা জন্ম ও মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা পাইবেন তত্তদ্ব্যক্তির নির্দ্দেশ করা হইয়াছে।

১৯ ধারার বিধান এই, জন্ম কি মৃত্যুর কথা লেখা গেলে সংবাদদাতা ঐ লিখনে স্বাক্ষর করিবেন এবং এই ধারায় নির্দ্দেশ হইয়াছে যে যাবৎ ঐ লিখন তদ্রূপে স্বাক্ষরিত না হয় তাবৎ ঐ জন্ম কি মৃত্যু রেজিষ্টরী হইয়াছে বলিয়া গণ্য হইবে না। ২০ ধারাক্রমে জন্ম ও মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রারের প্রতি এই আদেশ হইয়াছে যে তিনি জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করণকালে ঐ২ ঘটনার সংবাদদাতার প্রার্থনামতে ও ঐ সংবাদদাতা নির্দ্দিষ্ট ফী দিলে ঐ জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করণের সর্টিফিকেট দিবেন।

২১ ধারামতে এই বিধান হইয়াছে যে জন্ম ও মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রার নির্দ্দিষ্ট কালানন্তর জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট আপন রেজিষ্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল পাঠাইয়া দিবেন। ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে রেজিষ্ট্রারদিগের জন্য ব্যবস্থা এই যে, যে স্থানীয় চক্রের জন্য ঐ রেজিষ্ট্রার নিযুক্ত হন তাহা যে রেজিষ্ট্রার জেনরলের বিচারাধিপত্যের অন্তর্গত তাঁহারই নিকট ঐ সকল নকল পাঠাইতে হইবে। কেবল যে রেজিষ্ট্রারেরা ইংলিষ চর্চ্চের কি রোমক কিম্বা স্কচ চর্চ্চের পাদরী তাঁহাদিগের প্রতি এই নিয়ম খাটিবে না। তাঁহারা রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইয়া দিবার জন্য আপন২ উপরিতন ধর্ম্মযাজকের নিকট ঐ সকল নকল প্রেরণ করিবেন। দেশীয় রাজ্যের রেজিষ্ট্রার হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া এতৎকার্য্যোপলক্ষে যেরূপ আদেশ করেন সেইরূপ কোন এক জন রেজিষ্ট্রার জেনরলের নিকট উক্ত সকল নকল পাঠাইতে হইবে। ২২ ধারায় অনুসন্ধান করিবার ও প্রমাণস্থলে গ্রাহ্য হইতে পারিবে বলিয়া রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল দিবার বিধান করা হইয়াছে।

১৫। জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্ট্রারকে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সংবাদ দিলে তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড এবং জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্ট্রার রেজিষ্টরীতে জন্ম কি মৃত্যুর কথা না লিখিলে কি রেজিষ্টরী বহী হারাইলে কি নষ্ট করিলে তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, ২৩ ও ২৪ ধারায় এইরূপ নির্দ্দেশ হইয়াছে।

১৬। পরিশেষে, জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার পাঠ কি বস্তুগত কোন অশুদ্ধি থাকিলে তাহা শোধন করিবার কার্য্যপদ্ধতি ২৫ ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে।

১৭। ৪ অধ্যায়ে (২৬ ও ২৭ ধারা) ১৮৭২ সালের ৩ আইন ও খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের কএকটি সংশোধন করা হইয়াছে। এই আইনমতে যে সকল রেজিষ্টরী বহী রাখা যায় তাহার লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল উপস্থিত পাণ্ডুলিপিক্রমে ভবিষ্যতে জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইতে হইবে। সুতরাং ঐ২ আইনের বিধান পাণ্ডুলিপির নির্দ্দিষ্ট কার্য্যপদ্ধতির সহিত মিলাইয়া লইবার জন্য পূর্ব্বোক্ত সংশোধন গুলি আবশ্যক হইয়াছে।

১৮। এই বর্ণনাপত্রের প্রথম দফার উল্লিখিত তিনটি বিষয়ের মধ্যে ৫ অধ্যায়ে শেষ বিষয়টির কথা বলা হইয়াছে। পূর্ব্বেই কথিত হইয়াছে যে জন্ম কি বাপ্তাইজকরণ এবং মৃত্যু কি সমাধির রেজিষ্টর এক্ষণে দেশের সর্ব্বত্রই ধর্ম্মযাজকেরা রাখিয়া থাকেন। বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক আইন প্রবল হইবার পূর্ব্বে বিবাহের রেজিষ্টরও ঐ ভাবে রক্ষিত হইত। আইনের বর্ত্তমান অবস্থায় ঐ রেজিষ্টরের অনেক গুলিই প্রমাণস্বরূপ গ্রাহ্য নহে, ও কোন নিয়মিত প্রকারে সংগৃহীত না হওয়াতে প্রমাণ স্থলে গ্রাহ্য হওয়াও সম্ভব নহে। আবার উহাদের মধ্যে কতকগুলি রেজিষ্টর সরকারী রেজিষ্টর বলিয়া গ্রাহ্য হইবার উপযুক্ত হইলেও হইতে পারে। সুতরাং ইংলণ্ডে এইরূপ অবস্থায় যে প্রকার কার্য্য হইয়াছে (বিক্টোরিয়ার ৩ ও ৪ বৎসরের আইনের ৯২ অধ্যায় দেখ) তদনুযায়ী কার্য্য করত ঐ সকল রেজিষ্টর মধ্যে যেগুলি গ্রাহ্য হইবার উপযুক্ত সেই গুলিকে নিষ্ক করিয়া উহাদের লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল প্রমাণরূপে গ্রাহ্য হইবে এতৎপ্রকাশক কার্য্য পদ্ধতির বিধান করা পরামর্শসিদ্ধ বোধ হইয়াছে। ৫ অধ্যায়ে ইহাই করা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১০ ফেব্রুয়ারি।]

১৯। ঐ অধ্যায়ে প্রথমেই ইহা প্রকাশ করা হইয়াছে (২৮ ধারা) যে, যে ব্যক্তির জিম্মায় তদ্রূপ কোন রিকার্ড থাকে তিনি উপস্থিত পাণ্ডুলিপি বলবৎ হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে উহা যে প্রদেশের মধ্যে তিনি বাস করেন সেই প্রদেশের জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট কিম্বা ঐ ব্যক্তি কোন দেশীয় রাজ্যে বাস করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন প্রকাশ করিয়া যে রেজিষ্টর জেনরলের নির্দ্দেশ করেন তাঁহার নিকট পাঠাইয়া দিতে পারিবেন। পরে ঐ অধ্যায়ে (২৯ ধারা) বিধান হইয়াছে যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নানা রেজিষ্ট্রার জেনরলের নিকট তদ্রূপে যে সকল রেজিষ্টর পাঠান গেল তাহা পরীক্ষা করিবার নিমিত্ত কমিশ্যনর নিযুক্ত করিতে পারিবেন, এবং (৩০ ধারায়) ঐ কমিশ্যনরদিগের কর্ত্তব্যকার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে, যথা, তাঁহাদিগের নিকট অর্পিত প্রত্যেক রেজিষ্টরের অবস্থা ও প্রামাণিকতা ও উহা কাহার জিম্মায় ছিল তাঁহারা ইহার অনুসন্ধান করিবেন এবং যে সকল রেজিষ্টর কি রেজিষ্টরের অংশ শুদ্ধ ও বিশ্বাসযোগ্য দেখেন তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন ও ঐ নির্ঘণ্টপত্রের উল্লিখিত তদ্রূপ রেজিষ্টর কি রেজিষ্টরের অংশ যে বহী কি বালমের অন্তর্গত সেই প্রত্যেক বহী কি বালমের কোন অংশে এই সর্টিফিকেট দিবেন যে ঐ নির্ঘণ্টপত্রের উল্লিখিত সকল রেজিষ্টরের মধ্যে উহা এক খানি। ৩১ ধারায় এই অনুমতি দেওয়া হইয়াছে যে ফী দিলে তদ্রূপে যে সকল নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যায় তাহার অনুসন্ধান করা যাইবে এবং প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে বলিয়া ঐ রেজিষ্টরের লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল দিবার বিধান করা হইয়াছে।

২০। পরিশেষে, ৬ অধ্যায়ে (৩২ ও ৩৩ ধারা) এই আইনের উদ্দেশ্য সম্বন্ধীয় কএকটি বিষয়ে বিধি প্রণয়ন করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ক্ষমতা প্রদত্ত হইয়াছে এবং ঐরূপ বিধি প্রণয়ন ও প্রকাশ করিবার সাধারণ কার্য্যপদ্ধতি নির্দ্দিষ্ট হইয়াছে।

সি, পি, ইলবার্ট,
আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

১৮৮৫ সাল ২ জানুয়ারি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 10, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি ।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড ।

ইশ্‌তিহার প্রভৃতি ।

১০৮ Ex / ১৭—২০ নং সরকুল্যর।

রাজস্ব ও কৃষিকার্য্য (চিত্রশালিকা ও প্রদর্শনী) সম্পর্কীয় কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিমলায় লিখিত ১৮৮৪ সালের ২ অক্টোবরের কার্য্যবিবরণ হইতে উদ্ধৃত।

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের ১৮৮৪ সালের ৩১ জুলাইর ১০১ নং পত্র,

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি ১৮৮৪ সালের ৩০ আগষ্টের ১০ নং পত্র,

স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও শাসন কর্ত্তৃপক্ষের প্রতি ১৮৮৪ সালের ৫ সেপ্টেম্বরের ১০১ Ex / ১৭—১০ নং সরকুল্যর,

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি ১৮৮৪ সালের ২৩ সেপ্টেম্বরের ১৩ নং পত্র,

স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও শাসনকর্ত্তৃপক্ষের প্রতি ১৮৮৪ সালের ২৯ সেপ্টেম্বরের ১০৬ Ex / ১৭ ৯ নং সরকুল্যর,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রতি ১৮৮৪ সালের ২৯ সেপ্টেম্বরের ১০৮০ Ex / ১৭ E—I নং পত্র,

পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

রাজকীয় কমিশ্যনের অধীনে, লণ্ডন নগরে, ১৮৮৬ সালে যে প্রদর্শনী হইবে তাহাতে যোগ দিবার জন্য মহামান্য যুবরাজ প্রিন্স অব ওয়েলস ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে নিমন্ত্রণ করিয়াছেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা তাহাতে সম্মতি প্রকাশ করিয়াছেন। যুবরাজ নিজেই বলিয়াছেন যে ব্রিটিষ দ্বীপবাসীগণের আয়ত্তাধীনে, শ্রীশ্রীমতীর অধীনস্থ উপনিবেশ ও ভারত-রাজ্যের সীমার মধ্যে যে অসীম কৃষি শিল্পাদির উপায় রহিয়াছে তাহা সম্পূর্ণরূপে উক্ত দ্বীপবাসীদিগের হৃদয়ঙ্গম করানই প্রদর্শনীর উদ্দেশ্য।

২। এই ব্যাপারের সহায়তার জন্য ইতিপূর্ব্বেই স্থানীয় গবর্ণমেণ্ট ও স্থানীয় কর্ত্তৃপক্ষসমূহকে আহ্বান করা হইয়াছে। এক্ষণে সাম্রাজ্যের উৎপন্ন, শিল্পজাত ও কারুকার্য্যজাত দ্রব্য সমূহ সম্পূর্ণ ও সুচারুরূপে প্রদর্শন করিবার যে সুযোগ উপস্থিত হইয়াছে, তাহা সমস্ত ভারতবর্ষীয় সাধারণ লোকে জানিতে পারে ইহাই গবর্ণমেণ্টের অভিপ্রায়।

৩। ১৮৮৬ সালের মে মাসের প্রারম্ভেই সাউথ কেনসিংটন নামক স্থানে প্রদর্শনী খোলা হইবে। ঐ বৎসরের ১লা জানুয়ারির পূর্ব্বেই ভারতবর্ষীয় প্রদর্শনীয় দ্রব্যাদি ইংলণ্ডে পহুঁছান আবশ্যক।

৪। যাবৎ রাজকীয় কমিশ্যনরগণের নিকট আরও উপদেশ না পাওয়া যায়, তাবৎ কি নিয়মে স্থান প্রাপ্ত হওয়া যাইবে এবং কি পরিমাণে স্থান পাওয়া সম্ভব ইহা জানান যাইতে পারে না। কিন্তু স্থানীয় কর্ত্তৃপক্ষেরা যেরূপ নির্দ্দেশ করেন সেই ঠিকানায়, যত সত্বর সম্ভব, স্থানের জন্য প্রদর্শনাকাঙ্ক্ষী-দিগের আপাততঃ দরখাস্ত করা বাঞ্ছনীয়। সুতরাং ১৮৮৫ সালের ১লা মার্চ্চের পূর্ব্বে যে সকল দরখাস্ত পাওয়া যাইবে তাহাদিগকে এই বন্দোবস্তে প্রাধান্য দেওয়া যাইবে যে, যে পরিমাণ স্থানের জন্য দরখাস্ত হয় তাহা সম্পূর্ণ পাইবার নিশ্চয়তা থাকিবে না এবং স্থানের মূল্য সম্বন্ধে যদি অসম্মতি হয় তাহা হইলে পরে দরখাস্ত ফিরাইয়া লইয়া যাইতে পারিবে।

৫। প্রদর্শনী সম্বন্ধে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট যে সকল চিঠীপত্র লিখিতে হইবে, তাহা রাজস্ব ও কৃষি আফিসের প্রদর্শনী শাখার ভারপ্রাপ্ত কার্য্যকারকের নামে পাঠাইতে হইবে।

আজ্ঞা।—আজ্ঞা হইল যে, স্থান পাইবার প্রার্থনাপত্র যে স্থানে করিতে হইবে তাহা জানাইয়া সাধারণের অবগতি নিমিত্ত স্থানীয় গেজেট সকলে প্রকাশ করিবার এবং দেশীয় ও ইংরেজী ভাষার সংবাদপত্রে প্রেরণ করিবার অনুরোধ করিয়া পার্শ্বলিখিত স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও শাসন কর্ত্তৃপক্ষের নিকট এই নির্দ্ধারণের নকল পাঠান যায়।

মান্দ্রাজ।
বোম্বাই।
বঙ্গদেশ।
উত্তর-পশ্চিম প্রদেশ ও অযোধ্যা।
পঞ্জাব।
মধ্য প্রদেশ।
বৃটিশ ব্রহ্মদেশ।
কুর্গ।
আসাম।
হয়দারাবাদের রেসিডেণ্ট সাহেবের বরারের সেক্রেটরী।

আরো আজ্ঞা হইল যে এই নির্দ্ধারণ ইণ্ডিয়া গেজেটের পরিশিষ্ট খণ্ডে প্রকাশিত হয়।

(প্রকৃত উদ্ধৃত কথা।)
ই, সি, বক্,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[*Government Gazette, 10th February* 1885]

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only* at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only*; at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেন্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাকমাসুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেন্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার বোটানিক্যাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ২৪৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকটে নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাসুল লাগিবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A. in two Volumes. *Price Rs.* 24; *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING, No. 166, Dhurrumtolah Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট এ সেশন জজ ও রেন্ট-কমিশানের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

এক২ খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট এক২ খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

The 21*st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

	For the Mofussil.			Rs.	A.	P.	
Entire Gazette	...	...	...	10	0	0	per annum.
	Postage	...	...	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	...	...	...	4	0	0	„
	Postage	...	...	1	0	0	„
For a single copy—							
Entire Gazette	...	...	...	0	4	0	
	Postage	...	...	0	1	0	
Parts III, IV, V, and VI		...	...	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
	Postage	...	...	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette*, 10*th February* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮১ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে।

		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১২৲
ডাকমাশুল	,,	১৷৷০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য		৷০
ডাকমাশুল		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাশুল		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এম, বেকার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

Note—*Rates for Advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half ,, ...	10

Casual advertisements.—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ১০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্নমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গালা সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গালা সেক্রেটারিয়েটের আকৌণ্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত ব্যক্তি বিনা ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌন্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের চৌফ সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই ;—

	টাকা
পূরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা " "	১০৲
কখন২ ইশ্তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্পান্সেড ওয়েস্ট টৌনহালের অভ্যন্তরস্থ বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[*Government Gazette*, 10*th February* 1885.]

শ্রীযুত বাবু বিনোদবিহারী মিত্রের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু রামচন্দ্র মল্লিক, এম, এ, বি, এল, কটক জিলায় মুনসেফের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া যে তারিখে আপন পদের কর্ম্ম গ্রহণ করেন তদবধি সামান্যতঃ বালেশ্বরে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

Baboo Dino Nath Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Rungpore, is vested with the powers to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Mr. W. Maude, Assistant Magistrate and Collector, Mymensingh, is vested with the powers of a Magistrate of the second class.

ERRATUM.—*The 6th February* 1885.—In the notification dated the 4th December last, published in the *Calcutta Gazette* of the 10th idem, appointing Baboo Kauhya Lal to be an Honorary Magistrate for the Bench at the sudder station of the Mozufferpore district, for "Kanhya Lal" *read* "Kunjo Lal."

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 3rd February* 1885.—Shah Latafat Hossein, Second Munsif of Chuprah, in the district of Sarun, is allowed leave for 2 months, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 1st February 1885, or from the date on which he may be relieved.

The 5th February 1885.—Baboo Benode Behary Mitter, Munsif of Balasore, in the district of Cuttack, is allowed leave for 2 months, under section 128, chapter X of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of the leave.

The 7th February 1885.—Baboo Joy Gopal Sinha, First Munsif of Tumlook, in the district of Midnapore, is allowed privilege leave for seven days, under Rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 10th February 1885.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 10th February 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for a police outpost at Aima in the village of Koolihanda, pergunnah Arsa, zillah Hooghly, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less one beegah of standard measurement, bounded on the north by a road, south by Debi Dass Pooskornee, east by a road and Itgorar Mat, and west by the Grand Trunk Road, is required within the aforesaid village of Koolihanda.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 10th February 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the construction of a police barrack at Bhudessur, in the village of Teliniparah, pergunnah Boro, zillah Hooghly, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 2 cottahs of standard measurement, bounded on the north and west by the garden lands of Bhojohari Dhur, south by the Bhudessur pound house, east by the Teliniparah outpost, is required within the aforesaid village o Teliniparah.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 17th February* 1885.]

রঙ্গপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ মুখোপাধ্যায় ফৌজদারী কার্য্যবিধি আইনের ২৬০ ধারার উল্লিখিত অপরাধের সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

ময়মনসিংহের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, মড সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

অশুদ্ধশোধন।—১৮৮৫ সাল ৬ ফেব্রুয়ারি।—শ্রীযুত কাণাইলাল বাবুর মজঃফরপুর জিলার সদর মোকামস্থ বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিয়োগ বিষয়ক গত ৪ ডিসেম্বর তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ১৬ তারিখের বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশিত হয় তাহাতে "কাণাইলাল" এই নামের পরিবর্ত্তে "কুঞ্জলাল" এই নাম পাঠ করিতে হইবে।

মুন্সেফদের ছুটী।—১৮৮৫ সাল ৩ ফেব্রুয়ারি।—সারণ জিলার অন্তর্গত ছাপরার দ্বিতীয় মুন্সেফ শ্রীযুত শাহলতাফত হুসেন সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে ১৮৮১ সালের ১ ফেব্রুয়ারি তারিখ অবধি অথবা যে তারিখে তিনি অন্যের প্রতি আপন কর্ম্মভার অর্পণ করেন তদবধি দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮৫ সাল ৫ ফেব্রুয়ারি।—কটক জিলার অন্তর্গত বালেশ্বরের মুন্সেফ শ্রীযুত বাবু বিনোদবিহারী মিত্র সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮৫ সাল ৭ ফেব্রুয়ারি।—মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুকের প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু জয়গোপাল সিংহ ১৮৮৫ সালের ১০ ফেব্রুয়ারি তারিখ অবধি সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে সাত দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত আর্সা পরগনার কুলী হাণ্ডা গ্রামে আয়মতে পোলীস ফাঁড়ীর নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কুলী হাণ্ডা গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক এক বিঘা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা পথ, দক্ষিণ সীমা দেবীদাস পুষ্করিণী, পূর্ব্ব সীমা পথ ও ইটগড়ার মাঠ ও পশ্চিম সীমা উত্তর পশ্চিমে যাইবার বড় পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ হুগলী জিলার অন্তর্গত বোরো পরগনার তেলিনীপাড়া গ্রামে ভদ্রেশ্বরে পোলীসবারিক প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত তেলিনীপাড়া গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক /২ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা ভজহরি ধরের বাগানের জমি, দক্ষিণ সীমা ভদ্রেশ্বরের খোঁয়াড়বাড়ী পূর্ব্ব সীমা তেলিনীপাড়ার ফাঁড়ি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

The 5th February 1885.

No. 35.—The Lieutenant-Governor is pleased to sanction the Akra Brick Factory being temporarily constituted a Public Works Division from the 1st February 1885, and to appoint Mr. F. Sills to be Executive Engineer.

The 7th February 1885.

No. 36.—*Furlough.*—Mr. A. J. Oldham, Executive Engineer, third grade, Cuttack-Puri, Benares-Cuttack Railway Surveys, is granted furlough for eight months, under section 132 of the Civil Leave Code, with effect from the 15th March 1885, or such subsequent date as he may avail himself of it, together with the necessary subsidiary leave.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Government of Bengal, P. W. Dept.

The 9th February 1885.

No. 37.—*Transfer.*—Mr. T. Butler, Assistant Engineer, first grade, is transferred in the interests of the public service from the office of the Superintending Engineer, Orissa Circle, to the Brahmini-Bytumi Division.

J. M. McNIELL, *Lieut. Col.*, R.E.
Joint Secy. to the Government of Bengal, P. W. Dept.

The 9th February 1885.

No. 39.—With reference to Government of India Public Works Department Notification No. 45 of the 5th instant, Mr. W. A. Lesmond, Executive Engineer, third grade, is posted to the Behar-Assam State Railway.

No. 40.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for public purposes, viz. for filling up excavation at Khusrupore station in the village of Safeepore, pergunnah Bhunpur, zillah Patna, it is hereby declared that for above purposes one plot of land, measuring local 1*b.* 4*c.* 12¾*d.*, bounded on the north by the fields of Mohadao Goala and Peara Kunjra; south by the Railway Company's land; east by the fields of Musoodun Jolaha and Budree Saha; west by the Railway Company's land.

This declaration is made, under the provision of section 6, Act X of 1870, to all whom it may concern.

No. 41.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a line of railway connecting the east face and the north east face sidings at Goalundo, Eastern Bengal State Railway, in the villages—

District Furreedpore.

Names of villages.		In pergunnah.
Esalshibrampore	... ...	Shazapore,
Dobagachee, and	... ...	
Sujabad Dobgachee	... ...	

in zillah Furreedpore, it is hereby declared that, for the above purpose, a strip of land measuring, more or less, 1¼ mile in length, varying in width 150 to 800 feet or thereabout, is required within the aforesaid villages in zillah Furreedpore.

This declaration is made, under the provision of section 6 of Act X of 1870, to all whom it may concern.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette, 17th February* 1885.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ৫ ফেব্রুয়ারি।

৩৫ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইটের কারখানার আর কিয়ৎকালের নিমিত্তে ১৮৮৫ সালের ১ ফেব্রুয়ারি তারিখ অবধি পবলিকওর্কস সম্পর্কে অন্যত্তমখণ্ড হইবার অনুমোদন করিয়া শ্রীযুত এফ, নীলস সাহেবকে একসেকিটিব ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত করিলেন।

১৮৮৫ সাল ৭ ফেব্রুয়ারি।

৩৬ নম্বর।—নিয়মিতছুটী।—কটক-পুরী বাগারস কটক রেলওয়ে জরীপের তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, ওলড হাম সাহেব ১৮৮৫ সালের ১৫ মার্চ্চ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারদের ছুটীর বিধির ১৩২ ধারামতে আবশ্যক আনুষাঙ্গিক ছুটী সুদ্ধ আটমাসের নিয়মিত ছুটী পাইলেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৮৫ সাল ৯ ফেব্রুয়ারি।

৩৭ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, বটলর সাহেব রাজকার্য্যের হিতার্থে উড়িষ্যা চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিস হইতে ব্রাহ্মণী বৈতরণী খণ্ডে প্রেরিত হইলেন।

জে, এব, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

১৮৮৫ সাল ৯ ফেব্রুয়ারি।

৩৯ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের এই মাসের ৫ তারিখের ৪৫ নং জ্ঞাপন পত্রোপলক্ষে তৃতীয় শ্রেণীর এক্সেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এ, লেসবণ্ড সাহেব বেহার আসাম ষ্টেট রেলওয়েতে অবস্থাপিত হইলেন।

৪০ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাটনা জিলার অন্তর্গত ভলপুর পরগনার সাফীপুর গ্রামে খুস্রুপুর ষ্টেশনে গর্ত্ত ভরাট করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভুমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে স্থানীয় মাপের ১ বিঘা ৪ কাঠা ১২ ½ ধুর পরিমিত একখণ্ড ভুমির প্রয়োজন। উক্ত ভুমির উত্তর সীমা মহাদেব গোয়ালা ও পিয়ারা কুঞ্জরার ক্ষেত্র, দক্ষিণ সীমা রেলওয়ে কোম্পানীর ভুমি, পূর্ব্বসীমা মসুদন জোলা ও বক্সীশাহার ক্ষেত্র, পশ্চিম সীমা রেলওয়ে কোম্পানীর ভুমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

৪১ নম্বর।—বিজ্ঞাপন। রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গোয়ালন্দে ইষ্টারণ বেঙ্গল ষ্টেট রেলওয়ের পূর্ব্ব ও উত্তর পূর্ব্ব মুখের সাইডিং যোগ করিবার নিমিত্তে একটি রেলওয়ে লাইন করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত গ্রামে অর্থাৎ

ফরিদপুর জিলা।

গ্রামের নাম।	পরগনা।
ইশান শিবরামপুর	শাজাপুর।
ডোবগাছি ও	
সুলতান ডাবগাছি	

গ্রামে ভুমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ফরীদপুর জিলার অন্তর্গত পূর্ব্বোক্ত সকল গ্রামে ন্যূনাধিক ½ মাইল দীর্ঘ ও ১৫০ অবধি ৮০০ বা প্রায় ৮০০ ফুট পর্য্যন্ত প্রস্থ এক খণ্ড ভুমির প্রয়োজন।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

The 10th February 1885.

No. 42.—*Transfer.*—Mr. H. E. Pellereau, Assistant Engineer, second grade, is transferred in the interests of the public service, as a temporary measure, from the Circular and Eastern Canals to the Balasore Division.

No. 43.—*Leave.*—In modification of notification No. 8 of the 12th ultimo, Mr. C. A. White, Assistant Engineer, first grade, is granted privilege leave for one month with effect from the 11th idem.

IRRIGATION.

The 10th February 1885.

No 44.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, *viz.* for an inspection bungalow near Noapara, in the village of Noapara, pergunnah Jhankur, zillah Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 1 acre 3 roods 26 poles of standard measurement, bounded on the north and west by the waste mehal lands of Buldeb Lall Bhugut and others, south by the thani holdings of Kanhu Naik and others and waste mehal lands of Buldeb Lall Bhugut, and east by the thani holdings of Kanhu Naik and others and waste mehal land of Soorjea Mony Dei, is required within the aforesaid village of Noapara.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

IRRIGATION.

The 10th February 1885.

No. 45.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a bungalow at Jagarnathpur, in the villages of Jagarnathpur, Apperti and Mookul, pergunnah Tirun, zillah Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 3 roods 38 poles of standard measurement, bounded on the north and west by mehal lands of Ma. Jagarnathpur and Mookul, cultivated by Bauchanidhi Naik, Gorood Naik and others, south and east by ryoti lands of Ma. Apperti held by Issur Barrick and Jagu Leuka respectively, is required within the aforesaid villages.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 46.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a bungalow at Ersama, in the village of Ersama, killa Koojang, zillah Cuttack, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 1 acre 4 poles of standard measurement, bounded on the north by lakhraj lands of Pata Bewa, south by lakhraj lands of Bustub Churn Das, east by lakhraj lands of Sadanand Putnaik and Bustub Churn Das, and west by the waste lands of Ma. Ersama, is required within the aforesaid village of Ersama.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. M. McNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

Dated the 10th February 1885.

No. 47.—*Leave.*—Mr. J. P. Cleghorn, Assistant Engineer, 1st grade, is granted privilege leave for 3 months under section 72 of the Civil Leave Code, with effect from the 1st January 1885.

No. 48.—Declaration No. 17, dated 13th January 1885, for the acquisition of land from the Tarkessur Railway, published at page 27 of the *Calcutta Gazette* of the 14th idem, is hereby cancelled.

[*Government Gazette*, 17*th February* 1885.]

১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।

৪২ নম্বর।—স্থানান্তরেনিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এচ, ই, পেলেরো সাহেব রাজকার্য্যের হিতার্থে কিয়ৎকালের নিমিত্তে সরকুলের ও পূর্ব্বখাল খণ্ড হইতে বালেশ্বর খণ্ডে প্রেরিত হইলেন।

৪৩ নম্বর।—ছুটী।—গত মাসের ১২ তারিখের ৮ নম্বর বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া প্রথম শ্রেণীর আসিষ্টন্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত সি, এ, হোয়াইট সাহেবকে ঐ মাসের ১১ তারিখ অবধি এক মাসের অনুগ্রহের ছুটী দেওয়া গেল।

জলসেচন বিষয়ক।

১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।

৪৪ নং।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক জিলার অন্তর্গত ঝঙ্কর পরগনার নোয়াপাড়া গ্রামে নোয়াপাড়ার নিকট পরিদর্শন বাঙ্গলা করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পূর্ব্বোক্ত নোয়াপাড়া গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ১ একর ৩ রুড ২৬ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা বলদেব লাল ভক্ত প্রভৃতির মহালের পতিত ভূমি, দক্ষিণ সীমা কানুনায়ক প্রভৃতির থানী যোত ও বলদেব লাল ভক্তের মহালের পতিত ভূমি ও পূর্ব্ব সীমা কানুনায়ক প্রভৃতি থানী যোত ও সূর্য্যমণি দের মহালের পতিত ভূমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জলসেচন বিষয়ক।

১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।

৪৫ নং।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক জিলার অন্তর্গত তিরন পরগনার জগন্নাথপুর আপত্তি ও মুকুল গ্রামে জগন্নাথপুরে বাঙ্গালা ঘরের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পূর্ব্বোক্ত সকল গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৩ রুড ৩৮ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পশ্চিম সীমা বাঞ্ছানিধি নায়ক ও গরুড় নায়ক প্রভৃতির কর্ষিত ম জগন্নাথপুর ও মুকুলের মহালে ভূমির দক্ষিণ ও পূর্ব্ব সীমা ঈশ্বর বারিক ও জগু লেউকার অধিকৃত ম আপত্তির রায়তী ভূমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

৪৬ নম্বর।—বিজ্ঞাপন। রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কটক জিলার অন্তর্গত কুজঙ্গ কিল্লার এরসমা গ্রামে এরসমার বাঙ্গলাঘরের জন্য রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত এরসমা গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক এক একর ৫ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা পটা বেওয়ার লাখেরাজ ভূমি, দক্ষিণ সীমা বৈষ্ণবচরণ দাসের লাখেরাজ ভূমি, পূর্ব্ব সীমা সদানন্দ পট্টনায়ক ও বৈষ্ণবচরণ দাসের লাখেরাজ ভূমি ও পশ্চিম সীমা ম এর সমার পতিত ভূমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, এম, মাকনীল, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট-সেক্রেটরী।

১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।

৪৭ নম্বর।—ছুটী।—প্রথমশ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে, পি, ক্রেগহর্ণ সাহেব ১৮৮৫ সালের ১ জানুয়ারি তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭২ ধারামতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

৪৮ নম্বর।—তারকেশ্বর রেলওয়ের জন্য ভূমি গ্রহণ বিষয়ক ১৮৮৫ সালের ১৩ জানুয়ারি তারিখের ১৭নং বিজ্ঞাপন যাহা ঐ মাসের ২০ তারিখের বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের ৮৭ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছিল তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

CIVIL BUILDINGS.

The 10th February 1885.

Declaration.—No. 50.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for additions to the compound of the sub-divisional Magistrate's bungalow at Gopalganj, partly in the village of Saraya and partly in Gopalganj, in one piece, and on the boundary of these two villages, pergunnah Sipah in the district of Saran, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 acres 20 poles, and bounded on the north by the existing compound of the sub-divisional officer's residence bungalow, on the south by the district road to Maniarah, on the east by the village road from Gopalganj to Jadopur, and on the west by the mango tope of Hanooman Panday and the cultivated land of Parmessar Das, is required within the said villages of Saraya and Gopalganj.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

G. F. E. S. NEILL, *Major*, M.S.C.,
Under-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette*, 17*th February* 1885.]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

[তৃতীয়বার প্রকাশিত।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ১৬ জানুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়ন করণার্থ ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।—

১৮৮৫ সালের ১ নম্বর।

জন্ম, মৃত্যু ও বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৮৫ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

কোনং স্থলে জন্ম মৃত্যু ইচ্ছামত রেজিষ্টরী করিবার ও কোনং স্থলে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্টর রাখিবার সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন করিবার ও অন্য কোনং কার্য্য সাধন করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

কোনং শ্রেণীর ব্যক্তিদের মধ্যে জন্ম ও মৃত্যু ইচ্ছামত রেজিস্টরী করিবার, ও উক্ত জন্ম ও মৃত্যু ও ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমতে যে সকল বিবাহ রেজিষ্টরী করা যায় তাহা অধিকতর কার্য করভাবে রেজিস্টরী করিবার, এবং ঐ জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্টর রাখিবার সাধারণ রেজিস্টরী আফিস স্থাপন করিবার বিধান করা বিহিত;

আর যে দেশে রেজিষ্টর রাখা হয়, সেই দেশের আইনে যে কর্ম্ম করিবার বিশেষ আজ্ঞা আছে সেই কর্ম্ম সম্পাদনার্থে না হইয়া প্রকারান্তরে যে রেজিষ্টর প্রস্তুত করা গিয়াছে, এরূপ বর্ত্তমান কোনং রেজিষ্টর সংগ্রহ করিয়া রাখিবার বিধান করা এবং ঐ সকল রেজিষ্টরের লিখিত দফার নকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে এরূপ নির্দ্দেশ করা বিহিত।

অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১ অধ্যায়।

উপক্রমণিকা।

১ ধারা। (১) এই আইন জন্ম মৃত্যু ও বিবাহ রেজিস্টরী করণ বিষয়ক ১৮৮৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে; এবং

সংক্ষেপ নাম ও আরম্ভ।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া যে তারিখের আজ্ঞা করেন, সেই তারিখ অবধি এই আইন প্রচলিত হইবে।

২ ধারা। এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে এবং শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাদের সহিত যত দূর সম্পর্ক থাকে কেবল তত দূর শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজাদের ও রাজাধিকারের দেশেও বর্ত্তিবে।

স্থানীয় ব্যাপ্তি।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে এই আইনে, "নির্দ্দিষ্ট" শব্দে এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত বিধিক্রমে নির্দ্দিষ্ট বুঝাইবে; এবং

অর্থকরণের কথা।

"জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার" শব্দে এই আইনমতে নিযুক্ত জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার বুঝাইবে।

৪ ধারা। এই আইনের, কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির, কোন কথায় স্থান বিশেষে জন্ম মৃত্যু রেজিস্টরী করিবার বিধান করণার্থ ইতঃপূর্ব্বে বা অতঃপর বিধিবদ্ধ কোন আইনের কোন বিঘ্ন হইবে না।

স্থানীয় আইন সংরক্ষণের কথা।

২ অধ্যায়।

জন্ম, মৃত্যু ও বিবাহের সাধারণ রেজিস্টরী আফীসবিষয়ক বিধি।

৫ ধারা। (১) প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্ট,

সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন ও রেজিষ্ট্রার জেনরল নিয়োগ করিবার কথা।

(ক) এই আইনমতে রেজিস্টরী করা জন্ম মৃত্যুর অথবা স্থল বিশেষে বিবাহ প্রথার বিধান করণার্থ ১৮৭২ সালের ৩ আইনমতে কিম্বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমতে রেজিস্টরী করা বিবাহের রেজিস্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল এই আইনমতে কিম্বা এই আইনদ্বারা সংশোধিত শেষোক্ত আইনদ্বয়ের কোন আইনমতে পাঠান যায়, তাহা রাখিবার নিমিত্ত একটী সাধারণ রেজিস্টরী আফিস স্থাপন করিবেন; এবং

(খ) স্বীয় শাসনাধীন দেশের নিমিত্ত উক্ত আফিসের কার্য্য ভার বহনার্থে সময়ে২ এক জন কার্য্যকারক নিযুক্ত করিতে পারিবেন। তাঁহাকে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল বলা যাইবে।

(২) কিন্তু বোম্বাইর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক আপনার শাসনাধীন দেশের নিমিত্ত দুইটী সাধারণ রেজিস্টরী আফিস স্থাপন করিতে এবং জন্ম, মৃত্যু ও বিবাহের দুই জন রেজিষ্ট্রার জেনরল নিযুক্ত করিতে পারিবেন। সিন্ধু দেশের নিমিত্ত এরূপ একটী সাধারণ রেজিস্টরী আফিস স্থাপিত ও এক জন রেজিষ্ট্রার জেনরল নিযুক্ত হইবেন, এবং বোম্বাইর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন অন্যান্য দেশের নিমিত্ত অন্য সাধারণ রেজিস্টরী আফিস স্থাপিত ও অন্য রেজিষ্ট্রার জেনরল নিযুক্ত হইবেন।

৬ ধারা। জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে এই আইনমতে কিম্বা এই আইন দ্বারা সংশোধিত ১৮৭২ সালের ৩ আইন বা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমতে রেজিস্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল পাঠান যায়, রেজিষ্ট্রার জেনরল সাহেব নির্দ্দিষ্ট পাঠে তাহার সূচীপত্র প্রস্তুত করাইয়া আপন আফিসে রাখিবেন।

সাধারণ রেজিষ্টরী আফিসে সূচীপত্র রাখিবার কথা।

৭ ধারা। এরূপ যে যে সূচীপত্র করা যায় কোন ব্যক্তি তাহা দেখিবার প্রার্থনা জানাইলে যুক্তিসিদ্ধ সকল সময়ে নির্দ্দিষ্ট ফী দিয়া তাহা দেখিতে পাইবেন; এবং যে লেখা যে রেজিস্টরের সম্বন্ধীয় হয়, সেই রেজিস্টরের সর্টিফিকেটযুক্ত নকল হইতে সেই লেখার নকল যে সকল ব্যক্তি পাইবার প্রার্থনা করেন তাঁহাদিগকে নির্দ্দিষ্ট ফী লইয়া দেওয়া যাইবে।

সূচীপত্র দেখিতে পাইবার কথা।

৮ ধারা। পূর্ব্ব ধারামতে কোন দফার যে নকল সাক্ষ্য দেওয়া যায় তাহাতে জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব স্বাক্ষর করিবেন; এবং উক্ত দফা যে জন্ম মৃত্যু বা বিবাহ সম্বন্ধে লিখিত হয় তাহার প্রমাণ করণার্থ ঐ নকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

দফার নকল সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবার কথা।

৯ ধারা। জন্ম মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরল যে দেশের নিমিত্ত নিযুক্ত হন, তিনি সেই দেশের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারদের কার্য্যের সাধারণ তত্ত্বাবধান করিবেন।

রেজিষ্ট্রার জেনরলের রেজিষ্ট্রারদের তত্ত্বাবধান করিবার কথা।

৩ অধ্যায়।

জন্ম মৃত্যু রেজিষ্টরীকরণ বিষয়ক বিধি।

ক।—এই অধ্যায় বর্ত্তিবার কথা।

১০ ধারা। এই অধ্যায় অনুসারে নিম্নলিখিত ব্যক্তিদের জন্মমৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে, যথা,—

যে ব্যক্তিদের জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে তাহাদের কথা।

(ক) ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইন যে যে জাতি, সম্প্রদায়, বা কুলের প্রতি বর্ত্তে ও তাহার সম্বন্ধে উক্ত আইনের ৩৩২ ধারামত কোন আজ্ঞা অনুসারে প্রবল না থাকে, ব্রিটিস ভারতবর্ষে সেই সেই জাতি, সম্প্রদায় বা কুলের ব্যক্তিদের ও খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী ব্যক্তিদের;

(খ) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজাদের ও রাজাধিকারের দেশে শ্রীশ্রীমতী মহারাণীর যে প্রজারা এরূপ কোন জাতি, সম্প্রদায় বা কুলভুক্ত বা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী তাহাদের।

খ। রেজিষ্টরী নিমিত্তার কথা।

১১ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট আপন শাসনাধীন দেশের মধ্যে যেং স্থানীয় চক্র সময়েং নির্দ্দেশ করেন, তজ্জন্য যত জনকে উপযুক্ত বোধ করেন তত জনকে নামোল্লেখে বা পদোপলক্ষে সময়েং জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিতে পারিবেন।

আপন শাসনাধীন দেশে নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্টের রেজিষ্ট্রার নিযুক্ত করিতে পারিবার কথা।

(২) এই ধারামতে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট তাহাকে স্থগিত, অপসারিত বা পদচ্যুত করিয়া তৎপরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

(৩) জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার পদ ত্যাগ করিবার ইচ্ছা লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টে জানাইয়া পদ ত্যাগ করিতে পারিবেন; এবং স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার পদত্যাগ পত্র গ্রহণ করিলে, তাঁহার পদ শূন্য হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

১২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজাধিকারের অন্তর্গত যেং স্থানীয় চক্র সময়েং নির্দ্দেশ করেন, তজ্জন্য যতজনকে উপযুক্ত বোধ করেন তত জনকে ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া নামোল্লেখে বা পদোপলক্ষে সময়েং জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিতে পারিবেন।

দেশীয় রাজ্যের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার নিযুক্ত করিতে পারিবার কথা।

১৩ ধারা। (১) জন্ম মৃত্যুর যে রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের জন্য নিযুক্ত হন, তথায় তাঁহার এক আফিস থাকিবে।

রেজিষ্ট্রারের আফিস ও উপস্থিতির কথা।

(২) জন্মমৃত্যুর যে রেজিষ্ট্রারের সম্বন্ধে এই প্রকরণ খাটিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আদেশ দেন, তিনি জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব সময়েং যেং তারিখ ও ঘণ্টা নির্দ্দেশ করেন সেইং তারিখে ও ঘণ্টায় জন্মমৃত্যু রেজিষ্টরী করিবার নিমিত্ত আপন আফিসে উপস্থিত থাকিবেন, এবং আপন আফিসের বহির্দ্বারের উপরিস্থ বা নিকটস্থ কোন সুপ্রকাশ স্থানে তিনি যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হইয়াছেন সেই স্থানীয় চক্রের জন্মমৃত্যুর রেজিষ্ট্রার বলিয়া আপনার নাম ও তিনি যেং তারিখে ও ঘণ্টায় উপস্থিত থাকেন তাহা লেখাইয়া রাখিবেন।

১৪ ধারা। (১) কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরের অন্তর্গত কোন স্থানীয় চক্রের জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার ভিন্ন জন্ম মৃত্যুর যে কোন রেজিষ্ট্রারের সম্বন্ধে এই ধারা খাটিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করেন তিনি অনুপস্থিত থাকিলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে, জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব তৎস্থলে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি অথবা ঐরূপ নিয়োগ করা না গেলে যে জিলা আদালতের জজ সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে উক্ত রেজিষ্ট্রারের আফিস থাকে সেই জজ সাহেব, উক্ত অনুপস্থিতিকালে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল উক্ত শূন্য পদ পূর্ণ না করেন তত কাল জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার থাকিবেন।

রেজিষ্ট্রার আপন জিলায় উপস্থিত না থাকিবার ও তাঁহার পদ শূন্য হইবার কথা।

(২) কলিকাতা, মান্দ্রাজ বা বোম্বাই নগরের অন্তর্গত কোন স্থানীয় চক্রের জন্ম মৃত্যুর ঐরূপ কোন রেজিষ্ট্রার অনুপস্থিত থাকিলে, কিম্বা তাঁহার পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে, জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব তদর্থে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি উক্ত অনুপস্থিতিকালে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল উক্ত শূন্য পদ পূর্ণ না করেন তত কাল জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার থাকিবেন।

(৩) এই ধারামতে যে সকল নিয়োগ করা যায়, তদ্বিষয়ে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেব স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

রেজিষ্টরী বহী দিবার ও কাগজপত্র রক্ষা করণের বিধান করিবার কথা।

১৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট জন্ম মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রারকে উপযুক্তসংখ্যক জন্মের রেজিষ্টরী বহী ও মৃত্যুর রেজিষ্টরী বহী দিবেন এবং জন্ম মৃত্যু রেজিষ্টরী করণ সংক্রান্ত কাগজপত্র রক্ষা করিবার উপযুক্ত বিধান করিবেন।

গ।—রেজিষ্টরী করণের প্রণালীর কথা।

যে জন্মমৃত্যুর সংবাদ দেওয়া হয় রেজিষ্ট্রারের তাহা রেজিষ্টরে লিখিতে হইবার কথা।

১৬ ধারা। জন্মমৃত্যুর রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের জন্য নিযুক্ত হইয়াছেন, তন্মধ্যে জন্ম বা মৃত্যু হইবার সংবাদ পাইলে, যে ব্যক্তি এই আইন অনুসারে সংবাদ দিতে ক্ষমতাপন্ন যদি সেই ব্যক্তি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নির্দ্দিষ্ট প্রকারে সেই সংবাদ দিয়া থাকে, তবে উপযুক্ত রেজিষ্টরী বহীতে ঐ জন্ম বা মৃত্যুর কথা তৎক্ষণাৎ লিখিবেন।

যেব্যক্তিরা জন্মের সংবাদ দিতে পারিবেন তাঁহাদের কথা।

১৭ ধারা। নিম্নলিখিত ব্যক্তিদিগকে, অর্থাৎ শিশুর পিতা বা মাতাকে, কিম্বা পিতা বা মাতার অভাবে যে গৃহে দখলীকারের জ্ঞানগোচরে শিশুর জন্ম হয় সেই গৃহের দখলীকারকে, কিম্বা জন্মকালে উপস্থিত কোন ব্যক্তিকে কিম্বা শিশুর ভার প্রাপ্ত ব্যক্তিকে জন্মের সংবাদ দিবার ক্ষমতা এতদ্দ্বারা দেওয়া গেল।

যে ব্যক্তিরা মৃত্যুর সংবাদ দিতে পারিবেন তাঁহাদের কথা।

১৮ ধারা। মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা এতৎক্রমে নিম্নলিখিত ব্যক্তিগণ প্রাপ্ত হইলেন, যথা,—

(ক) এই আইন যে তারিখে প্রচলিত হয় সেই তারিখের পর কোন গৃহে কোন ব্যক্তির মৃত্যু হইলে, মৃত ব্যক্তির অতি নিকট যে আত্মীয়েরা মৃত্যুকালে উপস্থিত থাকেন কিম্বা মৃত ব্যক্তির চরম পীড়াকালে শুশ্রূষা করেন তাঁহারা, অথবা ঐরূপ আত্মীয়ের অভাবে মৃত ব্যক্তি মৃত্যুকালে যে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারের স্থানীয় চক্রের মধ্যে ছিলেন তথায় মৃত ব্যক্তির অন্য কোন আত্মীয় বাস করিলে বা থাকিলে সেই আত্মীয়, অথবা তদভাবে মৃত্যু কালে উপস্থিত অন্য কোন ব্যক্তি কিম্বা যে গৃহে দখলীকারের জ্ঞানগোচরে মৃত্যু ঘটে সেই গৃহের দখলীকার অথবা এই ধারার লিখিত পূর্ব্বোক্ত ব্যক্তিগণের অভাবে পূর্ব্বোক্ত গৃহে যে কোন ব্যক্তি থাকে সেই ব্যক্তি, এবং

(খ) যে তারিখে এই আইন প্রচলিত হয় সেই তারিখের পর যে স্থান গৃহ নহে এরূপ স্থানে কোন ব্যক্তির মৃত্যু হইলে কিম্বা গৃহ ভিন্ন অন্য স্থানে মৃতদেহ পাওয়া গেলে, মৃত্যু সম্বন্ধে যে বৃত্তান্ত রেজিষ্টরী করা আবশ্যক তাহার কোন কথা জানে মৃত ব্যক্তির এরূপ কোন আত্মীয় অথবা তদভাবে মৃত্যু কালে উপস্থিত কোন ব্যক্তি অথবা যে ব্যক্তি মৃত দেহ প্রাপ্ত হন বা তাহার ভার গ্রহণ করেন সেই ব্যক্তি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

যে ব্যক্তি সংবাদ দেন জন্ম বা মৃত্যুর লিখিত কথায় তাঁহার স্বাক্ষর করিতে হইবার কথা।

১৯। (১) ১৬ ধারার আদেশমতে জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার জন্ম বা মৃত্যুর কথা লিখিলে, যে ব্যক্তি জন্ম বা মৃত্যুর সংবাদ দেন তিনি রেজিষ্ট্রারের সমক্ষে রেজিষ্টরের লিখিত কথায় স্বাক্ষর করিবেন।

(২) উক্ত কথায় যাবৎ ঐ রূপে স্বাক্ষর করা না যায়, তাবৎ এই আইনমতে উক্ত জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে না।

জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করণের সর্টিফিকেট দিবার কথা।

২০ ধারা। যে ব্যক্তি জন্ম বা মৃত্যুর সংবাদ দেন সেই ব্যক্তি জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করিবার সময়ে প্রার্থনা করিয়া নির্দ্দিষ্ট ফী দিলে, জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার উক্ত জন্ম বা মৃত্যু রেজিষ্টরী করিয়াছেন বলিয়া নির্দ্দিষ্ট পাঠে রেজিষ্ট্রারের স্বাক্ষরিত সর্টিফিকেট প্রার্থককে দিবেন।

রেজিষ্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইবার সম্বন্ধে রেজিষ্ট্রারদের কর্ত্তব্যের কথা।

২১ ধারা। (১) ব্রিটিষ ভারতবর্ষের জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার যে স্থানীয় চক্রের নিমিত্ত নিযুক্ত হন, তাহা যে দেশের অন্তর্গত, সেই দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট নির্দ্দিষ্ট সময়ানুরে শেষবার পাঠাইবার সময়াবধি তদ্রূপ রেজিষ্টরী বহীতে জন্মমৃত্যুর যে সকল দফা লিখিত হইয়াছে নির্দ্দিষ্ট পাঠে আপনার স্বাক্ষরিত সর্টিফিকেট সহিত তাহার ঠিক নকল পাঠাইবেন।

কিন্তু জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার ইংলিস, রোমক বা স্কচ চর্চ্চের পাদরি হইলে, তাঁহার সম্প্রদায় সংক্রান্ত উচ্চতর কর্ত্তৃপক্ষের নিকট প্রথমে ঐ সর্টিফিকেটযুক্ত নকল পাঠাইতে পারিবেন, এবং ঐ কর্ত্তৃপক্ষ জন্মমৃত্যু ও বিবাহের যথাযোগ্য রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট উহা পাঠাইবেন।

এই প্রকরণে "ইংলিস চর্চ্চ" ও "স্কচ চর্চ্চ" শব্দে যথাক্রমে আইনক্রমে সংস্থাপিত ইংলিস চর্চ্চ ও স্কচ চর্চ্চ বুঝাইবে; এবং যে চর্চ্চ রোমের পোপকে গুরু বলিয়া মানে, "রোমক চর্চ্চ" শব্দে সেই চর্চ্চ বুঝাইবে।

(২) শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় কোন রাজার বা রাজ্যাধিকারীর দেশে যে কোন জন্মমৃত্যুর রেজিষ্ট্রার থাকেন, তৎসম্বন্ধে (১) প্রকরণের বিধান এই পরিবর্ত্তন সহকারে খাটিবে যে, সকৌন্সিলাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে জন্ম মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরলকে নিযুক্ত করেন, উক্ত প্রকরণের উল্লিখিত সর্টিফিকেটযুক্ত নকল তাঁহার নিকট পাঠাইতে হইবে।

২২ ধারা। (১) জন্ম মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রার নির্দ্দিষ্ট ফী লইয়া যুক্তিসিদ্ধ সকল সময়ে আপনার রক্ষিত সকল রেজিষ্টরী বহীতে অনুসন্ধান লইতে অনুমতি দিবেন এবং ঐ সকল বহীর লিখিত কোন কথার নকল দিবেন।

রেজিষ্টরী বহীর লিখিত কথার অনুসন্ধান লইবার ও নকল দিবার কথা।

(২) এই ধারামতে রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার যে নকল দেওয়া যায় জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার তাহাতে স্বাক্ষর করিবেন; এবং তাহা যে জন্ম বা মৃত্যু সম্বন্ধে লিখিত হয় তাহার প্রমাণ করণার্থে সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে।

খ।—দণ্ডের কথা।

২৩ ধারা। কোন জন্ম বা মৃত্যুর রেজিষ্টরের মধ্যে লিখিবার নিমিত্তে যদি কোন ব্যক্তি এই আইনমতে জন্ম বা মৃত্যুর সংবাদ সম্পর্কে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা বর্ণন করেন বা দেন, তবে তাঁহার তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড হইবে।

ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সংবাদ দিলে দণ্ডের কথা।

২৪ ধারা। জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রারের যে জন্ম বা মৃত্যু এই আইনমতে লেখা উচিত, তিনি তাহা উপযুক্ত রেজিষ্টরী বহীতে লিখিতে অস্বীকার করিলে কিম্বা যুক্তিসিদ্ধ কারণ বিনা না লিখিলে, অথবা জন্ম বা মৃত্যুর কোন রেজিষ্টরী বহীর ভারপ্রাপ্ত কোন ব্যক্তি অনবধানতাপ্রযুক্ত ঐ বহী হারাইলে বা উহার হানি করিলে বা করিতে দিলে, তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

রেজিষ্টরে জন্ম বা মৃত্যু না লিখিলে বা রেজিষ্টর হারাইলে দণ্ডের কথা।

গ।—ভুল সংশোধন করিবার কথা।

২৫ ধারা। (১) জন্ম মৃত্যুর কোন রেজিষ্ট্রার এই আইনমতে যে কোন রেজিষ্টরী বহী রাখেন, তাহাতে জন্ম বা মৃত্যুর লিখিত কোন কথার পাঠে বা মর্ম্মে কোন ভুল দেখিলে, যে ব্যক্তিরা জন্ম বা মৃত্যুর সংবাদ দেন তাঁহাদের সমক্ষে কিম্বা তাঁহাদের মৃত্যু বা অনুপস্থিত ঘটিলে অন্য দুইজন বিশ্বাসযোগ্য সাক্ষীর সমক্ষে মূল লিখিত কথা পরিবর্ত্তন না করিয়া পার্শ্বে লিখিয়া ঐ ভুল সংশোধন করিতে পারিবেন, এবং পার্শ্বলিখিত কথায় স্বাক্ষর করিয়া তাহাতে সংশোধনের তারিখ যোগ করিবেন।

জন্ম মৃত্যুর রেজিষ্টরে লিখিত কথা সংশোধন করিবার কথা।

(২) এই ধারামতে যে প্রত্যেক কথা লেখা যায়, তাহা যে সাক্ষীদের সমক্ষে লেখা যায়, তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন।

(৩) লিখিত কথার সার্টিফিকেটযুক্ত নকল জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠান গিয়া থাকিলে, জন্ম মৃত্যুর রেজিষ্ট্রার মূল ভুল লেখার ও পার্শ্বলিখিত সংশোধনের স্বতন্ত্র সার্টিফিকেটযুক্ত নকল লেখাইয়া পাঠাইবেন।

৪ অধ্যায়।

১৮৭২ সালের বিবাহ বিষয়ক আইন সংশোধনের বিধি।

২৬ ধারা। স্থল বিশেষে বিবাহ প্রথার বিধান করণার্থ ১৮৭২ সালের ৩ আইনের ১৩ ধারার পর নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।—

১৮৭২ সালের ৩ আইনের ১৩ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

"১৩ক ধারা। রেজিষ্ট্রারের জিলা যে দেশের মধ্যে থাকে তিনি সেই দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে যেরূপ সময়ান্তরের আদেশ করেন সেইরূপ সময়ান্তরে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে যেরূপ পাঠ নির্দ্দিশ করেন সেইরূপ পাঠে শেষবার পাঠাইবার সময়াবধি উক্ত বিবাহে সার্টিফিকেট বহীতে তাঁহার লিখিত সমুদয় কথার ঠিক নকল আপনার স্বাক্ষরিত সার্টিফিকেটযুক্ত করিয়া পাঠাইবেন।"

বিবাহের সার্টিফিকেট বহীর লিখিত কথার সার্টিফিকেটযুক্ত নকল জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইবার কথা।

২৭ ধারা। খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন নিম্নলিখিত সংশোধন করিতে হইবে, যথা,—

খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন সংশোধনের কথা।

(ক) ৩ ধারার শেষে "জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল শব্দে জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৮৫ সালের আইনমতে নিযুক্ত জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল বুঝাইবে" এই কথাগুলি যোগ করিতে হইবে;

(খ) যে যে স্থলে "স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী" এই কথা আছে সেই২ স্থলে উক্ত কথার পরিবর্ত্তে "জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল" এই কথা, এবং ৭৯ ধারায় "স্থানীয় গবর্ণমেণ্টের যে সেক্রেটরী" এই কথার পরিবর্ত্তে "জন্ম, মৃত্যু ও বিবাহের যে রেজিষ্ট্রার জেনরল" এই কথা দিতে হইবে।

(গ) ৬২ ধারার "স্থানীয় গবর্ণমেণ্ট যেং স্থান নিরূপণ করেন সেইং স্থানে" এই কথার পরিবর্ত্তে "রেজিষ্টরী বহী যে ব্যক্তি রাখেন, সেই ব্যক্তি যে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট লাইসেন্স পান, সেই স্থানীয় গবর্ণমেণ্টের শাসনাধীন দেশের জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবের আফিসে" এই কথা দিতে হইবে।

(ঘ) ৮১ ধারায় "জন্মের ও মৃত্যুর ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল" এই কথার পূর্ব্বে "ইংলণ্ডে" এই কথা দিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

(ঙ) এ অধ্যায়মতে নিযুক্ত কমিশ্যনরেরা যে বর্ণনা-ত্মক নির্ঘন্ট বা নির্ঘন্টসমূহ প্রস্তুত করেন তাহাতে যেং বৃত্তান্ত লিখিতে হইবে এবং ঐং বৃত্তান্ত যেং কাগজপত্র বা রেজিষ্টর কিম্বা যে কাগজপত্রের বা রেজিষ্টরের অংশ সম্পর্কীয় হয়, তাহার উল্লেখ তাঁহারা যে প্রকারে করিবেন, ইহা নির্দ্দেশ করিবার; এবং

(চ) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সফল করিবার।

৩৩ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্ব ধারামতে বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে তদ্দ্বারা যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা তাহাদের অবগতি নিমিত্ত যে প্রকারে প্রকাশ করিলে তাঁহার মতে প্রচুর হইতে পারে, সেই প্রকারে প্রস্তাবিত বিধির পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

বিধিপ্রণয়ন ও প্রকাশ করিবার কার্য্যপ্রণালীর কথা।

(২) যে তারিখে বা যে তারিখের পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করা যাইবে, তাহা নির্দ্দেশ করিয়া ঐ পাণ্ডুলেখ্যের সহিত একটি মন্তব্য প্রকাশ করা যাইবে।

(৩) ঐ নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(৪) এই ধারামতে যে কোন বিধি প্রণয়ন করা যায় তাহা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যাইবে; এবং পূর্ব্ব ধারামতে প্রণীত বলিয়া কোন বিধি ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা গেলে ঐ প্রকাশ করণেই তাহা নিয়মিতরূপে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১। সমাজের যেং শ্রেণীর লোক এইরূপ রেজিষ্টরী করাইবার সম্ভাবনা তাঁহাদের উপকারার্থে জন্ম ও মৃত্যু ইচ্ছামত রেজিষ্টরী করিবার প্রণালী স্থাপন করিতে, ও (২) ঐরূপে যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যায় তাহার ও ১৮৭২ সালের ৩ আইন বা শ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের ১৫ আইনমতে রেজিষ্টরী করা বিবাহের রেজিষ্টরী বহী রাখিবার সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপন করিতে, এবং (৩) আইনের আদেশ বিনা জন্ম, বাপ্তাইজকরণ, মৃত্যু, সমাধিকরণ, ও বিবাহের যেং রেজিষ্টর রাখা হইয়াছে এরূপ বর্ত্তমান কোনং রেজিষ্টরকে প্রামাণিকত্ব দিবার যত্নের বিধান করিতে, এই পাণ্ডুলিপিতে প্রস্তাব করা গিয়াছে।

২। ভারতবর্ষীয় ইউরোপীয়দের মধ্যে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার বিষয় বহুকাল গবর্ণমেণ্টের বিবেচনাধীনে আছে; এবং এবিষয়ে ব্যবস্থা করিবার অবশ্যকতা অত্যন্ত নির্ব্বন্ধ সহকারে দর্শাইয়া নানা শ্রীষ্টীয়ান ধর্ম্ম-সম্প্রদায় যে সকল আবেদনপত্র প্রেরণ করিয়াছেন, তাহাতেও বারম্বার এবিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে।

৩। ভারতবর্ষীয় আইনের মধ্যে এক্ষণে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার কোন সাধারণ ব্যবস্থা নাই। সত্য বটে, এরূপ আইন আছে যাহাতে নির্দ্দিষ্ট স্থানের মধ্যে, প্রধানতঃ মুনিসিপালিটী ও সেনানিবেশস্থানের মধ্যে, জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার বিধান আছে; কিন্তু এই সকল আইন প্রথমতঃ ভাব দেখিতে গেলে বিশেষরূপে স্থানীয় ও তাহাতে দেশের অধিকাংশ স্থান সম্বন্ধে কোন বিধান নাই। দ্বিতীয়তঃ এই সকল আইনের বিধানের মুখ্যদৃষ্টি স্থিতিরীতিসংক্রান্ত বিষয় নিবদ্ধ থাকায়, ঐ সকল বিধান এপ্রকারের নহে যে, তদনুসারে রক্ষিত জন্ম মৃত্যুর রেজিষ্টর সাক্ষ্যসংক্রান্ত কার্য্যে লাগিতে পারে।

৪। দেশের সকল স্থানে ধর্ম্মসমাজেরা বাপ্তাইজ ও সমাধিকরণের যে বহুসংখ্যক রেজিষ্টর রাখেন, তৎসম্বন্ধে এইরূপ সন্দেহ হয় যে জন্ম ও মৃত্যু সংক্রান্ত আবশ্যক বৃত্তান্ত শুদ্ধরূপে দেওয়া বিষয়ে তাহার উপর কতদূর নির্ভর করা যাইতে পারে ও তন্মধ্যে অধিকাংশই সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে না।

৫। যখন আইনের এইরূপ অবস্থা, তখন সাধারণতঃ বিষয়ের গুরুত্ব ও পূর্ব্বোল্লিখিত আবেদনপত্র বিবেচনায় এবং সম্পত্তিগত স্বত্ব প্রভৃতি বিষয়ক ব্যক্তিগত বৃহৎ স্বার্থ ঘটিত প্রশ্ন সম্পর্কে জন্মের বা মৃত্যুর প্রমাণ সম্বন্ধে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে ও ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে বারম্বার জিজ্ঞাসাবাদ করা হয় ইহার প্রতি দৃষ্টি রাখিয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বিবেচনা করেন যে এরূপ একটি স্বেচ্ছাধীন ব্যবস্থা প্রণয়ন করা বিহিত, যাহাতে যে ব্যক্তিরা জন্ম মৃত্যুর অলঙ্ঘনীয় প্রমাণ চাহেন তাঁহাদিগকে জন্ম মৃত্যু রেজিষ্টরী করিবার সম্পূর্ণ সুবিধা করিয়া দেওয়া হইবে।

৬। পাণ্ডুলিপির দ্বিতীয় উদ্দেশ্য সম্বন্ধে ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে স্থানীয় নানা আফিসে যে সকল সম্বাদ রেজিষ্টরী করা যায় তাহা একটি কেন্দ্রস্থানে সাধারণ আফিস স্থাপন করিয়া উহাতে এরূপে সংগৃহীত ও সুবিন্যস্ত থাকিবে যাহাতে জনসাধারণ ঐ সম্বাদ জিজ্ঞাসা করিলেই সহজে জানিতে পারেন, এরূপ বিধান না করিতে পারিলে জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করণ সম্বন্ধে কোন প্রণালীই সম্পূর্ণ কার্য্যকর হইবে না।

৭। এই সম্বন্ধে শ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন ও ১৮৭২ সালের ৩ আইনমত বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক প্রণালী যে সন্তোষজনক নহে, এই বিষয়ের প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মনোযোগ আকর্ষণ করা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

পূর্ব্বোক্ত আইনের বিধানমতে অথবা ঐ আইনমত আদেশক্রমে ঐ আইনমত বিবাহের প্রমাণস্বরূপ দলীল স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট প্রেরিত হয়। উহার সর্টিফিকেটযুক্ত নকল দিতে তাঁহার ক্ষমতা আছে। ঐ সকল প্রমাণ স্থলে গ্রাহ্য হইয়া থাকে। ইহাতে আপাততঃ এরূপ বোধ হইতে পারে যে এই বিষয়ে আর কিছু করিবার প্রয়োজন নাই। কিন্তু যে সকল বিবাহের রিকার্ড স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে রক্ষিত হয় তাহার সূচীপত্র রাখিবার কার্য্যতঃ কেবল যে কোন বন্দোবস্ত নাই এমত নহে, স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে প্রাপ্ত ঐ সকল আসল রিকার্ডের অধিকাংশই পূর্ব্বোক্ত আইনের ৮১ ধারা প্রচলিত আদেশ মতে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট প্রেরণার্থে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট পাঠাইতে হয়। সুতরাং স্থানীয় সেক্রেটরীয়াট আফিসে প্রাপ্ত বিবাহের রিকার্ডের অধিকাংশ ঐ স্থানে না থাকাতে সাধারণের জিজ্ঞাসা কার্য্য সিদ্ধ হয় না, এবং যে গুলি থাকে তাহাও সূচীপত্রের অভাবে কার্য্যতঃ অব্যবহার্য্য হয়।

১৮৭২ সালের ৩ আইন সম্বন্ধে বক্তব্য এই যে ঐ আইনমতে যে সকল বিবাহ সাধিত হয় তাহা কোন কেন্দ্রস্থলীয় কর্ত্তৃপক্ষের নিকট রিপোর্ট করিবার উহাতে কোন বিধান নাই। উহাতে যে বিবাহের সর্টিফিকেটের বহী রাখিবার বিধান আছে তাহা রেজিষ্ট্রার রাখিয়া থাকেন, কিন্তু ঐ বহীর সূচীপত্র রাখিতে হইবে তাঁহার প্রতি এরূপ কোন আদেশও নাই। সুতরাং যে সকল বিবাহের সহিত ঐ বহীর সম্পর্ক থাকে, তৎসম্বন্ধে রিকার্ডস্বরূপ গ্রাহ্য হওন পক্ষে উহার ফলোপধায়িতার অনেক হ্রাস হইয়া যাইতেছে।

৮। এই সকল কারণে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট জন্ম ও মৃত্যুর রেজিষ্টরী করণ বিষয়ক প্রস্তাবিত আইন প্রণয়ন করণোপলক্ষে বিবাহ রেজিষ্টরী করণ বিষয়িণী ব্যবস্থার পূর্ব্বোক্ত অভাবগুলি দূরীকরণার্থে সাধারণ রেজিষ্টরী আফিসের বিধান করিয়া উহাতে প্রস্তাবিত আইনক্রমে যে সকল জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে কেবল তৎসম্পর্কেই রেজিষ্টরী না রাখিয়া ১৮৭২ সালের ৩ আইন অথবা খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনক্রমে যে সকল বিবাহ রেজিষ্টরী হইতে পারিবে তাহারও রেজিষ্টরী রাখিতে হইবে এই বিধান করিয়াছেন।

৯। উপস্থিত পাণ্ডুলিপি (২ ধারা) ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র প্রচলিত হইবে এবং শ্রীশ্রীমতীর প্রজা সম্পর্কে শ্রীশ্রীমতীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষের রাজাদিগের অধিকৃত ও রাজ্যাধিকারসমূহের অন্তর্গত দেশে প্রচলিত হইবে।

১০। পূর্ব্ববর্ত্তী ৩ দফার উল্লিখিত স্থানীয় আইনসমূহের নির্দ্দিষ্ট জন্ম ও মৃত্যু বলপূর্ব্বক রেজিষ্টরী করাইবার প্রণালী লক্ষিত বিশেষ উদ্দেশের নিমিত্ত কার্য্যে লাগাইবার এবং ঐ সকল আইনের আদেশমত জনসাধারণের রেজিষ্টরী করণ হইতে পাণ্ডুলিপিসংস্পৃষ্ট সীমাবদ্ধ শ্রেণীর লোকের রেজিষ্টরী করণ পৃথক করিয়া রাখিবার কোন পথ নাই বোধ হওয়াতে, স্থানবিশেষে জন্ম মৃত্যু রেজিষ্টরী করাইবার বিধান করণার্থ যেহ আইন এক্ষণে প্রবল আছে বা অতঃপর বিধিবদ্ধ হইবে, তৎসমুদয় রক্ষা করা আবশ্যক বলিয়া দেখা গিয়াছে; এবং ৪ ধারায় ইহার বিধান করা গিয়াছে। এই নিমিত্ত এই ধারার ফল এইরূপ হইবে যে, জন্মমৃত্যু রেজিষ্টরী করণ সংক্রান্ত পাণ্ডুলিপির বিধান যে ব্যক্তিদের সম্বন্ধে খাটে তাঁহারা ঐ২ স্থানীয় আইনের স্থিতিরীতিঘটিত প্রয়োজন পূরণ করিতে পূর্ব্বের ন্যায় বাধ্য থাকিবেন এবং প্রমাণসংক্রান্ত কার্য্যের নিমিত্ত এই পাণ্ডুলিপিমতে জন্ম ও মৃত্যু পুনর্ব্বার রেজিষ্টরী করিতে পারিবেন।

১১। ২ অধ্যায়ের ৫ ধারায় স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক জন্ম মৃত্যু ও বিবাহের সাধারণ রেজিষ্টরী আফিস স্থাপনের এবং জন্ম মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল নিয়োগের বিধান আছে। এই পাণ্ডুলিপি অনুসারে অথবা ১৮৭২ সালের ৩ আইন কিম্বা খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন অনুসারে রেজিষ্টরের যে সকল সর্টিফিকেটযুক্ত নকল পাঠান যায়, সাধারণ রেজিষ্টরী আফিসে ৬ ধারামতে তাহার সূচীপত্র রাখিতে হইবে। এই সকল সূচীপত্র (৭ ধারা) সাধারণে দেখিতে পাইবে, এবং যে লেখা যে রেজিষ্টরের সম্বন্ধীয় হয়, সেই রেজিষ্টরের সর্টিফিকেটযুক্ত নকল হইতে সেই লেখার নকল যে সকল ব্যক্তি প্রার্থনা করেন, তাঁহাদিগকে দেওয়া যাইবে; এবং ঐ নকল (৮ ধারা) সাক্ষ্য বলিয়া গ্রাহ্য হইবে। ৯ ধারায় জন্ম মৃত্যুর রেজিষ্ট্রারদের তত্ত্বাবধান করিবার ক্ষমতা রেজিষ্ট্রার জেনরল সাহেবের প্রতি প্রদত্ত হইয়াছে।

১২। ৩ অধ্যায়ে জন্ম মৃত্যু রেজিষ্টরীকরণবিষয়ের বিধান আছে। যে ব্যক্তিদের জন্ম মৃত্যু রেজিষ্টরী করা যাইতে পারিবে, ১০ ধারায় তাঁহারা এইরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন, যথা, ব্রিটিষ ভারতবর্ষে যে কোন জাতি, সম্প্রদায় বা কুল সম্বন্ধে ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক ১৮৬৫ সালের আইন খাটে এবং যাহার সম্বন্ধে উক্ত আইনের ৩৩২ ধারামত আজ্ঞা তৎকালে প্রবল না থাকে, সেই জাতি, সম্প্রদায় বা কুলের ব্যক্তিগণ ও খ্রীষ্টীয়ধর্ম্মাবলম্বী সকল ব্যক্তি, এবং দেশীয় রাজ্যে এইরূপ যে সকল ব্যক্তি ব্রিটিষ প্রজা হন তাঁহারা। অতএব সাধারণতঃ বলিতে গেলে, পাণ্ডুলিপির এই সকল বিধান ফিরিঙ্গী, য়িহুদী, আর্ম্মাণী, পার্সী ও ইউরোপীয়দের সম্বন্ধে এবং দেশীয় খ্রীষ্টীয়ানদের সম্বন্ধে খাটিবে। এই দেশে যে সকল শ্রেণীর লোক আছে, তন্মধ্যে কেবল ইহারাই এই প্রকারের আইনের উপকার লাভ করিতে যাইবার সম্ভাবনা বলিয়া বিশ্বাস আছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

১৩। পরে এই অধ্যায়ে ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টসমূহের প্রতি ও দেশীয় রাজ্যের মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত স্থানের জন্য উপযুক্ত ব্যক্তিদিগকে নাম ধরিয়া কি পদোপলক্ষে জন্ম ও মৃত্যুর রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করিয়া (১১ ও ১২ ধারা) রেজিষ্টরীকরণকার্য্যের শিরিস্তা স্থাপনের বিধান করা হইয়াছে। ১৮৭২ সালের ৩ আইন কি খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনমত বিবাহসাধন করিতে ক্ষমতা কি লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিদিগকে ঐ২ ধারামত প্রদত্ত সাধারণ ক্ষমতাক্রমে নিযুক্ত করিবার প্রস্তাব করা যাইতেছে, এবং যাঁহারা বিবাহের রেজিষ্ট্রারদিগের নিকট যাইতে ইচ্ছা না করেন তাঁহাদিগের স্থানে সংবাদ গ্রহণ করিবার বিধান করণার্থে উপযুক্ত অপর ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার কল্পনা আছে। প্রত্যেক যে স্থানের জন্য বিবাহের রেজিষ্ট্রার নিযুক্ত হন সেই স্থানের জন্য শেষোক্ত প্রকার একং ব্যক্তিকে নিযুক্ত করা অভিপ্রেত। এই শেষোক্ত প্রকার রেজিষ্ট্রারদিগের প্রতিও ১৩ ও ১৪ ধারা বর্ত্তাইবার অভিপ্রায়। ঐ২ ধারায় উক্ত রেজিষ্ট্রারদের পদসম্পর্কে এবং ঐ পদ কিয়ৎকালের নিমিত্তে শূন্য হইলে উহাতে লোক নিযুক্তকরণসম্বন্ধে কতিপয় বিধান করা গিয়াছে। ১৫ ধারায় রেজিষ্টরী বহী সরবরাহ করিবার ও কাগজপত্র রক্ষা করিবার বিধান আছে।

১৪। পরে উক্ত অধ্যায়ে রেজিষ্টরী করণকার্য্যের প্রণালী বিষয়ক কথা বলা হইয়াছে। ঐ অধ্যায়ে (১৬ ধারা) জন্ম ও মৃত্যুর রেজিষ্ট্রারকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ও নির্দ্দিষ্ট প্রকারে জন্ম ও মৃত্যুর সম্বাদ ঐ সংবাদ দিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্ত্তৃক দেওয়া গেলে উক্ত রেজিষ্ট্রারের উহা তদীয় রেজিষ্টরী বহীতে লেখা কর্ত্তব্য কর্ম্ম এইরূপ নির্দ্দিষ্ট হইয়াছে। পরে (১৭ ও ১৮ ধারা) ক্রমান্বয়ে যেং ব্যক্তিরা জন্ম ও মৃত্যুর সংবাদ দিবার ক্ষমতা পাইবেন তত্তদ্ব্যক্তির নির্দ্দেশ করা হইয়াছে।

১৯ ধারার বিধান এই, জন্ম কি মৃত্যুর কথা লেখা গেলে সংবাদদাতা ঐ লিখনে স্বাক্ষর করিবেন এবং এই ধারায় নির্দ্দেশ হইয়াছে যে যাবৎ ঐ লিখন তদ্রূপে স্বাক্ষরিত না হয় তাবৎ ঐ জন্ম কি মৃত্যু রেজিষ্টরী হইয়াছে বলিয়া গণ্য হইবে না। ২০ ধারাক্রমে জন্ম ও মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রারের প্রতি এই আদেশ হইয়াছে যে তিনি জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করণকালে এ২ ঘটনার সংবাদদাতার প্রার্থনামতে ও ঐ সংবাদদাতা নির্দ্দিষ্ট ফী দিলে ঐ জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করণের সর্টিফিকেট দিবেন।

২১ ধারামত এই বিধান হইয়াছে যে জন্ম ও মৃত্যুর প্রত্যেক রেজিষ্ট্রার নির্দ্দিষ্ট কালানুসারে জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট আপন রেজিষ্টরী বহীর লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল পাঠাইয়া দিবেন। ব্রিটিস ভারতবর্ষের মধ্যে রেজিষ্ট্রারদিগের জন্য ব্যবস্থা এই যে, যে স্থানীয় চক্রের জন্য ঐ রেজিষ্ট্রার নিযুক্ত হন তাহা যে রেজিষ্ট্রার জেনরলের বিচারাধিপত্যের অন্তর্গত তাঁহারই নিকট ঐ সকল নকল পাঠাইতে হইবে। কেবল যে রেজিষ্ট্রারেরা ইংলিষ চর্চ্চের কি রোমন কিম্বা স্কচ চর্চ্চের পাদরী তাঁহাদিগের প্রতি এই নিয়ম খাটিবে না। তাঁহারা রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইয়া দিবার জন্য আপনং উপরিতন ধর্ম্মযাজকের নিকট ঐ সকল নকল প্রেরণ করিবেন। দেশীয় রাজ্যের রেজিষ্ট্রার হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া এতৎকার্য্যপক্ষে যেরূপ আদেশ করেন সেইরূপ কোন এক জন রেজিষ্ট্রার জেনরলের নিকট উক্ত সকল নকল পাঠাইতে হইবে। ২২ ধারায় অনুসন্ধান করিবার ও প্রমাণস্থলে গ্রাহ্য হইতে পারিবে বলিয়া রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল দিবার বিধান করা হইয়াছে।

১৫। জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্ট্রারকে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা সংবাদ দিলে তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড ও অর্থদণ্ড এবং জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্ট্রার রেজিষ্টরীতে জন্ম কি মৃত্যুর কথা না লিখিলে কি রেজিষ্টরীবহী হারাইলে কি নষ্ট করিলে তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, ২৩ ও ২৪ ধারায় এইরূপ নির্দ্দেশ হইয়াছে।

১৬। পরিশেষে, জন্ম ও মৃত্যুর কোন রেজিষ্টরী বহীর লিখিত কোন কথার পাঠ কি বস্তুগত কোন অশুদ্ধি থাকিলে তাহা শোধন করিবার কার্য্যপদ্ধতি ২৫ ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে।

১৭। ৪ অধ্যায়ে (২৬ ও ২৭ ধারা) ১৮৭২ সালের ৩ আইন ও খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের কএকটি সংশোধন করা হইয়াছে। এই আইনমতে যে সকল রেজিষ্টরী বহী রাখা যায় তাহার লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল উপস্থিত পাণ্ডুলিপিক্রমে ভবিষ্যতে জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট পাঠাইতে হইবে। সুতরাং এ২ আইনের বিধান পাণ্ডুলিপির নির্দ্দিষ্ট কার্য্যপদ্ধতির সহিত মিলাইয়া লইবার জন্য পূর্ব্বোক্ত সংশোধন গুলি আবশ্যক হইয়াছে।

১৮। এই বর্ণনাপত্রের প্রথম দফায় উল্লিখিত তিনটি বিষয়ের মধ্যে ৫ অধ্যায়ে শেষ বিষয়টির কথা বলা হইয়াছে। পূর্ব্বেই কথিত হইয়াছে যে জন্ম কি বাপ্তাইজকরণ এবং মৃত্যু কি সমাধির রেজিষ্টর এক্ষণে দেশের সর্ব্বত্রই ধর্ম্মযাজকেরা রাখিয়া থাকেন। বিবাহ রেজিষ্টরী করণ বিষয়ক আইন প্রবল হইবার পূর্ব্বে বিবাহের রেজিষ্টরও ঐ ভাবে রক্ষিত হইত। আইনের বর্ত্তমান অবস্থায় ঐ রেজিষ্টরের অনেক গুলিই প্রমাণস্বরূপ গ্রাহ্য নহে, ও কোন নিয়মিত প্রকারে সংগৃহীত না হওয়াতে প্রমাণ স্থলে গ্রাহ্য হওয়াও সম্ভব নহে। আবার উহাদের মধ্যে কতকগুলি রেজিষ্টর সরকারী রেজিষ্টর বলিয়া গ্রাহ্য হইবার উপযুক্ত হইলেও হইতে পারে। সুতরাং ইংলণ্ডে এইরূপ অবস্থায় যে প্রকার কার্য্য হইয়াছে (ভিক্টোরিয়ার ৩ ও ৪ বৎসরের আইনের ৯২ অধ্যায় দেখ) তদনুযায়ী কার্য্য করত ঐ সকল রেজিষ্টর মধ্যে যে গুলি গ্রাহ্য হইবার উপযুক্ত সেই গুলিকে সিদ্ধ করিয়া উহাদের লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল প্রমাণস্থলে গ্রাহ্য হইবে এতৎপ্রকাশক কার্য্য পদ্ধতির বিধান করা পরামর্শসিদ্ধ বোধ হইয়াছে। ৫ অধ্যায়ে ইহাই করা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

১৯। ঐ অধ্যায়ে প্রথমেই ইহা প্রকাশ করা হইয়াছে (২৮ ধারা) যে, যে ব্যক্তির জিম্মায় তদ্রূপ কোন রিকার্ড থাকে তিনি উপস্থিত পাণ্ডুলিপি বলবৎ হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে উহা যে প্রদেশের মধ্যে তিনি বাস করেন সেই প্রদেশের জন্ম ও মৃত্যু ও বিবাহের রেজিষ্ট্রার জেনরলের নিকট কিম্বা ঐ ব্যক্তি কোন দেশীয় রাজ্যে বাস করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন প্রকাশ করিয়া যে রেজিষ্টর জেনরলের নির্দ্দেশ করেন তাঁহার নিকট পাঠাইয়া দিতে পারিবেন। পরে ঐ অধ্যায়ে (২৯ ধারা) বিধান হইয়াছে যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নানা রেজিষ্ট্রার জেনরলের নিকট তদ্রূপে যে সকল রেজিষ্টর পাঠান গেল তাহা পরীক্ষা করিবার নিমিত্ত কমিশ্যনর নিযুক্ত করিতে পারিবেন, এবং (৩০ ধারায়) ঐ কমিশ্যনরদিগের কর্ত্তব্য কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে, যথা, তাঁহাদিগের নিকট অর্পিত প্রত্যেক রেজিষ্টরের অবস্থা ও প্রামাণিকতা ও উহা কাহার জিম্মায় ছিল তাঁহারা ইহার অনুসন্ধান করিবেন এবং যে সকল রেজিষ্টর কি রেজিষ্টরের অংশ শুদ্ধ ও বিশ্বাসযোগ্য দেখেন তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন ও ঐ নির্ঘণ্টপত্রের উল্লিখিত তদ্রূপ রেজিষ্টর কি রেজিষ্টরের অংশ যে বহী কি বালমের অন্তর্গত সেই প্রত্যেক বহী কি বালমের কোন অংশে এই সর্টিফিকেট দিবেন যে ঐ নির্ঘণ্টপত্রের উল্লিখিত সকল রেজিষ্টরের মধ্যে উহা এক খানি। ৩১ ধারায় এই অনুমতি দেওয়া হইয়াছে যে ফী দিলে তদ্রূপে যে সকল নির্ঘণ্টপত্র প্রস্তুত করা যায় তাহার অনুসন্ধান করা যাইবে এবং প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে বলিয়া ঐ রেজিষ্টরের লিখিত কথার সর্টিফিকেটযুক্ত নকল দিবার বিধান করা হইয়াছে।

২০। পরিশেষে, ৬ অধ্যায়ে (৩২ ও ৩৩ ধারা) এই আইনের উদ্দেশ্য সম্বন্ধীয় কএকটি বিষয়ে বিধি প্রণয়ন করণার্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি ক্ষমতা প্রদত্ত হইয়াছে এবং ঐরূপ বিধি প্রণয়ন ও প্রকাশ করিবার সাধারণ কার্য্যপদ্ধতি নির্দ্দিষ্ট হইয়াছে।

সি, পি, ইলবার্ট,
আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

১৮৮৫ সাল ২ জানুয়ারি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ১৭ ফেব্রুয়ারি।

সপ্তম খণ্ড।

রাজস্ববিষয়ক সরক্যুলর।

১৮৮৪ সাল ডিসেম্বর মাস।

শ্রীযুত এফ, বি, পীকক্ সাহেব।

১ নম্বর।

সরকারের সম্পত্তি হউক কি ভূম্যধিকারীদের স্থানে খাজানা করিয়া লওয়া হউক, রেলওয়ে কোম্পানির কি ইরিগেশন কোম্পানির অধিকৃত ভূমি ভিন্ন রাজকীয় কার্য্যের নিমিত্তে যে সকল ভূমি ব্যবহার হইতেছে, ১৮৬৪ সালের নবেম্বর মাসের ৭ নম্বর সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্ট ৬ নম্বর রেজিষ্টর সেই সকল ভূমিরই রেজিষ্টর।

২। গবর্ণমেণ্ট কি কোন সাধারণ সমিতি কর্ত্তৃক রাজকীয় কার্য্যের নিমিত্তে অধিকৃত যে ভূমির নিমিত্ত ভূরাজস্ব তলব করা যায় না, তৎসম্পর্কে পূর্ব্বোক্ত রেজিষ্টর রাখিবার আবশ্যকতা ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের নির্দ্দিষ্ট B চিহ্নিত রেজিষ্টরের দ্বিতীয় খণ্ড ক্রমে* রহিত হইয়াছে। সুতরাং ৬ নম্বর রেজিষ্টরের পাঠ নিম্নলিখিত প্রকারে পরিবর্ত্তন করিয়া যাহাতে উহা কেবল খাজানা করিয়া লওয়া ভূমি সম্বন্ধে খাটিতে পারে তদ্রূপ করা আবশ্যক।

*রাজস্ব দিতে না হইয়া রাজকীয় কার্য্যের নিমিত্তে অধিকৃত ভূমি প্রদর্শক রাজস্বমুক্ত ভূমির সাধারণ রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

শীর্ষক।—রেলওয়ে কোম্পানি কি ইরিগেশন কোম্পানির ভূমি ভিন্ন রাজকীয় কার্য্যের নিমিত্তে যে সকল ভূমি ব্যবহার হইতেছে ও গবর্ণমেণ্ট যাহার খাজানা রাজস্বসংক্রান্ত কার্য্যবিভাগ দ্বারা দিয়া থাকেন তৎসম্বন্ধীয় (৬ [২৬] নম্বর) রেজিষ্টর।

(২) প্রত্যেক দফার লিখিত ভূমির যত একর পরিমাণ। (৩) গবর্ণমেণ্টের যে কার্য্যবিভাগ কর্ত্তৃক কি যে সাধারণ সমিতি কর্ত্তৃক ঐ ভূমি অধিকৃত তাহার নাম। (৪) যে কার্য্যের নিমিত্তে ঐ ভূমি অধিকৃত। (৫) গ্রহণ করিবার তারিখ ও বিশেষ কথা। (৬) মৌজা ও স্থানীয় বিভাগ অনুসারে নির্দ্দেশ। উপশীর্ষক (ক) মৌজার নাম ও মৌজায় যত একর পরিমাণ। (খ) থানার নাম। (গ) মৌজাওয়ারী রেজিষ্টরে নম্বর। (৭) স্থায়ী কি মিয়াদী পাট্টা ক্রমে গবর্ণমেণ্ট কর্ত্তৃক অধিকৃত। মিয়াদী পাট্টা হইলে পাট্টার মিয়াদ নির্দ্দেশ করিতে হইবে। (৮) বাৎসরিক খাজানা। (৯) মন্তব্য।

৩। এক্ষণে B চিহ্নিত রেজিষ্টরের দ্বিতীয় খণ্ডে ও সংশোধিত ৬ নম্বর রেজিষ্টরে পুরাতন ৬ নম্বর রেজিষ্টরের কার্য্য করিবে। এই সকল রেজিষ্টর সমাপ্ত হইলেই, উহার প্রত্যেক খানির নকল রিকার্ড করিবার নিমিত্ত বোর্ডের আফিসে পাঠাইয়া দিতে হইবে। B চিহ্নিত রেজিষ্টরের দ্বিতীয় খণ্ডের নকলে ও ৬ নম্বর রেজিষ্টরে দফাগুলি সাবধানে এমত ফাক২ করিয়া লিখিতে হইবে যেন ভবিষ্যতে নিম্নলিখিতরূপ কোন পরিবর্ত্তন করা গেলে তাহা উহার মধ্যে লেখা যাইতে পারে।

৪। প্রত্যেক খণ্ড ভূমি যে কার্য্যের জন্য গৃহীত হইয়াছিল তাহার নিমিত্তে উহার আর প্রয়োজন না থাকিলে উহা রাজস্বসংক্রান্ত কার্য্যবিভাগকে প্রত্যর্পণ করিয়া পুনর্ব্বার রাজস্বদায়ী করিতে হইবে, অথবা উপস্থিত ভূম্যধিকারীর নিকট ইস্তফা করিতে হইবে কি উহা লইয়া যেমত উপযুক্ত বোধ হয় প্রকারান্তরে কার্য্য করিতে হইবে, প্রথমে এই উদ্দেশেই "রাজকীয় কার্য্যের নিমিত্তে ব্যবহৃত ভূমির" ৬ নম্বর রেজিষ্টর ও ৩৭ নম্বর রিটর্ণ নির্দ্দিষ্ট হইয়াছিল। কিন্তু এই উদ্দেশ্য লাভ হয় নাই ও তাহা যাহাতে লাভ করা যায় তৎপক্ষে সহায়তা করণার্থে বোর্ড গবর্ণমেণ্টের অনুমোদন সহকারে এই আজ্ঞা করিতেছেন যে কালেক্টর সাহেবেরা প্রত্যেক বৎসর জানুয়ারি মাসে তাঁহাদিগের রেজিষ্টরে ভূমি অধিকার করিতেছেন বলিয়া যে সকল কার্য্যবিভাগের উল্লেখ থাকে তাহার প্রত্যেক কার্য্যবিভাগে নিম্নলিখিত পাঠে একখানি বর্ণনাপত্র প্রস্তুত করিয়া পাঠাইয়া দিবেন।

অমুক ডিপার্টমেণ্টের প্রতি প্রেরিত অমুক জিলায় স্থিত ভূমির প্রকৃত ব্যবহার ও অধিকারের সর্টিফিকেট।

১	২	৩	৪	৫			৬	৭	৮
জমির নম্বর।	৬ কি B ২ নম্বর রেজিষ্টরের নম্বর।	যত একর পরিমাণ।	যে কার্য্যের নিমিত্তে ব্যবহৃত।	স্থানীয় উপবিভাগ অনুসারে অবস্থান।			যে পরিমাণ ভূমি ইজারা দেওয়া গিয়াছে ও দিবার কারণ।	যে পরিমাণ ভূমি ছাড়া গিয়াছে।	মন্তব্য।
				মৌজা ও পরিমাণ।	থানা।	মৌজাওয়ারী রেজিষ্টরের নম্বর।			

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

এই বর্ণনাপত্রের ১ অবধি ৫ পর্য্যন্ত ঘর কালেক্টরের আফিসে পূরণ করিয়া দিতে হইবে, এবং ৬ ও ৭ ঘর যে কার্য্যবিভাগ ভূমি অধিকার করেন তৎকর্ত্তৃক পূরণ করা যাইবে। ঐ কার্য্যবিভাগ তৎপ্রতি প্রথমে প্রদত্ত ভূমির কত পরিমাণ ও কি কার্য্যের নিমিত্তে এক্ষণেও রাখিবেন ও কত পরিমাণ ভূমির আর প্রয়োজন নাই, ইহার সর্টিফিকেট দিবেন।

৫। ঐ বর্ণনাপত্রের ৬ ও ৭ ঘর উপযুক্তমতে পূরণ হইয়া উহা ফিরিয়া আসিলে, কালেক্টর সাহেব ৬ ঘরে কোন ভূমির কথা লেখা গিয়া থাকিলে ঐ ভূমি লইয়া রেবিনিউ বোর্ডের আদেশমতে অথবা স্থল-বিশেষে স্বাধীন ভাবে কার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন।

৬। বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ২৭৬ পৃষ্ঠায় প্রদত্ত (৬ [২৬] নং) রেজিষ্টরের পাঠ রহিত করিয়া তৎপরিবর্ত্তে এক্ষণে নূতন যে পাঠ নির্দ্দিষ্ট হইল তাহা দিতে হইবে।

---

২ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১ বালমের ৭ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ৩০ ধারা পর্য্যন্ত ঐ পরিচ্ছেদ এতদ্দ্বারা রহিত করা গেল, ও তৎপরিবর্ত্তে শ্রীযুক্ত সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভূমির উৎকর্ষসাধনার্থ ঋণ বিষয়ক ১৮৮৩ সালের ১৯ আইনের ১০ ধারামতে নিম্নলিখিত যে বিধি প্রণয়ন করিয়াছেন তাহা দিতে হইবে।

১। এই সকল আজ্ঞাক্রমে শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের প্রণীত আনুষঙ্গিক বিধির কোন ব্যতিক্রম হইবে না। ইহা দৃষ্ট হইবে যে, শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেব সুদ হিসাব করিবার যে বর্ণনাপত্র প্রস্তুত করিয়াছেন, তাহা গবর্ণমেণ্ট কর্ত্তৃক এক্ষণে অনুমোদিত বিধির মধ্যে পুনরুদ্ধৃত হইয়াছে।

১। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রেবিনিউ বোর্ডের প্রতি যে টাকা নিরূপিত করিয়া দিবেন, সেই টাকাহইতে এতৎবিধিসম্মত ঋণ দেওয়া যাইবে।

২। কমিশ্যনর সাহেবেরা রাজস্বসংক্রান্ত আগামি বৎসরে তাঁহাদিগের খণ্ডের অন্তর্গত প্রত্যেক জিলায় এই আইনমত ঋণের জন্য যত টাকা আবশ্যক হইবে প্রতি বৎসর ১৫ অক্টোবর তারিখের মধ্যে তাহার এক২ খানি অনুমানপত্র দিবেন। ঐ অনুমানপত্র সম্বন্ধে গবর্ণমেণ্টের আদেশ প্রাপ্ত হওয়া গেলে ও ঐ টাকা নিরূপণ করা গেলে, যেড টাকা উপস্থিত হইলেই তাহা বণ্টন করিয়া দিবেন। কমিশ্যনর সাহেবেরা তদ্রূপে নিরূপিত টাকা আপনং বিবেচনামতে তাঁহাদিগের খণ্ডের অন্তর্গত নানা জিলায় ভাগ করিয়া ও নির্দ্ধারিত টাকা এক জিলা হইতে লইয়া অন্য জিলায় দিতে পারিবেন; কিন্তু একই খণ্ডের মধ্যে যে খরচ হয় তাহা ঐ খণ্ডের জন্য নির্দ্ধারিত টাকার অতিরিক্ত হইবে না।

৩। পূর্ব্বোক্ত আইনে কালেক্টর শব্দের যে অর্থ নির্দ্দেশ করা হইয়াছে, এই সকল বিধিতেও ঐ শব্দের সেই অর্থ।

৪। এই সকল বিধির বিধানানুসারে কালেক্টর সাহেব এই আইনের নির্দ্দিষ্ট কার্য্যের জন্য ১০০০৲ টাকার অনধিক ঋণের অনুমোদন করিতে পারিবেন। কিন্তু দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের অনুমতি না লইয়া জিলার নিমিত্ত নিরূপিত টাকার অতিরিক্ত ব্যয় করা যাইতে পারিবে না। ১০০০৲ টাকার অধিক ঋণ দিতে হইলে কমিশ্যনর সাহেবের ও ৫০০০৲ টাকার অধিক ঋণ দিতে হইলে বোর্ডের অনুমোদন আবশ্যক। তদ্রূপ সকল স্থলে কমিশ্যনর সাহেব অথবা বোর্ড যেরূপ আবশ্যক বোধ করেন কল্পিত কার্য্যের তদ্রূপ বিস্তারিত নক্শা ও অনুমানপত্র অথবা ঐ কার্য্যসম্বন্ধে সুনিপুণ ব্যক্তিদের মত চাহিতে পারিবেন।

৫। কালেক্টর সাহেবের নিকট প্রেরণার্থে কানুনগো অথবা সব-ডেপুটী কালেক্টরের পদ কি তাহার উচ্চতর পদধারী কোন রাজস্ব কর্ম্মচারীর নিকট ঋণের জন্য দরখাস্ত করা যাইতে পারিবে।

৬। দরখাস্ত যতদূর সম্ভব এতৎসংযুক্ত A চিহ্নিত পাঠে লিখিয়া করিতে হইবে।

৭। A চিহ্নিত পাঠের পৃষ্ঠদেশে যে সকল বিষয়ের উল্লেখ আছে তাহা অবধারণ করণার্থে কালেক্টর সাহেব স্বয়ং স্থানীয় তদন্ত করিবেন অথবা কানুনগো কি সব-ডেপুটী কালেক্টরের পদের নিম্নতর নহে এমন কোন পদধারী কোন রাজস্ব কর্ম্মচারী দ্বারা তদ্রূপ তদন্ত করাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

৮। (ক) যে ভূমির উৎকর্ষসাধন করিতে হইবে তাহাতে দরখাস্তকারীর স্বার্থ ঋণের টাকার পক্ষে পর্য্যাপ্ত হইলে আনুষঙ্গিক প্রাতিভাব্য লইবার আবশ্যকতা নাই। (খ) প্রতিভূরা গ্রামের বাসেন্দা হইলে ও আইনের ৯ ধারার বিধানমতে তাঁহারা একত্র ও স্বতন্ত্র বদ্ধ থাকিলে, তাঁহারা নিজে প্রতিভূ থাকিলেই যথেষ্ট হইবে। (গ) যেস্থলে এই ধারার (ক) কি (খ) প্রকরণ বর্ত্তে না, সেই স্থলে দরখাস্তকারীকে আনুষঙ্গিক প্রাতিভাব্যস্বরূপ স্থাবর সম্পত্তি বন্ধক রাখিতে হইবে।

৯। ষাণ্মাসিক কিস্তিতে ঋণ শোধ দিতে হইবে। প্রথম কিস্তির তারিখ ঋণ লইবার তারিখ হইতে দুই বৎসর মধ্যে হইবে, এবং ভূমির উৎকর্ষ সাধনহেতু যে সময় হইতে লাভ হইতে আরম্ভ হয় সেই সময় লক্ষ্য করিয়া যে স্থলে এই নিয়ম বর্ত্তিতে পারে সেই স্থলে উক্ত তারিখ ধার্য্য করিতে হইবে।

১০। শেষ কিস্তির তারিখ সামান্যতঃ ঋণ লইবার তারিখ হইতে দশ বৎসরের মধ্যে হইবে। কোন কিস্তিতে কত টাকা দিতে হইবে তাহা উৎকর্ষ সাধনহেতু সম্ভাবিত বাৎসরিক লভ্য বিবেচনায় যে স্থলে এই নিয়ম বর্ত্তিতে পারে সেই স্থলে ধার্য্য হইবে। রেবিনিউ বোর্ডের অনুমোদন সহকারে ঋণ শোধ করিবার কাল বিশেষ স্থলে বাড়াইয়া ২০ বৎসর পর্য্যন্ত করা যাইতে পারে।

১১। প্রস্তাবিত উৎকর্ষজনক কার্য্যগুলি আইনের ১১ ধারার (২) প্রকরণের বিধানানুযায়ী হইলে ও যে প্রতিভূ দেওয়া যায় তাহা উত্তম ও যথেষ্ট হইলে, কালেক্টর সাহেব স্থানীয় তদন্ত শেষ হইবার পর স্বয়ং ক্ষমতাপ্রাপ্ত হইয়া থাকিলে ঋণ অনুমোদন করিতে পারিবেন, নতুবা, তাঁহার রিপোর্টের সহিত ঐ দরখাস্ত তাঁহার উপরিস্থ কর্ম্মচারীর নিকট আবশ্যকমত কার্য্য হইবার জন্য প্রেরণ করিবেন।

১২। ঋণ অনুমোদিত হইলে দরখাস্তকারীকে এতৎসংযুক্ত B চিহ্নিত পাঠে এক খানি সর্টিফিকেট স্বাক্ষর করিতে আদেশ করা যাইবে, ও যে ভূমির উৎকর্ষসাধন করিতে হইবে তাহাতে তাঁহার স্বার্থ ঋণের পক্ষে পর্য্যাপ্ত না হইলে যদি তাহার কোন প্রতিভূ থাকে তাহা হইলে তিনি ও তাঁহার প্রতিভূরা এতৎসংযুক্ত C কি স্থলবিশেষে D চিহ্নিত পাঠে একখানি নিবন্ধপত্র লিখিয়া দিতে আদিষ্ট হইবেন।

১৩। ঐ সর্টিফিকেটের একখানি নকল দরখাস্তকারীকে দেওয়া যাইবে ও উহা জিলার কি মহকুমার খাজানাখানায় উপস্থিত করিলেই ঋণের টাকা দেওয়া যাইবে।

১৪। (ক) সুদের হার টাকা প্রতি বৎসর এক আনা বা শতকরা ৬।০ টাকা হইবে।

(খ) কিন্তু স্থানীয় গবর্ণমেন্ট বিশেষ কারণ থাকিলে ও রেবিনিউ বোর্ডের দ্বারা বিশেষ করিয়া দরখাস্ত পাঠান গেলে ইহা অপেক্ষা কম হারের সুদে কি বিনা সুদে ঋণ অনুমোদন করিতে পারিবেন।

(গ) আসল কি সুদের কি আসল ও সুদ এক করিয়া মোট টাকার কোন কিস্তি দেনা পড়িলেই না দেওয়া গেলে, কালেক্টর সাহেব উপযুক্ত বোধ করিলে তাহার উপর দেনা পড়িবার তারিখ অবধি দিবার তারিখ পর্য্যন্ত বৎসর শতকরা ৬।০ টাকার অনধিক হারে সুদ লইতে পারিবেন।

১৫। এতৎসংযুক্ত E চিহ্নিত পাঠের টেবিল অনুসারে ঋণ শোধ দিতে হইবে। বৎসর ৬।০ টাকা সুদের হারে এক অবধি বিশ বৎসর পর্য্যন্ত কোন কালের জন্য টাকা কর্জ্জ করিলে ঐ টাকা শোধ দিতে প্রতি ছয় মাসে সমান কত টাকা দিতে হয় ঐ টেবিলে তাহা দৃষ্ট হইবে।

১৬। ভূমির রাজস্ব দিবার জন্য যেং তারিখ ধার্য্য হইয়াছে সেইং তারিখই সামান্যতঃ কিস্তির টাকা দিবার তারিখ হইবে।

১৭। ফসল জন্মে নাই কি অন্য কোন বিশেষ দুর্ঘটনা হইয়াছে ইহার প্রমাণ পাইলে কালেক্টর সাহেবের আদেশ ও বিবেচনামতে কিস্তি স্থগিত করা যাইতে পারিবে। কালেক্টর সাহেব এই স্থগিত হইবার বিষয় কমিশ্যনর সাহেবের দ্বারা রেবিনিউ বোর্ডে রিপোর্ট করিবেন। বোর্ড যদ্রূপ উপযুক্ত বোধ করেন তদ্রূপ আদেশ করিবেন।

১৮। এই আইনমতে যে সকল কার্য্য অনুষ্ঠিত হয়, কালেক্টর সাহেব সময়েং তাহার পরিদর্শনের জন্য বিধান করিবেন। সকল স্থলেই সর্টিফিকেটে যে সময়ের মধ্যে কার্য্য শেষ করিবার আদেশ হয় সেই সময় উত্তীর্ণ হইবার পর এক মাসের মধ্যে ঐ কার্য্যের পরিদর্শন করিতে হইবে।

১৯। ঋণের টাকার কোন অংশের অন্যথাপ্রয়োগ হইয়াছে কোন সময়ে কালেক্টর সাহেবের সন্তোষমতে ইহা প্রমাণিত হইলে, তিনি তাঁহার নিষ্পত্তির হেতু লিপিবদ্ধ করিয়া রাজস্বসংক্রান্ত উপরিস্থ কর্তৃপক্ষের আদেশাধীনে যত টাকা সুদ পাওনা হইয়া থাকে তত টাকা সুদ্ধ ঋণের সমুদয় টাকা আদায় করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

E. পাঠ।

শতকরা ৬৷০ সুদে অগ্রিম দেওয়া আসল টাকা শোধ করিতে হইলে প্রতি ছয় মাসে সমান যত টাকা দিতে হইবে।

যত টাকা ঋণ।	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৫০৲	২৬·১৭২	১৩·৪৯১৬	৯·২৮১৩	৭·১৬০৪১২	৫·৮৯৮৯৭	৫·০৬০৭	৪·৪৬৪১০৮	৪·০১৮৬৬৮	৩·৬৭৩৯৬	৩·৩৯৯৩০
১০০৲	৫২·৩৪৪	২৬·৯৮৩১	১৮·৫৬২৬	১৪·৩২০৮২৩	১১·৭৯৭৯৩	১০·১২১৩	৮·৯২৮২১৬	৮·০৩৭৩৩৬	৭·৩৪৭৯২	৬·৭৯৯৪
২০০৲	১০৪·৬৮৮	৫৩·৯৬৬২	৩৭·১২৫২	২৮·৬৪১৬৪৬	২৩·৫৯৫৮৬	২০·২৪২৬	১৭·৮৫৬৪৩২	১৬·০৭৪৬৭২	১৪·৬৯৫৮৪	১৩·৫৯৮২
৩০০৲	১৫৭·০৩২	৮০·৯৪৯৩	৫৫·৬৮৭৮	৪২·৯৬২৪৬৯	৩৫·৩৯৩৭৯	৩০·৩৬৩৯	২৬·৭৮৪৬৪৮	২৪·১১২০০৮	২২·০৪৩৭৬	২০·৩৯৭৩
৪০০৲	২০৯·৩৭৬	১০৭·৯৩২৪	৭৪·২৫০৪	৫৭·২৮৩২৯২	৪৭·১৯১৭২	৪০·৪৮৫২	৩৫·৭১২৮৬৪	৩২·১৪৯৩৪৪	২৯·৩৯১৬৮	২৭·১৯৭৯
৫০০৲	২৬১·৭২০	১৩৪·৯১৫৫	৯২·৮১৩০	৭১·৬০৪১১৫	৫৮·৯৮৯৭০	৫০·৬০৭০	৪৪·৬৪১০৮০	৪০·১৮৬৮৮০	৩৬·৭৩৯৬০	৩৩·৯৯৬৫
৬০০৲	৩১৪·০৬৪	১৬১·৮৯৮৬	১১১·৩৭৫৬	৮৫·৯২৪৯৩৮	৭০·৭৮৭৬৮	৬০·৭২৭৮	৫৩·৫৬৯২৯৬	৪৮·২২৪০১৬	৪৪·০৮৭৫২	৪০·৭৯৫৯
৭০০৲	৩৬৬·৪০৮	১৮৮·৮৮১৭	১২৯·৯৩৮২	১০০·২৪৫৭৬১	৮২·৫৮৫৫১	৭০·৮৪৯১	৬২·৪৯৭৫১২	৫৬·২৬১৩৫২	৫১·৪৩৫৪৪	৪৭·৫৯৫৪
৮০০৲	৪১৮·৭৫২	২১৫·৮৬৪৮	১৪৮·৫০০৮	১১৪·৫৬৬৫৮৪	৯৪·৩৮৩৪৪	৮০·৯৭০৪	৭১·৪২৫৭২৮	৬৪·২৯৮৬৮৮	৫৮·৭৮৩৩৬	৫৪·৩৯৫৫
৯০০৲	৪৭১·০৯৬	২৪২·৮৪৭৯	১৬৭·০৬৩৪	১২৮·৮৮৭৪০৭	১০৬·১৮১৩৭	৯১·০৯১৭	৮০·৩৫৩৯৪৪	৭২·৩৩৬০২৪	৬৬·১৩১২৮	৬১·১৯৫৪
১০০০৲	৫২৩·৪৪০	২৬৯·৮৩১০	১৮৫·৬২৬০	১৪৩·২০৮২৩০	১১৭·৯৭৯৩০	১০১·২১৩০	৮৯·২৮২১৬০	৮০·৩৭৩৩৬০	৭৩·৪৭৯২০	৬৭·৯৯৪৯

যত টাকা ঋণ।	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
৫০৲	৩·১৭৬৬	২.৯৯২২৬	২·৮৩৭২৯	২·৭০৫৫৪	২·৫৯২৪	২·৪৯৪২২	২·৪০৯	২·৩৩৩১	২·২৬৬৩৯	২·২০৭০১
১০০৲	৬·৩৫৩১	৫·৯৮৪৫২	৫·৬৭৪৫৭	৫·৪১১০৭	৫·১৮৪৭	৪·৯৮৮৪৪	৪·৮১৭	৪·৬৬৬২	৪·৫৩২৭৯	৪·৪১৪১
২০০৲	১২.৭০৬২	১১·৯৬৯০৪	১১·৩৪৯১৪	১০·৮২২১৪	১০·৩৬৯৪	৯·৯৭৬৮৮	৯·৬৩৪	৯·৩৩২৪	৯·০৬৫৫৮	৮·৮২৮
৩০০৲	১৯.০৫৯৩	১৭.৯৫৩৫৬	১৭·০২৩৭১	১৬·২৩৩২১	১৫·৫৫৪১	১৪·৯৬৫৩২	১৪·৪৫১	১৩·৯৯৮৬	১৩·৫৯৮৩৭	১৩·২৪২
৪০০৲	২৫·৪১২৪	২৩.৯৩৮০৮	২২·৬৯৮২৮	২১·৬৪৪২৮	২০.৭৩৮৮	১৯·৯৫৩৭৬	১৯·২৬৮	১৮·৬৬৪৮	১৮·১৩১১৬	১৭·৬৫৬
৫০০৲	৩১·৭৬৫০	২৯·৯২২৬০	২৮·৩৭২৯০	২৭·০৫৫৪০	২৫·৯২৪০	২৪·৯৪২২০	২৪·০৯০	২৩·৩৩১০	২২·৬৬৩৯০	২২·০৭০
৬০০৲	৩৮·১১৮৬	৩৫·৯০৭১২	৩৪·০৪৭৪২	৩২·৪৬৬৫২	৩১·১০৮২	২৯·৯৩০৬৪	২৮·৯০২	২৭·৯৯৭২	২৭·১৯৬৭৪	২৬·৪৮৪
৭০০৲	৪৪·৪৭১৭	৪১·৮৯১৬৪	৩৯·৭২২০৬	৩৭·৮৭৭৫৬	৩৬·২৯২৯	৩৪·৯১৯০৮	৩৩·৭২৬	৩২·৬৬৩৪	৩১·৭২৯৪৬	৩০·৮৯৮
৮০০৲	৫০·৮২৪৮	৪৭·৮৭৬১৬	৪৫·৩৯৬৬৪	৪৩·২৮৮৬৪	৪১·৪৭৮৪	৩৯·৯০৭৫২	৩৮·৫৪৪	৩৭·৩২৯৬	৩৬·২৬২২৪	৩৫·৩১২
৯০০৲	৫৭·১৭৭৯	৫৩.৮৬০৬৮	৫১ ০৭১১৩	৪৮·৬৯৯৭৩	৪৬·৬৬৩২	৪৪·৮৯৫৯৬	৪৩·৩৬০	৪১·৯৯৫৮	৪০·৭৯৫১১	৩৯·৭২৬
১০০০৲	৬৩·৫৩১০	৫৯·৮৪৫২০	৫৬·৭৪৫৭০	৫৪·১১০৭০	৫১·৮৪৭০	৪৯·৮৮৪৪০	৪৮·১৭০	৪৬·৬৬২০	৪৫·৩২৭৯০	৪৪·১৪১

শ্রীযুত এচ, এ, কক্রেল সাহেব, সি, এস, আই।

---

৩ নম্বর।

বিশেষ কোনং স্থলে ছাপা করা কোর্টফী ইষ্টাম্পের মূল্য প্রত্যর্পণ বিষয়ক রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ১১ অক্টোবর তারিখের ৩৯০৪ নম্বর নির্দ্ধারণের প্রতি রাজস্বকার্য্যকারকদিগের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

১৮৮৪ সালের ১৯ ফেব্রুয়ারি তারিখের ৯১৭ নং রাজস্ব সংক্রান্ত নির্দ্ধারণ ও

১৮৮৩ সালের ১৮ জুন তারিখের ১৬০২ নং রাজস্ব সংক্রেন্ত নির্দ্ধারণ পুনর্ব্বার পাঠ করা গেল।

বোম্বাইর গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ১৬ সেপ্টেম্বর তারিখের ৭৩৬০ নং পত্রও পাঠ করা গেল।

নির্দ্ধারণ।—যদি কোনব্যক্তির ছাপাকরা কোর্টফী ইষ্টাম্প থাকে এবং উহা যদি নষ্ট হইয়া যায় কিম্বা অভিপ্রেত উদ্দেশ্য সাধারণের অনুপযুক্ত বা অব্যবহার্য্য হইয়া থাকে কিম্বা তাঁহার অব্যবহিত কোন ব্যবহারে না আইসে, তাহাহইলে উপরে যেং নির্দ্ধারণের উল্লেখ করা গেল তৎক্রমে কালেক্টর সাহেব অন্যান্য নিয়মের মধ্যে এই নিয়মে অর্থাৎ ঐ ইষ্টাম্প ক্রয় করিবার তারিখ অবধি ছয়মাসের মধ্যে উহার মূল্য প্রত্যর্পণ জন্য প্রার্থনা করান যায় এই নিয়মে ঐ ইষ্টাম্পের মূল্য প্রত্যর্পণ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

২। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এমত বিশ্বাস করিবার কারণ দেখিয়াছেন যে ইষ্টাম্পের মূল্য প্রত্যর্পণ করিবার প্রার্থনা যে সময়ের মধ্যে করা যাইতে পারিবে তাহা এইরূপে সীমাবদ্ধ করাতে কোনং স্থলে কষ্টোৎপাদন হয়। অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর স্থানীয় গবর্ণমেণ্ট-দিগকে এই ক্ষমতা দিতেছেন যে ইষ্টাম্প ক্রয় করিবার তারিখ অবধি অথবা যে তারিখে ঐ ইষ্টাম্প নষ্ট হইয়া যায় কিম্বা অব্যবহার্য্য হয় সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে প্রার্থনা করা গেলে তাঁহারা প্রচলিত নিয়মে উহার মূল্য প্রত্যর্পণ করিবার অনুমতি দিতে পারিবেন।

৩। স্থানীয় গবর্ণমেণ্টেরা আপন ২ বিবেচনামতে কোন অধীন কর্ত্তৃপক্ষের প্রতি এই ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

গবর্ণমেণ্ট এই নির্দ্ধারণের ৩ দফার উল্লিখিত ক্ষমতা বোর্ডের প্রতি অর্পণ করাতে, জিলার কর্ত্তৃপক্ষদিগের প্রতি এই আদেশ করা যাইতেছে যে তাঁহারা উল্লিখিতপ্রকার স্থলগুলি বোর্ডের আদেশের নিমিত্তে অর্পণ করিবেন।

এই সকল আদেশ উপলক্ষে ইষ্টাম্প বিষয়ক বিধিপুস্তকের ১০ পরিচ্ছেদের ১১ (খ) ধারার পর এবং বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ের ১০ পরিচ্ছেদের ১৩ (খ) ধারার পর নিম্নলিখিত কথাগুলি নিবেশ করিতে হইবে।

ইষ্টাম্প ক্রয় করিবার তারিখ অবধি অথবা যে তারিখে ঐ ইষ্টাম্প নষ্ট হইয়া যায় কিম্বা অব্যবহার্য্য হয় সেই তারিখ অবধি এক বৎসরের মধ্যে প্রার্থনা করা গেলে, পার্শ্বলিখিত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে বোর্ড উপরিলিখিত ১৩ (ক) ও ১৩ (খ) ধারার নির্দ্দিষ্ট নিয়মাধীনে ঐ ইষ্টাম্পের মূল্য প্রত্যর্পণ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ৭ নবেম্বর তারিখের ১৬৯২ নম্বর আজ্ঞা।

---

৪ নম্বর।

১৮৭৯ সালের ১ আইনের ৮ ধারামতে প্রকাশিত ভারতবর্ষের গবর্ণমেণ্টের পার্শ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ে এবং ইষ্টাম্প সংক্রান্তকার্য্যবিভাগের কার্য্য নির্ব্বাহার্থে নিযুক্ত কর্ত্তৃপক্ষদিগের উপদেশার্থ বিধিপুস্তকে নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।

১৮৮৪ সালের ৬ ডিসেম্বর তারিখের ইণ্ডিয়া গেজেটের ১ খণ্ডের ৪৫৪ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৪ সালের ৩ ডিসেম্বর তারিখের ১৯০২ নম্বর।

১৮৮৪ সালের ৬ ডিসেম্বর তারিখের ইণ্ডিয়া গেজেটের ১ খণ্ডের ৪৫৫ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৪ সালের ৪ ডিসেম্বর তারিখের ১৯৪৬ নম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

২০। এই সকল বিধিমতে দত্ত ঋণের টাকার কোন এক অংশ আদায় হইতে পারে না দৃষ্ট হইলে, রেবিনিউ বোর্ডে একখানি বিশেষ রিপোর্ট প্রেরণ করিতে হইবে।

২১। এই আইনমত ঋণ সম্বন্ধীয় সমস্ত রিটর্ন, রেজিস্টর ও হিসাবের পাঠ রেবিনিউ বোর্ড কর্তৃক নিয়মিত হইবে।

দরখাস্তের A পাঠ।

দরখাস্তকারীর নাম, বাসস্থান, প্রভৃতি।	যত টাকার ঋণ প্রয়োজন।	প্রাতিভাব্যের ভাব, ব্যক্তিগত প্রতিভূ কি অন্য প্রকার।	প্রস্তাবিত উৎকর্ষজনক কার্য্যের ভাব।	ভূমির অবস্থান।	ঐ ভূমিতে দরখাস্তকারীর স্বত্ব।	শোধ দিবার প্রস্তাবিত তারিখ।

দরখাস্তকারীর স্বাক্ষর।

(A চিহ্নিত পাঠের অপর পৃষ্ঠা।)

পরিদর্শনকারী কর্ম্মচারীর যেং কথা লিখিতে হইবে।

১।—মহাল, ক্ষেত্রের নম্বর, যে ভূমির উৎকর্ষসাধন করিতে হইবে তাহার পরিমাণ ... ...

২।—দরখাস্তকারীর স্বত্ব বিবেচনায় অবস্থা, অর্থাৎ স্বামী কি প্রজা। প্রজা হইলে ও ভূম্যধিকারীর সম্মতি আবশ্যক হইলে, ভূম্যধিকারীর আপত্তি আছে কি না ...

৩।—প্রতিভূ।—

(১) ঐ ভূমিই হইলে তাহাতে দরখাস্তকারীর স্বার্থের মূল্য ...

(২) ব্যক্তিগত হইলে, সহপ্রতিভূদিগের নাম ও অবস্থা

(৩) ঐ ভূমি ভিন্ন অন্য সম্পত্তি হইলে, সেই সম্পত্তির ভাব, মূল্য ও তাহার উপর পূর্ব্ববর্ত্তী দায় থাকিলে ঐ দায়ের পরিমাণ ...

৪।—উৎকর্ষজনক কার্য্য।—

(১) উহার আনুমানিক উপকারিতা ও মূল্য ...

(২) কোন তৃতীয় পক্ষের আপত্তি থাকিলে তাহা ...

(৩) ঐ কার্য্য হইতে লাভ হইতে আরম্ভ হইবার সম্ভাবিত তারিখ ...

৫।—শোধ।—

(১) ৪ দফার (৩) প্রকরণ উপলক্ষে প্রথম কিস্তির জন্য উপযুক্ত তারিখ ...

(২) প্রস্তাবিত কিস্তি ও শোধ দিবার তারিখ ...

৬।—যে তারিখে বা ভিন্নং তারিখে ঐ ঋণ কি ঋণের ভিন্নং কিস্তির টাকা দরখাস্তকারির পাওয়া আবশ্যক

পরিদর্শনকারী কর্ম্মচারীর অনুরোধ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।

B.

ভূমির উৎকর্ষসাধনার্থ ঋণবিষয়ক ১৮৮৩ সালের আইনমতে প্রদত্ত সর্টিফিকেট।

অমুক স্থান নিবাসী শ্রীঅমুকের পুত্র শ্রীঅমুকের প্রতি।

১। পূর্ব্বোক্ত শ্রীঅমুক এই সর্টিফিকেট উপস্থিত করিলে অমুক স্থানের কালেক্টর সাহেবের স্থানে নিম্নলিখিত টাকা ঐ টাকার পার্শ্বলিখিত তারিখে পার্শ্ববর্ণিত ভূমিতে অমুক কার্য্যের জন্য (এই স্থানে উৎকর্ষজনক কার্য্যের ভাব স্পষ্ট করিয়া বর্ণনা কর) ব্যয় করণার্থ ঋণস্বরূপ পাইবার অধিকারী।

তারিখ	টাকা।
তারিখ	টাকা।
ইত্যাদি	ইত্যাদি
ইত্যাদি	ইত্যাদি

২। এই ঋণ লইবার ও শোধ দিবার নিয়ম নিম্নে লিখিত হইল।—

(ক) এই ঋণ সুদ সুদ্ধ নিম্নলিখিত তারিখে ও টাকা যোগে শোধ দিতে হইবে।

তারিখ	আসল	সুদ	মোট
”	”	”	”
”	”	”	”

(খ)—এই ঋণের টাকা কেবল উপরিনির্দ্দিষ্ট কার্য্যের জন্যই ব্যয় করা যাইবে ও ঋণের টাকার কোন অংশ অযথাপ্রয়োগ করা হইয়াছে ইহা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে প্রমাণিত হইলেই ঋণের সমুদয় টাকা তাহার উপর যত সুদ পাওনা হইয়া থাকে তাহা সুদ্ধ একবারে দেয় হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এই দুই প্রকার কেবল আবশ্যক মতে ব্যবহার করিতে হইবে।

(গ)—যদি (এই স্থানে যে সময়ের মধ্যে কার্য্য শেষ হইবার আদেশ থাকে তৎসম্বন্ধে নিয়মের কথা লেখ) অমুক তারিখের মধ্যে কার্য্য শেষ না হয়, তাহা হইলে ঋণের টাকার অযথাপ্রয়োগ হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

(ঘ)—ঋণের টাকা সুদসুদ্ধ শোধ হইবার জন্য যে ভূমিতে উৎকর্ষসাধন করিতে হইবে তদতিরিক্ত পার্শ্ববর্ণিত স্থাবর সম্পত্তিও গবর্ণমেণ্টের নিকট আবদ্ধ রহিল।

(ঙ)—কোন কিস্তির টাকা দেনা পড়িবার তারিখে দেওয়া না গেলে, ঋণের সমুদয় টাকা একেবারে দেনা পড়িল বলিয়া গণ্য হইবে।

(কালেক্টর সাহেবের স্বাক্ষর।)

আমি পূর্ব্বোক্ত শর্ত্ত ও নিয়ম বুঝিয়াছি ও তাহাতে সম্মত হইতেছি।

(সর্টিফিকেটপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর।)

C. পাঠ।

দরখাস্তকারী ব্যক্তিগত প্রতিভূ দিতে চাহিলে এই প্রতিভূপত্র ব্যবহার করিতে হইবে।

যেহেতু শ্রী অমুক অমুক স্থানের কালেক্টর সাহেবের স্থানে অমুক তারিখে ভূমির উৎকর্ষসাধনার্থ ঋণবিষয়ক ১৮৮৩ সালের আইনমত একখানি সর্টিফিকেট পাইয়াছেন ও ঐ সর্টিফিকেটের বলে তিনি গবর্ণমেণ্ট হইতে ঋণস্বরূপ মোট এত টাকা পাইবার অধিকারী, আমরা এতদ্দ্বারা করার করিতেছি যে উক্ত শ্রী অমুক যে নিয়মে তাঁহাকে ঋণ দেওয়া হইয়াছে সেই নিয়মমত কার্য্য না করিলে অর্থাৎ ঐ ঋণের টাকার অযথাপ্রয়োগ করিলে কি কিস্তির টাকা দিবার জন্য ধার্য্য তারিখে কোন কিস্তির টাকা কি তাহার উপর পাওনা সুদ না দিলে, আমরা একত্র ও স্বতন্ত্র ভাবে গবর্ণমেণ্টের নিকট এত টাকার অনধিক যে টাকা পূরণ করিয়া দেওয়া আবশ্যক ও তাঁহার ত্রুটিপ্রযুক্ত তিনি দিতে দায়ী হইবেন তাহা দিতে দায়ী হইব।

D. পাঠ।

আনুষঙ্গিক প্রাতিভাব্যক্রমে স্থাবরসম্পত্তি দেওয়া গেলে এই বন্ধকী নিবন্ধপত্র ব্যবহার করিতে হইবে।

যেহেতু শ্রীঅমুক অমুক স্থানের কালেক্টর সাহেবের স্থানে অমুক তারিখে ভূমির উৎকর্ষসাধনার্থ ঋণ বিষয়ক ১৮৮৩ সালের আইনমত একখানি সর্টিফিকেট পাইয়াছেন ও ঐ সর্টিফিকেটের বলে তিনি গবর্ণমেণ্ট হইতে ঋণস্বরূপ মোট এত টাকা পাইবার অধিকারী এবং যেহেতু ঐ সর্টিফিকেটের নিয়মানুসারে ঐ ঋণের টাকার উপযুক্তরূপ ব্যবহার হইবার ও সময়মত শোধ দিবার জন্য তাঁহার নিকট প্রতিভূ চাওয়া হইয়াছে, আমি শ্রীঅমুক এতদ্দ্বারা নিম্নলিখিত তফসীলের উল্লিখিত স্থাবর সম্পত্তি আনুষঙ্গিক প্রাতিভাব্যস্বরূপ গবর্ণমেণ্টের নিকট আবদ্ধ রাখিতেছি ও করার করিতেছি যে, যে নিয়মে উক্ত তাঁহাকে ঋণ দেওয়া হইয়াছে তিনি তদনুসারে কার্য্য না করিলে অর্থাৎ ঐ ঋণের টাকার অযথাপ্রয়োগ করিলে কি কিস্তির টাকা দিবার জন্য ধার্য্য তারিখে কোন কিস্তির টাকা না দিলে, কালেক্টর সাহেব আইনমতে উক্ত সম্পত্তি হইতে শ্রীঅমুকের সর্টিফিকেটের নিয়মমত কার্য্য না করণ জন্য আমার নিকট যত টাকা পাওনা হয় তাহা পূরণ করিয়া লইবার জন্য যত টাকা আবশ্যক হয় তত টাকা আদায় করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

বোর্ডের বিধিপুস্তকের ২ বালামের ৭ অধ্যায়ের এবং ইষ্টাম্পসংক্রান্ত কর্ত্তৃপক্ষদিগের উপদেশার্থ বিধিপুস্তকের C চিহ্নিত ক্রোড়পত্রের ১ টেবিলের শেষে নিম্নলিখিত কথা যোগ কর।—

যে প্রকারের নিদর্শনপত্র।	ইষ্টাম্প মাসুল ক্ষমা করা বা কমান গেল।	বিজ্ঞাপনের নম্বর ও তারিখ (এবং যে আইনমতে উহা প্রকাশিত।)
জায়গীরের যে সনন্দ ও যে অন্যান্য দলীলক্রমে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ব্যক্তিবিশেষের প্রতি প্রদত্ত ভূমি হস্তান্তর করিয়া দেওয়া যায়।	ক্ষমা করা গেল। ...	৮৮৪ সালের ৩ ডিসেম্বর তারিখের ১৯০৯*নম্বর। (১৮৭৯ সালের ১ আইনের ৮ ধারা।) * এই বিজ্ঞাপন ১৮৭৯ সালের ১ আপ্রিল তারিখ অবধি ভূত কাল সম্পর্কে ফলবৎ হইবে।
(১) কোন বঙ্কীপাত্রের নিয়মমতে কোন জাইণ্ট ষ্টাক কোম্পানী কর্ত্তৃক প্রচারিত যে ঋণপত্রক্রমে ঐ কোম্পানীর সমুদয় কি কিয়দংশ সম্পত্তি ঐ ঋণপত্রধারীদের হিতার্থে ন্যাসধারীদের প্রতি হস্তান্তর করিয়া দেওয়া যায়, এবং (২) উক্ত ঋণপত্রের সহিত সংলগ্ন সুদের কুপনের উপর	ঐ ...	১৮৮৪ সালের ৪ ডিসেম্বর তারিখের ১৯৪৬ নম্বর। (১৮৭৯ সালের ১ আইনের ৮ ধারা।)

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L, *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 17, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৮৫ সালের জানুয়ারি মাসের ৩১ তারিখের পূর্ব্ব দুই সপ্তাহ

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সাধারণ চাউল।			কঙ্গু ও বাজরা।			চোলম ও জোয়ার।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
	বঙ্গদেশ। পশ্চিমদিকস্থ জিলা।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বর্দ্ধমান ...	।৬	।৬	।৫॥৵	...	॥০	।১২	।৪॥৵	।৪॥৶	।২৸	।৭৸৶	।৭৸৶	।৪।	..	...	...	..	...	...
২	বাঁকুড়া ...	।৬॥	।৫॥	।৫	।৭॥	।৬॥	।৬	।৪॥	।৫	।৫॥	।৬॥	।৭	।৮৸	...	...	...	..	...	...
৩	বীরভূম ...	।৬	।৬	।৫	...	.	...	।৩।	।৩।	।৩॥	।৬॥	।৭।	।৫।	...	...	...	...	...	...
৪	মেদিনীপুর...	।৪	।৪	।২	॥০	॥০	।৫	।৪	।৪	।৪	॥০	॥০	।৮	...	...	...	...	...	...
৫	হুগলী ...	।৭	।৬	।৪	...	...	.	।০	।০	৵৮	।৪	।৪	।৩	..	...	.	...	...	..
	হাবড়া ..	।৫৸	।৫॥	।৩	...	...	...	।১	।১	।১।	।৫॥	।৪॥	।৩।	...	...	...	..	...	...
	মধ্যস্থলের জিলা।																		
	কলিকাতা ...	।৬।	।৬।	।৫	।৮॥	।৮॥	।৮	৵৮।	৵৮।	৵৭	।১॥	।১৶	।১	।৮	।৮	।৬	।১॥৶	।১॥	।৯॥
৬	২৪ পরগনা...	।৬	।৬	।৩।৵	।৭৸	।৮৸	।৭॥	৵৮	৵৮	৵৮	।৭৸	।৭৸	।৪।	...	...	...	...	...	...
৭	নদীয়া ...	।৭।	।৭।	।৬	॥২৸৶	৸৫॥	॥৪॥	।২৸৵	।২৸	।২।৶	।৩৸০	।৩৸৶	।৩।৵$\frac{১}{৪}$	...	...	...	...	..	...
৮	খুলনা ...	...	...	...	...	...	...	।৬	।৬	।৩	।৮	।৮	।৬	...	...	...	...	...	...
৯	যশোহর ...	।৪।	।৪	।৪॥	..	...	..	।৩।	।৩	।২৸	।৭	।৭	।৬॥	...	...	...	...	...	...
১০	মুরশিদাবাদ .	।৮	।৭	।৬	...	..	...	।৩।	।৩	।৩	।৬	।৬	।৬	...		...	...	..	..
১১	দিনাজপুর ...	।৭॥	।৭	।৬	।৬॥	।৬	।৫	।৫॥৵	।৫	।৩।	।৮	।৭।৶	।৬	...	...	.	...	...	...
১২	রাজশাহী ...	।৪।-।৬॥	।৪।-।৭।	।৬॥-।৭।	।৮৸	।১	।৪	।৩॥	।৩।	।০॥	।৫	।৬।	।৫	...	...	..	...	...	...
১৩	রঙ্গপুর ...	।৩৸	।৩৸৶	।০	...	...	...	৵৯	৵৮	।০	।৫	।০	।৩।৵	...	...	..	..	...	...
১৪	বগুড়া ...	।৫	।২	।৫	...	...	.	।২	।০।	।০॥	।৭।	।৭।	।১॥	...	..	...	...	..	...
১৫	পাবনা .	।৮৸	।৯৶	।৮	...	.		৵৮।	৵৮।	৵৮	।৫	।৪।	।৪।	...	..	...	...	...	...
১৬	দার্জিলিঙ্গ ...	।০	।০	৵৯	৵৯	৵৯	।০	৵৫	৫	৵৫॥	।১	।২	।১	...	.	...	.	...	...
১৭	জলপাইগুড়ি...	।৩	।৩	।০	॥০	॥০	॥০	।৩	।৩	।৩	।৬	।৬	।৬	...	...	.	...	...	...

ক। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—কালনায় ও কাঁটওয়ায় ।৪ সের এবং রাণীগঞ্জে ।৩৸০ সের।

খ। মফঃসলে লবণের খুজরা দর টাকায় ।২ সের হইতে ।৬ সের পর্য্যন্ত।

গ। মফঃসলে লবণের খুজরা দর টাকায় ।৩৸০ সের অবধি ।৩।৵০ সের পর্য্যন্ত।

ঘ। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—ঘাটালে ।৪। সের, তমলুকে ।১ সের ও কাঁথিতে ।২॥ সের।

ঙ। ঐ ঐ।—শ্রীরামপুরে ।৩ সের এবং জাহানাবাদে ।৩॥ সের।

চ। ঐ ঐ।—বারাসত ও বশীরহাটে ।৩ সের, বারাকপুরে ।২৸ সের এবং দমদমায় ।২॥০ সের।

ছ। ঐ ঐ।—কুষ্টিয়ায় ।৩ সের, মেহেরপুরে ।২ সের, চুঁয়াডাঙ্গায় ।২৸ সের এবং রাণাঘাটে ।২৸৶০ সের।

[*Government Gazette*, 17*th February* 1885.]

অবধি তণ্ডুলাদি খাদ্যদ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ খুজরা বিক্রয়ের বাজার দর।

টাকায় যত পাওয়া যায়।															৪০ সেরের মণের থোকে বিক্রয়ের দর।			
রাগী বা মাড়ুয়া ও চীনা।			জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ			লবণ।			জিলা।
এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	
																		বঙ্গদেশ। পশ্চিমদিকস্থ জিলা।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	মণ	মণ	মণ	সের	সের	সের	টাকা	টাকা	টাকা	
...	...	...	...	...	...	।।০।।	।।০	।৭৸	৩/	৩/	৩/	ক ।৸	।৩।/	।৩।/	২৸৶	৩৲	২৸৶০	বর্দ্ধমান।
...	...	...	।।৬	।।৬	।।৯	।৮।।	।৮।।	।৭।।	৬/	৬/	৭/	খ ।৩	।৩	।২	৩৲	৩৲	৩৶৬	বাঁকুড়া।
...	...	...	...	...	...	।৭৸	।৭৸	।৭	৪/	৪/	৪/	গ ।২	।২	।২	৩৶৬	৩৶৬	...	বীরভূম।
...	...	...	...	...	...	।৬	।৬	।৬	৩৸৫	৩৸৫	৩৸৫	ঘ ।২৸	।২৸	।২৸	৩৲	৩৲	২৸৶০	মেদিনীপুর।
...	...	...	...	...	...	।৬	।৬	।৭	৩/	৩/	৩/	ঙ ।৩।।/	।৩।।/	।৩।।/	২৸৶০	২৸৶০	২৸৶০	হুগলী।
...	...	...	...	...	...	।৭৸	।৭৸	।৬	২/	২/	২।০	।৩	।৩	।৩	৩৲	৩৲	৩৲	হাবড়া।
																		মধ্যস্থলের জিলা।
...	...	...	।।১।	।।১।	।৯।।	।৮।	।৮।	।৭	২।।০	২।।০	২।০	।৩।	।৩।	।৩	২৸০	২৸০	২৸০	কলিকাতা।
...	..	...	।।২৸৶	।।২৸৶	।৭।।	।৭৸	।৭৸	।৬৸	২।০	২।।০	২০	চ ।২৸	।২৸/	।২৸/	৩৲	৩৲	৩৲	২৪-পরগনা।
...	...	...	...	..	...	।।২৸৶	।।১- ।/১	।৭।	...	...	...	ছ ।১- ।৶	।১- ।৶	।১- ।৶	২৸৶০	৩৶০	৩৲	নদীয়া।
...	...	...	...	...	...	।৬	।৬	।৬	৫।।০	৫/	৫/	জ ।১	।২	।১।।	৩৲০	৩৶০	৩০	খুলনা।
...	...	...	...	...	...	।৭।।	।৭	।৬	৩/	৩/	৩/	ঝ ।১।	।১৸	।১।।	৩৶০	৩৶০	৩৶০	যশোহর।
...	...	...	...	...	...	।।২	।।০	।৶	৩/	৩/	৩/	ঞ ।২	।২	।১।।/	৩/১	৩।১	৩৲	মুরশিদাবাদ।
...	...	...	...	...	..	।৭।।	।৬	।৩	৮/	৪/	৩০	ট ।২।।	।২।।	।২	৩৶০	৩৶০	৩।০	দিনাজপুর।
...	...	...	...	...	...	।।০।৶- ।।১	।৮৸- ।।১	।৬- ।৭।	৬/	৬/	৬/	ঠ ।৩।/	।২৸	।২	৩৲	৩৲	৩৶১	রাজশাহী।
...	...	...	...	...	...	।৬।/	।৬	।৫	২।০	২।।০	২৸০	ড ।২৸/	।০	।১৸৶	৩/৯	৪৲	...	রঙ্গপুর।
...	...	...	...	...	...	।৭।	।৫	।৫	২০	২।০	।।৭।।	।২	।২	।২	৩/৪	৩/৪	৩৶৮	বগুড়া।
...	...	...	...	...	...	।৭	।৭	।৫।।	৫/	৫/	৫/	ঢ ।২।৶	।২।।	।২।৶	৩/০	৩/০	৩৶৬	পাবনা।
।৪	।২	।০	।।০	।।০	।।০	/৮	/৮	/৮	৩/৮	৩/৮	৩/৮	ণ /৮	/৮	/৮	৪।০	৪।০	৪।০	দার্জিলিং।
...	...	...	...	...	...	।৬	।৬	।৬	৩/৮	৩/৮	৩/৮	।২।	।২।	।২।	৩।০	৩।০	৩।০	জলপাইগুড়ি।

জ। সাতক্ষীরা ও বাগিরহাট মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।১ সের।

ঝ। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—ঝিনাইদহ ও নড়াইলে ।২ সের, ও বনগাঁয়ে ।৩ সের এবং মাগুরায় ।০৸ সের।

ঞ। ঐ ঐ ।—লালবাগে ।১ সের, জঙ্গীপুরে ।২।। সের ও কান্দিতে ।২ সের।

ট। রাইগঞ্জে লবণের খুজরা দর টাকায় ।৩।। সের ও শিবপুরে ।০ সের।

ঠ। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—নাটোর ও নোগাঁয় ।২ সের।

ড। গাইবান্ধা ও নিলফামারি মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।২ সের।

ঢ। সেরাজগঞ্জে লবণের খুজরা দর টাকায় ।৩ সের।

ণ। কর্সিয়ঙ্গে লবণের খুজরা দর টাকায় /৮ সের ও শিলিগুড়িতে ।১ সের।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১৭ ফেব্রুয়ারি।]

রাগী বা মাড়ুয়া ও চীনা ।			জনেরা ।			ছোলা ।			জ্বালানি কাষ্ঠ ।			লবণ ।			লবণ । (৪০ সেরের মণের খোকে বিক্রয়ের দর ।)			জিলা ।
এই সপ্তাহের রিপোর্ট	ইহার পূর্ব্ব সপ্তাহের রিপোর্ট	গত বৎসরের এই সপ্তাহের রিপোর্ট	এই সপ্তাহের রিপোর্ট	ইহার পূর্ব্ব সপ্তাহের রিপোর্ট	গত বৎসরের এই সপ্তাহের রিপোর্ট	এই সপ্তাহের রিপোর্ট	ইহার পূর্ব্ব সপ্তাহের রিপোর্ট	গত বৎসরের এই সপ্তাহের রিপোর্ট	এই সপ্তাহের রিপোর্ট	ইহার পূর্ব্ব সপ্তাহের রিপোর্ট	গত বৎসরের এই সপ্তাহের রিপোর্ট	এই সপ্তাহের রিপোর্ট	ইহার পূর্ব্ব সপ্তাহের রিপোর্ট	গত বৎসরের এই সপ্তাহের রিপোর্ট	এই সপ্তাহের রিপোর্ট	ইহার পূর্ব্ব সপ্তাহের রিপোর্ট	গত বৎসরের এই সপ্তাহের রিপোর্ট	
(টাকায় যত পাওয়া যায় ।)																		
																		পূর্ব্বদিকস্থ জিলা ।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	মণ	মণ	মণ	সের	সের	সের	টাকা	টাকা	টাকা	
...	...	...	...	...	..	।৬	।৬	।৬৸	২৲	২৲	২।০।৶	[ত] ।৩৴	।১৷৴	।২॥৶	৩৲	৩৲	৩৶০	ঢাকা ।
...	...	...	...	...	...	।৬	।৬	।।০	৩৲	৩৲	৩৲	[থ] ।১	।১	।২	৩৶০	৩৶০	৩।৴০	ফরীদপুর ।
...	..		...	...	...	।৬।	।৬।	।৭	৩৲	৩৲	৩৲	[দ] ।১	।৩	।১	৩৶০	৩৶	২॥৶০	বাখরগঞ্জ ।
...		...	...	..	...	।৫	।৫।	।৩।	...	...	...	[ধ] ।২॥	।২॥	।২।	৩৶০	৩৶০	৩।০	ময়মনসিংহ ।
...	...		...	...	...	।৪	।৪	।৩	৩৲	৩৲	১৲	[ন] ।১	।৩	।২	২৸০	২৸০	৩।০	চট্টগ্রাম ।
...	...	...	...	.	...	৵৮	...	।২	...	..	...	[প] ।০	।০	।০	৩।৶০	৩।৶০	৩।৶০	নওয়াখালী ।
...	...	...	...	...	...	৷।০	॥৫॥৹	।৫৸	...	...	...	[ফ] ।২।	।২।	।২	৩৶০	৩৶০	৩।০	ত্রিপুরা ।
...	...	...	...		...	...	...	...	৮৲	৮৲	৮৲	৵৮	৵৮	৵৮	৪॥০	৪॥০	৪॥০	চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ ।
...	...	...	...	...	...	।৪	।৪	।৪	...	...	...	।১	।১	।১	৩।০	৩।০	৩।০	ত্রিপুরা পর্ব্বত ।
																		বেহার ।
...	...	...	৸০	৸০	॥২	॥৬।	॥৬।	॥১	২॥০	২॥০	২॥০	।২	।২	।০৸	৩৲	৩৴০	৩৴০	পাটনা ।
...	...	...	..	...	..	॥২	।।২।	॥১	৫৲	[illegible]	৪৲	[ব] ।১	।১	।১	৩।৴০	৩।৴০	৩।০	গয়া ।
...	...	...	॥৮	॥৮	...	।৪	॥২-॥১	॥০	৩৲	৪।০	৩৲	[ভ] ।২॥	।২॥	।২॥	৩৴০	৩৴০	৩৴০	শাহাবাদ ।
॥৫	॥৫।৹	॥৶	॥৫৶	॥৭।	।৮।	[illegible]	॥৫৶	।৭	৫॥০	৩॥৫	৪৲	[ম] ।১৸৶	।২৸৶	।২।৶	৩৲৬	৩৲৬	৩৴৬	দারভাঙ্গা ।
...	..	...	৸০	৸০	॥০	॥৪	।।০	।৮	৩॥০	৩॥০	৩॥০	[য] ।২	।২	।২	৩।০	৩।০	৩।০	মজঃফরপুর ।
॥৪	॥৩	॥৪	৸২	৸২	॥২॥	॥২॥	॥২	॥০	৪৲	৪৲	৪৲	[য১] ।২	।২	।১॥	৩৶০	৩৶০	৩৶০	সারণ ।
...	...	...	৸৪	৸৩	।।৪	।৮	।৮	॥০	...	...	...	[য২] ।২।	।২		৩৶০	৩।০	৩।৪	চাম্পারণ ।
...	...	...	॥৫॥০	।৩॥৴	।৯৮৶	॥৫॥	।৬।	॥১	৩৴৬	৩৴৬	৩৴৭	[য৩] ।৩৶	।৩৶	।২।	২৸৶৬	২৸৶৬	৩৶০	মুঙ্গের ।
...	.	...	।৭৸	৸০।	।১	॥৪	।।৫।	॥০৶	৩৸১॥	৪৴৪	১॥	[য৪] ।২॥৶	।২॥০	।২॥৶	২৸৶০	২৸৶০	২৸৶৬	ভাগলপুর ।

ব । মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২ ।—অরঙ্গাবাদে ।১॥ সের এবং নওয়াদায় ।০॥ সের ।

ভ । সাশীরাম ও ভবুয়া মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।১॥ সের ।

ম । মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২ ।—মধুবনিতে ।২ সের এবং তাজপুরে ।১॥ সের ।

য । মফঃসলে লবণের খুজরা দর টাকায় ৴৯ সের অবধি ।২।৴০ সের পর্য্যন্ত ।

য১ । মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২ ।—সেওয়ানে ।১॥ সের ও গোপালগঞ্জে ।২ সের ।

য২ । মফঃসলে লবণের খুজরা দর টাকায় ।০সের অবধি ।২॥ সের পর্য্যন্ত ।

য৩ । মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২ ।—বেগুসরাইয়ে ।১ সের এবং জমুইয়ে ।২ সের ।

য৪ । ঐ ঐ ।—বাঁকায় ।২ সের মধেপুরায় ।০॥ সের ও সুপোলে ।১ সের ।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৮৫ । ১৭ ফেব্রুয়ারি ।]

৮০ তোলার সেরের হিসাব।

নম্বর।	জিলা।	গম। এই সপ্তাহের নিরিখ	গম। ইহার পূর্ব সপ্তাহের নিরিখ	গম। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	যব। এই সপ্তাহের নিরিখ	যব। ইহার পূর্ব সপ্তাহের নিরিখ	যব। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	ভাল চাউল এই সপ্তাহের নিরিখ	ভাল চাউল ইহার পূর্ব সপ্তাহের নিরিখ	ভাল চাউল গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	সামান্য চাউল এই সপ্তাহের নিরিখ	সামান্য চাউল ইহার পূর্ব সপ্তাহের নিরিখ	সামান্য চাউল গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	বজু ও বাজরা। এই সপ্তাহের নিরিখ	বজু ও বাজরা। ইহার পূর্ব সপ্তাহের নিরিখ	বজু ও বাজরা। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	চোলম ও জোয়ার। এই সপ্তাহের নিরিখ	চোলম ও জোয়ার। ইহার পূর্ব সপ্তাহের নিরিখ	চোলম ও জোয়ার। গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
	বেহার।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
৩৫	পূরণিয়া ...	।৮	।৮	।৮	...	...	...	।৫	।৫	।৫	।৬	।৬	।৬	...	.	...	...	...	...
৩৬	মালদহ ...	॥০	॥০	॥০	...	...	...	।১॥	।২	।১	।৫	।৫	।৪	...	...	...	...	...	...
৩৭	সাঁওতাল পরগণা।	।৬	।৬	।৭	...	...	...	।১॥	।১	।৪।	।৬	।৫	।৭	...	...	...	...	...	...
	উড়িষ্যা।																		
৩৮	কটক ...	॥২।/	॥২।/	।৪।৶	..	...	...	।৩৶	।৩৵	।৩৶	।৯।৶*	।৯।৶	।৯	...	...	...	...	...	...
৩৯	পুরী ...	।৪।৶	৭/	।১৸/	..	...	...	।৭/	।৫৵	।৪।৶	।৮।৶	॥১	॥১	...	.	..	...	...	...
৪০	বালেশ্বর ...	।৫	।৫॥	।৪	।১	।১	...	।৩	।৩	।৬	॥৩	॥৪	॥১॥	...	...	...	...	...	..
	ছোট নাগপুর। **দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এজেন্টী।**																		
৪১	হাজারীবাগ ..	।৪॥	।৫	।৪	।৫	।৫	...	।১	।১॥	/৯	।৮	।৮	।৫	...	...	...	...	...	...
৪২	লোহারডগা .	।২	।৪	।৪	...	...	।৫	।৮	।৬	।৬	॥২	॥১	॥০	..	..	...	...	...	...
৪৩	সিংহভূম ...	॥০	॥০	।৬	॥০	॥০	॥৪	॥০	॥০	॥০	॥৪	॥৪	॥০	...	...	...	...	...	...
৪৪	মানভূম ..	।৬	।৬	।৪	...	...	...	।৫	।৫	॥০	॥১।	॥১	॥১	...	..	..	...	...	...

* মফঃসলে সামান্য চাউলের খুচরা দর টাকায় ॥১ সের অবধি ৮৵৶ সের পর্য্যন্ত।

য৫। কৃষ্ণগঞ্জ মহকুমায় এবং অররিয়া মহকুমার অন্তর্গত রাণীগঞ্জে লবণের খুচরা দর টাকায় ।০ সের।

য৬। মহকুমায় লবণের খুচরা দর টাকায় এইং।—দেওঘরে ।৩ সের, গদ্দায় ।১ সের এবং রাজমহলে ।২ সের।

য৭। খুরদহ মহকুমায় লবণের খুচরা দর টাকায় ।৪ সের।

কলিকাতা,
১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ার।

টাকায় যত পাওয়া যায়।															৪০ সেরের মণে থোকে বিক্রয়ের দর।			
রাগী বা মাড়ওয়া ও চীনা।			জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			লবণ			
এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	জিলা।
																		বেহার।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	টাকা	টাকা	টাকা	
...	...	...	...	...	...	।৮	।৮	।৭	৪/	৪/	৪/	য৪ ।০	।০	।০	৩।।৵০	৩।।৵০	৩।।৵০	পুরুলিয়া।
...	...	...	...	...	...	।৯	।৯	।৬	৪/	৪।০	৪/	।২	।২	।১	৩৶০	৩।০	৩।৶০	মালদহ।
...	...	...	।।৫	৸৴	।২	।।০	।।০	।৭	৫/	৫/	৫/	য৬ ।২।	।২	।২	৩৶০	৩৶০	৩।০	সাঁওতাল পরগণা।
																		উড়িষ্যা।
।৭/	।৭/	।৭/	...	...	...	।।১	।।১	।।৩।।	২/	২/	২/	।৪	।৪	।৪	২৸০	২৸০	২৸০	কটক।
...	...	...	...	...	...	।৮।৶	।৭/	।৩।।০	২/	২/	২।০	য৭ ।১	।১	।৩।।	২।৶০	২।৶০	২।৶০	পুরী।
...	...	...	...	...	...	।৫	৫।।	।৩	৪/	৫/	২৸০	য৮ ।০৸	।০৸	/৯	৩।৶০	২।৶০	৩৸৶০	বালেশ্বর।
																		ছোট নাগপুর। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এজেন্টী।
।।৪	।।৪	।।০	।।১	।।১	।৭	।৯	।৮	৬।।	৬/	৬/	৬/	য৯ ।১	।০।	।১	৩।/৬	৩।/৬	৩।৶৬	হাজারীবাগ।
।০	১/	৸০	।৬	।৬	।।০	।৬	।৬	।৩	৩/	৩/	২।।০	।১	।১	।০।।	৩।৶০	৩।৶০	৩।।/০	লোহারডগা।
...	...	...	...	.	...	।৬	।৬	।৮	৪/	৪/	৪/	/৯	/৯	৮	৩।।৶০	২।।৶	৪৲	সিংহভূম।
...	...	...	...	.	...	।৮	।৮	।৫।।	৬/	৬/	৬/	য১০ ।১।৶	।১।৶	।০	৩।০	৩৶০	৩।/০	মানভূম।

য৮। ভদ্রক মহকুমায় লবণের খুজরা দর টাকায় ।০ সের।
য৯। ছত্রায় লবণের খুজরা দর টাকায় ।১ সের ও খড়কদিহায় ।২ সের।
য১০। গোবিন্দপুর মহকুমায় লবণের খুদরা দর টাকায় ।২ সের।

সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বঙ্গদেশের নিম্নলিখিত সকল গঞ্জে ১৮৮৫ সালের জানুয়ারি মাসের ৩১ তারিখের পূর্ব্ব

নম্বর।	বন্দর।	৪০ সেরের														
		গম			যব।			ভাল চাউল।			মাঝারি চাউল।			কলু ও বাজরা।		
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
১	কলিকাতা ...	২।৴১	২।৴৹	২।।৹	২৲	২৲	২৶৹	৪৸৹	৪৸৹	৫।।৹	৩।৶৹	৩।।৹	৩।।৹	২।।৹	২।।৹	১৸৶
২	শেরাজগঞ্জ ...	২৸৹	৩৲	২।৹	...	...	...	৪৸৹	৪।।৵	৩	২।।৹	২।।৶৹	২৸৹	...	...	...
৩	ঢাকা ...	২৸৹	২৸৹	২।।৹	১।।৹	১।।৹	২।৹	২।৶৹	২।৶	৩।৹	২৶৹	২৶	২।৶৹	...	...	...
৪	নারায়ণগঞ্জ ...	...	...	...	...	...	...	২৸৹	২৸৹	২৸৶৹	২।।৹	২।।৹	২৸৹	...	...	...
৫	চট্টগ্রাম ...	২।।৹	২।।৹	৩৲	...	...	...	৩৲	২৸৹	৩৲	২।।৹	২৶৹	২৶৹	...	...	...
৬	পাটনা ...	১।।৶৹	১।।৶৹	১৸৹	১৶৹	১৶৹	১।।৬	৩।৴৹	৩।৴৹	৩৴৩	১৸৴৹	১৸৴৹	২।।৹	...	...	...
৭	বালেশ্বর ...	২।।৹	২।।৹	২।।৴৹	৩৶৹	৩৶৹	...	৩৲	৩৲	২।৶৹	১।।৶৹	১।।৶৹	১৸৴৹	...	...	...
৮	পুরী ...		...	.	...	...	...	...	..	...	১৲	১৸৹	১৸৶	...	...	...
৯	কটক ...	১।।৶৹	১।।৶৹	২।।৶৹	...	...	...	৩৲	৩৲	৩৲	১৸৶৹	১৸৶৹	২৴৹	...	...	...

কলিকাতা,
১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।

[*Government Gazette, 17th February* 1885.]

দুই সপ্তাহ অবধি তণ্ডুলাদি খাদ্যদ্রব্য ও জ্বালানি কাষ্ঠ ও লবণ থোকে বিক্রয়ের বাজার দর।

মণের দর।

চোলম ও জোয়ার।			রাগী বা বাজ্‌ওয়া ও চীনা।			জবেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			বন্দর।
এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	
টাকা	ট কা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	ট.কা	টাকা	টাকা	টাকা	
৩৷০	৩৷৶০	২৲	...	...	...	১৸০	১৸০	২৲	২৴০	২৴০	২৷০	৷৵	৷৵	৷৶	২৸০	২৸০	২৸০	কলিকাতা।
...	...	...	...	...	...	...	...	...	২৷৷০	২৷৷০	২৷৶০	...	..	...	৩৲	৩৲	৩৴০	সেরাজগঞ্জ।
...	...	...	...	...	...	...	...	...	২৷০	২৷০	২৷৶০	৷৷০	৷৷০	৷৶০	৩৲	৩৲	৩৶০	ঢাকা।
...		...	...	...	...	...	...	...	২৷০	২৷০	২৷৶০	৷৷০	৷৷০	৷৶০	২৸৶০	২৸৶০	২৸৶০	নারায়ণগঞ্জ।
...	...	...		...	...	...	...	..	২৸০	২৸০	৩৲	৷০	৷০	৷৴০	২৸০	২৸০	৩৷০	চট্টগ্রাম।
...	...	...	...	...	...	১৷০	১৷০	১৷৷৬	১৷৶০	১৷৶০	১৷৷৴০	৷৴০	৷৴০	৷৴০	৩৲	৩৲	৩৴০	পাটনা।
...	...	...	..	...	...	...	...	...	২৷৷০	২৷৷০	২৸০	৶৯	৶৯	৶০	৩৷৶০	৩৷৶০	৩৸৶০	বালেশ্বর।
...	...	...	...	...	...	...	..	...	..	...	...	...	...	...	২৷৶০	২৷৶০	২৷৶০	পুরী।
...	...	...	...	...	...	...	...	...	১৷৷৶০	১৷৷৶০	১৷৷৴০	৷৷০	৷৷০	৷৷০	২৸০	২৸০	২৸০	কটক।

সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জিলা নদীয়া।—বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ—কাছারি কালেক্টরী জিলা নদীয়া।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা অনুসারে জিলা নদীয়ার তৌজির অন্তর্গত, নিম্নলিখিত মহাল সকলের ১৮৮৫ সালের ১২ জানুয়ারি তারিখের প্রাপ্য মালগুজারি এবং অন্যান্য দাওয়া যাহা চলিত আইন ও আষ্ট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৫ সালের ২৫শে মার্চ্চ মোতাবেক ১২৯১ সালের ১৩ই চৈত্র বুধবার এই জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বন্দোবস্তে প্রকাশ্য নিলামে দর যাইবেক ইতি।

তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১৭ নং	আলফা পং বাগোয়ান।	কৃষ্ণনাথ রায়, কুমুদিনী দাসী অলি অছি জাং গুরুদাস বিশ্বাস, যদুনাথ জগন্নাথ খাঁ ও চন্দ্রকান্ত, লক্ষ্মীকান্ত, রতিকান্ত গঙ্গাকান্ত, দ্বারকাকান্ত ও সূর্য্যকান্ত ভট্টাচার্য্য, লক্ষ্মীমণি দেব্যা অলিমাতা তিনকড়ী দেব্যা, ত্রৈলোক্যসুন্দরী দেব্যা. উমেশচন্দ্র মুখোপাধ্যায় স্বয়ং ও ভারপ্রাপ্ত বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, ও গোবিন্দচন্দ্র ও মন্মথনাথ মুখোপাধ্যায়, রায় ধনপত সিংহ বাহাদুর অছি জাং নাবালগ শেট গোপীচাঁদ বাহাদুর, রামেশ্বর রায়, মথুরানাথ শ্রীনাথ পাল চৌধুরী স্বয়ং ও অছি সুনয়নী দাসী স্বয়ং ও অছি জাং শ্রীশচন্দ্র, ধনকৃষ্ণ, ললিতমোহন পাল নাবালগ, হীরালাল ও উমেশচন্দ্র ও মহেশচন্দ্র পাল ও বেনওয়ারিলাল পাল নাবালগের অছি উমেশচন্দ্র পাল, ও রামবকস চেৎলাঙ্গিয়া।	৮৬৭০।/৩ পুঃ ৯৬/৭	১৪৫৩।।০	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া ৮০৮ বাদে অবশিষ্ট রং ।/১৬—১০ তিন যাহা ৮৮০৩।৬৯।। পাই সদর ও ৫২১৩ পাই টাকা পুলিস জমায় চন্দ্রকান্ত, লক্ষ্মীকান্ত, রতিকান্ত, ও গঙ্গাকান্ত, দ্বারকাকান্ত, সূর্য্যকান্ত ভট্টাচার্য্য, লক্ষ্মীমণি দেব্যা, অলিমাতা তিনকড়ী দেব্যা, ত্রৈলোক্যসুন্দরী দেব্যা, উমেশচন্দ্র মুখোপাধ্যায় স্বয়ং ও ভারপ্রাপ্ত জাং বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় মন্মথনাথ মুখোপাধ্যায়, রায় ধনপত সিংহ বাহাদুর অছি, জাং নাবালগ শেঠ গোপীচাঁদ বাহাদুর, রামেশ্বর রায়, মথুরানাথ শ্রীনাথ পাল স্বয়ং ও অছি সুনয়নী দাসী স্বয়ং ও অছি জাং শ্রীশচন্দ্র, ধনকৃষ্ণ ললিতমোহন পাল নাবালগ, ও হীরালাল ও উমেশচন্দ্র ও মহেশচন্দ্র পাল, ও বেনোয়ারিলাল পাল নাবালগের অছি উমেশচন্দ্র পাল, রামবকস্ চেৎলাঙ্গিয়ার নামে এজমালে ১৭১০ নং লেখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।
১২০ নং	দোগাছিয়া কিঃ পং দোগাছিয়া।	প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, জাহ্নবামণি দাস্যা মকরচন্দ্র পাল চৌধুরী. কৈলাশেশ্বরী দাস্যা অলিঅছি জানবে বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ তারাসুন্দরী দাসী, নবীনচন্দ্র সরকার রামচন্দ্র মিত্র. কৃষ্ণকামিনী দাসী, তারণচন্দ্র মিত্র, কান্তকালী দাস্যা, কির্ত্তীচন্দ্র মিত্র স্বয়ং ও অছি ভ্রাতা ও নিকট বন্ধু ও কর্ম্মাধ্যক্ষ জানবে নাবালগ ভ্রাতা পয়োধিচন্দ্র ও মন্মথচন্দ্র মিত্র।	৪৩৫৬।।/৪ পুঃ ৫৬।/৭	১০৬/১১।।	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশবাদে অবশিষ্ট রং ।।/৭।।/৫ তিন যাহা ২৭৬৪।।/০ টাকা সদর ও ৩৫৮৫ পাই পোলীস জমায় প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, জাহ্নবামণি দাস্যা, মকরচন্দ্র পাল চৌধুরী কৈলাশেশ্বরী দাস্যা অলিঅছি জাং বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ ও তারাসুন্দরী দাসী, নবীনচন্দ্র সরকার, রামচন্দ্র মিত্র, কৃষ্ণকামিনী দাসী ও তারণচন্দ্র মিত্র, কির্ত্তীচন্দ্র মিত্র স্বয়ং ও অছি ভ্রাতা ও নিকট বন্ধু ও কর্ম্মাধ্যক্ষ জানবে নাবালগ ভ্রাতা পয়োধিচন্দ্র ও মন্মথচন্দ্র মিত্রের নামে ১৩০১৭ নং এজমালী লিখাযায় ঐ অংশ বাকী পরায় উহাই নিলাম হইবেক।

[Government Gazette, 17th February 1885.]

২১৬ নং	গোবরা পং পলাশী।	মহারাজা জগদীন্দ্র বেনওয়ারিগোবিন্দ বাহাদুর সেবাইত জাং কিশোরি বেনওয়ারিজি ঠাকুর ও কৃষ্ণনাথ রায়, কুমুদিনী দাসী অলি জাং গুরুদাস বিশ্বাস নাবালগ ও রামবক্স চেৎলাঙ্গিয়া হরিমোহন মল্লিক, ও প্রভাবতী দেব্যা, ও রামধন খাঁ, ও রামেশ্বর খাঁ, ও কালিদাস খাঁ, ও উমাচরণ খাঁ নবকুমার মুখোপাধ্যায়, শ্যামাপদ বন্দোপাধ্যায়, দুর্গাপদ বন্দ্যোপাধ্যায়, ও গিরিবালা দেব্যা অলি মাতা জাং উমাপদ ও অভয়পদ বন্দ্যোপাধ্যায় নাবালগ ও চন্দ্রমনি দেব্যা।	২২৫১/১১ পৃঃ ২২৯	২৮৮/১॥	১৮৭৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রুং ৬১১২৭ তিন, যাহা ৯১৪/৪ পাই সদর ও ৮৫৩ পাই পুলীস জমার রামেশ্বর খাঁ ও কালিদাস খাঁ, ও প্রভাবতী দেব্যা ও নবকুমার মুখোপাধ্যায়, ও চন্দ্রমনি দেব্যা ও কৃষ্ণনাথ রায়, ও হরিমোহন মল্লিক ও মহারাজা জগদীন্দ্র বেনওয়ারি গোবিন্দ বাহাদুর সেবাইত জাং কিশোরি বনওয়ারিজি ঠাকুর, কুমুদিনী দাসী অলি জানবে গুরুদাস বিশ্বাস, নাবালগ শ্যামাপদ, ও দুর্গাপদ বন্দ্যোপাধ্যায় গিরিবালা দেব্যা অলিমাতা জাং উমাপদ ও অভয়পদ বন্দ্যোপাধ্যায় নাবালকের নামে ২১৬।০ নং একমালীতে লেখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।
৪২৪ নং	প্যারপুর পং ফতেজঙ্গপুর।	তিনকড়ী গুপ্তা জওজে কিশোরিমোহন দাস ও জগৎমোহিনী দেব্যা অলি মাতা জাং দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় নাবালগ, চন্দ্রমণি গুপ্তা স্বয়ং ও অলি অছি জাং কৃষ্ণদাস মল্লিক নাবালগ, ব্রজকুমার মল্লিক ও শ্রীকৃষ্ণ মল্লিক, নিস্তারিণী গুপ্তা ও গোপীমোহন দাস, পদ্মকামিনী গুপ্তা, ললিতমোহন বন্দ্যোপাধ্যায় নাবালগের পক্ষে অছি শ্রীকণ্ঠ মুখোপাধ্যায়, বড় আশুতোষ মুখোপাধ্যায়, ও ছোট রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায়।	১৭২৯৮৶৯	১।৶৯	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক।
৩৭৭ নং	তঃ শ্যামপুর পং রাজপুর।	গোপালচরণ মুখোপাধ্যায়, ও শশীসুন্দরী দেব্যা অঘোরনাথ ও শ্রীশচন্দ্র মুখোপাধ্যায়, কুমুদিনী দেব্যা, অলি মাদরে গৌরহরি মুখোপাধ্যায় নাবালগ দীননাথ মুখোপাধ্যায়, নফরচন্দ্র পাল চৌধুরী, ও কৈলাসেশ্বরী দাস্যা অলি অছি জাং বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ও বসন্তকুমার মুখোপাধ্যায় স্বয়ং ও অছি ও শশীসুন্দরী দেব্যা অছি জাং মহাতাপচন্দ্র মুখোপাধ্যায়, নাবালগ হীরালাল চৌধুরী, কুসুমকুমারী দেব্যা থাকমণি দেব্যা, দীননাথ মুখোপাধ্যায় ও বৈদ্যনাথ মুখোপাধ্যায়, রামবকস চেৎলাঙ্গিয়া ননিমোহন মুখোপাধ্যায় নিস্তারিণী দেব্যা অলি মাতা জাং ভুবনমোহন মুখোপাধ্যায় নাবালগ, অক্ষয়কুমার মুখোপাধ্যায় স্বয়ং ও অছি ও প্রসন্নময়ী দেব্যা, অলি মাদরে জীবনকৃষ্ণ ও দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় ৺ গোপালদেব ঠাকুর ও ৺ শিব ঠাকুর সেবাইত কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ক্ষেত্রপাল বন্দ্যোপাধ্যায় ও কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ক্ষেত্রপাল বন্দ্যোপাধ্যায় অছি জাং কালিপদ ও তারাপদ বন্দ্যোপাধ্যায়,।	৩১৫২৮২	১২৶৩	১৮৭৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রুং ৶৭।। আনা যাহা ৫৫৩।।০ টাকা সদর জমায় গোপালচরণ মুখোপাধ্যায় ও শশীসুন্দরী দেব্যা ও অঘোরনাথ শ্রীশচন্দ্র মুখোপাধ্যায়, কুমুদিনী দেবী অলি মাদরে গৌরহরি মুখোপাধ্যায় নাবালগ ও দীননাথ মুখোপাধ্যায় ও নফরচন্দ্র পাল চৌধুরী, কৈলাশেশ্বরী দাস্যা অলিও ছ জাং বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, বসন্তকুমার মুখোপাধ্যায় স্বয়ং ও অছি ও শশীসুন্দরী দেব্যা অছি জাং মহাতাপচন্দ্র মুখোপাধ্যায়, নাবালগ ও হীরালাল চৌধুরী, রামবকস চেতলাঙ্গিয়া, ননিমোহন মুখোপাধ্যায় নিস্তারিনী দেব্যা অলি মাতা জাং ভুবনমোহন মুখোপাধ্যায় নাবালগের নামে ৫৭৭।০ নং একমালিতে লেখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।

P. H. O'Brien,
For Collector.

জিলা মুরশিদাবাদ ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে, সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধরামতে জিলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মহাল সন ১২৯১ সালের নাং কিস্তি অগ্রাহায়ণ তলবের বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৮৫ সালের ১৯ মার্চ্চ মোতাবেক সন ১২৯১ সালের ৭ চৈত্র বৃহস্পতিবার জিলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারীতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক সন ১৮৮৫ সাল তারিখ ১০ ফেব্রুয়ারি।

বহির নম্বর।	মহালের প্রকার।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	কৈফিয়ৎ।
১	প্রথম শ্রেণীর মাহাল	৯	কিং পরগনে কাশীপুর পরগনে কাশীপুর	তরণীমোহন রায়, শ্যাম চরণ ভট্ট, প্রসন্নচন্দ্র রায়, শ্রীনাথ চৌধুরি, রাধাচরণ ও কৃষ্ণচরণ বন্দ্যোপাধ্যায়, কুমুদিনী দেব্যা স্বর্ণময়ী দাস্যা, সৌদামিনী দাস্যা, ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় জয়কৃষ্ণ অধিকারী, রামপ্রসাদ হাজারি, নারায়ণ প্রসাদ চক্রবর্ত্তী একজিকিউটর ষ্টেট্ মৃত রাধাচরণ সেন, চন্দ্রমুখি দাস্যা একজিকিউটর মৃত প্রতাপচন্দ্র দাস, গোপীসুন্দরী দাস্যা।	৮০৭৪৷৴০	এই মহাল মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগরের পৃথক করিয়া লওয়া অংশ ৮১১৶ কাগের কাত সদর জমা ৬৫৪৪৷১১ টাকা বাদে তরণীমোহন রায়ের অংশ ৶০৷৷৶ কাগের কাত সদর জমা ১৫২৯৸৵১ টাকা নিলাম হইবেক রাজস্বের বাকী হাল বকেয়া ২৩০৫৲৭
২	ঐ	৯	কিং পরগনে কাশীপুর পং কাশীপুর।	তরণীমোহন রায় শ্যামাচরণ ভট্ট প্রসন্নচন্দ্র রায় শ্রীনাথ চৌধুরি রাধাচরণ ও কৃষ্ণচরণ বন্দ্যোপাধ্যায় কুমুদিনী দেব্যা স্বর্ণময়ী দাস্যা সৌদামিনী দাস্যা ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় জয়কৃষ্ণ অধিকারী রামপ্রসাদ হাজারি নারায়ণপ্রসাদ চক্রবর্ত্তী একজিকিউটর ষ্টেট্ মৃত রাধাচরণ সেন চন্দ্রমুখি দাস্যা একজিকিউটর মৃত প্রতাপচন্দ্র দাস, গোপীসুন্দরী দাস্যা।	৮০৭৪৷৴০	এই মহাল মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগরের পৃথক করিয়া লওয়া অংশ ৸৵১১৷৶ কাগের কাত সদর জমা ৭৩৫৩৸০ টাকা বাদে কুমুদিনী দেব্যা স্বর্ণময়ী দাস্যা সৌদামিনী দাস্যার পৃথক করিয়া লওয়া অংশ ৴৮৷৷৶ কাগের কাত সদর জমা ৭২০৷৴০ টাকা নিলাম হইবেক, রাজস্বের বাকী হাল বকেয়া ১২৫৩৲১
৩	ঐ	৩৫৪	কিং পরগনে মহনন্দী পং মহনন্দী।	কৃষ্ণপ্রসন্ন ঘোষ ও রাধাপ্রসন্ন ঘোষ স্বয়ং ও শ্যামাপ্রসন্ন ঘোষ নাবালগের অভিমাতা লক্ষ্মীমণি দাস্যা।	৭৯১৵৯	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ১৯১৵৫

জিলা মওয়াখালি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা মওয়াখালির মধ্যবর্ত্তি কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৫ সনের ১২ জানুয়ারির সূর্য্যাস্তের প্রাপ্যবাকি রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৫ সনের ২৬ মার্চ্চ মোতাবেক বাঙ্গলা ১২৯১ সনের ১৪ চৈত্র রোজ বৃহস্পতিবার উক্ত জিলার কালেক্টরিতে বিনাওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক সন ১৮৮৫ সন তারিখ ৫ ফেব্রুয়ারি।

নম্বর তৌজি।	নাম মহাল।	নাম মালিক।	সদর রাজস্ব।	বাকীর সংখ্যা।
১৩	পরগণে দাতভরা হিশ্যে ।০ আনা।	শ্রীমতী মেহেরন্নেছা চৌধুরাণী ও শ্রীআমিনদ্দীন আহাম্মদ চৌধুরী।	১৫৪৭॥৶৪	৩১৯৲৭

A. Boroоан, *Offg. Collector.*

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only* at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin; *Rs.* 16. *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only;* at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5. *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮৷৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬৷৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫৷৷০ টাকা ৮ আউন্স টীন ১০৷৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাকমাশুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

The 12th February 1885.—It is hereby notified that, under section 27 of Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor has been pleased to appoint Baboo Nagendra Nath Malik to be a Commissioner of the Municipality of English Bazar, *vice* Dr. J. L. Hendley, transferred.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 24th February* 1885.]

মতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং দার্জ্জিলিঙ্গ মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ৩৫০ ধারামতে উক্ত কমিশ্যনরদের প্রণীত নিম্নলিখিত উপবিধি দৃঢ় করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

উপবিধি।

(১) যোতের প্রত্যেক স্বামী আপন হাতার মধ্যে কমিশ্যনরদের অনুমোদিত আকারের বাক্স বা অন্য আধার করিয়া রাখিবেন, বাড়ীর দখীলকার তাহাতে বাড়ির সকল রাবিশ, ওঁচলা ও অন্য জঞ্জাল ফেলাইবেন, প্রতিদিন বেলা ৯ টার মধ্যে যেন তাহা স্থানান্তর করিবার নিমিত্ত প্রস্তুত থাকে।

কোন স্বামী ঐ বাক্স বা আধার দশ দিনের মধ্যে করিয়া দিবারলিখিত নোটিস পাইবার পর যদি তাহা করিয়া দিতেক্রটি করেন, তাহা হইলে কমিশ্যনরেরা তাহা করিয়া দিয়া তাঁহার স্থানে বাকী টাক্সের ন্যায় সেই খরচ আদায় করিবেন।

আরো কোন দখীলকার, করিয়া দেওয়া সেই বাক্সে বা আধারে বাড়ীর সকল রাবিস, ওঁচলা ও অন্য জঞ্জাল প্রতিদিন বেলা ৯ টার মধ্যে ফেলাইতে যদি ক্রটি করেন, তাহা হইলে তদ্রূপ প্রত্যেক ক্রটির জন্যে তাহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

(২) যাঁহাদের হাতা নাই ও কমিশ্যনরেরা যাঁহাদিগকে তদ্রূপ করিবার আদেশ করেন তাঁহারা প্রতিদিন বেলা ৯ টার মধ্যে স্থানান্তর করিবার নিমিত্ত নিকটস্থ বা সরকারী কোন বাক্সে বা আধারে আপনং বাড়ীর রাবিশ, ওঁচলা ও জঞ্জাল ফেলিয়া রাখিবেন।

কোন ব্যক্তি এই উপবিধি পালন করিতে ক্রটি করিলে, তদ্রূপ প্রত্যেক ক্রটির নিমিত্ত তাঁহার ১০ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

আরো সরকারী কোন বাক্সে বা আধারে রাবিশ, ওঁচলা ও অন্য জঞ্জাল না ফেলাইয়া তন্নিকটস্থ জমিতে বা পথে ফেলাইলে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত ১৲ এক টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র সেন কর্ম্ম ত্যাগ করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ রায় চৌধুরীকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে ময়মনসিংহ জিলার অন্তর্গত জামালপুর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ডাক্তর শ্রীযুত জে, এল, ডাওনী সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়ায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত বাবু নগেন্দ্রনাথ মল্লিককে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে পুরাণ মালদহ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ডাক্তর শ্রীযুত জে, এল, ডাওনী সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়ায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত বাবু নগেন্দ্রনাথ মল্লিককে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে ইংরেজ বাজার মুনিসিপালিটির কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

NOTIFICATION.

The 13th February 1885.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the power vested in the Local Government by section 85, Act III (B.C.) of 1884, and on the recommendation of the Commissioners of the Khulna Municipality made at a meeting, to sanction the imposition by the said Commissioners, in the said municipality, of a tax upon persons occupying holdings within the municipality according to their circumstances and property within the municipality, unless good reasons be shown to the contrary within one month from the date of the publication of this notification.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 14th February 1885.—It is hereby notified that, under section 59, Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor approves the election by the Commissioners of the Cutwa Municipality in the district of Burdwan of Baboo Radha Madhub Bose to be their Chairman.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTICE.

The 16th February 1885.—It is hereby notified, for general information, that the Lieutenant-Governor intends, in accordance with the recommendation of the Municipal Commissioners of Roserah, in the district of Durbhunga, made at a meeting, to sanction the levying by them, under section 85(*a*) of the Municipal Act III (B.C.) of 1884, of a tax upon persons occupying holdings within the Municipality, according to their circumstances and property within the Municipality, unless good reasons be shown to the contrary within one month from the date of the publication of this notice within the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16th February 1885.—It is hereby notified that, under section 59, Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor approves the election by the Commissioners of the Jungipore Municipality in the district of Moorshedabad of Baboo Krishna Bullav Roy to be their Chairman.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16th February 1885.—It is hereby notified that, under section 59, Act III (B.C.) of 1884, the Lieutenant-Governor approves the election by the Commissioners of the Baraset Municipality of Baboo Bipra Das Banerjee to be their Chairman.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th February 1885.—It is hereby notified that the Lieutenant-Governor is pleased, under section 27 of Act III (B.C.) of 1884, to appoint Surgeon-Major H. Whitwell to be a Commissioner of the Julpigoree Municipality, *vice* Assistant Surgeon Brojo Nath Chowdree.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 24th February* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেন্টের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং খুলনা মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধ ক্রমে উক্ত মুনিসিপালিটীর মধ্যে স্থিত যোতের দখীলকার ব্যক্তিদের উপর ও উক্ত মুনিসিপালিটীর মধ্যে তাঁহাদের অবস্থা ও সম্পত্ত্যনুসারে উক্ত মুনিসিপালিটীতে উক্ত কমিশ্যনরদের দ্বারা টাক্স ধার্য্য করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৪ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বর্দ্ধমান জিলার অন্তর্গত কাটওয়া মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু রাধামাধব বসুকে আপনাদের সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৫৯ ধারামতে তাহা অনুমোদন করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে দ্বারভঙ্গা জিলার অন্তর্গত রসড়া মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব রসেড়ার মুনিসিপল কমিশ্যনরদের অনুরোধক্রমে মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৫ (ক) ধারানুসারে উক্ত কমিশ্যনরদের দ্বারা উক্ত মুনিসিপালিটীর মধ্যে স্থিত যোতের দখীলকার ব্যক্তিদের উপর ও উক্ত মুনিসিপালিটীর মধ্যে তাঁহাদের অবস্থা ও সম্পত্ত্যনুসারে টাক্স ধার্য্য করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গিপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু কৃষ্ণবল্লভ রায়কে আপনাদের সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৫৯ ধারামতে তাহা অনুমোদন করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বারাসত মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত বাবু শিবপ্রসাদ বন্দ্যোপাধ্যায়কে আপনাদের সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৫৯ ধারামতে তাহা অনুমোদন করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আসিস্টান্ট সর্জন শ্রীযুত ব্রজনাথ চৌধুরীর পরিবর্ত্তে সর্জন-মেজর শ্রীযুত এচ, উইটওয়েল সাহেবকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে জলপাইগুড়ি মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

NOTIFICATION.

The 17th February 1885.—It is hereby notified that, in the exercise of the power conferred upon him by section 342 of Act IV (B.C.) of 1876, the Lieutenant-Governor is pleased to confirm the additional bye-law reproduced below, which has been framed by the Commissioners of the Municipality of Calcutta under section 341, and which has already been published three times in the English and Bengali Government Gazettes in the manner prescribed by section 343 of the said Act:—

"No person shall use any place as a slaughter-house, other than places provided by the Commissioners for such purpose, unless he shall have obtained a license in writing under the provisions of section 287 of the Calcutta Municipal Consolidation Act, 1876."

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th February 1885.—It is hereby notified that the Commissioners of the Colgong Municipality having at a meeting requested the local Government, under section 23, clause 2 of Act III (B.C.) of 1884, to appoint a Chairman, the Lieutenant-Governor is pleased to appoint Mr. W. H. D'Oyly, C.S., to be Chairman of the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16th February 1885.—In supersession of all previous orders on the subject, the Lieutenant-Governor sanctions the removal of the head-quarters of the Burdwan Commissionership from Chinsurah to Burdwan, with effect from the 5th February 1885.

A. P. MACDONNELL,
Secretary to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 918A.

The 5th February 1885.—Moulvie Syed Abdul Aziz is appointed to act as a Munsif in the district of Hazaribagh, to be ordinarily stationed at Hazaribagh, during the absence, on leave, of Moulvie Syed Fakiruddin Hossein, or until further orders.

Baboo Ashutosh Banerjee, B.L., is appointed to act as a Munsif in the district of Cuttack, to be ordinarily stationed at Jajpore, during the absence, on leave, of Baboo Prosunno Coomar Roy, or until further orders.

The 11th February 1885.—Baboo Khetra Nath De is appointed to be an Honorary Magistrate for the Hooghly General Bench, and is vested with the powers of a Magistrate of the third class.

The 12th February 1885.—Baboo Nobin Chunder Gangooly, Subordinate Judge, Rungpore, is allowed leave for three months, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

Baboo Himango Chandra Bose, Officiating First Subordinate Judge of Tipperah, is appointed to act as Subordinate Judge of Rungpore, during the absence, on leave, of Baboo Nobin Chunder Gangooly, or until further orders.

Baboo Himango Chandra Bose is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a court up to the value of Rs. 100, within the local limits of the Sudder Munsifi of Rungpore.

[*Government Gazette, 24th February* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৩৪২ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি উক্ত আইনের ৩৩১ ধারামতে কলিকাতা মুনিসিপালিটীর কমিশনরদের প্রণীত নিম্নলিখিত যে অতিরিক্ত উপবিধি উক্ত আইনের ৩৪৩ ধারার নির্দিষ্টমতে ইংরেজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে তিনবার প্রকাশ করা গিয়াছে তাহা দৃঢ় করিলেন।

কোন ব্যক্তি কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ বিষয়ক ১৮৭৬ সালের আইনের ২৮৭ ধারার বিধানমতে লিখিত লাইসেন্স না পাইলে কমিশনরেরা কশাইখানাস্বরূপ যে স্থান নির্দ্দেশ করিয়া দিয়াছেন তদ্ভিন্ন অন্য স্থান কশাইখানাস্বরূপ ব্যবহার করিবে না।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, কাছালগাঁ মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরেরা ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৩ ধারার ২ প্রকরণমতে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট সভাপতি নিযুক্ত করিবার প্রার্থনা করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত ডবলুউ এচ, ডয়লী, সি, এস, সাহেবকে উক্ত মুনিসিপালিটীর সভাপতির পদে নিযুক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি।—এতদ্বিষয়ের পূর্ব্বের সকল আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বর্দ্ধমানের কমিশ্যনরীর সদর স্থান ১৮৮৫ সালের ৫ ফেব্রুয়ারি অবধি চুঁচড়া হইতে বর্দ্ধমানে উঠিয়া যাইবার অনুমতি দিলেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

৯১৮A নম্বর।

১৮৮৫ সাল ৫ ফেব্রুয়ারি।—শ্রীযুত মৌলবী সৈয়দ ফকীরুদ্দীন হুসেনের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল আজিজ হাজারীবাগ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ হাজারীবাগে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার রায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু আশুতোষ বন্দ্যোপাধ্যায়, বি, এল, কটক জিলার মুন্সেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ যাজপুরে অবস্থাপিত হইবেন।

১৮৮৫ সাল ১১ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু ক্ষেত্রনাথ দে, হুগলীর জেনরল বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ১২ ফেব্রুয়ারি।—রঙ্গপুরের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায়, অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ত্রিপুরার একটিং প্রথম সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসু রঙ্গপুরের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসু রঙ্গপুরের সদর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

The 16th February 1885.—Baboo Parbutty Churn Roy, Deputy Magistrate and Deputy Collector, Howrah, is vested with the powers of a Magistrate of the first class, and with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Baboo Purna Chandra Mitter, First Munsif of Nattore, in Rajshahye, is appointed temporarily to be an Additional Munsif in the district of Bhagulpore, to be ordinarily stationed at Begooserai.

Baboo Shoshee Bhooshun Dutt, Deputy Magistrate and Deputy Collector, Muddehpoorah, Bhagulpore, is vested with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

The 17th February 1885.—Mr. J. L. Herald, Assistant Magistrate and Collector, Dinagepore, is vested with the powers of a Magistrate of the second class.

Baboo Mohun Chandra Ghosh, Third Munsif of Alipore, in the district of the 24-Pergunnahs, is appointed temporarily to be Rent Suit Munsif of that Chowkey, *vice* Baboo Hemango Chunder Bose, on deputation.

Baboo Tara Nath Bose, temporary Sub-Deputy Collector, Mymensingh, is vested with the powers of a Magistrate of the third class.

Baboo Jogendranath Chakarvarti, Officiating Munsif of Dacca, is appointed to act as a Munsif in the district of Rungpore, to be ordinarily stationed at Gyebanda, during the absence on leave of Baboo Jogendro Nath Mookerjee, or until further orders.

Baboo Krishna Lall Chatterjee, Officiating Munsif of Hooghly, is appointed to act as a Munsif in the district of Noakholly, to be ordinarily stationed at Dewangunge, during the absence on leave of Baboo Raj Narain Chakravarti, or until further orders.

Baboo Trigana Prasanna Bose, Munsif of Lalbagh, Moorshedabad, is appointed temporarily to be a Munsif in the district of the 24-Pergunnahs, to be ordinarily stationed at Alipore, during the absence, on deputation, of Baboo Hemango Chandra Bose, or until further orders.

Baboo Bhuban Mohun Biswas, B.L., Officiating Munsif of Alipore, 24-Pergunnahs, is appointed to act, until further orders, as a Munsif in the district of Shahabad, to be ordinarily stationed at Sasseram.

Baboo Annada Prosad Bagchi, Munsif of Lalbagh, Moorshedabad, is vested with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Lalbagh Munsifi.

Baboo Nistarun Banerjee, Munsif of Azimgunge, Moorshedabad, is vested with the jurisdiction of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Azimgunge Municipality.

ERRATUM.—*The 10th February* 1885.—In the notification of the 12th November last, published in the *Calcutta Gazette* of the 19th idem, appointing Baboo Dwarkanath Bhattacharjee, B.L., to be an Honorary Magistrate for the Regular Bench at Gurbetta, in the Midnapore district, *for* "Dwarkanath Bhattacharjee, B.L.," *read* "Dwarkanath Chatterjee, B.L."

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 13th February* 1885.—Baboo Jogendro Nath Mookerjee, Second Munsif of Gyebanda, in the district of Rungpore, is allowed leave for one month and 15 days, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code with effect from the 23rd February 1885, or from the date on which he avails himself of the leave.

Baboo Raj Narain Chakravarti, Munsif of Dewangunge, in the district of Noakholly, is allowed leave for two months and 15 days under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he will be relieved.

Baboo Biraj Krishna Ghose, First Munsif of Cutwa, in the district of Burdwan, is allowed leave for three months, under section 128, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him on the 19th November 1884.

[*Government Gazette*, 24*th February* 1885.]

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি।—হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পার্ব্বতী-চরণ রায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সারসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

রাজশাহীর অন্তর্গত নাটোরের প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র, কিয়ৎকালের নিমিত্তে ভাগলপুর জিলায় আডিশ্যনল মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বেগুসরাইয়ে অবস্থাপিত হইবেন।

ভাগলপুরের অন্তর্গত মধেপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শশীভূষণ দত্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।—দিনাজপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এল, কেরলড সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

রাজকার্য্যান্তরে প্রেরিত শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসুর পরিবর্ত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত আলি-পুরের তৃতীয় মুনসেফ শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ, কিয়ৎকালের নিমিত্তে উক্ত চৌকীর খাজানার মোক-দ্দমা বিচারার্থ মুনসেফের পদে নিযুক্ত হইলেন।

ময়মনসিংহের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারানাথ বসু তৃতীয় শ্রেণীর মাজি-ষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকার একটিং মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী রঙ্গপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ গাইবান্ধায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তীর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, হুগলীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণলাল চট্টোপাধ্যায়, নওয়াখালী জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ দেওয়ানগঞ্জে অবস্থাপিত হইবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু হেমাঙ্গচন্দ্র বসুর অনুপস্থিতি কালে অথবা যাবৎঅন্য আজ্ঞা না হয়, মুরশিদাবাদের অন্তর্গত লালবাগের মুনসেফ শ্রীযুত বাবু ত্রিগুণাপ্রসন্ন বসু কিয়ৎকালের নিমিত্তে ২৪ পরগনা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

২৪ পরগনার অন্তর্গত আলিপুরের একটিংমুনসেফে শ্রীযুত বাবু ভুবনমোহন বিশ্বাস, বি, এল, যাবৎ অন্য আজ্ঞা না হয়, শাহাবাদ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সমান্যতঃ সাশীরামে অব-অবস্থাপিত হইবেন।

মুরশিদাবাদের অন্তর্গত লালবাগের মুনসেফ শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ বাগচী লালবাগ মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

মুরশিদাবাদের অন্তর্গত আজিমগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নিস্তারণ বন্দোপাধ্যায়, আজিমগঞ্জ মুনিসিপালিটীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ২০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

অশুদ্ধশোধন।—১৮৮৫ সাল ১০ ফেব্রুয়ারি।—মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেতাস্থ বেঞ্চের মধ্যে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে শ্রীযুত বাবু দ্বারকানাথ ভট্টাচার্য্য, বি, এলকে, নিযুক্তকরণবিষয়ক গত নবেম্বর মাসের ১২ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে "দারাকনাথ ভট্টাচার্য্য, বি, এল, " এই নামের পরিবর্ত্তে "দ্বারকানাথ চট্টোপাধ্যায়, বি, এল, " পাঠ করিতে হইবে।

মুন্সেফদের ছুটী।—১৮৮৫ সাল ১৩ ফেব্রুয়ারি।—রঙ্গপুর জিলার অন্তর্গত গাইবান্ধার দ্বিতীয় মুন্সেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ১৮৮৫ সালের ২৩ ফেব্রুয়ারি অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে এক মাস পনের দিনের ছুটী পাইলেন।

নওয়াখালী জিলার অন্তর্গত দেওয়ানগঞ্জের মুন্সেফ শ্রীযুত বাবু রাজনারায়ন চক্রবর্ত্তী অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিলকার্য্যকারকদের, ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ধারার ১ প্রকরণমতে দুই মাস পনের দিনের ছুটী পাইলেন।

বর্দ্ধমান জিলার অন্তর্গত কাটোয়ার প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু বিরাজকৃষ্ণ ঘোষ ১৮৮৪ সালের ১৯ নবেম্বরে যে ছুটী পান তদতিরিক্ত সিবিলকার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে তিন মাসে ছুটী পাইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

The 14th February 1885.—Baboo Gopal Krishna Ghosh, Second Munsif of Kurigram, in the district of Rungpore, is allowed leave for one month, under sections 128 and 141, rule 1, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him on the 17th of December 1884.

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16th February 1885.—It is hereby notified, under the provisions of section 15 of Act V of 1861, that the villages of Bamna, Chechan, Amtali, Tabsoar, Dewatala, Kalagachia, Safipur, Kachichhira, Chotla Safipur, Katakhali, Duskhali, Bukabonea, Kalikabari, Gazepur, Bebajakhali, Kalikabari II, Jaynagar, Nizkati, Sanbonia, Jafrakhali, Bara Tabsoar, Karaitala, Khushnichira, Bhaijara, Khulpatua Bara Howla, Ajadya, Patkakhali, Ruhita and Dhona, in the Perozepur sub-division, in the district of Backergunge, being still in a disturbed and dangerous state, owing to the existence of disputes regarding the possession of lands and collection of rents, the Lieutenant-Governor has sanctioned the retention, for a further period of one year, commencing from the 15th February 1885, of a special police force of one sub-inspector, three head-constables and 25 constables, to be quartered in the above-mentioned thirty villages, for the purpose of keeping the peace between the Bamna chowdhuries and their ryots.

2. The total cost of the force noted below will be assessed on, and levied from, the inhabitants of the villages in proportion to their respective means.

	Rs.	A.	P.
One Sub-inspector, fourth grade	50	0	0
One Head-constable, first grade	25	0	0
One ditto, second grade	20	0	0
One ditto, third grade	15	0	0
Five constables, first grade, at Rs. 9 each	45	0	0
Seven ditto, second grade, at Rs. 8 each	56	0	0
Thirteen ditto, third grade, at Rs. 7 each	91	0	0
Pensionary charges at two annas per rupee	37	12	0
Contingencies at 10 per cent	30	4	0
One Sub-inspector's boat-hire	20	0	0
Total ...	390	0	0
or for one year ...	4,680	0	0
Clothing allowance of 28 men for one year at Rs. 4 each	112	0	0
Repairs of barracks	50	0	0
Grand total for one year ...	4,842	0	0

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th February 1885.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons as Qazis), the Lieutenant-Governor has been pleased to grant a sanad (license) to each of the under-mentioned gentlemen appointing him Qazi of the thana in the Noakholly district specified against his name for the celebration of marriages and the performance of other rites and ceremonies, when application is made to him to perform any such functions :—

Munshi Obedullah ... Sudharam.
Moulvie Hasan Ali ... Sundip.
„ Ashanullah ... Lakhipura.
„ Mafazzalurrahoman Feni.
Syed Menhajuddin ... Begumganj.
Moulvie Abdul Halim Ramganj.
Kafiluddin Ahmed ... Bamni.
Monsur Ali ... Hatiya.
Nasiruddin Mahomed ... Chhagalneya.

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 24th February* 1885.]

১৮৮৫ সাল ১৪ ফেব্রুয়ারি।—রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রামের দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু গোপালকৃষ্ণ ঘোষ ১৮৮৪ সালের ১৭ ডিসেম্বরে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ও ১৪১ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বাখরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুর মহকুমার শামিল বামনা, ঢেচান, আমতলি, তারশোয়ার, দেবতলা, কলাগাছিয়া, সফিপুর, কাচিহিড়া, ছোটজা, সকিপুর, কাটাখালী, দশখালী, বকাবনিয়া, কালিকাবাড়ী, গাজিপুর, বেগমাখালী, কালিকাবাড়ী দ্বিতীয়, জয়নগর, নিজকাটী, সনবনিয়া, আফ্রাখালী, বড় তারশোয়ার, কউরিচলা, খুসনিচিরা, ডৈঙ্কারা, খলপট্টুয়া, বড়হোলা, অযোধ্যা, পটকাখালী, কচিতা ও ধোনা গ্রামের জমিদখল ও খাজানা আদায় লইয়া বিবাদপ্রযুক্ত অদ্যাপি আশঙ্কাজনক ও বিশৃঙ্খল অবস্থা থাকাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বামনার চৌধুরীদের ও রায়দের মধ্যে শান্তিরক্ষার নিমিত্ত একজন সব-ইন্‌স্পেক্টর, তিনজন হেড কনষ্টেবল ও ২৫ জন কনষ্টেবলের এক বিশেষ পোলীস দল ১৮৮৫ সালের ১৫ ফেব্রুয়ারি অবধি আর একবৎসরের নিমিত্ত উক্ত ত্রিশ গ্রামে থাকিবার অনুমতি দিলেন।

২। উক্ত দলের মোট খরচ উক্ত সকল গ্রামবাসিদের অবস্থানুসারে হারহারীতে ধার্য্য হইয়া আদায় করা যাইবে।

	টাকা।
চতুর্থ শ্রেণীর একজন সব-ইন্‌স্পেক্টর … … …	৫০৲
প্রথম শ্রেণীর একজন হেড কনষ্টেবল … … …	২১৲
দ্বিতীয় ,, ঐ ঐ … … …	২০৲
তৃতীয় ,, ঐ ঐ … … …	১৫৲
৯৲ টাকা করিয়া প্রথম শ্রেণীর পাঁচজন কনষ্টেবল … …	৪৫৲
৮৲ টাকা করিয়া দ্বিতীয় শ্রেণীর সাতজন ঐ … …	৫৬৲
৭৲ টাকা করিয়া তৃতীয় শ্রেণীর তেরজন ঐ … …	৯১৲
পেনশ্যানের উপলক্ষে টাকায় ৵০ আনার হিসাবে … …	৩৭৸৶
শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ … … .	৩০।০
একজন সব-ইন্‌স্পেক্টরের নৌকাভাড়া … … …	২০৲
মোট …	৩৯০৲
অর্থাৎ এক বৎসরের …	৪,৬৮০৲
বৎসর চারি টাকার হিসাবে ২৮ জনের কাপড়ের খরচ … …	১১২৲
বারিক মেরামতের … … … …	৫০৲
সর্ব্বসুদ্ধ এক বৎসরের মোট …	৪,৮৪২৲

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ব্যক্তিদিগকে কাজীস্বরূপ নিযুক্ত করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে নিম্নলিখিত মহাশয়দের প্রত্যেক জনের নামের পার্শ্বলিখিত নওয়াখালী জিলার অন্তর্গত থানার কাজির পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন তাঁহার নিকট বিবাহ ও অন্য ধর্ম্মকার্য্য সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মুনশী ওবেদুল্লা … সুধারাম।
,, মৌলবী হুসেন আলি … সন্দীপ।
,, ,, আসাদুল্লা … লক্ষ্মীপুর।
,, ,, মফজ্জললরহমান ফেনী।
শ্রীযুত সৈয়দ মেনহাজুদ্দীন … বেগমগঞ্জ।
,, মৌলবী আবদুল হলিম … রামগঞ্জ।
,, কাফসুদ্দীন আহম্মদ … বামনি।
,, মনসুর আলি … হাতিয়া।
শ্রীযুক্ত মফিকদ্দীন মহম্মদ … ছাগলনিয়া।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION.

The 16*th February* 1885.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons as Qazis), the Lieutenant-Governor has been pleased to grant a sanad (license) to each of the undermentioned gentlemen appointing him Qazi of the thana in the Tipperah district specified against his name, for the celebration of marriages and the performance of other rites and ceremonies, when application is made to him to perform any such functions.

Moulvi	Abdullah	... Katwa.
"	Abdul Lutif	... Qusba.
"	Moozzazul Islam...	Nabinagar.
"	Reazulullah	... Brahmenberia.
Moulvi	Asadullah	... Hajiganj.
"	Azizar Rahman	... Elloitganj.
"	Asgar Ali	... Chondagaon.
"	Akram Ali	... Chandpore.

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

The 13*th February* 1885.

No. 51.—*Notification.*—The services of Mr. G. J. R. Leeson, Executive Engineer, third grade, are temporarily placed at the disposal of the Railway Branch for employment on the Dacca and Mymensing State Railway.

The 11*th February* 1885.

No. 52.—*Leave* —Mr. J. Barron, Executive Engineer, second grade, is granted 20 days privilege leave in extension of that granted to him in Notification No. 163 of the 23rd December last.

No. 53.—*Leave.*—Mr. A. W. U. Pope, Traffic Superintendent. Tirhoot State Railway, is granted privilege leave for three months under section 138 of the Civil Leave Code.

No. 54.—Mr. A. H. G. Newcomen, Assistant Traffic Superintendent, is appointed to Officiate as Traffic Superintendent, Tirhoot State Railway, during the absence of Mr. Pope on privilege leave, or until further orders.

No. 55 —*Furlough.*—Mr. E. C. Elliot, Assistant Engineer, first grade, Tirhoot State Railway, is granted one year's furlough on medical certificate, under section 50 of the Civil Leave Code, with the necessary subsidiary leave.

G. F. E. S. NEILL, *Major*, M.S.C.,
Under-Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

The 17*th February* 1885.

No. 56.—*Transfer.*—Mr. C. Taylor, Executive Engineer. third grade, is transferred in the interests of the public service from the Brahmini-Byturni Division to the office of the Superintending Engineer, Orissa Circle.

No. 57.—*Furlough.*—Mr. J. C. Vertannes, Superintending Engineer, class I, temporary rank, is granted 20 months' furlough, under section 50, chapter V of the Civil Leave Code together with the necessary subsidiary leave.

No. 60.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for compound to the Dhamni bungalow on the 5th mile of Doomraon canal, it is hereby declared that for the above purpose a piece of land measuring about 2 roods and 31 poles more or less, and bounded on the north by the land of Ghoori Gurreri, east by a road; south by the waste land and a pucca well, and west by the cultivated land of Soron Koeri, is required in the village of Dhamni, in pergunnah Sasseram in the district of Shahabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. M. McNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette* 24*th February* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি।—শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ব্যক্তিদিগকে কাজীস্বরূপ নিযুক্ত করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে নিম্নলিখিত মহাশয়দের প্রত্যেক জনের নামের পার্শ্বলিখিত ত্রিপুরা জিলার অন্তর্গত থানার কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন তাঁহার নিকট বিবাহ ও অন্য ধর্ম্মকার্য্য সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।—

শ্রীযুক্ত মৌলবী আবদুল্লা ...কাটওয়া।	শ্রীযুক্ত মৌলবী আসাদুল্লা ... হাজিগঞ্জ।
,, ,, আবদুল লতীফ ... কসবা।	,, ,, আজিজররহমান ... এলোহৎগঞ্জ।
,, ,, মোয়াজ্জম ইস্লাম ... নবিনগর।	,, ,, আসগার আলি ... চণ্ডাগাঁ।
,, ,, রিয়াজুল্লা ... ব্রাহ্মণবাড়িয়া।	,, ,, ইক্রাম আলি ... চাঁদপুর।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ১৩ ফেব্রুয়ারি।

৫১ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জি, জে, আর, লীসন সাহেব ঢাকা ময়মনসিংহ ষ্টেট রেলওয়েতে নিযুক্ত হওনার্থে কিয়ৎকালের জন্যে রেলওয়েশাখার আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮৫ সাল ১৪ ফেব্রুয়ারি।

৫২ নম্বর।—ছুটী।—দ্বিতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, বারন্ সাহেব গত ডিসেম্বর মাসের ২৩ তারিখের ৪৬৩ নং বিজ্ঞাপনক্রমে যে ছুটী পান তদতিরিক্ত বিশ দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

৫৩ নম্বর।—ছুটী।—ত্রিহুত ষ্টেট রেলওয়ের ট্রাফিক সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, ডবলিউ, ইউ, পোপ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৩৮ ধারামতে তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

৫৪ নম্বর।—শ্রীযুক্ত পোপ সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, আসিষ্টাণ্ট ট্রাফিক সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, এস, জি, নিউকোমেন সাহেব ত্রিহুত ষ্টেট রেলওয়ের ট্রাফিক সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

৫৫ নম্বর।—নিয়মিত ছুটী।—ত্রিহুত ষ্টেট রেলওয়ের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই, সি, এলিয়ট সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫০ ধারামতে আনুষঙ্গিক ছুটী সুদ্ধ এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন।

জি, এফ, ই, এস, নীল, মেজর, এম, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।

৫৬ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—তৃতীয় শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, টেনর সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে ব্রাহ্মণী-বৈতরণীখণ্ড হইতে উড়িষ্যাচক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে প্রেরিত হইলেন।

৫৭ নম্বর।—নিয়মিত ছুটী।—প্রথম শ্রেণীর কিয়ৎকালীন সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত জে, সি, বর্টেনেস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৫০ ধারামতে বিশ মাসের নিয়মিত ছুটী পাইলেন, তদ্ভিন্ন প্রয়োজনীয় আনুষঙ্গিক ছুটী পাইয়াছেন।

৬০ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ডুমরাওন খালের ৫ মাইলে ধামনি বাঙ্গলা ঘরের হাতার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত সাশীরাম পরগনার ধামনগ্রামে ন্যূনাধিক ১ কুড় ৩১ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ঘুর রেরির জমি, পূর্ব্ব সীমা পথ, দক্ষিণ সীমা পতিত জমি ও পাকা ইঁদারা এবং পশ্চিম সীমা সরণ কোয়েরির কর্ষিত জমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টণ্ট-সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

CIVIL BUILDINGS.

The 17th February 1885.

No. 61.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the construction of a new Munsif's court-house at Ghattal, in the village of Nischindipore, pergunnah Burdah, zillah Midnapore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 1 beegha and 18 cottahs of standard measurement, bounded on the north by a Mahomedan burial-ground and Kamini Kumarny's house, on the east by Poresh Nath Bhooian's tank and waste land of Ram Sadoy Dass, on the south by the Ghattal circuit embankment, and on the west by the Nischindipore village road, is required within the aforesaid village of Nischindipore.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

G. F. E. S. NEILL, *Major*, M.S.C.,
Under-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

The 17th February 1885.

No. 62.—*Leave.*—Mr. C. E. Ross, Assistant Examiner, second grade, is, with the sanction of the Government of India, Public Works Department, granted two months' privilege leave, with effect from the 20th instant or such subsequent date as he may avail himself of it.

63.—*Appointment.*—Mr. W. A. Inglis, Executive Engineer, third grade, is appointed to be Executive Engineer of the Arrah Division, and took over charge on the 13th instant.

No. 64.—*Furlough.*—Mr. R. H. Rhind, Superintending Engineer, second class (temporary rank), Orissa Circle, is granted furlough for 18 months under section 50, chapter V of the Civil Leave Code, together with the necessary subsidiary leave which will have effect from the 7th April 1885 or such subsequent date as he may avail himself of it.

65.—*Transfer.*—Mr. F. M. S. Douglas, Executive Engineer, third grade, is transferred in the interests of the public service from the Arrah Division to the office of the Superintending Engineer, Sone Circle, which he joined on the forenoon of the 14th instant.

J. M. MCNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

সিবিল অর্ডিনারিকার্য্যবিষয়ক।

১৮৮৫ সাল ১১ ফেব্রুয়ারি।

৬১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত বর্দ্ধা পরগনার নিশ্চিন্তপুর গ্রামে ঘাটালের মুনসেফের নূতন আদালত ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নিশ্চিন্তপুর গ্রামে কচ্চিমতে ন্যূনাধিক ১৬১ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা মুসলমানদের কবর স্থান, ও কামিনী কামারিনির বাড়ী, পূর্ব্ব সীমা পরেশনাথ ভুঞার পুষ্করিণী, ও রামসদয় দাসের পতিত জমি, দক্ষিণ সীমা ঘাটালের সরকারি বাঁধ এবং পশ্চিম সীমা নিশ্চিন্তপুর গ্রামের সীমা।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জি, এফ, ই, এস, নীল, মেজর, এম, এস, সি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।

৬২ নম্বর।—ছুটী।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট এক্সামিনর শ্রীযুত সি, ই, রস সাহেব, এই মাসের ২০ তরিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

৬৩ নম্বর।—নিয়োগ।—তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, এ, ইংলিস সাহেব আরা খণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত হইয়া এই মাসের ১৩ তারিখে কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

৬৪ নম্বর।—নিয়মিত ছুটী।—উড়িষ্যা চক্রের কিয়ৎকালীন দ্বিতীয় শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত আর, এচ, রাইও সাহেব ১৮৮৫ সালের ৭ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৫০ ধারামতে আঠার মাসের নিয়মিত ছুটী পাইলেন, তদ্ভিন্ন প্রয়োজনীয় আনুষঙ্গিক ছুটী পাইয়াছেন।

৬৫ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এম, এস, ডগলাস সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে আরা খণ্ড হইতে সোণ চক্রের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে প্রেরিত হইয়া এই মাসের ১৪ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ২৪ ফেব্রুয়ারি ।

ষষ্ঠ খণ্ড ।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি ।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ১৪ ফেব্রুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়ন করণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া তদুপরি রিপোর্ট করিবার আদেশ সহিত সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হইয়াছে ।

কানুনগো ও পাটওয়ারীদের সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি ।

হেতুবাদ ।

কানুনগো ও পাটওয়ারীদের সম্বন্ধীয় ব্যবস্থা সংশোধন ও সংগ্রহ করা বিহিত। এনিমিত্ত এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

সংক্ষেপ নাম ।

১ ধারা। এই আইন "কানুনগো ও পাটওয়ারীদের সম্বন্ধীয় ১৮৮৫ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

আরম্ভ ।

কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়েং এই আইন যেং জিলায় বা জিলার অংশে প্রচলিত করেন, ইহা কেবল তথায় প্রচলিত হইবে।

যেং আইন রহিত হইল, তাহার কথা।

২ ধারা। কোন জিলায় বা জিলার অংশে এই আইন প্রচলিত হইলে, A তফসীলের নির্দ্দিষ্ট আইন সকল ঐ তফসীলের তৃতীয় ঘরের উল্লিখিত পরিমাণে রহিত হইবে।

পাটওয়ারীর এলাকা নিরূপণ ও পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। জিলার কালেক্টর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক আপনার জিলার অন্তর্গত পাটওয়ারীর এলাকার সংখ্যা ও সীমা নির্দ্দেশ করিতে পারিবেন, এবং ঐরূপে যে সংখ্যা ও সীমা নির্দ্দেশ করেন, উক্তরূপ অনুমতি গ্রহণপূর্ব্বক সময়েং তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু উক্ত স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি না হইলে, যতদিন অনুমতি না হয়, ততদিন উক্ত বন্দোবস্ত বা পরিবর্ত্তন চূড়ান্ত হইবে না।

প্রত্যেক এলাকায় পাটওয়ারী নিযুক্ত করিবার কথা।

৪ ধারা। ঐরূপ প্রত্যেক এলাকার নিমিত্ত কালেক্টর সাহেব এক জন করিয়া পাটওয়ারী নিযুক্ত করিবেন।

কিন্তু সর্ব্বস্থলে কালেক্টর সাহেব উক্ত পদে কোন ব্যক্তিকে মনোনীত করিতে হইলে যত দূর সম্ভব দেশাচারের প্রতি দৃষ্টি রাখিবেন।

পাটওয়ারীর বেতন ও কাগজপত্র ভাল করিয়া রাখিবার খরচ দিবার নিমিত্ত কর আদায় করিবার কথা।

৫ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি ও তাহার পর, যেং জিলায় বা জিলার অংশে সময়েং এই আইন প্রচলিত থাকে, তদন্তর্গত সমুদয় স্থাবর সম্পত্তির উপর কর ধরিয়া লওয়া যাইতে পারিবে। অতঃপর ইহাকে পাটওয়ারী কর বলা যাইবে। উক্ত জিলায় যে সকল পাটওয়ারী নিযুক্ত হয় তাহাদের বেতন দিবার নিমিত্ত ও তাঁহাদের কাগজপত্র শুদ্ধ ও কালোপযোগিরূপে রাখিতে যে কোন খরচ পড়ে তাহা দিবার নিমিত্ত ঐ কর প্রয়োগ করা যাইবে। আর এই আইনের বিধানমতে না হইলে, জমিদারী হিসাবে স্বতন্ত্র জমা করিয়াই হউক কিম্বা খাজানার সহিত একত্র করিয়াই হউক, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত কিম্বা তদ্রূপ কোন কার্য্যের নিমিত্ত ঐ সকল জিলায় বা জিলার অংশে কোন কর আদায় করা বা আদায় করিতে থাকা আইনসিদ্ধ হইবে না।

করবিষয়ক ১৮৮০ সালের আইনমত মূল্যনিরূপণ এই আইনমত মূল্যনিরূপণ বলিয়া গণ্য হইবার কথা।

৬ ধারা। বঙ্গদেশীয় করবিষয়ক ১৮৮০ সালের আইনমতে স্থাবর সম্পত্তির যে সকল মূল্যনিরূপণ হইয়াছে বা সময়ে হয়, তাহা এই আইনের কার্য্যপক্ষে স্থাবর সম্পত্তির মূল্যনিরূপণ বলিয়া গণ্য হইবে।

কিন্তু যে২ স্থানে বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০ অধ্যায়মতে খাজানার লিপি বা খাজানার বন্দোবস্ত করা হইয়াছে, তথায় কালেক্টর সাহেবের বিবেচনামতে উক্ত খাজানার মোট পরিমাণ এই আইনের কার্য্যাপক্ষে স্থাবর সম্পত্তির নিরূপিত মূল্য বলিয়া গণ্য হইবে।

যে পাটওয়ারী কর আদায় করিতে হইবে তাহার হারের কথা।

৭ ধারা। প্রত্যেক জিলায় বা জিলার অংশে যে হারে পাটওয়ারী কর আদায় করা যাইতে পারিবে ও যে তারিখ অবধি উক্ত হার বলবৎ হইবে, তাহা স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া নিরূপণ করিবেন। উক্ত জিলায় বা জিলার অংশে যে সকল ভূমি থাকে, উক্ত হার তাহার বার্ষিক মূল্যের টাকা প্রতি তিন পয়সার অধিক হইবে না।

মহালের ভোগাধিকারীদের পাটওয়ারী করের যে অংশ দিতে হইবে তাহার কথা।

৮ ধারা। এই আইনের বিধানমতে পাটওয়ারী করের যে হার নিরূপণ করা যায়, সেই হারে মহালের প্রত্যেক ভোগাধিকারী উক্ত মহালের অন্তর্গত ভূমির বার্ষিক মূল্য ধরিয়া হিসাব করিয়া পাটওয়ারী করের সমুদয় টাকা বৎসর২ কালেক্টর সাহেবকে দিবেন।

পাটওয়ারী করের যে অংশ তালুকদারদের দিতে হইবে তাহার কথা।

৯ ধারা। কোন তালুকের ভোগাধিকারী যে ভূমি ভোগ করেন, তাহা যে মহালের বা তালুকের অন্তর্গত, সেই মহালের বা তালুকের ভোগাধিকারীকে, এই আইনের বিধান মতে পাটওয়ারী করের যে হার নিরূপিত হইয়া থাকে সেই হারে, আপন তালুকের অন্তর্গত ভূমির বার্ষিক মূল্য ধরিয়া হিসাব করিয়া পাটওয়ারী করের সমুদয় টাকা বৎসর২ দিবেন।

কৃষিকারী রায়তদের পাটওয়ারী করের যে অংশ দিতে হইবে তাহার কথা।

১০ ধারা। কোন রায়তের যে ব্যক্তিকে খাজানা দিতে হয়, সেই রায়ত সেই ব্যক্তিকে পাটওয়ারী করের আপন অংশমত টাকা দিবেন। তাঁহার যত টাকা খাজনা দিতে হয় তাহার টাকা প্রতি আধ আনার অনধিক হারে হিসাব করিয়া, অথবা তিনি যে ভূমি ভোগ করেন বঙ্গদেশীয় করবিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে তাহার বার্ষিক মূল্য নিরূপণ করিয়া সেই মূল্য ধরিয়া হিসাব করিয়া উক্ত করের টাকা দিতে হইবে।

করবিষয়ক আইনের ৪২ অবধি ৪৯ পর্য্যন্ত ধারার বিধান পাটওয়ারী কর সম্বন্ধে খাটিবার কথা।

১১ ধারা। বঙ্গদেশীয় করবিষয়ক ১৮৮০ সালের আইনের ৪২ অবধি ৪৯ পর্য্যন্ত সমুদয় ধারার বিধান যত দূর সাধ্য পাটওয়ারী কর সম্বন্ধে খাটিবে।

পাটওয়ারীদের বেতনের কথা।

১২ ধারা। রেবিনিউ বোর্ড স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সময়ে২ পাটওয়ারীদের বেতন নিরূপণ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

মহাল ও তালুকের ভোগাধিকারীদের ও কৃষিকারী রায়তদের হিসাব দাখিল করিবার কথা।

১৩ ধারা। কালেক্টর সাহেব নোটিস দিয়া যে সময় ও যে প্রকার নির্দ্দেশ করেন, সেই সময়ের মধ্যে ও সেই প্রকারে মহালের বা তালুকের প্রত্যেক ভোগাধিকারী ও প্রত্যেক রায়ত, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধিক্রমে যে২ বর্ণনাপত্র ও হিসাব দিবার আদেশ করেন, পাটওয়ারীর আফিসে সেই২ বর্ণনাপত্র ও হিসাব দাখিল করিবেন।

যে হিসাব দাখিল করা যায় তজ্জন্য পাটওয়ারীর রসীদ দিবার কথা।

১৪ ধারা। কোন মহালের বা তালুকের ভোগাধিকারী কিম্বা কোন রায়ত পূর্ব্ব ধারার উল্লিখিত বর্ণনাপত্র ও হিসাব পাটওয়ারীর আফিসে দাখিল করিলে, যে পাটওয়ারীর আফিসে উক্ত বর্ণনাপত্র ও হিসাব দাখিল করা যায় তিনি উহার রসীদ দিবেন। উক্ত রসীদে ঐ পাটওয়ারীর স্বাক্ষর থাকিবে।

হিসাব না দিলে অর্থদণ্ডের কথা।

১৫ ধারা। মহালের বা তালুকের যে সকল ভোগাধিকারী, ও যে সকল রায়ত কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে উপযুক্ত কারণ না দর্শাইয়া, ১৩ ধারার আদেশমত বর্ণনাপত্র ও হিসাব দিতে অস্বীকার করেন বা না দেন, না দিবার নিমিত্ত কালেক্টর সাহেব পঞ্চাশ টাকার অনধিক যত অর্থদণ্ড নির্দ্ধারণ করেন তাঁহাদের প্রত্যেকের তত অর্থদণ্ড দিতে হইবে; এবং দৈনিক অর্থদণ্ড করা যাইবে এবিষয়ে উক্ত ভোগাধিকারীকে ও রায়তকে সাবধান করণার্থ কালেক্টর সাহেব যে নোটিস দেন, তাহাতে যে তারিখ নির্দ্দেশ করেন, সেই তারিখের পর যত দিন উক্ত ভোগাধিকারী বা রায়ত আদেশমত বর্ণনাপত্র ও হিসাব না দেন, তত দিন কালেক্টর সাহেব দিন প্রতি দশ টাকার অনধিক যত টাকা উপযুক্ত বোধ করেন, আর তত টাকা দৈনিক অর্থদণ্ড করিতে পারিবেন।

ঐ নোটিস যে ব্যক্তির নামে দেওয়া যায়, কালেক্টর সাহেবের স্বাক্ষরিত উহার নকল সেই ব্যক্তিকে দিতে চাহিলে, কিম্বা উক্ত ব্যক্তির নিয়ত বাসস্থানে কিম্বা তদীয় পরিবারস্থ কোন বয়ঃপ্রাপ্ত পুরুষকে উক্ত নকল দিয়া ঐ নোটিস জারী করা যাইবে; অথবা উহা ঐ রূপে জারী করা না গেলে, উক্ত ব্যক্তির নিয়ত বা শেষ জানা বাসস্থানের কোন সুপ্রকাশস্থানে ঐ নকল লাগাইয়া দিয়া উহা জারী করা যাইবে; এবং উক্ত নোটিস পূর্ব্বোল্লিখিত কোন প্রকারে জারী করা যাইতে না পারিলে, নোটিসদাতা কালেক্টর সাহেব যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে তাহা জারী করা যাইবে, এবং উক্ত নোটিসে যে তারিখ নির্দ্দিষ্ট থাকে, তাহা জারী করিবার পর ১৫ দিনের পূর্ব্বে পড়িবে না।

অর্থদণ্ডের আজ্ঞার বিরুদ্ধে আপীল উপস্থিত থাকিলেও, এই ধারামতে যে কোন অর্থদণ্ড করা যায়, কালেক্টর সাহেব তৎসম্পর্কে পাওনা টাকা সময়ে২ আদায় করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

কিন্তু উক্ত আজ্ঞাক্রমে যে টাকা আদায় করা যায়, তাহা একশত টাকার অধিক হইলে, কালেক্টর সাহেব

খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট তদ্বিষয়ে বিশেষ করিয়া রিপোর্ট করিবেন; এবং উক্ত কমিশ্যনর সাহেবের আজ্ঞা না হইলে, উক্ত অর্থদণ্ড সম্পর্কে আর টাকা আদায় করা যাইবে না।

হিসাব দাখিল করা না গেলে, খাজানা পাইবার মোকদ্দমা না করিতে পারিবার কথা।

১৬ ধারা। ১৩ ধারামতে কালেক্টর সাহেব যে নোটিস দেন সেই নোটিসের প্রদত্ত সময় গত হইলে পর, যে জিলায় বা জিলার অংশে এই আইন প্রচলিত থাকে, তত্রস্থ কোন ভূমি বা তালুক বা তাহার খাজানা পাইবার নিমিত্ত কোন মহালের বা তালুকের ভোগাধিকারীর ও কোন রায়তের মোকদ্দমা করিতে হইলে, উক্ত মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিবার সময়ে যদি উক্ত ভোগাধিকারী বা রায়ত,

এই আইনের ১৪ ধারামতে যে পাটওয়ারীর রসীদ প্রাপ্ত হন, তাহা যে আদালতে উক্ত মোকদ্দমা বা আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত হয়, সেই আদালতে দাখিল না করেন, অথবা

এরূপ অন্য প্রমাণ না দেন যাহাতে আদালতের হৃদ্বোধ জন্মে যে, উক্ত ভোগাধিকারী বা রায়ত এই আইনের ১৩ ধারার উল্লিখিত বর্ণনাপত্র ও হিসাব পাটওয়ারীর আফিসে দাখিল করিয়াছেন,

তাহা হইলে উক্ত ভোগাধিকারী ও রায়ত ঐ মোকদ্দমা করিতে পারিবেন না।

কানুনগো নিযুক্ত করিবার কথা।

১৭ ধারা। এই আইনমতে পাটওয়ারীর কর্ম্ম সম্পাদন বিষয়ে পাটওয়ারীদের উপর উপযুক্ত তত্ত্বাবধান ও কর্ত্তৃত্ব করণার্থ প্রত্যেক জিলায় এক বা অধিক কানুনগো নিযুক্ত করা যাইতে পারিবে।

কানুনগোদের বেতনের পরিমাণের কথা।

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং কানুনগোদের বেতন নিরূপণ করিবেন।

যে সন্ধান লইবার ক্ষমতা থাকে, তাহা পাইবার নিমিত্ত ভূমিতে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

১৯ ধারা। কোন কানুনগো আপনার জিলার অথবা কোন জিলার স্বীয় অংশের সীমার মধ্যে, এবং কোন পাটওয়ারী আপন এলাকার সীমার মধ্যে তত্রত্য কোন ভূমিতে প্রবেশ করিতে পারিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট তদর্থে যে বিধি করেন, সেই বিধিমতে উক্ত কানুনগো বা পাটওয়ারী যে সন্ধান জানিতে ক্ষমতাপন্ন হন, সেই সন্ধান পাইবার নিমিত্ত আবশ্যক তদন্ত ও অনুসন্ধান করিতে পারিবেন।

সমুদয় ব্যক্তি যতদূর সম্ভব উক্ত সন্ধান দিবেন ও উক্ত তদন্ত ও অনুসন্ধানের সহায়তা করিবেন।

কানুগো ও পাটওয়ারীদের রাজকীয় কার্য্যকারক হইবার ও তাঁহাদের কাগজপত্র রাজকীয় কাগজপত্র হইবার কথা।

২০ ধারা। প্রত্যেক পাটওয়ারী এবং ঐরূপ কোন পদের কর্ম্ম করিতে কিয়ৎকালের নিমিত্ত নিযুক্ত প্রত্যেক ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের মর্ম্মানুসারে রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন, এবং ঐরূপ কোন কার্য্যকারক যে সকল সরকারী রিকার্ড ও কাগজপত্র রাখেন, তাহা রাজকীয় কাগজপত্র ও গবর্ণমেণ্টের সম্পত্তি বলিয়া গণ্য হইবে।

কালেক্টর সাহেবের কোনং আজ্ঞার উপর আপীলের কথা।

২১ ধারা। কালেক্টর সাহেব ১৫ ধারামতে যে কোন আজ্ঞা করেন, সেই আজ্ঞা করিবার তারিখ অবধি এক মাসের মধ্যে তাহার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে; এবং কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

কানুনগো ও পাটওয়ারীদের নির্ব্বাচন প্রভৃতির নিমিত্ত বিধিপ্রণয়ন করিতে পারিবার কথা।

২২ ধারা। রেবিনিউ বোর্ড স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনাধীনে,

(ক) পাটওয়ারী ও কানুনগোদের নির্ব্বাচন, নিয়োগ, স্থগিত করণ, পদচ্যুতকরণ, কর্ত্তব্য ও তত্ত্বাবধানের বিধান করণার্থ, ও

(খ) কর্ত্তব্য কর্ম্মে অবহেলা হইলে, কানুনগো ও পাটওয়ারীদের উপর ও তাহাদের কর্ম্ম করিতে কিয়ৎকালের জন্য নিযুক্ত ব্যক্তিদের উপর যে অর্থদণ্ড হইতে পারিবে, তাহা নির্দ্দেশ করণার্থ,

সময়েং এই আইনসঙ্গত বিধি প্রণয়ন করিতে পারিবেন, এবং সময়েং উক্তরূপ অনুমোদন লইয়া ঐরূপ কোন বিধি রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন।

অর্থকরণের ধারা।

২৩ ধারা। বঙ্গদেশীয় করবিষয়ক ১৮৮০ সালের আইনে "ভূমির বার্ষিক মূল্য," "জিলা," "মহাল," "মহালের বা তালুকের ভোগাধিকারী," ও "জিলার কালেক্টর সাহেব" এইং কথার যেং অর্থ আছে, এই আইনেও সেইং অর্থ থাকিবে।

A তফসীল।

২ ধারা দেখ।

সাল ও নম্বর।	যেং আইন রহিত হইল (সংক্ষিপ্ত নাম।)	যতদূর রহিত হইল।
১৭৯৩ সালের ৮ আইন	দশসালা বন্দোবস্ত বিষয়ক	কানুনগোদের সহিত যতদূর সম্পর্ক থাকে ততদূর ৩৪ ধারা, ও ৬২ ধারা।
১৮১৬ সালের ৫ আইন	কটক প্রভৃতির কানুনগোদের সম্বন্ধীয়	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
১৮১৭ সালের ১২ আইন	পাটওয়ারীদের সম্বন্ধীয়	ঐ
১৮১৯ সালের ১ আইন	ঐ	ঐ
১৮২২ সালের ৭ আইন	দত্ত ও জমা করা দেশের ও কটকের বন্দোবস্ত বিষয়ক	৩৩ ধারার তৃতীয় প্রকরণ।
১৮২৫ সালের ১৩ আইন	কানুনগোদের সম্বন্ধীয়	২ ও ৩ ধারা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

ব্যক্তিবিশেষের, সাধারণসমিতিসমূহের ও জিলার কর্ত্তৃপক্ষদিগের আবেদন হইতে বঙ্গদেশের গবর্ণমেন্টের হৃদয়ঙ্গম হইয়াছে যে পাটওয়ারীসম্বন্ধীয় প্রচলিত ব্যবস্থার সংশোধন আবশ্যক। বঙ্গদেশীয় প্রজাস্বত্ব বিষয়ক পাণ্ডুলিপির শীঘ্রই বিধিবদ্ধ হইবার সম্ভাবনা থাকাতে পূর্ব্বোক্ত ব্যবস্থা সংশোধন করিবার আবশ্যকতা স্পষ্টীকৃত হইয়াছে। ঐ পাণ্ডুলিপির একটি বিশেষ প্রয়োজনীয় অংশে ভূম্যধিকারী কি প্রজার প্রার্থনামতে কিম্বা নির্দ্দিষ্ট হেতুতে গবর্ণমেন্টের প্রস্তাবক্রমে চাপ জরীপ, স্বত্বের লিপি অথবা খাজানার বন্দোবস্ত করিবার বিধান হইয়াছে। যে স্থানে ঐরূপ জরীপ, স্বত্বের লিপি কি খাজানার বন্দোবস্ত করণ কার্য্য অনুষ্ঠিত হয়, তথায় ঐ স্বত্বের লিপি উপস্থিত কাল পর্য্যন্ত প্রস্তুত করিয়া রাখিবার জন্য গবর্ণমেন্টের যে কোন স্থায়ীন শিরিস্তা স্থাপন করিবার ক্ষমতা থাকা বাঞ্ছনীয় হইবে ইহা স্পষ্টই বুঝা যাইতেছে। বেহারে প্রচলিত পাটওয়ারী প্রণালীতে ঐ রূপ শিরিস্তার ভিত্তি বিদ্যমান আছে, কিন্তু লক্ষিত উদ্দেশ্য সাধন করিতে হইলে ঐ প্রণালী পুনর্গঠিত হওয়া আবশ্যক। বঙ্গদেশের গবর্ণমেন্টের মতে এই২ মূল সূত্র অবলম্বন করিয়া উক্ত পুনর্গঠন কার্য্য সম্পাদিত হওয়া উচিত, অর্থাৎ পাটওয়ারীরা জমীদারের শাসন হইতে মুক্ত ও উহারা গবর্ণমেন্টের কর্ম্মচারী ইহা প্রকাশ করিতে হইবে ও উহারা একণে খাজানা আদায় করিবার কার্য্য করিতে থাকিলে ঐ কার্য্য আর করিবে না, এবং কেবল গ্রামসম্বন্ধীয় হিসাবের সত্যতা পরীক্ষা ও উহা লিপিবদ্ধ করণ ও কৃষি কার্য্য সম্পর্কীয় অন্যান্য বৃত্তান্ত রেজিষ্টরী করণ কার্য্যেই নিযুক্ত থাকিবে।

পথকর ও পূর্ত্তকার্য্য কর সংক্রান্ত আইনের নির্দ্দিষ্ট প্রণালীতে স্থাবর সম্পত্তির উপর একটি কর আদায় করিয়া পুনর্গঠিত ঐ গ্রাম্য শিরিস্তার ব্যয় নির্ব্বাহ করিতে হইবে, এইরূপ প্রস্তাব করা যাইতেছে। জমীদারেরা তদীয় মহালের অন্তর্গত প্রত্যেক গ্রামেই পাটওয়ারী রাখিতে বাধ্য, কিন্তু বেহারে প্রত্যেক স্থানে না হউক অনেক অংশেই গ্রাম্য পাটওয়ারীদের রক্ষার ব্যয় প্রজারাই একণে দিয়া থাকে। দেশাচার অনুসারে যে টাকা তদ্রূপে একণে দেওয়া যায় তৎসম্বন্ধে সুনিয়ম করিতে পারিলে গ্রাম্য হিসাবকারক রক্ষা করণার্থ আবশ্যক সমস্ত ব্যয় না হউক, উহার অধিকাংশই সংগ্রহ করা যাইবে।

স্থানীয় গবর্ণমেন্ট বিধি প্রণয়ন করিয়া গ্রাম সম্বন্ধীয় যে সকল হিসাবের নির্দ্দেশ করেন, জমীদারেরা নিয়মিত কালান্তরে উহার নকল গবর্ণমেন্টের পাটওয়ারীকে অর্পণ করিবেন, জমীদারদের পক্ষে এই কর্ত্তব্য নির্দ্দেশ করিবার প্রস্তাব করা যাইতেছে। আরো স্থানীয় তদন্ত ও অনুসন্ধান দ্বারা ঐ সকল হিসাবের সত্যতা পরীক্ষা করিবার নিমিত্তে ও তাঁহার প্রতি যে রেজিষ্টর রাখিবার আদেশ হইবে প্রকারান্তরে তাহার সম্পূর্ণ শুদ্ধতা সাধন করণার্থে পাটওয়ারীর প্রতি বিধি প্রণয়ন করিয়া ক্ষমতা প্রদান করা যাইবে। জমীদারেরা ও ভূমিতে স্বার্থযুক্ত অন্য ব্যক্তিরা এই বিষয়ে গবর্ণমেন্টের আদেশ পালন করিবেন এইরূপ আজ্ঞা করণ যাইতেছে।

এই আইনের উদ্দেশ্য সফল করণার্থে স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদন সহকারে রেবিনিউ বোর্ড বিধি প্রণয়ন করিতে পারিবেন বলিয়া উপস্থিত পাণ্ডুলিপিতে ক্ষমতা গ্রহণ করা গিয়াছে।

১৮৮৪ সাল ১১ ফেব্রুয়ারি।

এ, পি, মাকডনেল।

সি, এচ, রাইলী,
ব্যবস্থাপন কার্য্য বিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৪। ২৪ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৪ ফেব্রুয়ারি।

সপ্তম খণ্ড।

রাজস্ব বিষয়ক সরক্যুলর।

১৮৮৫ সাল জানুয়ারি মাস।

শ্রীযুত এফ. বি, পীকক সাহেব।

১ নম্বর।

চট্টগ্রামের কালেক্টর, সুন্দরবনের কমিশনর ও দার্জ্জিলিঙ্গ ও জলপাইগুড়ীর ডেপুটী কমিশনর সাহেবদিগের প্রতি এই আদেশ করা যাইতেছে যে তাঁহারা প্রত্যেক বৎসরের নিমিত্তে যে ৪১ নম্বর রিটর্ণ দেন তাহাতে স্বতন্ত্র একটি টেবিল্ করিয়া নিম্নলিখিত বিশেষ বিবরণ লিখিয়া পাঠাইবেন।

১	২	৩	৪
	যত টাকা আদায় হইল।	ঐ বৎসর খাজানাখানার হিসাব বহীতে যত টাকা জমা দেওয়া যায়।	২ ও ৩ ঘরের মধ্যে যে বিশেষ হয় তাহার কৈফিয়ৎ।
১। চিহ্ন দিবার ও পরিষ্কার করিবার ফী ... ... { কৃষি যোগ্য ভূমি ...			
{ চার ভূমি ...			
২। জরীপ করিবার ফী ... { কৃষি যোগ্য ভূমি ...			
{ চার ভূমি ...			
৩। সীমার চিহ্ন নির্ম্মাণ করিবার ফী ...			
৪। পতিত ভূমির পাট্টা নীলামের বিজ্ঞাপন দিবার খরচ			
৫। ভিন্ন২ পাট্টাদারেরা যে স্বতন্ত্র২ ভূমি দখল করেন তাহা মিলাইয়া এক করা গেলে ঐ একীকরণ রেজিষ্টরী করণের ফী			
৬। বৃক্ষের নিমিত্তে ও প্রথমস্থলীয় দখল সম্বন্ধে আনুমানিক খরচা বলিয়া যে টাকা দেওয়া যায় ...			

২। বাটোয়ারা ফীর আয়ের ও অগ্রিম দত্ত টাকা আদায়ের বার্ষিক রিটর্ণের জন্য নিম্নলিখিত পাঠ একণে নির্দ্দিষ্ট হইল। রাজস্বসংক্রান্ত বৎসর শেষ হইবার পর যত শীঘ্র সম্ভব কমিশ্যনর সাহেবকে দিয়া বোর্ডে ঐ পাঠে ঐ রিটর্ণ পাঠাইতে হইবে। ঐ পাঠ সরল ও দেখিলেই বুঝা যাইবে, সুতরাং উহা পূরণ করা কঠিন বোধ হইবে না।

৩। এই পাঠগুলি সকল জিলায় খাটে না বলিয়া উহাতে যে কালেক্টর সাহেবদিগের প্রয়োজন তাঁহারা ষ্টেশনরীর সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট ইণ্ডেণ্ট করিয়া লইবেন। শেষোক্ত সাহেবকে এই পাঠগুলি মৌজুদ রাখিতে আদেশ করা গিয়াছে।

৪। বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ২৯৯ ও ৩০০ পৃষ্ঠায় প্রকাশিত জিলা ও দেশখণ্ড সম্বন্ধীয় রিটর্ণের তালিকায় নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।—

বাটোয়ারা ফী, ৪৮।

অগ্রিমদত্তটাকা আদায়, ৪৯।

বাটোয়ারা ফীর ৪৮ নম্বর রিটর্ণ।

১৮৮ —৮ সালে জিলায় ১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনের ৩৯ ধারামতে যে বাটোয়ারা ফী আদায় হয় তাহার বর্ণনাপত্র।

১	২	৩	৪	৫	৬	৭
যত মহালের বাটোয়ারা কার্য্য চলিতেছে তাহার মোট সংখ্যা	পূর্ব্ব বৎসরের শেষে যত টাকা ফী বাকী থাকে।	এই বৎসরে যত টাকা ফী আদায় হয়।	মোট।	এই বৎসরে যত টাকা খরচ হয়।	বাকী টাকা (অর্থাৎ ৪ ঘরের টাকা হইতে ৫ ঘরের টাকা বাদ দিয়া)।	মন্তব্য।

আমি সর্টিফিকেট দিতেছি যে ৩ ঘরের লিখিত টাকা আনা পয়সা বঙ্গদেশের শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবকে এই বৎসরে যে হিসাব দেওয়া হইয়াছে তাহাতে "বাটোয়ারা ফী" বলিয়া জমা দেওয়া হইয়াছে।

১৮৮ সাল তারিখ।

কালেক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

অগ্রিমদত্ত টাকা আদায়ের ৪৯ নম্বর রিটর্ণ।

১৮৮ সালের ৩১ মার্চ্চ তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরে জিলায় নানাপ্রকারের অগ্রিম দত্ত টাকা আদায়ের বর্ণনাপত্র।

দাওয়া, আদায় ও বাকী।

মন্তব্য।—১৩ ও ১৪ ও ১৫ ঘরের লিখিত কথা কৈফিয়ৎপত্রে বুঝাইয়া দিতে হইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
	দাওয়া।					আদায়।							বাকী।		
যে প্রকারের অগ্রিম-দত্ত টাকা।	(সুদ না ধরিয়া) পূর্ব্ব বৎসরের অগ্রিম দত্ত যে টাকা ১৮৮ সালের ১ আপ্রিলে বাকী থাকে তাহার মোট।	ঐ বৎসরের অগ্রিমদত্ত টাকার মোট।	২ ঘরের লিখিত টাকার উপর প্রাপ্য সুদ।	৩ ঘরের লিখিত টাকার উপর প্রাপ্য সুদ।	২ হইতে ৫ সকল ঘরের মোট।	২ ঘরের হিসাবে।	৩ ঘরের হিসাবে।	৪ ঘরের হিসাবে।	৫ ঘরের হিসাবে।	মেয়াদ পড়িবার পূর্ব্বে প্রদত্ত।	মোট।	ছাড় করা গেল।	আসল।	সুদ।	মোট।
১। বাঁধ সম্পর্কে দত্ত অগ্রিম টাকা, ১৮৮২ সালের বঙ্গীয় ২ আইন।															
২। ভূমির উৎকর্ষ সাধনার্থ দত্ত অগ্রিম টাকা, ১৮৮৩ সালের ১৯ আইন।															
৩। কৃষকদিগকে দত্ত অগ্রিম টাকা, ১৮৮৪ সালের ১২ আইন অথবা গবর্ণমেণ্টের কোন বিশেষ আজ্ঞামত।															
৪। পয়োনালা সম্বন্ধে দত্ত অগ্রিম টাকা, ১৮৮০ সালের বঙ্গীয় ৬ আইন।															
মোট ...															

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

আমি এতদ্দ্বারা এই সর্টিফিকেট দিতেছি যে ১২ ঘরের লিখিত নিম্নলিখিত টাকা এই বৎসরে শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবকে নগদ টাকার যে হিসাব দেওয়া গিয়াছে তাহাতে আয় বলিয়া জমা দেওয়া হইয়াছে।

			টাকা	আনা	পয়সা।
বাঁধ সম্পর্কে দত্ত অগ্রিম টাকা ...	আসল	...			
	সুদ	...			
ভূমির উৎকর্ষ সাধনার্থ দত্ত অগ্রিম টাকা ...	আসল	...			
	সুদ	...			
কৃষকদিগকে দত্ত অগ্রিম টাকা ...	আসল	...			
	সুদ	...			
পয়োনালা সম্বন্ধে দত্ত অগ্রিম টাকা ...	আসল	...			
	সুদ	...			

১৮৮ সাল তারিখ। কালেক্টর।

শ্রীযুত এচ, এ, কক্রেল সাহেব, সি, এস, আই।

২ নম্বর।

বোর্ডের ১৮৮৪ সালের মে মাসের ৮ নম্বর সরকুলর অর্ডরের প্রতি কমিশ্যনর সাহেবদিগের ও জিলার কর্তৃপক্ষদিগের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। উক্ত সরকুলরমতে তাঁহাদিগের যে ত্রৈমাসিক বর্ণনাপত্র প্রেরণ করিতে হয় তাহা নিম্নলিখিত পাঠে পাঠাইবেন, তাঁহাদিগের প্রতি এই আদেশ।

১৮৮ সালের অমুক মাসের অমুক তারিখে যে তিন মাস শেষ হয় তাহার মধ্যে অন্য প্রদেশ ও দেশীয়রাজ্য হইতে মাসুল ফাকী দিয়া আফীন আনিবার যে সকল ক্ষুদ্র মোকদ্দমায় অমুক জিলার অপরাধীদের বিচার হইয়া অপরাধ নির্ণয় হইল তৎপ্রদর্শক বর্ণনাপত্র।

১	২	৩	৪	৫	৬
অভিযুক্ত ব্যক্তির নাম।	অভিযুক্ত ব্যক্তির ও গোয়েন্দাদের উক্তিমতে যে স্থান হইতে ও যে প্রকারে মাসুল ফাকী দিয়া আফীন আনা হয়।	ধৃত আফীনের ওজন।	যত দণ্ড দেওয়া যায়।	অপরাধ নির্ণয়কারী মাজিষ্ট্রেটের নাম।	মন্তব্য।

২। রাজস্ব ও বাণিজ্যসংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ১১ আপ্রেল তারিখের ৪০৯ নম্বর নির্দ্ধারণের ১ দফায় দৃষ্ট হইবে যে, এই ত্রৈমাসিক বর্ণনাপত্রগুলি কেবল অন্য প্রদেশ (ব্রিটিষ শাসনাধীন প্রদেশ) ও দেশীয় রাজ্য হইতে মাসুল ফাকী দিয়া যে আফীন আনা যায় তৎসম্বন্ধীয় ক্ষুদ্র মোকদ্দমার সহিতই সম্পর্ক রাখে ও এক্ষণে কমিশ্যনর সাহেবেরা বেহারের আফীনের এজেণ্ট সাহেবের নিকট যে ত্রৈমাসিক বর্ণনাপত্র প্রেরণ করেন তাহা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। উক্ত সরকুলর অর্ডরে পূর্ব্বেই নির্দ্দিষ্ট হইয়াছে যে গুরুতর সকল মোকদ্দমাতেই তদ্রূপ মোকদ্দমা ঘটিলেই কমিশ্যনর সাহেবদের দিয়া টেবিলের পাঠে বর্ণনাপত্র পাঠাইতে হইবে।

৩। এই রিটর্ণের ১৪A নম্বর দিতে হইবে। ষ্টেশনরীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট প্রার্থনা করিলেই রিটর্ণের ছাপা পাঠ পাওয়া যাইতে পারিবে।

৪। বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ২৯৯ পৃষ্ঠার ১৩ অধ্যায়ের ক্রোড়পত্রে ১৪নং রিটর্ণের নিম্নে এই কথাগুলি যোগ করিতে হইবে— "মাসুল ফাকী দেওয়া আফীমের ক্ষুদ্র মোকদ্দমা—১৪A।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

শ্রীযুত এচ, এ, কাক্রেন সাহেব, সি, এস, আই।

৩ নম্বর

ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানীর প্রত্যেক সংকল্পিত কার্য্যের জন্য যত ভূমি আবশ্যক হয় তন্নিমিত্ত মোট খরচ সম্বন্ধীয় শেষ বিল (ভূমি গ্রহণ বিষয়ক বিধির G চিহ্নিত ক্রোড়পত্র) বোর্ডকর্ত্তৃক ক্রোড় স্বাক্ষরিত হইলে অডিটের জন্য বঙ্গদেশের শ্রীযুত অ্যাকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট পাঠাইতে হইবে শ্রীযুত কণ্ট্রোলর জেনরল সাহেব ইহা স্থির করাতে, পার্শ্বলিখিত সরকুলর অর্ডরগুলি এতদ্দ্বারা রহিত করা যাইতেছে এবং বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ৪ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ৫৫ ধারার শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা গেল।—

১৮৮২ সালের জানুয়ারির ৭ নং।
১৮৮৩ „ „ ৮ নং।
১৮৮৪ „ „ ৮ নং।

"৮। ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের সম্পর্কীয় বিল বঙ্গদেশের শ্রীযুত অ্যাকৌণ্টাণ্ট জেনরল সাহেবের নিকট পাঠাইতে হইবে।"

২। উক্ত ধারায় নিম্নলিখিত প্রকরণ যোগ করা গেল।—

"ইহা স্পষ্টই বুঝিতে হইবে যে, যে সকল বিল দৃষ্টে টাকা দেওয়া যায় এই ধারার উল্লিখিত বিল সেই বিল নহে; এই ধারার উল্লিখিত বিল সংকল্পিত প্রত্যেক কার্য্যের জন্য মোট যত খরচ হয় তৎসম্বন্ধীয় শেষ বিল অর্থাৎ খরচের বর্ণনাপত্র মাত্র।"

৪ নম্বর।

আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের ৩৫ ধারাক্রমে প্রচারিত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের পার্শ্বলিখিত বিজ্ঞাপনোপলক্ষে বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ে ও ইষ্টাম্প কার্য্যবিভাগের কার্য্যনির্ব্বাহার্থে নিযুক্ত কার্য্যকারকদের উপদেশার্থ বিধিপুস্তকে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।

১৮৮৫ সালের ১৭ জানুয়ারির ইণ্ডিয়া গেজেটের ১ খণ্ডের ১১৬ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৮৫ সালের ১৫ জানুয়ারি তারিখের ২৪১ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ৭ অধ্যায়ের ও ইষ্টাম্প সংক্রান্ত কার্য্যকারকদের উপদেশার্থ বিধিপুস্তকের C চিহ্নিত ক্রোড়পত্রের ২ টেবিলের শেষে নিম্নলিখিত কথা যোগ কর।—

যে প্রকারের নিদর্শন পত্র।	ইষ্টাম্প মাসুল ক্ষমা করা বা কমান গেল।	বিজ্ঞাপনের নম্বর ও তারিখ (এবং যে আইনমতে উহা প্রকাশিত।)
কৃষকদের ঋণ গ্রহণ বিষয়ক ১৮৮৪ সালের ১২ আইনমত ঋণগ্রহণের প্রার্থনাপত্র।	ক্ষমা করা গেল ...	১৮৮৫ সালের ১৫ জানুয়ারি তারিখের ২৪১ নম্বর, ১৮৭০ সালের ৭ আইনের ৩৫ ধারা।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A. AND B L, *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 24, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৪ ফেব্রুয়ারি।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

জিলা নদীয়া।—বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ—কাছারি কালেক্টরী জিলা নদীয়া।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা অনুসারে জিলা নদীয়ার তৌজির অন্তর্গত, নিম্নলিখিত মহাল সকলের ১৮৮৫ সালের ১২ জানুয়ারি তারিখের প্রাপ্য মালগুজারি এবং অন্যান্য দাওয়া যাহা চলিত আইন ও আক্ট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৫ সালের ২৫শে মার্চ মোতাবেক ১২৯১ সালের ১৩ই চৈত্র বুধবার এই জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি।

তৌজির নম্বর।	মহালের নাম ও পরগনা।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
১৭ নং	আলফা পং বাগোয়ান।	কৃষ্ণনাথ রায়, কুমুদিনী দাসী অলি অছি জাং গুরুদাস বিশ্বাস, যদুনাথ জগন্নাথ খাঁ ও চন্দ্রকান্ত, লক্ষ্মীকান্ত, রতিকান্ত, গঙ্গাকান্ত, দ্বারকাকান্ত ও সূর্য্যকান্ত ভট্টাচার্য্য, লক্ষ্মীমণি দেব্যা অলিমাতা তিনকড়ী দেব্যা ত্রৈলোক্যসুন্দরী দেব্যা, উমেশচন্দ্র মুখোপাধ্যায় স্বয়ং ও ভারপ্রাপ্ত বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, ও গোবিন্দচন্দ্র ও মন্মথনাথ মুখোপাধ্যায়, রায় ধনপত সিংহ বাহাদুর অছি জাং নাবালগ শেট গোপীচাঁদ বাহাদুর, রামেশ্বর রায়, মথুরানাথ শ্রীনাথ পাল চৌধুরী স্বয়ং ও অছি সুনয়নী দাসী স্বয়ং ও অছি জাং শ্রীশচন্দ্র, ধনকৃষ্ণ, ললিতমোহন পাল নাবালগ, হীরালাল ও উমেশচন্দ্র ও মহেশচন্দ্র পাল ও বেনওয়ারিলাল পাল নাবালগের অছি উমেশচন্দ্র পাল, ও রামবকস চেৎলাঙ্গিয়া।	৮৬৭০/৩ পুঃ ৯১/৭	১৪৶১।০	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া ৩০শ বাদে অবশিষ্ট রং ৶১১—১০ তিল যাহা ৫৮০১৶১। পাই সদর ও ৪২১৩ পাই টাকা পুলিস জমায় চন্দ্রকান্ত, লক্ষ্মীকান্ত, রতিকান্ত, ও গঙ্গাকান্ত, দ্বারকাকান্ত, সূর্য্যকান্ত ভট্টাচার্য্য, লক্ষ্মীমণি দেব্যা, অলিমাতা তিনকড়ী দেব্যা, ত্রৈলোক্যসুন্দরী দেব্যা, উমেশচন্দ্র মুখোপাধ্যায় স্বয়ং ও ভারপ্রাপ্ত জাং বিজয়চন্দ্র মুখোপাধ্যায়, গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় মন্মথনাথ মুখোপাধ্যায়, রায় ধনপত সিংহ বাহাদুর অছি, জাং নাবালগ শেঠ গোপীচাঁদ বাহাদুর, রামেশ্বর রায়, মথুরানাথ শ্রীনাথ পাল স্বয়ং ও অছি সুনয়নী দাসী স্বয়ং ও অছি জাং শ্রীশচন্দ্র, ধনকৃষ্ণ ললিতমোহন পাল নাবালগ, ও হীরালাল ও উমেশচন্দ্র ও মহেশচন্দ্র পাল, ও বেনোয়ারিলাল পাল নাবালগের অছি উমেশচন্দ্র পাল, রামবকস্ চেৎলাঙ্গিয়ার নামে এজমালে ১৭১০ নং লেখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।
১১০ নং	দোগাছিয়া কিং পং দোগাছিয়া।	প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, জাহ্নবীমণি দাস্যা নফরচন্দ্র পাল চৌধুরী কৈলাসেশ্বরী দাস্যা অলিঅছি জানবে বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ তারাসুন্দরী দাস্যা, নবীনচন্দ্র সরকার রামচন্দ্র মিত্র, কৃষ্ণকামিনী দাসী, তারণচন্দ্র মিত্র, কামিনী দাস্যা, কির্ত্তীচন্দ্র মিত্র স্বয়ং ও অছি ভ্রাতা ও নিকট বন্ধু ও কর্ম্মাধ্যক্ষ জানবে নাবালগ ভ্রাতা পয়োধিচন্দ্র ও মন্মথচন্দ্র মিত্র।	৪৩৫৬॥৶৪ পুঃ ৭১/৭	১০৬৶১১।	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশবাদে অবশিষ্ট রং ॥৶৭॥৶২ তিল যাহা ২৭৬৪॥৶০ টাকা সদর ও ৩৫৩ পাই পোলীস জমায় প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, জাহ্নবীমণি দাস্যা, নফরচন্দ্র পাল চৌধুরী কৈলাসেশ্বরী দাস্যা অলিঅছি জাং বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ ও তারাসুন্দরী দাস্যা নবীনচন্দ্র সরকার, রামচন্দ্র মিত্র, কৃষ্ণকামিনী দাসী ও তারণচন্দ্র মিত্র, কির্ত্তীচন্দ্র মিত্র স্বয়ং ও অছি ভ্রাতা ও নিকট বন্ধু ও কর্ম্মাধ্যক্ষ জানবে নাবালগ ভ্রাতা পয়োধিচন্দ্র ও মন্মথচন্দ্র মিত্রের নামে ১৫০১৭ নং এজমালী লিখাযায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক।

২১৬ নং	গোবরা পং পলাশী ।	মহারাজা জগদীন্দ্র বেনওয়ারিগোবিন্দ বাহাদুর সেবাইত জাং কিশোরি বেনওয়ারিজি ঠাকুর কৃষ্ণনাথ রায়, কুমুদিনী দাসী অলি জাং গুরুদাস বিশ্বাস নাবালগ ও রামবক্স চেৎলাঙ্গিয়া হরিমোহন মল্লিক, ও প্রভাবতী দেব্যা, ও রামধন খাঁ ও রামেশ্বর খাঁ ও কালিদাস খাঁ, ও উমাচরণ খাঁ নবকুমার মুখোপাধ্যায়, শ্যামাপদ বন্দোপাধ্যায়, দুর্গাপদ বন্দ্যোপাধ্যায়, ও গিরিবালা দেব্যা অলি মাতা জাং উমাপদ ও অভয়পদ বন্দ্যোপাধ্যায় নাবালগ ও চন্দ্রমণি দেব্যা ।	১২৮১।১১ পুঃ ২২৯৭	২৮৬/১॥	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রং ৬১১।২৭ তিন যাহা ৯১৪/৪ পাই সদর ও ৮৬১ পাই পুলীস জমার রামেশ্বর খাঁ ও কালিদাস খাঁ, ও প্রভাবতী দেব্যা ও নবকুমার মুখোপাধ্যায়, ও চন্দ্রমণি দেব্যা ও কৃষ্ণনাথ রায়, ও হরিমোহন মল্লিক ও মহারাজা জগদীন্দ্র বেনওয়ারি গোবিন্দ বাহাদুর সেবাইত জাং কিশোরি বনওয়ারিজি ঠাকুর, কুমুদিনী দাসী অলি জানবে গুরুদাস বিশ্বাস, নাবালগ শ্যামাপদ, ও দুর্গাপদ বন্দ্যোপাধ্যায় গিরিবালা দেব্যা অলিমাতা জাং উমাপদ ও অভয়পদ বন্দ্যোপাধ্যায় নাবালকের নামে ২১৬১০ নং একমালীতে লেখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক ।
৪২৪ নং	প্যারপুর পং ফতেজঙ্গপুর ।	তিনকড়ী গুপ্তা ওওজে কিশোরিমোহন দাস ও জগৎমোহিনী দেব্যা অলি মাতা জাং দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় নাবালগ, চন্দ্রমণি গুপ্তা স্বয়ং ও অলি অছি জাং কৃষ্ণদাস মল্লিক নাবালগ, ব্রজকুমার মল্লিক, শ্রীকৃষ্ণ মল্লিক, নিস্তারিণী গুপ্তা, গোপালমোহন দাস, পদ্মকামিনী গুপ্তা, ললিতমোহন বন্দ্যোপাধ্যায় নাবালগের পক্ষে অছি শ্রীকণ্ঠ মুখোপাধ্যায়, বড় আশুতোষ মুখোপাধ্যায়, ও ছোট রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায় ।	১৭২২৮৬৯	১।৬৯	সম্পূর্ণ মহাল নিলাম হইবেক
৪৭৭ নং	তঃ শ্যামপুর ১ ২ রাজপুর ।	গোপালচরণ মুখোপাধ্যায়, ও শশীসুন্দরী দেব্যা অঘোরনাথ ও শ্রীশচন্দ্র মুখোপাধ্যায়, কুমুদিনী দেব্যা, অলি মাদরে গৌরহরি মুখোপাধ্যায় নাবালগ দীননাথ মুখোপাধ্যায়, নফরচন্দ্র পাল চৌধুরী, ও কৈলাসেশ্বরী দাস্যা অলি অছি জাং বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ও বসন্তকুমার মুখোপাধ্যায় স্বয়ং ও অছি ও শশীসুন্দরী দেব্যা অছি জাং মহাতাপচন্দ্র মুখোপাধ্যায়, নাবালগ হীরালাল চৌধুরী, কুসুমকুমারী দেব্যা থাকমণি দেব্যা, দীননাথ মুখোপাধ্যায় ও বৈদ্যনাথ মুখোপাধ্যায়, রামবক্স চেৎলাঙ্গিয়া মনিমোহন মুখোপাধ্যায় নিস্তারিণী দেব্যা অলি মাতা জাং ভুবনমোহন মুখোপাধ্যায় নাবালগ, অক্ষয়কুমার মুখোপাধ্যায় স্বয়ং ও অছি ও প্রসন্নময়ী দেব্যা, অলি মাদরে জীবনকৃষ্ণ ও দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় ৺ গোপালদেব ঠাকুর ও ৺ শিব ঠাকুর সেবাইত কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ক্ষেত্রপাল বন্দ্যোপাধ্যায় ও কৈলাসচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ক্ষেত্রপাল বন্দ্যোপাধ্যায় অছি জাং কালিপদ ও তারাপদ বন্দ্যোপাধ্যায়, ।	৩৬৫২৮২	১২৮১	১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে পৃথক হওয়া অংশ বাদে অবশিষ্ট রং ৬৭।। আনা যাহা ৫১৩।।০ টাকা সদর জমায় গোপালচরণ মুখোপাধ্যায় ও শশীসুন্দরী দেব্যা ও অঘোরনাথ শ্রীশচন্দ্র মুখোপাধ্যায়, কুমুদিনী দেবী অলি মাদরে গৌরহরি মুখোপাধ্যায় নাবালগ ও দীননাথ মুখোপাধ্যায় ও নফরচন্দ্র পাল চৌধুরী, কৈলাসেশ্বরী দাস্যা অলিঅছি জাং বিপ্রদাস পাল চৌধুরী নাবালগ, মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, বসন্তকুমার মুখোপাধ্যায় স্বয়ং ও অছি ও শশীসুন্দরী দেব্যা অছি জাং মহাতাপচন্দ্র মুখোপাধ্যায়, নাবালগ ও হীরালাল চৌধুরী, রামবক্স চেৎলাঙ্গিয়া, মনিমোহন মুখোপাধ্যায় নিস্তারিণী দেব্যা অলি মাতা জাং ভুবনমোহন মুখোপাধ্যায় নাবালগের নামে ৫৭৭।০ নং একমালিতে লেখা যায় ঐ অংশ বাকী পড়ায় উহাই নিলাম হইবেক ।

R. H. O'Brien

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে, সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে জিলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মহাল সন ১২৯১ সালের সাং কিস্তি অগ্রহায়ণ তলবের বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৮৫ সালের ১৯ মার্চ মোতাবেক সন ১২৯১ সালের ৭ চৈত্র বৃহস্পতিবার জিলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারীতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক সন ১৮৮৫ সাল তারিখ ১০ ফেব্রুয়ারি।

বহির নম্বর।	মহালের প্রকার।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	কৈফিয়ৎ।
১	প্রথম শ্রেণীর মাহাল	৯	কিং পরগনে কাশীপুর পরগনে কাশীপুর।	তরণীমোহন রায়, শ্যামচরণ ভট্ট, প্রসন্নচন্দ্র রায়, শ্রীনাথ চৌধুরি, রাধাচরণ ও কৃষ্ণচরণ বন্দোপাধ্যায়, কুমুদিনী দেব্যা স্বর্ণময়ী দাস্যা, সৌদামিনী দাস্যা, ক্ষেত্রনাথ বন্দোপাধ্যায় জয়কৃষ্ণ অধিকারী, রামপ্রসাদ হাজারি, নারায়ণপ্রসাদ চক্রবর্ত্তী একজিকিউটর ষ্টেট মৃত রাধাচরণ সেন, চন্দ্রমুখি দাস্যা একজিকিউটর মৃত প্রতাপচন্দ্র দাস, গোপীসুন্দরী দাস্যা।	৮০৭৪৶০	এই মহাল মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগরের পৃথক করিয়া লওয়া অংশ ৮১৯৶ কাগের কাত সদর জমা ৬২৪৷১১ টাকা বাদে তরণীমোহন রায়ের অংশ ১৷৲৶ কাগের কাত সদর জমা ১৫২৯৸৶১ টাকা নিলাম হইবেক রাজস্বের বাকী হাল বকেয়া ২৬০৷৶৭
২	ঐ	৯	কিং পরগনে কাশীপুর পং কাশীপুর।	তরণীমোহন রায় শ্যামাচরণ ভট্ট প্রসন্নচন্দ্র রায় শ্রীনাথ চৌধুরি রাধাচরণ ও কৃষ্ণচরণ বন্দোপাধ্যায় কুমুদিনী দেব্যা স্বর্ণময়ী দাস্যা সৌদামিনী দাস্যা ক্ষেত্রনাথ বন্দোপাধ্যায় জয়কৃষ্ণ অধিকারী রামপ্রসাদ হাজারি নারায়ণপ্রসাদ চক্রবর্ত্তী একজিকিউটর ষ্টেট মৃত রাধাচরণ সেন চন্দ্রমুখি দাস্যা একজিকিউটর মৃত প্রতাপচন্দ্র দাস, গোপীসুন্দরী দাস্যা।	৮০৭৪৶০	এই মহাল মধ্যে শ্যামাচরণ ভট্ট দিগরের পৃথক করিয়া লওয়া অংশ ৮৶১১৶ কাগের কাত সদর জমা ৭৩৫৩৸০ টাকা বাদে কুমুদিনী দেব্যা স্বর্ণময়ী দাস্যা সৌদামিনী দাস্যার পৃথক করিয়া লওয়া অংশ ৴৮৷৴ কাগের কাত সদর জমা ৭২০৷৶০ টাকা নিলাম হইবেক, রাজস্বের বাকী হাল বকেয়া ১১৫৩৲
৩	ঐ	৩৫৪	কিং পরগনে মহনন্দী পং মহনন্দী।	কৃষ্ণপ্রসন্ন ঘোষ ও রাধাপ্রসন্ন ঘোষ স্বয়ং ও শ্যামাপ্রসন্ন ঘোষ নাবালগের অলিমাতা লক্ষ্মীমণি দাস্যা।	৭৯১৶৭	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ১৯৷৴৫

৪	প্রথম শ্রেণীর মাহাল	৩১৬	কিং পরগণে মহনন্দী পং মহনন্দী	মহেন্দ্রনারায়ণ শিবচন্দ্র ভারাধন চৌধুরি মক্ষেশ্বরী দেব্যা লালমণি দেব্যা চন্দ্রকান্ত রায় চৌধুরি।	৭১৫৸৶৯	এই মহালমধ্যে চন্দ্রকান্ত রায় চৌধুরীর পৃথক করিয়া লওয়া অংশ ৴১০৳ কড়ার কাং সদর জমা ৭৫।৶৯ টাকা বাদে মহেন্দ্রনারায়ণ চৌধুরী দিগরের এজমালি অংশ ৸৶৯ কড়ার কাত সদর জমা ৭১৯।৶০ টাকা নিলাম হইবেক রাজস্বের বাকী ৯০৷৷৫
৫	ঐ ...	৪০১	কিং মৌজে রাজবাড়ি পং বিক্রোল	বৃন্দাবনবিহারী দেব ঠাকুর শেং কুমারকৃষ্ণবল্লভ রায়	২০৭৩৴৫	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ৮০৪৶১১
৬	দ্বিতীয় শ্রেণীর মাহাল	৫৫৮	কিং চরগোটা পং মমসথালি	ত্রিপুরাসুন্দরী দেব্যা কলিকাতা দে রত্নেনারায়ণ রায় নারায়ণ, ও রামলাল রায় সীতানাথ রায়, রামেশ্বর রায়।	৭৩৭।৴০	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ৩৬২৴০
৭	প্রথম শ্রেণীর মাহাল	২৭৫১	কিং তরফআমানিগঞ্জ পং আশদনগর	ত্রৈলোক্যনাথ সরকার ...	সদর জমা ১০৬৬।৶২ রোড ফণ্ড ১০৷৷৶৮	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ১৮২৸৶১১
	দ্বিতীয় শ্রেণীর মাহাল	২৭৫৮	কিং চরসুজাপুর পং পলাশী	জগৎতারিণী দেব্যা ...	১৭২৭৷৷০	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ৬০০৭
৯	প্রথম শ্রেণীর মাহাল	২৭৭৯	কিং তরফ কালাই-পাড়া পং আশদনগর	রামলাল রায় ...	সদর জমা ১৩৪৯৷৷৴৫ রোড ফণ্ড ১৩৷৷০	সমুদায় মহাল নিলাম হইবেক রাজস্বের বাকী ২৯৭৸৶৫

H. FARRER,
For Collector.

জিলা হুগলি।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আক্টের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলির অন্তঃর্গত নিম্নলিখিত মহাল সন ১৮৮৫ সালের ১২ জানুওয়ারি তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবি বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত সন ১৮৮৫ সালের ২৩ মার্চ্চ মোঃ বাঙ্গলা ১২৯১ সালের ১১ চৈত্র সোমবার দিবসে হুগলির কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবে ইতি ১৮৮৫। ১১ ফেব্রুয়ারি।

মহালের নম্বর	মহাল ও পরগনার নাম।	বাকিদার মালিকের নাম।	সদর জমার তাইদ।	বাকির পরিমাণ।	কৈফিয়ৎ।
	প্রথম শ্রেণী ইস্তমরারি বন্দবস্তী মহাল				
৯নং	দৌলতপুর পং পাণ্ডুয়া।	সেখ মোক্তার দিগর …	১১৩২৲২		
		বাদ কুসমকুমারি দাসী ১৫৷৷০ বিঘা জমির কাত জমা।	৫।০		
		গঙ্গাধর কর মৌজে সিহলা বগয়রহ সামিল পটী বাগানডাঙ্গা ও মিরেপাড়ার রকম /১২৷৷ আনার সদর জমা।	৪২৸৶০		
		গিরিশচন্দ্র কর মৌজে দৌলতপুর ওরফে শ্রীপালা ও গিয়াসদান রকম ।৶০ আনা সদর জমা।	১০৩৲		
		বিরেশ্বর সেন মাতনজারি জানবে নাবালগ সৈয়দ আবদুল সেলাম রকম ৶০৸ আনার সদর জমা।	১৪৪।৶০		
		সিদ্দিকা বিবি সিহলা মৌজার ৮৭।১ বিঘা জমি বাদে রকম ৶৭৷৷ আনা দৌলতপুর ও সোমড়াগড়্যা শ্রীরামবাটী ও বাগমরদান ৪ চারি মৌজার রকম ৶৭৷৷ আনা সদর জমা।	১৯২৶০ ৪৯০।৶০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে বাকী সেখ মোক্তার দিগর ইহার পৃথক হিসাব হয় নাই।	৬২৭।/২	৮৬৸৶১	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
১০	ঐ রাধাকান্ত বাটী পং পাণ্ডুয়া।	কৈলাসচন্দ্র নন্দী দীগর …	৬২৪৷৷৶১১		
		বাদ হাজি সাহানন্দী মিস্ত্রী …			
		১ দফা ৫৩৸১ বিঘা জমির জমা …	২৪৲৶০		
		১ দফা ১২ বিঘা জমির জমা …	২৷৷৶০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।	২৭৷৷০		
		বাকী কৈলাসচন্দ্র নন্দী দীগর …	৫৯৭৶১১	১৮/০	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয়নাই।			
১১	ঐ দৌলতপুর পং পাণ্ডুয়া।	আবদুল সমদ দীগর …	৭০৭।৶২		
		বাদ সিদ্দিকা বিবির রকম ৶১১— আনার জমা।	১৫৭।/০		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
		বাকী আবদুল সমদ দীগর রকম ৸৮৸— আনার সদর জমা।	৫৫০/২	২৩৲৶০	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
		ইহার পৃথক হিসাব হয়নাই।			
৪৬	ঐ চাপাহাটী পং পাণ্ডুয়া।	যদুনাথ ধল্যা দীগর …	৬০৬।৶২	১২৫।০	

[গবর্নমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

তৌজির নম্বর	মহাল ও পরগনার নাম।	বাকীদারের মালিকের নাম।	সদর জমার তাইন।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ।
	প্রথম শ্রেণী ইস্তমুরারি বন্দবস্তী মহাল।				
৬৫	নন্দীনিগ্রাম প পাণ্ডুয়া।	রাজকুমার চট্টোপাধ্যায় দীগর ...	১৯৭৫॥/০		
		এই মহালের মধ্যে থাকমনি দেবির রকম ৷৷০ আনার সদর জমা এঃ ... ইহার পৃথক হিসাব হইয়াছে	৯৮৭৸৵০	৩৬৭।৶৬	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
		বাকী ৷৷০ আনার মধ্যে অপরের অংশ /১১ যাহার পৃথক হিসাব হইয়াছে তাহা বাদে—			
		রাজকুমার চট্টোপাধ্যায় দীগর রকম ৷০৮ আনার সদর জমা ইহার পৃথক হিসাব হয়নাই।	৭৯০৶০	৭০॥০	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
৬৭	ঐ গুড়বাড়ি পং গৌমুহা।	গিরিশচন্দ্র সিংহ রায় দীগর ...	২৬৯৫৸৶০		
		এই মহালের মধ্যে চন্দ্রকান্ত সিংহ গুড়বাড় ও হরিরামপুর দুই মৌজার খালআনা সদর জমা বিঃ ইহার পৃথক হিসাব হইয়াছে।	৬৯২৶৯	২১২৲ গত মার্চ্চ কিস্তির শেষপর্য্যন্ত অবশিষ্ট বাকী ৩০৫৶৯ ৫১৭৶৯	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
১১৭	ঐ রাজহাট পং খোশালপুর	জীবনকৃষ্ণ গোস্বামী দীগর ...	৭২৬৲৩		
		বাদ আনন্দময়ী দেবী এক্জিকীউটর ইক্টেট বৃন্দাবনচন্দ্র রায় রকম ।/০ আনা সদর জমা ...	২২৬৸৶০		
		হরচন্দ্র বন্দ্যোপাধ্যায় কিমসত নসিবপুর ও বৈদ্যবাটী ও অভিরামবাটী তিন মৌজার রকম ।/১০ আনার মধ্যে ৵০ আনা সদর জমা	৮২৶০		
		প্রসাদদাস গোস্বামী রকম ৶৬॥= আনার জমা ...	১৫১।০ ৪১০ /০..		
		ইহার পৃথক হিসাব হইয়াছে।			
		বাকী জীবনকৃষ্ণ গোস্বামী দীগর ... ইহার পৃথক হিসাব হয় নাই।	২৬৫॥৶১	৪২।০	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
১৫৯	ঐ চাতরাবাদে পং বোর।	রামানন্দ লাহিড়ি দিগর ...	৭৪০॥/৫		
		বাদ বামাসুন্দরী দেবী রকম ৶১৩ আনা জমা	১৪৯।/০		
		নিমাইচাঁদ লাহিড়ী রকম /১১৸ আনার জমা	৬৬৲		
		দিননাথ চৌধুরী রকম /২।৶১০ আনার জমা	৫১৸৶০		
		ব্রজলাল মুখোপাধ্যায় /১৮।৭ আনার জমা	৮৮।/০		
		কালিদানন্দ পাল রকম ./৬৸২ গণ্ডার জমা	৩১।৵০ ৩৮৭৶০		
		লালজী চৌধুরী বাদে চাতরা, বাসুদেবপুর বেলুর তিন মৌজার রকম ৶১৪।৶ আনা জমা। ইহার পৃথক হিসাব হয় নাই।	১২৭৸৶২ ৫১৫৲		

তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	বাকীদার মালীকের নাম।	সদর জমার তাইদ।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ।
		বাকী রামানন্দ লাহিড়ী দিগর .. ইহার পৃথক হিসাব হয় নাই	২২৫॥/৫	২০।	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
১৯১	হরিপুর আয়মা পং চৌমুহা।	সত্যদয়াল বন্দোপাধ্যায় দিগর ... বাদ ক্ষেত্রনাথ শীল বাং ভাদার শ্রীশ্রী৺ নবকিশোর জীউ ঠাকুর মহেশগীকরি মৌজার ৩৪২/০ বিঘা জমির জমা। ইহার পৃথক হিসাব হইয়াছে	৮৫১৶২ ১২৩/০		
		বাকী সত্যদয়াল বন্দোপাধ্যায় দিগর ইহার পৃথক হিসাব হয় নাই	৭২৮৶২	৮১৸/	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।
৩৯৯৩	মোদাসি বন্দবস্তী মহাল হাওড়া চর পং বোর।	শ্যামচাঁদ দত্ত দিগর ... ... বাদ ব্রজনাথ শ্রীমানি রকম ।/ আনার সদর জমা। ইহার পৃথক হিসাব হইয়াছে	৭১৬৷৮। ২২৭/০		
		বাকী শ্যামচাঁদ দত্ত দিগর ... রকম ।।৶০ আনা জমা ... ... ইহার পৃথক হিসাব হয় নাই	৪৯৯৶৮।	২১৭	এই বাকীর জন্য এই অংশ নিলাম হইবেক।

J. E. B. Jeffery, *Cortd. Dy. Collector in charge.*

জেলা রঙ্গপুর।—জমীদারী বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহার দ্বারায় সকলকে জানান যাইতেছে যে জেলা রঙ্গপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জেলার কালেক্টর সাহেবের আপীসে বাকী রাজস্ব এবং যে সকলদাবি ১৮৮৫ সালের ১২ জানুয়ারি দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত আগামি ১৮৮৫ সালের ২৬ মার্চ মোতাবেক বাঙ্গলা ১২৯১ সাল ১৪ চৈত্র বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময় উক্ত কালেক্টরীতে প্রকাশ্য নিলামে নিরবশেষে বিক্রয় হইবেক, ইতি।

তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	মালিকের নাম।	সদর জমা।	বাকীর পরিমাণ।	কৈফিয়ৎ।
২২৩	খামারকুরশা ওগয়রহ পং পয়রাবন্দ।	খাজেএনাএতুল্লা চৌধুরী জছিমন্নেছা চৌধুরাণী, নেজামুদ্দীন খাঁ চৌধুরী।	২৫০৫৸৶১১	৪৭।/৫	খাজেএনাএতুল্লা চৌধুরীর যে অংশের পৃথক হিসাব খোলা আছে ও তাহার সদর জমা ১০৯৬।/৬ পাই এবং নেজামুদ্দীন খাঁ চৌধুরীর পৃথক হিসাবের অংশ যাহার সদর জমা ৫৮৭।/২ পাই পৃথক হিসাব বাদে অপর অংশের বাবদ বাকী তাহাই নিলাম হইবে।
২৩৪	মৌজে ধুলগাড়ী ওগয়রহ মৌজা পাং বড়বিলা।	খাজেএনাএতুল্লা চৌধুরী, জছিমন্নেছা চৌধুরাণী, তাহেরন্নেছা বিবি চৌধুরাণী।	১০৭০৸৶০	২০৭॥৶০	তাহেরন্নেছা বিবির অংশ যাহার পৃথক হিসাব আছে ও যাহার সদর জমা ৪৪৬৶৭ পাই তাহা বাদে অপর অংশ নিলাম হইবেক।

Rungpore Collectorate, *The 10th February* 1885.

H. J. Newbery, *Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

জিলা নওয়াখালি।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নওয়াখালির মধ্যবর্ত্তি কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৫ সনের ১২ জানুয়ারির সূর্য্যাস্তের প্রাপ্যবাকি রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৫ সনের ২৬ মার্চ্চ মোতাবেক বাঙ্গলা ১২৯১ সনের ১৪ চৈত্র রোজ বৃহস্পতিবার উক্ত জিলার কালেক্টরিতে বিনাওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক সন ১৮৮৫ সন তারিখ ৫ ফেব্রুয়ারি।

নম্বর তৌজি।	নাম মহাল।	নাম মালিক।	সদর রাজস্ব।	বাকীর সংখ্যা।
১৩	পরগণে দাঁডড়া হিস্যে ।০ আনা।	শ্রীমতী মেহেরন্নেছা চৌধুরাণী ও শ্রীআমিনদ্দীন আহাম্মদ চৌধুরী।	১৫৪৭॥৶৪	৩১৯৲৭

A. BOROOAH, *Offg. Collector.*

INSOLVENCY NOTICES.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN JAMES ROBINSON (J. W. WALLACE & Co.) an Insolvent.

NOTICE is hereby given that Wednesday, the 4th day of March next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 21st day of June 1854 until the 31st day of January 1885, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said insolvent, will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

The like Notice.—In the matter of JOHN BRYCE, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 21st October 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of RAMESSUR SETT AND PURMESSUR SETT, Insolvents. Wherein the account of the Official Assignee, from 9th January 1882 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of CALLY CHURN MOZOOMDAR, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 21st October 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of SHAMLOLL KHETTRY, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 1st September 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of AYCOOB HADJEE ABDOOL ROHMAN, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 23rd February 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of TARINEY CHURN GHOSE, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 1st March 1874 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of RAMSURRUNLOLL, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 1st September 1884 to 9th February 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of CONSTANTINE DEMETRIUS MANGOS, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 1st February 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of JOITROOP KOTARY AND CHOONEELOLL KOTARY, Insolvents. Wherein the account of the Official Assignee, from 1st September 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

The like Notice.—In the matter of RAMKISSEN KOTARY, an Insolvent. Wherein the account of the Official Assignee, from 1st September 1884 to 31st January 1885, has been filed in the Chief Clerk's Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE, *Calcutta, 14th February 1885.*

A. B. MILLER, *Official Assignee.*

(6—1)

[*Government Gazette, 24th February* 1885.]

২ নং, ১৮৮৫ ইং।

জেলা দিনাজপুরে ডিষ্ট্রিক্ট জজ আদালত।

দেওয়ানী কার্য্যবিধির ২০ অধ্যায়ের ৩৪৪ ধারামতে নোটীস।

ভোলানাথ মণ্ডল সাকিম নাউথুতি পরগনে সালবাড়ি জেলা দিনাজপুর,

দেনদার করেদী। ... ... দরখাস্তকারি।

চৌকী ঠাকুরগাঁয়ের মুনসফি আদালতের সন ১৮৮৫ সালের ১ নম্বর ডিক্রিজারী মোকদ্দমায় মেহের বকুস সরকার ডিক্রিদারের প্রার্থনামতে ঐ আদালতের ওয়ারেণ্ট দ্বারা দেনদার ধৃত হইয়া কারাবদ্ধাবস্থায় দেওয়ানী কার্য্যবিধির ২০ অধ্যায়ের ৩৪৪ ধারা অনুসারে দেউলিয়া প্রকাশে মুক্ত পাওয়ার প্রার্থনায় দরখাস্ত করিয়াছে, ইতি ১৮৮৫ ইং তারিখ ১৭ ফেব্রুয়ারি।

L. B. B. King,
District Judge.

(7—1)

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanical Garden, Calcutta, *for cash only* at the following rates, per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin; *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanical Garden, *for cash only;* at the undernoted rates, per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।।০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮।।০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬।।০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।।০ টাকা ৮ আউন্স টীন ১০।।০ টাকা ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায় উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।।০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাকমাসুল দিতে হইবে।

জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার বোটানিক্যাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে যে কোন ব্যক্তি নগদ মূল্য দিয়া ২৪৲ টাকায় এক পাউণ্ড হিসাবে পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের অধ্যক্ষের নিকটে নগদ মূল্যে এবং প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও ৩২৲ টাকায় এক পাউণ্ড হিসাবে এই ঔষধ পাইতে পারিবেন। ইহার অতিরিক্ত ৸০ বার আনা ডাক মাসুল লাগিবে।

---

১০৮ Ex / ১৭—২০ নং সরক্যুলর।

রাজস্ব ও কৃষিকার্য্য (চিত্রশালিকা ও প্রদর্শনী) সম্পর্কীয় কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সিমলার লিখিত ১৮৮৪ সালের ২ অক্টোবরের কার্য্যবিবরণ হইতে উদ্ধৃত।

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের ১৮৮৪ সালের ৩১ জুলাইর ১০২ নং পত্র,

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি ১৮৮৪ সালের ১০ আগষ্টের ১০ নং পত্র

স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও শাসন কর্ত্তৃপক্ষের প্রতি ১৮৮৪ সালের ৫ সেপ্টেম্বরের ১০১ Ex / ১৭—১০ নং সরক্যুলর,

ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি ১৮৮৪ সালের ২৩ সেপ্টেম্বরের ১৩ নং পত্র,

স্থানীয় সকল গবর্ণমেণ্টের ও শাসনকর্ত্তৃপক্ষের প্রতি ১৮৮৪ সালের ২৯ সেপ্টেম্বরের ১০৬ Ex / ১৭—৯ নং সরক্যুলর,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রতি ১৮৮৪ সালের ২৯ সেপ্টেম্বরের ১০৮০ Ex / ১৭ E—১ নং পত্র,

পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

রাজকীয় কমিশনরের অধীনে, লণ্ডন নগরে, ১৮৮৬ সালে যে প্রদর্শনী হইবে তাহাতে যোগ দিবার জন্য মহামান্য যুবরাজ প্রিন্স অব ওয়েলস ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে নিমন্ত্রণ করিয়াছেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা তাহাতে সম্মতি প্রকাশ করিয়াছেন। যুবরাজ নিজেই বলিয়াছেন যে ব্রিটিষ দ্বীপপুঞ্জ সীমার বহির্ভাগে শ্রীশ্রীমতীর অধীনস্থ উপনিবেশ ও ভারতরাজ্যের সীমার মধ্যে যে অসীম কৃষিশিল্পাদির উপায় রহিয়াছে তাহা সম্পূর্ণরূপে উক্ত দ্বীপবাসীদিগের হৃদয়ঙ্গম করানই প্রদর্শনীর উদ্দেশ্য।

২। এই ব্যাপারের সহায়তার জন্য ইতিপূর্ব্বেই স্থানীয় গবর্ণমেণ্ট ও স্থানীয় কর্ত্তৃপক্ষসমূহকে আহ্বান করা হইয়াছে। এক্ষণে সাম্রাজ্যের উৎপন্ন, শিল্পজাত ও কারুকার্য্যজাত দ্রব্য সমূহ সম্পূর্ণ ও সুচারুরূপে প্রদর্শন করিবার যে সুযোগ উপস্থিত হইয়াছে, তাহা সমস্ত ভারতবর্ষীয় সাধারণ লোকে জানিতে পারে ইহাই গবর্ণমেণ্টের অভিপ্রায়।

৩। ১৮৮৬ সালের মে মাসের প্রারম্ভেই সাউথ কেনসিংটন নামক স্থানে প্রদর্শনী খোলা হইবে। ঐ বৎসরের ১লা জানুয়ারির পূর্ব্বেই ভারতবর্ষীয় প্রদর্শনীয় দ্রব্যাদি ইংলণ্ডে পহুঁছান আবশ্যক।

৪। যাবৎ রাজকীয় কমিশনরগণের নিকট আবশ্যক উপদেশ না পাওয়া যায়, তাবৎ কি নিয়মে স্থান প্রদত্ত হওয়া যাইবে এবং কি পরিমাণে স্থান পাওয়া সম্ভব ইহা জানান যাইতে পারে না। কিন্তু স্থানীয় কর্ত্তৃপক্ষেরা যেরূপ নির্দ্দেশ করেন সেই ঠিকানায়, যত সত্বর সম্ভব, স্থানের জন্য প্রদর্শনীকারীদিগের আপাততঃ দরখাস্ত করা বাঞ্ছনীয়। সুতরাং ১৮৮৫ সালের ১লা মার্চ্চের পূর্ব্বে যে সকল দরখাস্ত পাওয়া যাইবে তাহাদিগকে এই বন্দোবস্তে প্রাধান্য দেওয়া যাইবে যে, যে পরিমাণ স্থানের জন্য দরখাস্ত হয় তাহা সম্পূর্ণ পাইবার নিশ্চয়তা থাকিবে না এবং স্থানের মূল্য সম্বন্ধে যদি অসম্মতি হয় তাহা হইলে পরে দরখাস্ত ফিরাইয়া লওয়া যাইতে পারিবে।

৫। প্রদর্শনী সম্বন্ধে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট যে সকল চিঠীপত্র লিখিতে হইবে, তাহা রাজস্ব ও কৃষি আফিসের প্রদর্শনী শাখার ভারপ্রাপ্ত কার্য্যকারকের নামে পাঠাইতে হইবে।

আজ্ঞা।—আজ্ঞা হইল যে, স্থান পাইবার প্রার্থনাপত্র যে স্থানে করিতে হইবে তাহা জানাইয়া সাধারণের অবগতি নিমিত্ত স্থানীয় গেজেট সকলে প্রকাশ করিবার এবং দেশীয় ও ইংরেজী ভাষার সংবাদপত্রে প্রেরণ করিবার অনুরোধ করিয়া পার্শ্বলিখিত স্থানের সকল গবর্ণমেণ্টের ও শাসন কর্ত্তৃপক্ষের নিকট এই নির্দ্ধারণের নকল পাঠান যায়।

মান্দ্রাজ।
বোম্বাই।
বঙ্গদেশ।
উত্তর-পশ্চিম প্রদেশ ও অযোধ্যা।
পঞ্জাব।
মধ্য প্রদেশ।
ব্রিটিষ ব্রহ্মদেশ।
কুর্গ।
আসাম।
হয়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের বেরারের সেক্রেটরী।

আরো আজ্ঞা হইল যে এই নির্দ্ধারণ ইণ্ডিয়া গেজেটের পরিশিষ্ট খণ্ডে প্রকাশিত হয়।

(প্রকৃত উদ্ধৃত কথা।)
ই, সি, বক্,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[*Government Gazette, 24th February* 1885.]

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N. B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার আট-ল ও শ্রীমতীর বঙ্গদেশের সিবিল সার্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেসন জজ ও রেণ্ট-কমিশনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকা ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একৈক খানি পুস্তকের মূল্য ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকোণ্টাণ্টের নিকট একৈক খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

	For the Mofussil.			Rs.	A.	P.	
Entire Gazette	...	...	...	10	0	0	per annum.
	Postage	...	...	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	...	...	...	4	0	0	„
	Postage	...	...	1	0	0	„
For a single copy—							
Entire Gazette	...	...	...	0	4	0	
	Postage	...	...	0	1	0	
Parts III, IV, V, and VI		...	...	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
	Postage	...	...	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ২৪ ফেব্রুয়ারি।]

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রু[illegible] বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে।

মফঃসলে

				টাকা।
সম্পূর্ণ গেজেট	...	...	বৎসর	১০৲
ডাকমাশুল	...	...	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	...	...	,,	৪৲
ডাকমাশুল	...	...	,,	১৲
সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য ..		...		।০
ডাকমাশুল	...	...		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য) ...		...		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা।
ডাকমাশুল	...	...		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এস, বেকার
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half ,, ...	10

Casual advertisements.—4 annas per line

[*Government Gazette, 24th February* 1885.]

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানাহইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্তে ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই ঃ—

	টাকা
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা „ „	১০৲
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌনহালের হাতায়স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ ফেব্রুয়ারি।]

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 224—17-2-85—652

Numb. 2379 [২৩৭৯]. [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 3, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ৩ মার্চ্চ।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

LEGISLATIVE DEPARTMENT.

NOTIFICATIONS.

Fort William, the 20th February 1885.

No. 3.—His Excellency the Viceroy and Governor-General, under the authority vested in him by the Statute 24 and 25 Vic., cap 67, section 10, has been pleased to re-appoint the Hon'ble J. W. Quinton to be an Additional Member of the Council of the Governor-General for the purpose of making Laws and Regulations, with effect from the 23rd instant.

No. 4.—His Excellency the Viceroy and Governor-General, under the authority vested in him by the Statute 24 and 25 Vic, cap. 67, section 10, has been pleased to re-appoint the Hon'ble the Mahárájá Luchmessur Singh, Bahadur, of Darbhanga, to be an Additional Member of the Council of the Governor-General for the purpose of making Laws and Regulations, with effect from the 22nd instant.

No. 5.—Furlough out of India for one year, under section 21, Chapter IV of the Civil Leave Code has been granted to Mr. J. M. Macpherson, Deputy Secretary to the Government of India, in the Legislative Department, together with the usual subsidiary leave, with effect from the 23rd proximo, or the subsequent date on which he may avail himself of the same.

R. J. Crosthwaite,
Offg Secy. to the Govt. of India.

HOME DEPARTMENT.

NOTIFICATION.—Public.

Calcutta, the 19th February 1885.

No. 210.—Under the provisions of section 27 of the Indian Arms Act, XI of 1878, the Governor-General in Council is pleased to exempt the retainers of Raja Baldeo Singh of Awa in the North-Western Provinces from the operation of all prohibitions and directions contained in sections 13, 14, 15 and 16 of that Act, other than those referring to cannon, articles designed for torpedo service, war-rockets, and machinery for the manufacture of arms and ammunition, subject to such orders as the Local Government may issue regarding the number of retainers to be included within this order of exemption.

D. Fitzpatrick.
Offg. Secy to the Govt. of India.

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৮৫ সাল ২০ ফেব্রুয়ারি।

৩ নম্বর।—মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের প্রতি মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে তিনি মান্যবর শ্রীযুত জে, ডবলিউ, কুইণ্টন সাহেবকে এই মাসের ২৩ তারিখ অবধি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভ্যপদে পুনর্ব্বার বরণ করিলেন।

৪ নম্বর।—মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের প্রতি মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে তিনি এই মাসের ২২ তারিখ অবধি দ্বারভঙ্গার মহারাজা মান্যবর শ্রীযুত লক্ষ্মীশ্বর সিংহ বাহাদুরকে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত সভ্যপদে পুনর্ব্বার বরণ করিলেন।

৫ নম্বর।—ব্যবস্থাপন কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটরী শ্রীযুত জে, এম, মাকফরসন সাহেব আগামি মাসের ৩ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪ অধ্যায়ের ২১ ধারামতে ভারতবর্ষের বাহিরে এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন তদ্ভিন্ন নিয়মিত আনুষঙ্গিক ছুটীও পাইয়াছেন।

আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।—পবলিক।

কলিকাতা, ১৮৮৫ সাল ১৯ ফেব্রুয়ারি।

২৫০ নম্বর।—এই বর্জ্জিত বিধির মধ্যে যত জন অনুচর ধরা যাইতে পারিবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করেন সেই আজ্ঞা প্রবল রাখিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের ১১ আইনের ২৭ ধারার বিধানমতে উত্তর-পশ্চিম দেশের অন্তর্গত আওয়ার রাজা শ্রীযুত বলদেব সিংহের অনুচরদিগকে উক্ত আইনের ১৩, ১৪, ১৫, ও ১৬ ধারায় কামান ও টরপিডোর নিমিত্তে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যুদ্ধের হাউই ও অস্ত্র ও বারুদাদি প্রস্তুত করণার্থে যে যন্ত্রের প্রয়োজন তৎসম্পর্কে যে নিষেধ ও বিধি আছে তদ্ভিন্ন সমস্ত নিষেধ ও বিধির কার্য্য হইতে মুক্ত করিলেন।

ডি, ফিটজপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 3, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ৩ মার্চ্চ।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1045A.

GENERAL.—*The* 16*th February* 1885.—Mr. B. Dé, Officiating Joint-Magistrate and Deputy Collector, Hooghly, is appointed to perform the functions of a Collector under section 4 of Act VII (B.C.) of 1880 in that district.

The 19*th February* 1885.—The services of Baboo Saroda Prosad Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, and Personal Assistant to the Commissioner of Bhagulpore, are placed at the disposal of the Public Works Department, Irrigation Branch, of this Government for employment on special duty under that Department.

The 21*st February* 1885.—Baboo Shama Churn Dutt is appointed temporarily to be a Sub-Deputy Collector of the fourth grade, with effect from the 20th December 1884, for the purpose of acquiring land in connection with the Orissa Coast Canal in Midnapore, for the Public Works Department, Irrigation Branch, of this Government.

Baboo Amar Nath Bhuttacharjee, Second Personal Assistant to the Commissioner of the Presidency Division, is allowed leave for one month and eighteen days, under section 72, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 30th December 1884.

The 23*rd February* 1885.—Mr. H. P. Todd-Naylor, Assistant Magistrate and Collector, Naraingunge, Dacca, held charge of the office of Magistrate and Collector of that district from the 25th October to the forenoon of the 5th November 1884, in addition to his own duties.

The 24*th February* 1885.—Mr. W. C. Macpherson, Officiating Joint-Magistrate and Deputy Collector, Nowada, Gya, is vested with the powers of a Collector under Act X of 1870 in that district.

Baboo Nobin Chunder Das, Deputy Magistrate and Deputy Collector, Gyebunda, Rungpore, is vested with the powers of a Collector under Act X of 1870 in that district.

Baboo Suresh Chunder Dass, Officiating Deputy Magistrate and Deputy Collector, Contai, Midnapore, is allowed leave for three months, under section 16, chapter II of the Civil Leave Code, with effect from such date as he may be relieved.

Baboo Poorno Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Midnapore, is transferred to the Contai sub-division of that district.

Baboo Bhugwan Chunder Bose, Deputy Magistrate and Deputy Collector, Hooghly, on leave, is transferred to Moorshedabad, and is posted to the sudder station of that district.

Baboo Bhoobendro Nath Roy, Sub-Deputy Collector, Godda, Sonthal Pergunnahs, is transferred to Monghyr [illegible]

The order of the 10th December last, transferring Baboo Gopi Krishna Lall, temporary Sub-Deputy Collector, Godda, to Palamow in Lohardugga, is cancelled.

Mr. F. H. B Skrine, Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to act as Magistrate and Collector of Tipperah, during the absence, on deputation, of Mr. J. A Hopkins, or until further orders.

Baboo Kedar Nath Mookerjee, Sub-Deputy Collector, is posted to Sasseram, in the district of Shahabad, with effect from the date on which he joined his appointment.

POLICE.—*The* 24*th February* 1885.—Mr. H. E. C. Paget, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is appointed to act as Personal Assistant to the Inspector-General of Police, during the absence, on leave, of Mr. A. V. Knyvett, or until further orders.

Mr. M. F. Beamish, Assistant Superintendent of Police, is posted to Dinagepore, with effect from the forenoon of the 5th February 1885.

[*Government Gazette, 3rd March* 1885.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

১০৪৫A নম্বর।

সাধারণ।—১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি।—হুগলীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বি, দে উক্ত জিলায় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৪ ধারামতে কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ১৯ ফেব্রুয়ারি।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর এবং ভাগলপুরের কমিশনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায় এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বিশেষকার্য্যে নিযুক্ত হওনার্থে উক্ত ডিপার্টমেণ্টের জলসেচন শাখার আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮৫ সাল ২১ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু শ্যামাচরণ দত্ত এই গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখার নিমিত্ত মেদিনীপুর ও উড়িষ্যার সমুদ্র তীরবর্ত্তী খাল সম্পর্কে ভূমি গ্রহণার্থে ১৮৮৪ সালের ২০ ডিসেম্বর অবধি কিয়ৎকালের জন্যে চতুর্থ শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

রাজশাহীখণ্ডের কমিশনর সাহেবের দ্বিতীয় স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু অমরনাথ ভট্টাচার্য্য ১৮৮৪ সালের ৩০ সেপ্টেম্বরের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এক মাস আঠার দিনের ছুটী পাইলেন।

১৮৮৫ সাল ২৩ ফেব্রুয়ারি।—ঢাকার অন্তর্গত নারায়ণগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, পি, টড-নেপর সাহেব আপন কর্ম্মাতিরিক্ত ৮৮৪ সালের ২৫ অক্টোবর অবধি ৫ নবেম্বরের পূর্ব্বাহ্ন পর্য্যন্ত উক্ত জিলার মাজিষ্ট্রেট ও কালেক্টরের আফিসের কার্য্যভার প্রাপ্ত ছিলেন।

১৮৮৫ সাল ২৪ ফেব্রুয়ারি।—গয়ার অন্তর্গত নবদহের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, সি, মাকফরসন সাহেব উক্ত জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

রঙ্গপুরের অন্তর্গত গাইবান্ধার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনচন্দ্র দাস উক্ত জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

মেদিনীপুরের অন্তর্গত কাঁতির একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সুরেশচন্দ্র দাস অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২ অধ্যায়ের ১৬ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়, উক্ত জিলার অন্তর্গত কাঁতি মহকুমায় প্রেরিত হইলেন।

হুগলীর ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু মুরশিদাবাদে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত গদ্দার সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভুবেন্দ্রনাথ রায় মুঙ্গেরে প্রেরিত হইলেন।

গদ্দার কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ লালকে লোহারডগার অন্তর্গত পালামৌয়ে প্রেরণ বিষয়ক গত ডিসেম্বর মাসের ১০ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত জে, এ, হপকিন্স সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এচ, বি, স্ক্রাইন সাহেব ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ মুখোপাধ্যায়, স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি শাহাবাদ জিলার অন্তর্গত সাসীরামে অবস্থাপিত হইলেন।

পোলীস বিষয়ক।—১৮৮৫ সাল ২৪ ফেব্রুয়ারি।—শ্রীযুত এ, বি, বিবেট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ২৪ পরগনার পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, ই, সি, পাগেট সাহেব পোলীসের ইন্সপেক্টর জেনরল সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এম, এফ, বীরিশ সাহেব ১৮৮৫ সালের ৫ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্ন অবধি দিনাজপুরে অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩ মার্চ্চ।]

A plan and specification of the land are filed in the office of the Municipal Commissioners for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette*, 17*th March* 1885.]

দক্ষিণ।

জলম্পি।	লাপজ।
বেনাসাগর।	বোজ ক।
চুটিয়া নদী পর্য্যন্ত।	কোকোটৈ।
বটেরকাটি।	সাংবিন।
চিবাবুক পাহাড় জি, টি, এস, ১,৫৩৬ ফুট।	যাত্রিপাহাড় জি, টি, এস।
সামজ্রা নদীর সঙ্গে যায়।	কোর্ত্তু।
অধিকারী।	গাওনগুতু।
বিষাপুকুরী।	গোধিকোটা নালার সঙ্গে মোকনা সোম্রা-ডুতু পর্য্যন্ত, পরে দক্ষিণমুখে কারো নদী পর্য্যন্ত।
কুসুমপুর।	পর্ব্বতের সঙ্গে বলোপাদা পাস পর্য্যন্ত।
গড়গাঁ।	পর্ব্বতের সঙ্গে নাটাপাস পর্য্যন্ত, ও পরে সোদনা জার পর্য্যন্ত।
কোঙ্কো নদীর সঙ্গে বৈতরণী নদীর সহিত সংযোগ স্থান পর্য্যন্ত।	কোর্দ্দাজের নদীর সঙ্গে নালার সহিত সংযোগ স্থান পর্য্যন্ত।
বৈতরণী নদীর সঙ্গে ভোম্দগাঁর দক্ষিণ পর্য্যন্ত।	গাম্বরু এচ, টি, ১,৯০৪ ফুট পর্য্যন্ত।
ভোম্দগাঁ।	

পশ্চিম।

গাম্বুরু এচ, টি, ১,৯০৪ ফুট।	সামতিয়া নদীর সঙ্গে নালার সহিত সংযোগ স্থান পর্য্যন্ত।
কালিয়াঘোড় নদীর তটস্থ বিশেষ স্থান পর্য্যন্ত পাহাড়।	মকরন্দ দিয়া কোয়েল নদী পর্য্যন্ত।
রাধামোহন নদীর সঙ্গে সামতিয়া নদীর সহিত সংযোগ স্থান পর্য্যন্ত।	কোয়েল নদীর সঙ্গে সোমিজের নিকটস্থ কারো নদীর সংযোগ স্থান পর্য্যন্ত।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৫ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ ১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত শীকদারবাগান বসতীতে স্নানের প্লাটফারম নির্ম্মাণের জন্য কলিকাতা মুনিসিপালিটির অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কর্ণওয়ালিস ষ্ট্রীটের ৮৩ নম্বরে ন্যূনাধিক ৵১ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কর্ণওয়ালিস ষ্ট্রীটের ৮৪ নং বাটী, পূর্ব্ব ও দক্ষিণ সীমা কর্ণওয়ালিস ষ্ট্রীটের ৮৩ নং বাটীর অবশিষ্টাংশ, এবং পশ্চিম সীমা কর্ণওয়ালিস ষ্ট্রীট।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে মুনিসিপল কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৭ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ অপ্পর চিৎপুর রোডের ৩৩৭-১ ও ৩৩৮ নম্বরের মধ্যগত ভরাটকরা গর্ত্ত পরিষ্কার করিবার জন্যে কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগণা জিলার অন্তর্গত কলিকাতা নগরের অপ্পর চিৎপুর রোডের ৩৩৭—১ নং অর্থাৎ ন্যূনাধিক ৵০ ছটাক ৪ বর্গফুট মাত্র পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা অপ্পর চিৎপুর রোডের ৩৩৭—১ নং বাটী, দক্ষিণ ও পশ্চিম সীমা সরকারী ভরাট করা গর্ত্ত এবং পূর্ব্ব সীমা অপ্পর চিৎপুর রোড।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে মুনিসিপল কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

NOTIFICATION.

The 28th February 1885.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the powers vested in him by section 180 of Act IX (B.C.) of 1880, to confirm the following bye-laws which have been framed by the District Road Committee of the 24-Pergunnahs at a meeting, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification.

1. Any person obstructing a district road or its slopes, or side drains, by means of buildings, huts, or fences, or otherwise, shall be liable to a fine not exceeding Rs. 10, and to a further fine not exceeding Rs. 2 for every day that the obstruction is continued after notice of removal has been duly served on him.

2. Any person tethering a horse, pony, goat, sheep, or pig or any cattle on, or in such a manner that it can stray on to any road or on the slopes, or side drains of any road, or any person leaving a carriage or cart without a driver on such road so as to cause inconvenience or danger to the public, shall be liable to a fine not exceeding Rs. 5.

3. Any person staking straw, jute, or other articles for sale on any district road shall be liable to a fine not exceeding Rs. 10, and to a further fine not exceeding Rs. 2 for every day that the obstruction continues after the imposition of the first fine.

4. Any person destroying or damaging any tree under the charge of the Road Cess Committee shall be liable to a fine not exceeding Rs 10.

5. Any person plucking the fruit of a tree in charge of the Road Cess Committee shall be liable to a fine not exceeding Rs. 4.

6. Any person committing a nuisance on a district road, except by making water on the side of it where no separate urinary is provided for the purpose, shall be liable to a fine not exceeding Rs. 2.

7. Any person making any excavation in a district road, or erecting a masonry culvert r bridge over a road side drain without the previous sanction of the Committee, shall be able to a fine not exceeding Rs 10.

8. Any person causing obstruction to road side drains or throwing noxious or offensive matter therein shall be liable to a fine not exceeding Rs. 10.

9. Any person forcing his way or driving any animal or vehicle over a road, bridge, ulvert, or canal, while in course of construction or repair, so as to injure the same, shall be iable to a fine not exceeding Rs. 10, in addition to any compensation for the damage caused y him which may be awarded by a court of competent jurisdiction, provided that a passage s given to the traffic through another part of the road or otherwise.

10. Any person in possession or having control over any trees, bamboos, or hedges overhanging a district road or its slopes, or side drains, within 12 feet above the surface of he road, shall, on a requisition signed by the Chairman or Vice-Chairmam of the District Road Committee, trim such trees in such manner as he shall be required to do in such notice, and in default thereof shall be liable to a fine not exceeding Rs. 10, and to a further daily fine not exceeding Rs. 5, until such order shall have been properly complied with.

11. Any person driving a carriage or cart, or an elephant, on a district road between sunset and sunrise shall carry at least one clear and conspicuous light, and for any infringement of this rule shall be liable to a fine not exceeding Rs 5.

12. No person shall, without the permission of the Chairman or Vice-Chairman or District Engineer, cut any part of a district road. The penalty for infringement of this bye-law is a fine not exceeding Rs. 10.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

Telegram dated 9th March 1885.

From—Bombay. | To—Calcutta.
From—General Secretary. | To—Bengal.

GOVERNMENT of India have sanctioned enforcement of B. quarantine rules at Aden against vessels from Bombay and Madras. Letter follows.

A. P. MACDONNELL,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 17th March* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২৮ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি একমাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেফ্‌টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ১৮০ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি, ২৪ পরগণা জিলার অন্তর্গত পথ কমিটী নিম্নলিখিত যে উপবিধি প্রণয়ন করিয়াছেন তাহা দৃঢ় করিবার কল্পনা করিলেন।

১। কোন ব্যক্তি জিলার পথে বা তাহার ঢালুস্থানে বা তৎপার্শ্বস্থ নর্দ্দামা কোটা বা চালা ঘর করিয়া কি বেড়া দিয়া বা প্রকারান্তরে তাহা অবরোধ করিলে তাহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও তাহা তুলিয়া লইবার নিমিত্ত তাহার উপর উপযুক্তমতে নোটিস জারী করা গেলে পর যত দিন ঐ অবরোধ করা যাইতে থাকে তাহার দিন প্রতি তাহার আর ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

২। কোন ব্যক্তি কোন পথে কিম্বা কোন পথের ঢালুস্থানে বা পার্শ্বস্থ নর্দ্দমার ঘোড়া, টাটু, ছাগল ভেড়া কিম্বা শূকর বা গবাদি বাঁধিয়া দিলে কিম্বা যাহাতে ঐ পথাদিতে যাইতে পারে এমত ভাবে বাঁধিয়া দিলে কিম্বা যাহাতে সাধারণে অসুবিধা বা আশঙ্কা জন্মে এমত ভাবে চালকভিন্ন ঘোড়ার বা গরুর গাড়ী ঐ পথের উপর রাখিয়া গেলে, তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৩। কোন ব্যক্তি জিলার কোন পথে খড়, পাট বা অন্যদ্রব্য বিক্রয়ার্থে গাদা করিয়া রাখিলে তাহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং প্রথমবার অর্থদণ্ড হইলে পর যতদিন সেই অবরোধ হইতে থাকে তাহার দিনপ্রতি তাহার আর ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৪। কোন ব্যক্তি পথকর কমিটীর রক্ষণাধীন কোন গাছ নষ্ট বা তাহার ক্ষতি করিলে তাহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৫। কোন ব্যক্তি পথকর কমিটীর রক্ষণাধীন কোন গাছের ফল ছিঁড়িলে তাহার ৫৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৬। জিলার পথের যে স্থানে প্রস্রাব ত্যাগের স্বতন্ত্র স্থান করিয়া দেওয়া যায় তাহা ভিন্ন পথের ধারে কোন ব্যক্তি প্রস্রাব ত্যাগ করণ ভিন্ন ঐ পথে মলমূত্র ত্যাগ করিলে তাহার ২৲ দুই টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৭। কোন ব্যক্তি অগ্রে কমিটীর অনুমতি না পাইয়া জিলার পথে গর্ত্ত খুঁড়িলে কি পথের পার্শ্বস্থ নর্দ্দমার উপর পাকা সাঁকো বাঁধিলে তাহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৮। কোন ব্যক্তি পথের পার্শ্বস্থ নর্দ্দমা অবরোধ করাইলে কিম্বা তাহাতে অস্বাস্থ্য বা দুর্গন্ধজনক দ্রব্য ফেলাইলে তাহার ১০৲ দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৯। কোন ব্যক্তি পথ, সেতু, সাঁকো বা খাল প্রভৃতি বা যে সময় ঐ সকল স্থানে যে সময়ে যাহাতে তাহার হানি হয় এমত ভাবে তাহার উপর দিয়া বলপূর্ব্বক গেলে কিম্বা কোন জন্তু বা যান চালাইলে, সেই হানি জন্য উপযুক্ত বিচারাধিপতি বিশিষ্ট আদালত যে ক্ষতিপূরণ দিবার নিষ্পত্তি করেন তদতিরিক্ত তাহার ১০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কিন্তু সেই পথের অন্য অংশ দিয়া বা প্রকারান্তরে বাণিজ্য দ্রব্য চলনের পথ দিতে হইবে।

১০। কোন ব্যক্তির দখলী বা কর্ত্তৃত্বাধীন কোন গাছ, বাঁশ বা বেড়া জিলার পথের উপর উর্দ্ধ ১২ ফুটের মধ্যে ঐ পথে কি তাহার ঢালুস্থানে বা পার্শ্বস্থ নর্দ্দমায় ঝুলিয়া পড়িলে জিলার পথ কমিটীর সভাপতির বা প্রতিনিধি সভাপতির স্বাক্ষরিত আদেশক্রমে সেই নোটিসে যেরূপে গাছ ছাটিবার আদেশ হয় তদনুসারে ঐ ব্যক্তি ঐ গাছ ছাটিবেন ও সেই কার্য্য করিবার ত্রুটি হইলে সেই ব্যক্তির ১০ দশটাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং যত দিন সেই আদেশ উপযুক্তমতে পালন করা না যায়, তাঁহার দিন প্রতি তাঁহার আর ৫৲ পাঁচ টাকার অনধিকদণ্ড হইতে পারিবে।

১১। কোন ব্যক্তি সূর্য্যাস্ত অবধি সূর্য্যোদয়ের মধ্য কোন সময়ে জিলার পথ দিয়া ঘোড়ার বা গরুর গাড়ী কিম্বা হস্তী চালাইলে অন্ততঃ পরিষ্কার ও উজ্জ্বল একটা আলো জ্বালিয়া যাইবে ও কোন প্রকারে এই বিধি লঙ্ঘন করিলে তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

১২। কোন ব্যক্তি সভাপতির বা প্রতিনিধি সভাপতির কিম্বা ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়রের অনুমতি বিনা জিলার পথের কোন অংশ কাটিবে না। এই উপবিধি লঙ্ঘনের ১০৲ দশ টাকার অনধিক দণ্ড।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশে	বোম্বাইর
কলিকাতায়.	সাধারণ সেক্রেটরী সাহেবের টেলিগ্রাম।

১৮৮৫ সাল ৯ মার্চ্চ।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বোম্বাই ও মান্দ্রাজ হইতে আগত জাহাজের বিরুদ্ধে এদেশে B চিহ্নিত কারাণ্টাইন বিধি প্রবল করিবার অনুমতি দিয়াছেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

NOTIFICATION

The 19th February 1885.—In exercise of the powers conferred by section 19 of the Chota Nagpore Encumbered Estates Act, 1876, *as amended by Act V of* 1884, the Lieutenant-Governor of Bengal has, with the approval of His Excellency the Governor-General in Council, made the following rules:—

Rule 1.—An application under section 2 shall not ordinarily be submitted by the Commissioner for the consent of the Lieutenant-Governor, unless—

(1) the property consists of an estate paying revenue direct to Government, or entered in the register of revenue-free lands, and having a rental of not less than Rs. 2,000 a year;

(2) the holder is a person of position and influence, and belongs to one of the old families in the division; and

(3) the debts can be liquidated in 15 years.

In special cases an application may be submitted by the Commissioner in respect of a permanent tenure, when the other conditions above specified exist.

Ordinarily, no immoveable property other than land, or permanent interests in land, shall be brought under the provisions of the Act.

Rule 2.—Every application under section 2 of the Act shall, if made by the holder of immoveable property, or by his heir, or guardian, committee or other legal curator of such holder or heir, be accompanied by a statement of all debts and liabilities due by such holder, together with the names of the creditors and a specification of the date on which each debt was incurred, and also by a statement showing of what property such holder is possessed, *or to which he is entitled in his own right, or which he is entitled to redeem*, and the income derivable therefrom. These statements may, if the Comissioner deem it necessary, be sent to the Deputy Commissioner of the district or districts in which the immoveable property is situated, for enquiry into the correctness or otherwise of such statements, and for report as to whether the property is solvent or not. The Commissioner shall refrain from issuing the vesting order under section 2, if it appears to him, on such report or otherwise, that the property is hopelessly insolvent.

Rule 3.—When a Deputy Commissioner is of opinion that any proprty should be brought under the provisions of the Act, he shall ascertain, as far as possible, what debts and liabilities are due by the holder of such property, and what immoveble property he has in his possession, and the income derivable therefrom; and, after enquiry into the solvency or otherwise of the holder, he shall submit the whole of the papers to the Commissioner, who shall issue the vesting order or not according as, in his opinion, the property is solvent or not.

Rule 4.—After the vesting order has been issued, it shall be the duty of the manager to enquire carefully into the solvency of the property, and to make early report on this point to the Commissioner, with a view to the restoration of the property to the owner (under section 12 of the Act, *as amended by Act V of* 1884) should the property prove to be insolvent.

Rule 5.—Wherever the manager appointed under the Act is not the Deputy Commissioner of the district, the Deputy Commissioner will (subject to such orders, consistent with the provisions of the said Act, as the Commissioner may from time to time issue) exercise a general control over the management of all the properties in his district.

[*Government Gazette, 17th March* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৯ ফেব্রুয়ারি।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮৪ সালের ৫ আইন দ্বারা সংশোধিত ছোট নাগপুরের দায়গ্রস্ত মহাল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ১৯ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন ;—

১ ধারা।—

(১) কোন সম্পত্তি সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেণ্টের নিকট রাজস্ব দায়ি মহাল না হইলে কিম্বা নিষ্কর ভূমির রেজিষ্টরে লেখা না থাকিলে এবং বৎসরে ২০০০৲ টাকার ন্যূন খাজানার হইলে,

(২) ঐ সম্পত্তি যাঁহার তিনি পদস্থ ও ক্ষমতাবান এবং খণ্ডের মধ্যে পুরাতন বংশজ না হইলে,

(৩) দশের বৎসরের মধ্যে ঋণ শোধ করা যাইতে না পারিলে,

কমিশ্যনর সাহেব ২ ধারামত প্রার্থনাপত্র সাধারণতঃ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতির নিমিত্ত পাঠাইবেন না।

উপরের নির্দ্দিষ্ট অন্যান্য নিয়ম বর্ত্তমান থাকিলে কমিশ্যনর সাহেব বিশেষ স্থলে স্থায়ি ভূসম্পর্ক সম্বন্ধীয় প্রার্থনাপত্র পাঠাইতে পারিবেন।

সাধারণতঃ ভূমি কিম্বা ভূমিগত স্থায়িস্বার্থভিন্ন কোন স্থাবর সম্পত্তির উপর আইনের বিধান বর্ত্তান যাইবে না।

২ ধারা।—স্থাবর সম্পত্তি ভোগি ব্যক্তি বা তাঁহার উত্তরাধিকারী কিম্বা ঐ ভোগি ব্যক্তির কি উত্তরাধিকারীর অভিভাবক কি কর্ত্তী কি আইনমত অন্য সম্পত্তি রক্ষক আইনের ২ ধারামত প্রার্থনা করিলে, প্রত্যেক প্রার্থনাপত্রের সহিত ঐ ভোগি ব্যক্তির সকল ঋণের ও দায়ের বর্ণনাপত্র ও মহাজনদের নাম ও প্রত্যেক ঋণ যে তারিখে লওয়া যায় তাহার নির্দ্দেশপত্র ও ঐ ভোগি ব্যক্তির অধিকারে যে সম্পত্তি আছে কিম্বা তিনি যে সম্পত্তিতে স্বীয় স্বত্বে স্বত্ববান্ কিম্বা যাহা তাঁহার উদ্ধার করিবার স্বত্ব আছে ও তাহাতে যত আয় উৎপন্ন হয় ইহার বর্ণনাপত্র দিতে হইবে। ঐ বর্ণনাপত্র ঠিক আছে কি না ইহার অনুসন্ধান লওনার্থে ও সম্পত্তি হইতে ঋণ শোধ হইতে পারে কি না ইহার রিপোর্ট করণার্থে ঐ স্থাবর সম্পত্তি যে বা যেং জিলার অন্তর্গত থাকে কমিশ্যনর সাহেব আবশ্যক বোধ করিলে তথাকার ডেপুটী কমিশ্যনরের নিকট ঐ বর্ণনাপত্র পাঠাইতে পারিবেন। ঐ সম্পত্তি হইতে ঋণ শোধ হওয়ার আশা মাত্র নাই, কমিশ্যনর সাহেব ঐ রিপোর্টদ্বারা কিম্বা অন্য প্রকারে ইহা জানিতে পাইলে ২ ধারামত ভারার্পণের আজ্ঞা প্রচার করিবেন না।

৩ ধারা।—কোন সম্পত্তির উপর আইনের বিধান বর্ত্তান উচিত, ডেপুটী কমিশ্যনরের এইরূপ মত হইলে সেই সম্পত্তিভোগি ব্যক্তির যত ঋণ ও দায় আছে ও তাঁহার অধিকারে যত স্থাবর সম্পত্তি আছে ও তাহাহইতে যত আয় উৎপন্ন হয়, এই সকল কথা তিনি সাধ্যমতে জানিয়া লইবেন, ও সম্পত্তিভোগি ঋণ শোধ করিতে পারেন কি না ইহার অনুসন্ধান লইলে পর তিনি সমুদয় কাগজপত্র কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন। ঐ সম্পত্তি হইতে ঋণ শোধ হইতে পারে কি না, এই বিষয়ে কমিশ্যনর সাহেবের যে মত হয়, তদনুসারে তিনি ভারার্পণের আজ্ঞা প্রচার করিবেন বা নাই করিবেন।

৪ ধারা।—ভারার্পণের আজ্ঞা প্রচার হইলে পর কার্য্যাধ্যক্ষের কর্ত্তব্য এই যে, ঐ সম্পত্তি হইতে ঋণ শোধ হইতে পারে কি না, অবধান পূর্ব্বক ইহার অনুসন্ধান লন ও ঋণ শোধ হইতে না পারিলে, ১৮৮৪ সালের ৫ আইন দ্বারা সংশোধিত আইনের ১২ ধারামতে স্বামিকে সম্পত্তি ফিরিয়া দেওয়াইবার নিমিত্ত কমিশ্যনর সাহেবের নিকট ত্বরায় সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৫ ধারা।—আইনমতে যিনি কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত হন তিনি জিলার ডেপুটী কমিশ্যনর না হইলে, কমিশ্যনর সাহেব সময়েং উক্ত আইনের বিধানের সহিত সঙ্গত যেং আজ্ঞা প্রচার করেন ডেপুটী কমিশ্যনর তদনুসারে আপন জিলার অন্তর্গত সকল সম্পত্তির কার্য্যাধ্যক্ষতার উপর সাধারণ তত্ত্ব রাখিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

Rule 6.—The security to be required from any manager not being a Government servant, and from subordinate officers under this Act, shall be fixed from time to time by the Commissioner of the Division with the approval of the Lieutenant-Governor: provided that no such manager or subordinate officer shall be required to give security for an amount exceeding 25 per cent. of the annual rents and profits of the property on account of which he is employed.

Rule 7.—To every notice published under section 5 of the Act shall be appended a copy of section 6. The notice shall be published at the district cutcherries, moonsifs' courts, and thanas within the jurisdiction of which the property is situated, and shall be affixed to the bhandar of all villages contained within the property *and published in all such villages by beat of drum.* Whenever possible, special service of such notice shall be made on every known creditor of the property; but the absence of such special service shall not be a bar to proceedings under the Act.

Rule 8.—When any property is restored to the holder or his heir, in accordance with section 12 of the Act, notice of the restoration shall be published at the places mentioned in the preceding rule and in the *Calcutta Gazette*.

Rule 9.—On the publication of the vesting order under section 2 of the Act, the holder of the property, or his legal representative, shall be called upon to deliver to the manager, within fifteen days, all accounts and other papers connected with the management of the property.

Rule 10.—In determining the amount of any principal debt or liability under section 8 of the Act, claims equitably due may be admitted by the manager if acknowledged by the holder of the property or his legal representative, notwithstanding the existence of some legal defence, such as limitation or insufficiency of stamp.

Rule 11.—The allowance of interest on any principal debt or liability shall not exceed 12 per cent. per annum from the date on which it was incurred to the date of determination, or from the date of determination to the date of payment.

Rule 12.—Notice shall be given to each creditor of the date on which orders will be passed by the manager on his claim. If any oral evidence in support of the claim is adduced, it shall be recorded by the manager in the English language, and shall be filed with the papers relating to the claim. The manager may from time to time, as seems necessary, adjourn the passing of orders on any claim. Notice of such adjournment shall be given to the claimant or his representative.

Rule 13.—The manager shall record in the English language reasons for his decision on each claim, and within one week of the date of such decision, a copy thereof shall be prepared in the vernacular of the district for delivery to the creditor on application.

Rule 14.—The scheme mentioned in section 11 of the Act shall be submitted by the manager through the Deputy Commissioner, who will forward it, with his opinion, to the Commissioner. The manager shall note in such scheme the order in which he proposes to pay the admitted debts. The manager, in determining the order for payment of the debts, will, as far as possible, give preference first to claims of mortgagees and conditional vendees removed from possession; *secondly, to claims of creditors to whom lands have been pledged (without possession given) as security for repayment; thirdly,* to decrees of court; and *fourthly,* to bond debts.

Rule 15.—Applications by the manager, under section 16 of the Act, for the removal of a mortgagee or conditional vendee from possession, shall not be made without the sanction of the Commissioner.

Rule 16.—The power to lease under section 17 of the Act shall be subject to the following provision:—No lease shall be given for any term exceeding three years without the sanction of the Deputy Commissioner, or exceeding four years, without the sanction of the Commissioner.

A. P. MACDONNELL,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 17th March* 1885.]

৬ ধারা।—গবর্ণমেন্টের কর্ম্মচারি ভিন্ন কোন ব্যক্তি কার্য্যাধ্যক্ষ হইলে এই আইনমতে তাঁহার স্থানে ও এই আইনমত অধীন কার্য্যকারকদের স্থানে কত টাকা জামিন লইতে হইবে, খণ্ডের কমিশ্যনর সাহেব সময়েং শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অনুমোদনক্রমে ইহা স্থির করিবেন, কিন্তু যে সম্পত্তির নিমিত্ত তাঁহাকে নিযুক্ত করা যায় তাহার খাজানা ও উপস্বত্ব যত টাকা হয়, ঐ কার্য্যাধ্যক্ষের কি অধীন কার্য্যকারকের প্রতি তাহার উপর শতকরা ২৫ টাকার অধিক জামিন দিবার আজ্ঞা হইবে না।

৭ ধারা।—আইনের ৭ ধারামতে যে প্রত্যেক নোটিস প্রচার করা যায় তাহার সঙ্গে ৬ ধারার প্রতিলিপি সংযোগ করিয়া দিতে হইবে। সম্পত্তি যেং জিলার ও মুনসেফদের আদালতের ও থানার এলাকার মধ্যে থাকে সেইং জিলার কাছারীতে ও মুনসেফদের আদালতে ও থানায় ঐ নোটিস প্রচার করিতে হইবে ও সম্পত্তির অন্তর্গত সকল গ্রামের ভাণ্ডারে লাগাইয়া দেওয়া যাইবে ও উক্ত সকল গ্রামে ঢেঁড়ারা দিয়া প্রকাশ করা যাইবে। যে২ স্থলে হইতে পারে, সেইং স্থলে সম্পত্তির যত জন মহাজনকে জানা যায় তাঁহাদের প্রত্যেকের উপর ঐ নোটিস বিশেষ করিয়া জারী করিতে হইবে, কিন্তু বিশেষমতে জারী না হওয়াতে এই আইনমতে কার্য্যানুষ্ঠানের বাধা হইবে না।

৮ ধারা।—আইনের ১২ ধারামতে ভোগি ব্যক্তির কি তাঁহার উত্তরাধিকারির হস্তে সম্পত্তি ফিরিয়া দেওয়া গেলে, এই বিধির পূর্ব্ব ধারার উল্লিখিত নানা স্থানে ও কলিকাতা গেজেটে ঐ ফিরিয়া দেওয়ার নোটিস প্রচার করা যাইবে।

৯ ধারা।—আইনের ২ ধারামতে ভারার্পণের আজ্ঞা প্রচার করা গেলে, সম্পত্তি ভোগির প্রতি কিম্বা আইনমত তাঁহার স্থলাভিষিক্তের প্রতি এই আজ্ঞা করা যাইবে যে, সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা সম্পর্কীয় সকল হিসাব ও অন্যান্য কাগজপত্র পনের দিনের মধ্যে কার্য্যাধ্যক্ষের হস্তে সমর্পণ করেন।

১০ ধারা।—আসল ঋণ কি দায় যত টাকা হয়, আইনের ৮ ধারামতে ইহা নির্ণয় করিতে গেলে, যেং টাকা ন্যায্যমতে দেনা হয়, আইনমতে মিয়াদ গত হওন বা ইষ্টাম্প অপ্রচুর হওন প্রভৃতি আপত্তি হইতে পারিলেও, সম্পত্তি ভোগি কি আইনমত তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি ঐ দাওয়া স্বীকার করিলে কার্য্যাধ্যক্ষ তাহা গ্রাহ্য করিতে পারিবেন।

১১ ধারা।—আসল ঋণ কি দায় যে তারিখে বর্ত্তিয়াছিল তদবধি নির্ণয় হওয়ার তারিখ পর্য্যন্ত কিম্বা নির্ণয় হওয়ার তারিখ অবধি শোধ না হওয়া পর্য্যন্ত তাহার উপর বৎসর শতকরা ১২৲ টাকার অধিক সুদ ধরিতে হইবে না।

১২ ধারা।— কার্য্যাধ্যক্ষ যে তারিখে যে মহাজনের দাওয়ার উপর আজ্ঞা প্রচার করিবেন তাঁহাকে সেই তারিখের নোটিস দেওয়া যাইবে। দাওয়ার পোষকতায় বাচনিক সাক্ষ্য উপস্থিত করা গেলে, কার্য্যাধ্যক্ষ তাহা ইংরেজী ভাষায় লিপিবদ্ধ করিবেন ও তাহা দাওয়া সম্পর্কীয় কাগজপত্রের সঙ্গে নথীভুক্ত করা যাইবে। আবশ্যক বোধ হইলে কার্য্যাধ্যক্ষ সময়েং কোন দাওয়ার উপর আপনার আজ্ঞা প্রচার করিবার দিনান্তর নিরূপণ করিতে পারিবেন। দাওয়াদারকে কি তাঁহার স্থলাভিষিক্তকে সেই দিনান্তরের নোটিস দেওয়া হইবে।

১৩ ধারা।— কার্য্যাধ্যক্ষ প্রত্যেক দাওয়ার উপর যে নিষ্পত্তি করেন তাহার কারণ ইংরেজী ভাষায় লিপিবদ্ধ করিবেন ও ঐ নিষ্পত্তির তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে তাহার নকল জিলার চলিত ভাষায় লিখিয়া প্রস্তুত করা যাইবে ও মহাজনের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে।

১৪ ধারা।— আইনের ১১ ধারায় যে পাণ্ডুলিপির কথা আছে, কার্য্যাধ্যক্ষ ডেপুটী কমিশ্যনরের দ্বারা তাহা অর্পণ করিবেন। ডেপুটী কমিশ্যনর তাহার সহিত আপনার মত লিখিয়া কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন। কার্য্যাধ্যক্ষ যে ক্রমানুসারে স্বীকৃত সকল ঋণ শোধ করিতে প্রস্তাব করেন তাহা ঐ পাণ্ডুলিপিতে লিখিয়া দিবেন। ঋণ শোধ করণের ক্রম নিরূপণ করিতে গেলে যে বন্ধকগ্রহীতা ও কটকবালাদারদিগকে অধিকার হইতে অবসর করা গেল, কার্য্যাধ্যক্ষ সাধ্যমতে প্রথমতঃ তাঁহাদের ঐ দাওয়া ও দ্বিতীয়তঃ দখল না দিয়া যে মহাজনদের নিকট ঋণ শোধ করিবার প্রতিভূস্বরূপ ভূমি বন্ধক রাখা গিয়াছে তাঁহাদের দাওয়া তৃতীয়তঃ আদালতের ডিক্রী ও চতুর্থতঃ খতের ঋণ অগ্রগণ্য করিবেন।

১৫ ধারা।—কার্য্যাধ্যক্ষ আইনের ১৬ ধারামতে বন্ধকগ্রহীতাকে কি কটকবালাদারকে অধিকার হইতে অবসর করিতে প্রার্থনা করিলে কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা ঐ প্রার্থনা করিবেন না।

১৬ ধারা।— আইনের ১৭ ধারামতে পাট্টা দিবার যে ক্ষমতা আছে তৎসম্পর্কে এই বিধান মানিতে হইবে,—ডেপুটী কমিশ্যনরের অনুমতি বিনা তিন বৎসরের অধিক ও কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা চারি বৎসরের অধিক কোন মিয়াদের পাট্টা দিতে হইবে না।

এ, পি, মাকডোনেল,
বঙ্গদেশের গবর্নমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

JUDICIAL DEPARTMENT.

No. 1856A.

The 4th March 1885.—Baboo Poorno Chunder Roy, Personal Assistant to the Commissioner of the Orissa Division, and an Assistant to the Superintendent of the Tributary Mehals, Cuttack, will continue to exercise the powers of a Magistrate of the first class.

The 5th March 1885.—The Lieutenant-Governor accepts the resignation tendered by the gentlemen named below of their appointments as Honorary Magistrates in the district of Mozufferpore:—

Baboo Mungul Prosad Sing. | Baboo Mothoora Nath.
Baboo Rainarain Sing.

The 6th March 1885.—Baboo Surja Kumar Sen, Deputy Magistrate and Deputy Collector, Jehanabad, Hooghly, is vested with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Baboo Nilmoney Nag, Second Munsif of Munshigunge, Dacca, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the amount of Rs. 50 within the local limits of the Munshigunge munsifi. This order supersedes that contained in the notification of the 4th November last, vesting the abovenamed munsif with the powers of a Judge of a Small Cause Court for the trial of suits cognizable by such a Court up to the amount of Rs. 25.

Baboo Priya Nath Ghosh is appointed to be an Honorary Magistrate for the Serampore General Bench, in the district of Hooghly, and is vested with the powers of a Magistrate of the third class.

The 7th March 1885.—Baboo Sitikant Ghose, Officiating Deputy Magistrate and Deputy Collector, employed on road revaluation work, Bankoora, is vested with the powers of a Magistrate of the third class.

The 9th March 1885.—Mr. W. H. M. Gun, Joint-Magistrate and Deputy Collector, Rajshahye, is vested with powers under section 110 of the Code of Criminal Procedure.

The 10th March 1885.—Mr. W. Tennon, Assistant Magistrate and Collector, Rungpore, is vested with the powers of a Magistrate of the first class.

Moulvie Faizuddeen Hossein, Deputy Magistrate and Deputy Collector, Silligoree, Darjeeling, is vested with the powers of a Magistrate of the first class in the Phansedewah thana.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 4th March* 1885.—Baboo Mohendro Nath Mukerjee, Munsif of Hathazaree, in the district of Chittagong, is allowed leave for one day, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him on the 5th January 1885.

J. WARE EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th March 1885.—Under section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Munshi Abdul Majib, authorizing him to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police stations of Perozepore, Matberia, and Sarupkati, in the district of Backergunge, with retrospective effect from the 9th December 1884, during the absence, on leave, of Munshi Mahomed Rashid.

J. WARE-EDGAR,
Offg. Secretary to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

The 9th March 1885.

No. 87.—*Notification.*—Mr. C. A. White, Assistant Engineer, first grade, having returned from privilege leave on the forenoon of the 23rd February 1885, the unexpired portion of the leave granted him is hereby cancelled.

No. 88.—*Erratum.*—In notification No. 59, dated the 17th February 1885, under Kissengunge station *for* " Jongiparah" *read* " Joogiparah."

[*Government Gazette, 17th March* 1885.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১২৫৬ A নম্বর।

১৮৮৫ সাল ৪ মার্চ্চ।—উড়িষ্যা খণ্ডের কমিশনার সাহেবের স্বকীয় আসিস্টাণ্ট এবং কটকের পেশকশী মহালের সুপারিণ্টেণ্ডেণ্টের আসিস্টাণ্ট শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৮৫ সাল ৫ মার্চ্চ।—নিম্নলিখিত মহাশয়েরা মজফরপুর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটস্বরূপ স্ব২ পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

শ্রীযুত বাবু মঙ্গলপ্রসাদ সিংহ। | শ্রীযুত মথুরানাথ বাবু।

শ্রীযুত বাবু রামনারায়ণ সিংহ।

১৮৮৫ সাল ৬ মার্চ্চ।—হুগলীর অন্তর্গত জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সূর্য্যকুমার সেন ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

ঢাকার অন্তর্গত মুনশীগঞ্জের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি নাগ, মুনশীগঞ্জ মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন। ছোট আদালতের বিচার্য্য ২০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে উক্ত মুনসেফকে ছোট আদালতের জজের ক্ষমতা দেওন বিষয়ে গত নবেম্বর মাসের ৪ তারিখের বিজ্ঞাপনে যে আজ্ঞা করা গিয়াছিল তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

শ্রীযুত বাবু প্রিয়নাথ ঘোষ হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুর জেনরল বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হওয়ায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ৭ মার্চ্চ।—বাঁকুড়ার পথসম্পর্কে পুনঃ পুনঃ অবধারণ কার্য্যে নিযুক্ত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিতিকণ্ঠ ঘোষ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ৯ মার্চ্চ।—রাজশাহীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, এচ, এম, গম সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১১০ ধারামত ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ১০ মার্চ্চ।—রঙ্গপুরের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ, টি, উমন সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

দারজিলিঙ্গের অন্তর্গত শিলিগুড়ির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী কয়ুদ্দীন হুসেন ফাঁসিদেওয়া থানার প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৮৫ সাল ৪ মার্চ্চ।—চট্টগ্রাম জিলার অন্তর্গত হাটহাজারীর মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়, ১৮৮৫ সালের ৫ জানুয়ারি তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে এক দিনের ছুটী পাইলেন।

জে, ও য়র এডগার,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৪ মার্চ্চ।—শ্রীযুত মুনশী মহম্মদ রসিদের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরীকরণ বিধিমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থে ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মুনশী আবদুল মজিদকে লাইসেন্স দিয়া বাখরগঞ্জ জিলার অন্তর্গত পিরোজপুর, মাটিবেড়িয়া ও স্বরূপকাটি পোলীস থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতাবলে কর্ম্ম করিবার ক্ষমতা দিলেন।

জে, ওয়ার, এডগার,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ৯ মার্চ্চ।

৮৭ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এ, ওয়াইট সাহেব ১৮৮৫ সালের ২৩ ফেব্রুয়ারির পূর্ব্বাহ্নে অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করায় তাঁহার ছুটীর অবশিষ্টাংশ এতদ্দ্বারা রহিত করা গেল।

৮৮ নম্বর।—অশুদ্ধ শোধন।—১৮৮৫ সালের ১৭ ফেব্রুয়ারি তারিখের ৫৭ নং বিজ্ঞাপনে কৃষ্ণগঞ্জ কুওঘাট এই শিরোভাগের নিম্নে "হঙ্গীপাড়া" এই কথার পরিবর্ত্তে "মুগপাড়া" পাঠ করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

IRRIGATION.

The 9th March 1885.

No. 89.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, *viz.*, for the lower end of the escape from the Buxar Central Jail water-supply channel, it is hereby declared that for the above purpose two strips of land running along both banks of the escape channel and measuring in aggregate an area of 3 roods and 17 poles more or less are required in mouzah Sahniputty, pergunnah Bhojepore, in the district of Shahabad.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 90.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for a retired embankment in the villages of Foodkipara, Kumarpara, Ghoramara, Sheker chak, Kharbona, Ramchunderpore, Bajehkajla, and Hemtanabad, in the town of Rampore Beauleah, pergunnah Lushkerpore, zillah Rajshahye, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 25 beeghas 14 cottahs $6\frac{1}{4}$ chittacks of standard measurement is required within the aforesaid villages of Foodkipara, Kumarpara, Ghoramara, Shekerchak, Kharbona, Ramchunderpore, Bajehkajla, and Hemtanabad. The general direction of the land is from west to east.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. M. MCNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

The 9th March 1885.

No. 91.—*Declaration.*—The declaration No. 515, dated 19th December 1884, which was published in the *Calcutta Gazette,* dated 20th December 1884, for land required for a ballast siding at Dhurarah station, on the East Indian Railway, is hereby cancelled.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

IRRIGATION.

The 10th March 1885.

No. 92.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz , for the construction of a retired line of embankment in the villages of Shyamnagar and Rangfala, in pergunnah Hatiagar, district 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a strip of land measuring 6,000 feet in length, with an average width of 170 feet more or less, is required in the aforesaid villages.

2. A plan of the land may be inspected at the offices of the Collector of 24-Pergunnahs and of the Executive Engineer, Northern Drainage and Embankment Division.

3. This declaration is made, under section 6, Act X of 1870, to all whom it may concern.

J. M. MCNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, Public Works Dept.

[*Government Gazette,* 17*th March* 1885.]

জলসেচন বিষয়ক।

১৮৮৫ সাল ৯ মার্চ্চ।

৮৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বক্সর সদর জেলের জল সংস্পার্শোর খালহইতে জল নির্গমনের নালার নিম্নভাগের অন্যস্থানের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেণ্ট কর্তৃক ভুমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে শাহাবাদ জিলার অন্তর্গত ভোজপুর পরগণার শাহনিপটী মৌজায় মোটে ন্যূনাধিক ৩ কড ১৭ পোল পরিমিত দুই খণ্ড ভুমির প্রয়োজন। উক্ত দুই খণ্ড ভুমি জল নির্গমনের নালার উভয় পার দিয়া যায়।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

৯০ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ রাজশাহী জিলার অন্তর্গত লস্করপুর পরগণার রামপুর বোয়ালিয়া নগরের সামিল ফুদকিপাড়া, কুমারপাড়া, ঘোড়ামারা, সেকেন্দ চক, খারবোনা রামচন্দ্রপুর, বাজেকাজলা ও হেমতানাবাদ গ্রামে বাঁধ পিচাইয়া করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভুমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ফুদকিপাড়া, কুমারপাড়া, ঘোড়ামারা সেকেন্দচক, খারবোনা রামচন্দ্রপুর, বাজে কাজলা, এবং হেমতানাবাদ গ্রামে কম্মিমতে ন্যূনাধিক ২৫। ৪।৶১৬ ছটাক পরিমিত এক খণ্ড ভুমির প্রয়োজন। উক্ত ভুমি সাধারণতঃ পশ্চিম দিকহইতে পূর্ব্বদিক গামি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

১৮৮২ সাল ৯ মার্চ্চ।

৯১ নম্বর।— বিজ্ঞাপন ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের খরহরা ষ্টেশনে পাতর জমা করিবার পার্শ্ববর্ত্তি স্থানের নিমিত্তে ভূমি গ্রহণার্থ ১৮৮২ সালের ডিসেম্বর মাসের ১৯ তারিখের ৫১৫ নং যে বিজ্ঞাপন ১৮৮৩ সালের জানুয়ারি মাসের ২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচনবিষয়ক।

১৮৮৫ সালের ১০ মার্চ্চ।

৯২ নম্বর।— বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ২৪ পরগণা জিলার অন্তর্গত হাতিয়া-গড় পরগনার শ্যামনগর ও রঙ্গফলা গ্রামে বাঁধশ্রেণী পিচাইয়াকরিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেণ্ট কর্ত্তৃক ভুমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঐ২ গ্রামে ন্যূনাধিক ৬০০০ ফুট দীর্ঘ ও গড়ে ১৭০ ফুট প্রস্থ এক খণ্ড ভুমির প্রয়োজন।

২। উক্ত ভুমির নকশা ২৪ পরগনার কালেক্টরের এবং উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডের এক্জেকিটিব ইঞ্জিনিয়রের আফিসে দেখা যাইতে পারিবে।

৩। ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট-সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

[Second publication.]

IRRIGATION.

The 17th February 1885.

No. 58.—*Notification.*—In exercise of the powers conferred on him by sections XI and XII of Act V (B.C.) of 1864 (The Canals Act), the Lieutenant-Governor of Bengal is pleased to pass the following rules in regard to the Eastern Canal route and the Outer Boat routes, as defined in this Department notification No. 301 of the 12th August 1884. A draft of these rules as proposed was published in this Department's notification No. 336 of the 9th September 1884, for a period of six weeks in the *Calcutta Gazette* of the dates noted in the margin.

10th, 17th and 24th September and 1st, 8th and 15th October 1884.

1. Wherever mooring posts may have been put up by the Supervisor, vessels are to be made fast by the bow and stern along the banks to such posts, or in such other manner as the Supervisor may direct.

2. As the water falls, the bow and stern ropes are to be slackened, and boats gradually pushed towards the centre of the canal: when the flood comes in, these two ropes are to be gradually hauled in, and the boat kept as close to the bank as possible.

3. In portions of the canals where only one towing-path exists, vessels are to be moored on the off side, and the towing-path side is always to be kept clear.

4. Only one boat is allowed to make fast, along and in line with the canal banks, and no boat is to be made fast or be placed outside of boats so secured without the special permission of the Supervisor. No boat or raft is to be placed in such a position as to endanger the safety of other boats, or obstruct the passage of other boats; but all boats are to be placed in such places and in such a manner as the Supervisor or Inspector at any time may direct.

5. The Supervisor may by notification prohibit the dropping of anchors or the putting up of bamboos or luggies in any part of the canals or banks, and in such parts no anchors are to be dropped or luggies put up under a penalty of Rs. 50, and of a fine not exceeding Rs. 4 a day for continued disobedience of an order for removal issued by the Supervisor.

6. Boats whilst loading or unloading in the canals are allowed to use ladders, but the ladders are to be gradually taken in as the water rises.

7. In order to avoid collision and confusion, boats waiting for a favourable tide at the junction of two or more rivers are to be moored at a distance of not less than 1,000 feet from the point of junction.

8. No person is allowed to place any obstruction on the canal banks, roads, drains or bridges (when such are on canal land) so as to impede a free passage along them, or cause injury to them, or to commit a nuisance, or deposit filth of any sort on the banks, bridges or roads or in the canals.

9. Any person who wilfully or negligently allows a vessel to sink in the canals shall be liable to a fine not exceeding Rs. 50.

10. In every case of wreck caused by negligence or otherwise, the Supervisor and his subordinates are to give all possible assistance in removing the same.

11. A notice is to be affixed on a wreck when recovered, calling on those concerned to pay to the Supervisor all tolls which may be due, or any fine which may have been adjudged, as well as the expenses incurred in the recovery or removal of the wreck; and intimating that if the sum be not paid within fifteen days of the date of notice, the boat and its furniture, or so much of it as may be necessary for the recovery of the dues, will be sold, the proceeds of the sale being dealt with as directed in section IX of the Act.

12. Every Canal Officer is authorized to remove any vessel, anchor, pole, or other thing which he may find in a position which is in contravention of these rules, and to deal with it in such a manner as may be necessary to give effect to the rules.

13. Whenever any laden vessel is seized by a Canal Officer, it is the duty of the Supervisor to give immediate notice of the same to the owner, or his agent requiring the removal of the cargo without delay, and informing him that he will be required to pay all expenses necessary for the proper custody and storage of the same.

[*Government Gazette*, 17*th March* 1885]

[দ্বিতীয়বার প্রকাশিত।]

জলসেচন বিষয়ক।

১৮৮৫ সাল ১৭ ফেব্রুয়ারি।

৫৮ নম্বর।—বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি খাল বিষয়ক ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ১১ ও ১২ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি এই কার্য্য-বিভাগের ১৮৮৪ সালের আগস্ট মাসের ১২ তারিখের ৩০১ নং বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট "পূর্ব্বদিকের খাল দিয়া যাইবার পথ" ও "বাহির দিয়া নৌকা যাইবার পথ" বিষয়ক নিম্নলিখিত বিধি প্রচলিত করিলেন।—

এই বিধির প্রস্তাবিত পাণ্ডুলিপি এই কার্য্যবিভাগের ১৮৮৪ সালের ৯ সেপ্টেম্বরের ৩৩৬ নং বিজ্ঞাপনে সন্নিবিষ্ট হওয়া পার্শ্বলিখিত তারিখের কলিকাতা গেজেটে ক্রমান্বয়ে ছয় সপ্তাহ প্রকাশ করা গিয়াছে।

১৮৮৪ সালের সেপ্টেম্বর মাসের ১০, ১৭ ও ২৪ এবং অক্টোবর মাসের ১, ৮ ও ১৫ তারিখের।

১। সুপরিন্টেণ্ডেন্ট যেই স্থানে নৌকা বাঁধিবার খোঁটা গাড়িয়া রাখেন সেইং স্থানে খালের ধারেং নৌকার গলই ও পশ্চাদ্ভাগ ঐ খোঁটায় বাঁধিয়া রাখিতে হইবে, অথবা সুপরিন্টেণ্ডেন্ট অন্য যেরূপ আদেশ করেন সেইরূপে বাঁধিয়া রাখিতে হইবে।

২। জল যেমন কমিবে তেমনি বাঁধা নৌকার গলইর ও পশ্চাদ্ভাগের কাছি আলগা দিয়া ক্রমে খালের মধ্যখানে নৌকা নামাইতে হইবে। জোয়ার আসিলে ঐ দুই কাছি ক্রমশঃ টানিয়া যথা-সাধ্য কিনারার নিকট নৌকা রাখিতে হইবে।

৩। খালের যে অংশে গুণ টানিবার একমাত্র পথ থাকে, তথায় অন্য পারে নৌকা বাঁধিতে হইবে এবং যে পারে গুণ টানিবার পথ সেই পার সর্ব্বদা খোলাসা রাখিতে হইবে।

৪। খালের ধারের পার্শ্বে অথচ সমান্তরালে একং খানি নৌকা বাঁধিবার অনুমতি হইবে, এবং সুপরিন্টেণ্ডেন্টের বিশেষ অনুমতি বিনা ঐ রূপে বাঁধা নৌকার বাহিরে কোন নৌকা বাঁধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি জন্মিবে কি পথ বন্ধ হইবার সম্ভাবনা এমত স্থানে কোন নৌকা বা দাঁড় রাখিতে হইবে না; কিন্তু সুপরিন্টেণ্ডেন্ট বা ইনিস্পেক্টর কোন সময়ে যে স্থানে ও যে রূপে আজ্ঞা করেন সেই স্থানে ও সেই রূপে নৌকা সকল রাখিতে হইবে।

৫। সুপরিন্টেণ্ডেন্ট বিজ্ঞাপন দিয়া খালের বা তাহার তীরের কোন অংশে লঙ্গর ফেলিতে কিম্বা বাঁশ বা লগি পুঁতিতে নিষেধ করিতে পারিবেন। ঐ অংশে লঙ্গর ফেলা বা লগি পোতা গেলে ৫০৲ পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে; এবং সুপরিন্টেণ্ডেন্ট তাহা তুলিয়া লইবার আজ্ঞা করিলে যত দিন সেই আজ্ঞা অমান্য করা যায় তাহার দিন প্রতি ৪৲ চারি টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

৬। খালের মধ্যে নৌকার যখন মাল তোলা বা তাহাহইতে মাল নামান যায় তখন সিঁড়ি ফেলিয়া যাতায়াত করিতে দেওয়া হয়। কিন্তু জল যেমন বাড়িবে তেমনি সিঁড়িও ক্রমশঃ টানিয়া লইতে হইবে।

৭। দুই বা অধিক নদীর সংযোগ স্থানে যে সকল নৌকা জোয়ার কি ভাটার সুবিধা অপেক্ষায় থাকে তাহাদের মধ্যে আঘাত বা গোলযোগ না হয় এই নিমিত্ত ঐ সংযোগ স্থানহইতে ন্যূনকল্পে ১,০০০ ফুট দূরে সেই সকল নৌকা বাঁধিতে হইবে।

৮। কোন ব্যক্তি খালের জমিতে স্থিত খালের ধারে কিম্বা পথে, নর্দ্দমায় বা সাঁকোতে এমত কোন দ্রব্য রাখিবে না যাহাতে তদ্দ্বারা অবাধে গমনাগমনের ব্যাঘাত হয় বা তাহার হানি করে কিম্বা খালের ধারে, সাঁকোতে, পথে বা খালের মধ্যে মলমূত্র ত্যাগ করিবে না কি কোন প্রকার দুর্গন্ধজনক দ্রব্য ফেলিবে না।

৯। কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক বা শৈথিল্যক্রমে খালের মধ্যে নৌকা ডুবিতে দিলে তাহার ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

১০। শৈথিল্যক্রমে কি অন্য কারণে নৌকা মারা পড়িলে সুপরিন্টেণ্ডেন্ট ও তাঁহার অধীন লোকেরা তাহা স্থানান্তর করিতে সর্ব্বপ্রকারে সাহায্য করিবেন।

১১। সেই মারা পড়া নৌকা উদ্ধার করা গেলে তাহার উপর এই মর্ম্মের সংবাদ লটকাইয়া দিতে হইবে যে তাহাতে যাহাদের সম্পর্ক আছে তাহারা সুপরিন্টেণ্ডেন্টকে কুতের সমুদয় মাসুল কিম্বা বিচারে যে অর্থদণ্ড হইয়া থাকে তাহা এবং ভগ্ন নৌকা উদ্ধার কি স্থানান্তর করিতে যে খরচ হইয়া থাকে তাহা দেয়, নতুবা ঐ সংবাদ দিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে যদি টাকা না দেওয়া যায় তবে ঐ নৌকা ও তাহাতে যে সরঞ্জাম থাকে তাহা কিম্বা দেয় টাকা আদায়ার্থে প্রয়োজনীয় অংশ বিক্রয় করা হইবে ও উক্ত আইনের ৯ ধারার আদেশমতে বিক্রয়োৎপন্ন টাকা লইয়া কার্য্য করা যাইবে।

১২। খালসম্পর্কীয় প্রত্যেক কার্য্যকারকের এই ক্ষমতা আছে যে তিনি এই সকল বিধির নিষিদ্ধ স্থানে যে নৌকা কি লঙ্গর কি খোঁটা কি অন্য যে কোন দ্রব্য পান তাহা স্থানান্তর করিতে ও তাহা লইয়া এই বিধি প্রবল করণার্থ যাহা কর্ত্তব্য তাহা করিতে পারিবেন।

১৩। খালসম্পর্কীয় কোন কার্য্যকারক কোন বোঝাই নৌকা ধরিলে সুপরিন্টেণ্ডেন্টের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই সংবাদ স্বামিকে কি তাঁহার এজেন্টকে দিয়া অবিলম্বে মাল স্থানান্তর করিবার আজ্ঞা করেন, ও উচিতমতে তাহা রক্ষা ও গুদামজাত করিবার সমস্ত আবশ্যক খরচ স্বামির দিতে হইবে ইহাও জানান।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

14 If the Supervisor be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel or boat seized under the Canals' Act, he is to notify the seizure by advertisement in his office and in one or more of the public newspapers. Such notice shall require the owner to cause the immediate removal of the cargo, and to pay any necessary expenses incurred in providing for its proper custody and storage.

15. The Supervisor may incur whatever expense he may think necessary for the proper custody and storage of the cargo of any vessel seized under the Canals' Act, and if the cargo be not removed within ten days from the date of seizure, he may sell the same at public auction to the highest bidder, after giving ten days' notice of the same by advertisement in his office and in one or more of the public newspapers.

16. The money realized at such a sale is to be applied in the first instance to defray any expenditure that may have been incurred by the Supervisor on account of the cargo sold, and the balance, if any, is to be held in deposit to be paid to the owner of the said cargo on his applying for the same.

17. At the instance of the Supervisor, any Magistrate who imposes a fine under section XI or XVI of the Act may award any portion of such fine to the informer.

18. No officer employed on the canal of any description or rank shall, either directly or indirectly, bid for or purchase any article sold under these rules or under the provisions of Act V (B.C.) of 1864.

19. Any person (other than the Supervisor or his subordinates) either personally, or by his servant, infringing any of these rules, is liable under section XI of the Canals Act to a fine not exceeding Rs. 50 for any one infringement, or to a fine not exceeding five rupees a day for any continued infringement.

The rules now passed will supersede the rules now in force for the Navigable Channels from Kanteetollah to Khoolna, passed by Notification No. 281, dated the 15th August 1865, and published at page 1319 of the *Calcutta Gazette* dated 16th August 1865.

No. 59.—*Notification.*—It is hereby notified for general information that the Lieutenant-Governor, in exercise of the powers vested in him by section 13 of the Canals Act V (B.C.) of 1864, is pleased to appoint the toll-collectors of the Nuddea Rivers for the time being to be Joint-Supervisors within the limits of their respective jurisdiction as specified below :—

SARUPGUNGE TOLL COLLECTOR, SARUPGUNGE STATION.

Bhagiruthee River.

On the north a line drawn across the river from the point at which the boundary of the Nuddea Municipality meets the river, on the south a line drawn across the river from the southernmost point of the village of Nutunbazar.

Jellinghee River.

On the north-east a line drawn across the river Jellinghee from the eastern boundary of the toll-office compound, on the south the same as the southern limit of the Bhagiruthee.

HANSKHALI TOLL COLLECTOR.

Kissengunge Station.

On the north a line drawn across the river Matabhanga from the Mathurapore point; on the west a line drawn across the river from Jongiparah ghât near the village of Shoneghatta; on the south-east a line drawn across the entrance of the river Ichamutty.

Hanskhali Station.

On the east a line drawn across the Matabhanga at the Baktapore khal, about half a mile from the toll-office.

On the west a line drawn across the Matabhanga at a place called Goisha, about two miles from the toll-office.

J. M. McNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette*, 17*th March* 1885.]

১৪। সুপরবাইসর যদি খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকাদির মালের স্বামির নাম ও কর্ম্মস্থান কি বাসস্থান জানিতে না পারেন, তবে তিনি আপন কার্য্যালয়ে ও প্রকাশ্য এক কি অধিক সংবাদপত্রে জ্ঞাপনপত্র দিয়া ঐ ধৃত হওনের বিজ্ঞাপন প্রকাশ করিবেন। উক্ত বিজ্ঞাপনে স্বামির প্রতি এমত আদেশ থাকিবে যে তিনি অবিলম্বে মাল স্থানান্তর করান, ও মাল উচিতমতে রক্ষণ ও গুদামজাত করিতে প্রয়োজনীয় যে খরচ হইয়াছে তাহা দেন।

১৫। সুপরবাইসর খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকার মাল উপযুক্তমতে রক্ষা ও গুদামজাত করিবার নিমিত্ত যে খরচ প্রয়োজনীয় জ্ঞান করেন, তাহা করিতে পারিবেন। নৌকা ধৃত হওনের তারিখ অবধি দশ দিনের মধ্যে যদি সেই মাল স্থানান্তর না করা যায়, তবে তিনি আপন কার্য্যালয়ে এবং এক কি অধিক প্রকাশ্য সংবাদপত্রে জ্ঞাপনপত্র দিয়া দশ দিন পরে সেই মাল প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে পারিবেন ও যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকিবেন তাঁহাকে দিবেন।

১৬। উক্ত নীলামে যে টাকা পাওয়া যায় তাহা হইতে প্রথমে ঐ বিক্রীত মালের জন্য সুপরবাইসরের কৃত খরচ শোধ করিতে হইবে এবং কিছু টাকা অবশিষ্ট থাকিলে তাহা জমা করিয়া রাখিতে ও সেই মালের স্বামির প্রার্থনামতে তাঁহাকে দিতে হইবে।

১৭। যে মাজিষ্ট্রেট উক্ত আইনের ১১ কি ১৬ ধারামতে অর্থদণ্ডের আজ্ঞা করেন তিনি সুপরবাইসরের প্রার্থনাক্রমে উক্ত দণ্ডের কোন অংশ সংবাদদাতাকে দিতে পারিবেন।

১৮। খালে নিযুক্ত কোন প্রকার বা কোন শ্রেণীর কার্য্যকারক এই বিধিমতে কিম্বা ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের বিধানমতে বিক্রীত কোন দ্রব্য স্বয়ং বা অন্যেরদ্বারা ডাকিতে কি কিনিতে পারিবেন না।

১৯। সুপরবাইসর বা তাঁহার অধীন কর্ম্মচারিভিন্ন কোন ব্যক্তি এই বিধি স্বয়ং লঙ্ঘন করিলে বা চাকরদ্বারা লঙ্ঘন করাইলে একবার লঙ্ঘনজন্য খাল বিষয়ক আইনের ১১ ধারামতে তাহার ৫০৲ পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, কিম্বা ক্রমিক যত দিন লঙ্ঘন করিতে থাকে তাহার দিন প্রতি তাহার ৫৲ পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

কান্তিটোলাহইতে খুলনা পর্য্যন্ত নৌকাগম্য খাড়িতে এইক্ষণে যে বিধি প্রবল আছে তাহা এক্ষণে প্রচলিত করা বিধিক্রমে রহিত হইবে। সেই বিধি ১৮৬৫ সালের ১৫ আগষ্টের ২৮১ নং বিজ্ঞাপন দ্বারা প্রচলিত হইয়া ১৮৬৫ সালের ২২ আগষ্টের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ৮৮৭ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছিল।

৫৯ নম্বর।—বিজ্ঞাপন।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাঁহারা যে সময়ে নদীয়ার নদী সমূহের কুতের কালেক্টর হন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি খালবিষয়ক ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ১৩ ধারামতে প্রদত্ত ক্ষমতাক্রমে কার্য্য করিয়া তিনি, নিম্ন-নির্দ্দিষ্ট তাঁহাদের স্ব২ এলাকার মধ্যে তাঁহাদিগকে জাইণ্ট সুপরবাইসরের পদে নিযুক্ত করিলেন।

স্বরূপগঞ্জের কুতঘাটের স্বরূপগঞ্জের কুতের কালেক্টর।

ভাগিরথী নদী।

উত্তর সীমা নদীয়া মুনিসিপালিটীর সীমা যে স্থানে নদীতে মিলে সেই স্থানহইতে নদীর এপার-ওপার টানা রেখা, দক্ষিণ সীমা নূতন বাজার গ্রামের অতি দক্ষিণহইতে ঐ নদীর এপার ওপার টানা রেখা।

জলঙ্গি নদী।

উত্তর-পূর্ব্ব সীমা কুতঘরের হাতার পূর্ব্বদিকের সীমাহইতে জলঙ্গি নদীর এপার ওপার টানা রেখা, দক্ষিণ সীমা ভাগিরথীর দক্ষিণ সীমা যাহা তাহাই হইবে।

হাঁসখালির কুতের কালেক্টর।

কৃষ্ণগঞ্জের কুতঘাট।

উত্তর সীমা মথুরাপুরের বিশেষ স্থানহইতে মাতাভাঙ্গা নদীর এপার ওপার টানা রেখা, পশ্চিম সীমা সোণঘাটা গ্রামের নিকট জঙ্গীপাড়া ঘাটহইতে উক্ত নদীর এপার ওপার টানা রেখা, দক্ষিণ-পূর্ব্ব সীমা ইচ্ছামতী নদীর প্রবেশ স্থানের এপার ওপার টানা রেখা।

হাঁসখালির কুতঘাট।

পূর্ব্ব সীমা কুতঘরহইতে প্রায় আধ মাইল দূরস্থ বক্সাপুর খালে মাতাভাঙ্গার এপার ওপার টানা রেখা।

পশ্চিম সীমা কুতঘরহইতে প্রায় দুই মাইল দূরস্থ গোইলা নামক স্থানে মাতাভাঙ্গার এপার ওপার টানা রেখা।

জে, এম, ম্যাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ১৭ মার্চ্চ।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ২০ ফেব্রুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি-সভায় উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।—

১৮৮৫ সালের ৩ নম্বর।

চুক্তিবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের ২৬৫ ধারা সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

চুক্তিবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের ২৬৫ ধারা সংশোধন করা বিহিত, অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

চুক্তিবিষয়ক ভারতবর্ষীয় আইনের ২৬৫ ধারার পরিবর্ত্তে নুতন ধারা দিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ২৬৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে, যথা,—

"২৬৫ ধারা। প্রকারান্তরের কোন চুক্তি না থাকিলে,

অংশিত্ব শেষ হইলে পর আদালতের দ্বারা কর্ম্ম বন্ধ করাইবার জন্য অংশিদের মোকদ্দমা উপস্থিত করিবার অধিকারের কথা।

অংশিত্ব শেষ হইলে পর কোন অংশী বা তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি মোকদ্দমা উপস্থিত করিলে আদালত কুঠির কর্ম্ম বন্ধ ও ঋণ পরিশোধের বিধান করিতে এবং যাহা অবশিষ্ট থাকে তাহা অংশিদের অংশানুসারে বণ্টন করিয়া দিতে পারিবেন।"

১৮৮২ সালের ১৪ আইনের ২১৩ ধারার একাংশ রহিত করিবার কথা।

২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২১৩ ধারার "ভারতবর্ষীয়" এই কথা হইতে আরম্ভ করিয়া উক্ত ধারার শেষ পর্য্যন্ত সমুদয় শব্দ ও অঙ্ক এতদ্দ্বারা রহিত করা গেল।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

চুক্তিবিষয়ক ভারতবর্ষীয় আইনের ২৬৫ ধারায় বিধান আছে যে, প্রকারান্তরের কোন চুক্তি না থাকিলে, অংশিত্বের অবশেষ হইলে পর প্রত্যেক অংশী কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত কুঠির কর্ম্ম বন্ধ করিবার ও ঋণ পরিশোধের বিধান করিবার এবং অবশিষ্ট যাহা থাকে তাহা অংশিদের অংশানুসারে বণ্টন করিবার জন্যে আদালতে প্রার্থনা করিতে পারিবেন। এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে যে, কুঠির কর্ম্মের স্থান কি প্রধান স্থান যে জিলার জজ সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে থাকে, উক্ত ধারার উল্লিখিত আদালত শব্দে সেই জিলার জজ সাহেবের আদালতের অন্যূন ক্ষমতাপন্ন আদালত বুঝাইবে। "প্রার্থনা করিতে পারিবেন" প্রথমতঃ এই কথার অর্থসম্বন্ধে এবং দ্বিতীয়তঃ উক্ত ধারামত প্রার্থনা হইলে আদালতের বিচারাধিপত্য সম্বন্ধে এই ধারার বিষয়ে কলিকাতার ও অন্যান্য স্থানের হাইকোর্ট নানাপ্রকার নিষ্পত্তি করিয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

The Indian Contract Act Amendment Bill.

২। "প্রার্থনা করিতে পারিবেন" এই কথা ব্যবহার করায়, মুতফরক্কা দরখাস্তক্রমে কি নিয়মিত মোকদ্দমাক্রমে উক্ত ধারামত কার্য্যানুষ্ঠান করা ব্যবস্থাপকদের অভিপ্রায় ছিল এবিষয়ে সন্দেহ উত্থিত হইয়াছে। যে স্থলে কোন অংশী কুঠির কর্ম্ম বন্ধ, ঋণ শোধ ও অবশিষ্ট টাকা বন্টন করাইতে চাহেন, সেই স্থলে তাঁহার নিয়মিত মোকদ্দমা উপস্থিত করা উচিত, এইরূপ বিবেচনা হইয়াছে। এরূপ স্থলে আদালতের যে২ প্রশ্ন বিবেচনা করিতে হয়, মুতফরক্কা দরখাস্তক্রমে সরাসরীমতে তাহার নিষ্পত্তি ভাল করিয়া হইতে পারে না; এবং ২৬৫ ধারামত প্রার্থনাপত্রের নিষ্পত্তি করিতে হইলে আদালত ফলতঃ তাহা মোকদ্দমা বলিয়া লইয়া কার্য্য করিবেন। "প্রার্থনা করিতে পারিবেন" এই কথা ব্যবহার করিবার সময়ে ব্যবস্থাপকদের সম্ভবতঃ কেবলমাত্র এইরূপ সুচিত করিবার অভিপ্রায় ছিল যে কোন অংশীর আদালত দ্বারা কর্ম্ম বন্ধ করাইবার, ঋণশোধের বিধান করাইবার ও অবশিষ্ট টাকা বন্টন করাইবার অধিকার আছে। এরূপ স্থলে মুতফরক্কা দরখাস্ত করিয়া কার্য্যানুষ্ঠান করিতে হইবে, এরূপ নির্দ্দেশ করিবার অভিপ্রায় ছিল ইহা সম্ভব নহে।

৩। বিচারাধিপত্যঘটিত প্রশ্ন সম্বন্ধে নিষ্পন্ন মোকদ্দমার সাধারণ ফল এই হইয়াছে যে কেবল জিলার জজ সাহেবের আদালতে বিচারাধিপত্য আবদ্ধ করা হইয়াছে, এবং এই প্রকারে তাঁহার নথীতে এরূপ অনেক সামান্য মোকদ্দমা আসিয়াছে, অধীন বিচারালয় কর্ত্তৃক তুল্যরূপে ভাল করিয়া যাহার নিষ্পত্তি হইতে পারিত। জিলার জজ সাহেবদের সময় আপন২ নানা কর্ম্মে সম্পূর্ণরূপে পরিপূরিত থাকে; সুতরাং মোকদ্দমায় যে সময় দিতে ও পরিশ্রম করিতে হয়, তাহা বিবাদীয় স্বার্থের তুলনায় অত্যন্ত অধিক হইলে, ঐরূপ মোকদ্দমা জারি করিয়া জজ সাহেবদের আদালতে উপস্থিত করিতে দেওয়াতে তাঁহাদের উক্ত কর্ম্মনিষ্পাদনের ক্ষতি হয়, ইহা কোন ক্রমেই বাঞ্ছনীয় নহে।

৪। এই নিমিত্ত বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। ইহাতে ২৬৫ ধারা এরূপে সংশোধন করা গিয়াছে যে স্পষ্টই দৃষ্ট হয় যে উক্ত ধারামত কার্য্যানুষ্ঠান নিয়মিত মোকদ্দমা উপস্থিত করিয়া করিতে হইবে; আর উক্ত ধারার ব্যাখ্যাটী পরিত্যাগ করা গিয়াছে, সুতরাং সামান্য বিধিমতে বিচারাধিপত্যঘটিত প্রশ্নের নিষ্পত্তি হইতে পারিবে। আরো পাণ্ডুলিপিতে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২১৩ ধারার শেষ প্রকরণ রহিত করা গিয়াছে, কারণ উক্ত ব্যাখ্যা পরিত্যাগ করাতে উক্ত প্রকরণের আবশ্যকতা থাকিতেছে না।

১৮৮৫ সাল ১৬ ফেব্রুয়ারি। সি, পি, ইলবার্ট।

আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L.,
Bengali Translator.

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সনের ২৭ ফেব্রুয়ারি তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত হইয়া সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।—

১৮৮৫ সালের ৪ নম্বর।

ভূমি গ্রহণ (খনি) বিষয়ক ১৮৮৫ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে যে ভূমি গ্রহণ করিবার ইচ্ছা থাকে, সেই ভূমির নিম্নে খনি বা খনিজ দ্রব্য থাকিলে তদ্বিষয়ের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে যে ভূমি গ্রহণ করিবার ইচ্ছা থাকে, সেই ভূমির নিম্নে খনি বা খনিজ দ্রব্য থাকিলে তদ্বিষয়ের বিধান করা বাঞ্ছনীয় অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।।

১ ধারা। (১) এই আইন ভূমি গ্রহণ (খনি) বিষয়ক ১৮৮৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

সংক্ষেপ নাম, স্থানীয় ব্যাপ্তি ও আরম্ভ।

(২) এই আইন ব্রিটিশ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে এবং

(৩) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

২ ধারা। (১) রাজকীয় কার্য্যের নিমিত্ত কিম্বা কোন কোম্পানির নিমিত্ত ভূমির প্রয়োজন আছে, যখন স্থানীয় গবর্ণমেণ্ট ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ৬ ধারামতে এইরূপ বিজ্ঞাপন দেন, উক্ত গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে ঐ বিজ্ঞাপনে এইরূপ কথা সন্নিবেশ করিতে পারিবেন যে, যে বিষয়ের নিমিত্ত ভূমি গৃহীত হইতেছে তাহা নির্ম্মাণ করিতে উক্ত খনির বা খনিজ দ্রব্যের যে অংশ খনন করা বা উঠাইয়া লইয়া যাওয়া বা ব্যবহার করা আবশ্যক হয়, কেবল সেই অংশ ছাড়া উক্ত ভূমির বা তাহার বিশেষ কোন অংশের নিম্নস্থ পাথরিয়া কয়লার, লৌহ প্রস্তরের, শ্লেটের বা অন্য খনিজ দ্রব্যের কোন খনির প্রয়োজন নাই।

খনির প্রয়োজন নাই ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপনে এই কথা দিবার কথা।

(২) বিজ্ঞাপনে ঐরূপ কোন কথা সন্নিবেশ করা গেলে, পূর্ব্বোক্তরূপ অংশ ছাড়া বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট ভূমির বা ভূম্যংশের নিম্নস্থ পাথরিয়া কয়লার, লৌহ প্রস্তরের, শ্লেটের বা অন্য খনিজ দ্রব্যের কোন খনি, কালেক্টর যখন উক্ত আইনের ১৬ বা ১৭ ধারামতে ভূমির দখল লন, তখন গবর্ণমেণ্টে বর্ত্তিবে না।

৩ ধারা। ঐরূপে গৃহীত কোন ভূমির নিম্নে স্থিত কোন খনির বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখীলকার তাহার কার্য্য চালাইতে বা তাহা লইতে চাহিলে, আপনার উক্ত অভিপ্রায়ের লিখিত নোটিস কার্য্যারম্ভ করিবার ত্রিশ দিন পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্টকে দিবেন।

ভূমির নিম্নস্থ খনির কার্য্য চালাইবার পূর্ব্বে স্বামী প্রভৃতির নোটিস দিতে হইবার কথা।

৪ ধারা। পূর্ব্বধারামত নোটিস পাইলে, স্থানীয় গবর্ণমেণ্ট তদর্থে আপনার নিযুক্ত কোন ব্যক্তি দ্বারা উক্ত খনি বা খনিজ দ্রব্য পরিদর্শন করাইতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক খনি পরিদর্শন করাইবার কথা।

৫ ধারা। (১) যদি স্থানীয় গবর্ণমেণ্টের বোধ হয় যে খনি বা তাহার কোন অংশের কার্য্য চালাইতে কিম্বা খনিজ দ্রব্য বা তাহার কোন অংশ লইতে গেলে ভূপৃষ্ঠের বা তদুপরিস্থ কোন বিষয়ের হানি হইবার সম্ভাবনা, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট ৩ ধারামতে নোটিস পাইলে ত্রিশ দিন অতীত হইবার পূর্ব্বে যে কোন সময়ে।

স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিলে খনির কার্য্য না চালাইবার কথা।

(ক) হয় ঐ খনি বা খনিজ দ্রব্য বা উহার অংশের নিমিত্ত উহার স্বামী, পাট্টাদার বা দখীলকারকে ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিতে পারিবেন; না হয়

(খ) স্থানীয় গবর্ণমেণ্ট আপনার প্রস্তাবে যে প্রকারের ও যে২ নিয়মের নির্দ্দেশ করেন, সেই প্রকারে ও সেই২ নিয়মাধীনে খনির বা খনিজ দ্রব্যের বা উহার কোন অংশের স্বামী, পাট্টাদার বা দখীলকার খনির কার্য্য চালাইবেন বা খনিজ দ্রব্য লইবেন এই শর্ত্তে তাঁহাকে ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিতে পারিবেন।

(২) যদি (ক) দফার উল্লিখিত প্রস্তাব করা হয় তাহা হইলে স্বামী, পাট্টাদার বা দখীলকার খনি বা, তাহার অংশবিশেষের কার্য্য চালাইবেন না কিম্বা খনিজ দ্রব্য বা তাহার অংশ বিশেষ লইবেন না।

(৩) যদি (খ) দফার উল্লিখিত প্রস্তাব করা হয়, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারের ও যেং নিয়মের নির্দ্দেশ করেন, কেবল সেই প্রকারে ও সেং নিয়মাধীনে স্বামী, পাট্টাদার বা দখীলকার খনি বা তাহার অংশবিশেষের কার্য্য চালাইবেন কিম্বা খনিজ দ্রব্য বা তাহার অংশবিশেষ লইবেন।

ক্ষতিপূরণের টাকা ১৮৭০ সালের ১০ আইনমতে নিরূপণ করিতে হইবার কথা।

৬ ধারা। পূর্ব্ব ধারামতে ক্ষতিপূরণের যে টাকা দিতে হইবে, তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট এবং উক্ত খনি বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখীলকার একমত না হইলে, ক্ষতিপূরণের টাকা নিরূপণ করণার্থে ভূমি গ্রহণবিষয়ক ১৮৭০ সালের আইনে যে কার্য্য প্রণালী নির্দ্দিষ্ট আছে, তদনুসারে ঐ টাকা ধার্য্য করা যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষতিপূরণ দিবার প্রস্তাব না করিলে উপযুক্ত প্রণালীতে খনির কার্য্য চালাইতে পারিবার কথা।

৭ ধারা। (১) খনির বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখীলকারের যে ক্ষতি হয়, তজ্জন্য যদি স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ৩০ দিন অতীত হইবার পূর্ব্বে ৫ ধারার বিধানমতে তাঁহাকে কোন ক্ষতি পূরণ দিবার প্রস্তাব না করেন, তবে উক্ত স্বামী, পাট্টাদার বা দখীলকার খনির কার্য্য উপকারজনকরূপে চালাইতে হইলে তাহা যে প্রকারে চালান উচিত ও আবশ্যক সেই প্রকারে এবং খনি যে স্থানে থাকে তথায় উক্ত খনির কার্য্য সচরাচর যে প্রণালীতে চালান যায় সেই প্রণালীতে ঐ খনির বা উহার কোন অংশের কার্য্য চালাইতে পারিবেন।

(২) অনুপযুক্তরূপে খনির কার্য্য চালাইবার দরুণ ভূপৃষ্ঠের বা তদুপরিস্থ কোন বিষয়ের হানি বা বাধা হইলে, খনির বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখীলকার অবিলম্বে আপন খরচে স্থলবিশেষের প্রয়োজনমতে ঐ হানি সারাইয়া দিবেন বা বাধা সরাইয়া দিবেন।

(৩) সারাইয়া বা সরাইয়া দিবার কার্য্য অবিলম্বে না করা গেলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, স্বামী, পাট্টাদার বা দখীলকার কর্ত্তৃক উক্ত কার্য্য হইবার অপেক্ষা না করিয়া, স্থানীয় গবর্ণমেণ্ট সেই কার্য্য সম্পাদন করিয়া তাহা করিতে যে খরচ পড়ে স্বামী, পাট্টাদার বা দখীলকারের স্থানে তাহা আদায় করিয়া লইতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের কার্য্যকারকের খনিতে প্রবেশ করিয়া তাহার কার্য্যচলন পরিদর্শন করিতে পারিবার কথা।

৮ ধারা। গৃহীত ভূমির বা তদুপরিস্থ বিষয়ের হানি যাহাতে হয়, এরূপ কোন খনির কার্য্য তদ্রূপে চালান হইতেছে বা হইয়াছে কি না ইহা অধিকতর সুস্পষ্টরূপে নির্ণয় করিবার নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারক ২৪ ঘণ্টার লিখিত নোটিস দিবার পর যে কোন ভূমির মধ্যে বা নিকটে গৃহীত ভূমি থাকে ও যথায় ঐরূপ কোন খনির কার্য্য চলিতেছে বা চলে বলিয়া অনুমিত হয়, তথায় প্রবেশ করিতে পারিবেন, এবং ঐরূপ কোন খনিতে বা তৎসংক্রান্ত কোন বিষয়ে যাওয়া আসা করিতে পারিবেন; এবং তৎকার্য্যপক্ষে ঐরূপে নিযুক্ত কার্য্যকারক উক্ত খনির স্বামী, পাট্টাদার বা দখীলকারের কোন সরঞ্জাম বা যন্ত্র ব্যবহার করিতে পারিবেন, ও খনির যে অংশের কার্য্য চলিতেছে বা চালাইবার উদ্যোগ হইতেছে, গৃহীত ভূমি হইতে তাহার দূরত্ব নিরূপণ করণার্থ সমুদয় আবশ্যক উপায় অবলম্বন করিতে পারিবেন।

পরিদর্শন করিতে দিতে অস্বীকার করিলে দণ্ডের কথা।

৯ ধারা। ঐরূপ কোন খনির কোন স্বামী, পাট্টাদার বা দখীলকার তদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারককে পূর্ব্বোক্ত প্রকারে ঐরূপ কোন খনিতে বা বিষয়ে প্রবেশ করিয়া পরিদর্শন করিতে দিতে অস্বীকার করিলে, যে ব্যক্তি ঐরূপ অপরাধ করে, ঐরূপ প্রত্যেক অস্বীকারের নিমিত্ত তাহার স্থানীয় গবর্ণমেণ্টের নিকট ২০০৲ টাকার অনধিক টাকা দণ্ড দিতে হইবে।

খনির কার্য্য অনুপযুক্তরূপে চালান গেলে গৃহীত ভূমি নির্বিঘ্ন করণার্থে উপায় অবলম্বন করিবার আদেশ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে পারিবার কথা।

১০ ধারা। ঐরূপ কোন খনির কার্য্য এই আইনের বিধানের বিরুদ্ধে চালান গিয়াছে দেখা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, গৃহীত ভূমি নির্বিঘ্ন করণার্থ ও তাহার হানি নিবারণার্থ যেং বিষয় নির্ম্মাণ করা ও যেং উপায় অবলম্বন করা আবশ্যক বা উচিত হয়, সেইং বিষয় নির্ম্মাণ করিবার ও সেইং উপায় অবলম্বন করিবার নিমিত্ত উক্ত খনির স্বামী, পাট্টাদার বা দখীলকারকে নোটিস দিতে পারিবেন; এবং উক্ত নোটিস দেওয়া গেলে পর যদি ঐরূপ কোন স্বামী, পাট্টাদার বা দখীলকার গৃহীত ভূমি নির্বিঘ্ন করণার্থ আবশ্যক বিষয় অবিলম্বে নির্ম্মাণ করিতে প্রবৃত্ত না হন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট আপনি ঐ বিষয় নির্ম্মাণ করিয়া তাহার খরচ উক্ত স্বামী, পাট্টাদার বা দখীলকারের স্থানে আদায় করিয়া লইতে পারিবেন।

গৃহীত ভূমি কোন কোম্পানীকে হস্তান্তর করিয়া দেওয়া গেলে আইনের অর্থকরণের কথা।

১১ ধারা। কোন ভূমিসম্বন্ধে ২ ধারামত কথা বলা গেলে, এবং উক্ত ভূমি কোন কোম্পানীর জন্য গ্রহণ করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট উহা ঐ কোম্পানীকে হস্তান্তর করিয়া দিলে, ৩ অবধি ১০ পর্য্যন্ত ধারা এই রূপে পাঠ করিতে হইবে যে, ঐ ঐ ধারায় যেং স্থলে "স্থানীয় গবর্ণমেণ্ট" এই কথা আছে, সেইং স্থলে যেন "যে কোম্পানী ভূমি গ্রহণ করিয়াছেন সেই কোম্পানী" এই কথা দেওয়া হইয়াছে।

কোম্পানী শব্দের অর্থ।

১২ ধারা। এই আইনে "কোম্পানী" শব্দে ভারতবর্ষীয় কোম্পানী বিষয়ক ১৮৮২ সালের আইনমতে রেজিষ্টরী করা অথবা পার্লিয়ামেণ্টের আইন অথবা রাজকীয় সনন্দ বা লেটর্স পেটেণ্টক্রমে স্থাপন করা কোম্পানী বুঝাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৫ । ১৭ মার্চ্চ ।]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে যে ভূমিগ্রহণ করিবার ইচ্ছা থাকে, তাহার নিম্নে খনি বা খনিজ দ্রব্য থাকিলে, তদ্বিষয়ে বিধান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

২। ১৮৬৩ সালের ২২ আইনমতে যে ভূমি গৃহীত হইত, তাহার নিম্নে খনি ও খনিজদ্রব্য থাকিলে, তদ্রূপ স্থলে উক্ত আইনে বিশেষ বিধান ছিল (৫১ ও ৫২ ধারা)। উক্ত আইনের স্থান ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইন গ্রহণ করিয়াছে। কিন্তু উক্ত বিধান ১৮৭০ সালের আইনে পুনর্বিধিবদ্ধ করা হয় নাই; কারণ এই আইনে ভূপৃষ্ঠ ও তন্নিম্নস্থ খনিজদ্রব্য গ্রহণ করিবার অভিপ্রায় আছে, গবর্ণমেণ্ট অবগত হইয়াছেন।

৩। এপর্য্যন্ত আইনের এই অবস্থায় কোন অসুবিধা হয় নাই। কিন্তু যেং জিলায় কিয়ৎ পরিমাণে পাথরিয়া কয়লা পাওয়া যায়, সেইং জিলার মধ্য দিয়া এক্ষণে রেলওয়ে চালাইবার প্রস্তাব হওয়াতে, বর্ত্তমান আইনের অসুবিধার প্রতি দৃষ্টি পড়িয়াছে; কারণ উক্ত আইনে কার্য্যতঃ গবর্ণমেণ্টকে যে ভূমির উপর দিয়া রেলওয়ে করিবার প্রস্তাব হয়, সেই ভূমির নিম্নস্থ সমুদয় খনি ও খনিজ পদার্থ ক্রয় করিতে অথবা একেবারে উক্ত অনুষ্ঠান পরিত্যাগ করিতে বাধ্য করে।

৪। এইরূপ অবস্থায় বর্ত্তমান পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। কিন্তু ১৮৬৩ সালের ২২ আইনে পূর্ব্বে যে বিধান ছিল, ইহাতে কেবল তাহাই পুনর্নিবদ্ধ করা হয় নাই, কারণ তাহা বর্ত্তমান অবস্থার উপযোগী বলিয়া বোধ হয় না। ইংলণ্ডীয় রেলওয়ে ব্যবস্থা সংগ্রহবিষয়ক ১৮৪৫ সালের আইনে (অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৮বৎসরের আইনের ২০ অধ্যায়ের ৭৭ ও পরবর্ত্তী কএক ধারায়) যে বিধি আছে, এই পাণ্ডুলিপিতে বরং তাহাই অনুসরণ করিয়া কেবল রেলওয়ের নিমিত্ত না হইয়া সকল কার্য্যের নিমিত্ত ভূমিগ্রহণের প্রতি বর্ত্তান গিয়াছে।

৫। এই পাণ্ডুলিপিতে প্রথমতঃ (২ ধারায়) বিধান করা গিয়াছে যে, স্থানীয় গবর্ণমেণ্ট ভূমিগ্রহণ বিষয়ক আইনের ৬ ধারামতে বিজ্ঞাপন দিলে, উক্ত স্থানীয় গবর্ণমেণ্ট যদি উচিত বোধ করেন, তবে উক্ত বিজ্ঞাপনে এই কথা সন্নিবেশ করিতে পারিবেন যে, যে ভূমি গ্রহণ করিতে হইবে, সেই ভূমির নিম্নস্থ কোন খনির বা খনিজ দ্রব্যের প্রয়োজন নাই, এবং বিজ্ঞাপনে ঐ রূপ কথা সন্নিবেশ করা গেলে, যখন কালেক্টর উক্ত আইনের ১৬ বা ১৭ ধারামতে ভূমির দখল লন, তখন উক্ত ভূমির নিম্নস্থ খনি বা খনিজ দ্রব্য গবর্ণমেণ্টে বর্ত্তিবে না।

৬। তৎপরে এই পাণ্ডুলিপির (৩ ধারায়) নির্দ্দেশ করা হইয়াছে যে, ঐরূপে গৃহীত কোন ভূমির নিম্নস্থ খনি বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখীলকার তাহার কার্য্য চালাইতে চাহিলে, কার্য্যারম্ভ করিবার ৩০ দিন পূর্ব্বে আপনার ঐরূপ অভিপ্রায়ের লিখিত নোটিস স্থানীয় গবর্ণমেণ্টকে দিবেন।

৭। তাহারপর (৪ ধারায়) তদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ব্যক্তির দ্বারা খনি বা খনিজ দ্রব্য পরিদর্শন করাইবার ক্ষমতা পাণ্ডুলিপিতে গবর্ণমেণ্টের প্রতি প্রদত্ত হইয়াছে।

৮। যদি স্থানীয় গবর্ণমেণ্টের বোধ হয় (৫ ধারা) যে, খনি বা খনিজদ্রব্যের কার্য্য চালাইলে ভূপৃষ্ঠের বা তদুপরিস্থ কোন বিষয়ের হানি হইবার সম্ভাবনা, তাহা হইলে উক্ত নোটিস পাইবার সময়াবধি ৩০ দিন অতীত হইবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে

(ক) হয় স্বামী, পাট্টাদার বা দখীলকারকে খনি বা খনিজদ্রব্যের নিমিত্ত ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিতে পারিবেন, না হয়

(খ) স্থানীয় গবর্ণমেণ্ট আপন প্রস্তাবে যে প্রকারের ও যেং নিয়মের নির্দ্দেশ করেন, সেইপ্রকারে ও সেইং নিয়মাধীনে খনির বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখীলকার খনির কার্য্য চালাইবেন, বা খনিজদ্রব্য লইবেন, এই শর্ত্তে তাঁহাকে ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিতে পারিবেন।

(ক) দফার উল্লিখিত প্রস্তাব করা গেলে, স্বামী, পাট্টাদার বা দখলীকার খনির বা খনিজদ্রব্যের কার্য্য চালাইতে পারিবেন না; আর (খ) দফার উল্লিখিত প্রস্তাব করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারের ও যেং নিয়মের নির্দ্দেশ করেন, কেবল সেই প্রকারে ও সেইং নিয়মাধীনে উক্ত স্বামী প্রভৃতি খনির কার্য্য চালাইতে বা খনিজদ্রব্য লইতে পারিবেন।

৯। ৫ ধারামতে ক্ষতিপূরণের যে টাকা দিতে হইবে, তাহা যে প্রকারে নিরূপণ করিতে হইবে ইহার পর পাণ্ডুলিপিতে (৬ ধারায়) তদ্বিষয়ের বিধান আছে।

১০। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট কোন ক্ষতিপূরণ দিবার প্রস্তাব না করিলে, ৭ ধারায় খনির বা খনিজ দ্রব্যের স্বামী, পাট্টাদার বা দখলীকারের প্রতি এইরূপ অনুমতি দেওয়া হইয়াছে যে, খনির কার্য্য উপকারজনকরূপে চালাইতে হইলে, যে প্রকারে কার্য্য চালান উচিত ও আবশ্যক সেই প্রকারে ও উক্ত খনি যে স্থানে থাকে, সেই স্থানে ঐরূপ খনির কার্য্য সচরাচর যে প্রণালীতে চালান যায়, সেই প্রণালীতে উক্ত খনির কার্য্য চালাইতে পারিবেন। খনির কার্য্য অনুপযুক্তরূপে চালাইবার দরুণ কোন হানি বা বাধা হইলে, স্বামী, পাট্টাদার বা দখীলকার কর্ত্তৃক অথবা তাঁহার খরচে হানি সারাইয়া দিবার বা বাধা সরাইয়া দিবার বিধান উক্ত ধারায় আছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

১১। যে ভূমি গৃহীত হইয়াছে, যাহাতে তাহার স্থানি হয় এরূপে খনির কার্য্য চলিতেছে বা চালান গিয়াছে কি না, ইহা নির্ণয় করণার্থ ৮ ও ৯ ধারায় খনি পরিদর্শনের বিধান করা গিয়াছে, এবং ১০ ধারায় নির্দ্দেশ করা হইয়াছে যে, কোন খনির কার্য্য অনুপযুক্ত রূপে চালান গেলে, গৃহীত ভূমি নির্বিঘ্ন করণার্থ ও তাহার হানি নিবারণার্থ যেং বিষয় নির্ম্মাণ করা ও যেং উপায় অবলম্বন করা আবশ্যক হয়, স্থানীয় গবর্ণমেণ্ট খনির স্বামী পাট্টাদার বা দখলীকারের প্রতি সেইং বিষয় নির্ম্মাণ করিবার ও সেইং উপায় অবলম্বন করিবার আদেশ দিতে পারিবেন।

১২। অবশেষে, যেং স্থলে গৃহীত ভূমি কোন কোম্পানীকে হস্তান্তর করিয়া দেওয়া হইয়াছে, সেইং স্থলে ১১ ধারায় ৩ অবধি ১০ পর্য্যন্ত ধারার বিধান বর্জ্জন গিয়াছে, এবং "কোম্পানী" শব্দ পাণ্ডুলিপিতে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, ১২ ধারায় তাহা নির্দ্দেশ করা গিয়াছে।

১৮৮৫ সাল ১৪ ফেব্রুয়ারি।

টি, সি, হোপ।
আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১৭ মার্চ্চ।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

সিলেক্ট কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তৎকর্ত্তৃক সংশোধিত পাণ্ডুলিপি সভাপতির আদেশক্রমে সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা যাইতেছে।—

সিলেক্ট কমিটীর মেম্বর আমাদিগের নিকট ডক করিবার নিমিত্ত কলিকাতা বন্দরের কমিশ্যনরদিগকে ক্ষমতা দিবার আইনের পাণ্ডুলিপি অর্পিত হওয়াতে, আমরা নিম্নলিখিত রিপোর্ট অর্পণ করিতেছি।—

২। শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব এই পাণ্ডুলিপির কার্য্যপক্ষে ইতিপূর্ব্বেই যে অনুগ্রহ প্রদর্শন করিতে স্বীকার করিয়াছেন হেতুবাদে তাহার উল্লেখ থাকা বাঞ্ছনীয় বোধ করাতে, আমরা ঐ হেতুবাদ বর্জ্জিত করিয়াছি।

৩। মূল পাণ্ডুলিপির ৩ ধারায় কমিশ্যনরগণকে ডক প্রস্তুত করিবার সাধারণ ক্ষমতা প্রদান করা হইয়াছিল। কিন্তু খিদিরপুরের যে ডকের জন্য শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট নকশা ও ব্যয়ের অনুমানপত্র প্রেরিত হইয়াছে তাহা প্রস্তুত করিবার নিমিত্ত যে ঋণ করা যায় কেবল তৎপ্রতিই শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতিভাব্য বর্ত্তিবে বলিয়া আমরা ঐ ধারায় কথার এরূপ পরিবর্ত্তন করিয়াছি যাহাতে উহা কেবল খিদিরপুরের ডকের প্রতিই বর্ত্তে।

৪। ৪ ধারায় আমরা ঋণের জন্য সুদের হার বিষয়ক কএকটি কথা সন্নিবেশ করিয়া মূল পাণ্ডুলিপির ৫ ধারাটি উঠাইয়া দিতে সমর্থ হইয়াছি। ডকগুলি কি ডকের আয়ই যে ঋণের প্রতিভূ থাকিবে আমরা ইহা নির্দ্দেশ করা আবশ্যক বোধ করি না। ঋণদাতারা গবর্ণমেণ্টের প্রতিভূ ও যথাসময়ে সুদ দিবার বন্দোবস্তের উপরই সম্পূর্ণরূপে নির্ভর করিবেন। ঐ ঋণ ডকের উপর দায়স্বরূপ থাকিবে এইরূপ প্রকাশ করিলে তাঁহারা কিছু অতিরিক্ত প্রাতভূ পাইলেন বোধ করিবেন না।

৫। ৫ ধারার কথাগুলি প্রথমে যেরূপ ছিল তাহাতে বিধান হইয়াছিল যে, গবর্ণমেণ্ট যেরূপ আদেশ করিবেন তদ্রূপে ঋণ শোধ করা যাইবে। আমাদিগের বিবেচনায় ইহাতে বিশেষ আপত্তি আছে, কারণ শতকরা ৪॥০ টাকা সুদের হারে টাকা পাওয়া যাইবে এই অনুমান করিয়াই অনুমানপত্র প্রস্তুত হইয়াছে এবং উহাতে সিঙ্কিং ফণ্ড করিবার কি আসল টাকা শোধ করিবার কোন বিধান নাই। আবার আমরা অবগত হইয়াছি যে বিশেষ কোন ঋণ শোধ করা পরামর্শসিদ্ধ বোধ হইলে ও বন্দরের ফণ্ড ঐ ব্যয় ভার বহন করিতে সমর্থ হইলে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ঐ ঋণ শোধ করণার্থ আজ্ঞা করিবার ক্ষমতা আপন হস্তে রক্ষা করা আবশ্যক জ্ঞান করেন। এই নিমিত্ত আমরা এই বিধান করিয়াছি যে কোন ঋণ গৃহীত হইবার অন্যূন দশ বৎসরের পর যে কোন সময়ে গবর্ণমেণ্ট বিজ্ঞাপন প্রকাশ করিয়া ঐ বিজ্ঞাপন প্রচারিত হইবার ত্রিশ বৎসরের শেষে ঐ ঋণ শোধ করিবার আদেশ করিবার অভিপ্রায় প্রকাশ করিতে ও কমিশ্যনরগণকে ঐ ঋণ শোধ দিবার আবশ্যক টাকার বিধান করিতে আদেশ করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

Report of the Select Committee and the Bill to enable the Commissioners for the Port of Calcutta to construct Docks

৬ আমরা ৬ ধারার কথাগুলির এরূপ পরিবর্ত্তন করিয়াছি যে তাহাতে শ্রীযুত আকৌণ্টাণ্ট জেনরল সাহেব কমিশ্যনরদিগকে এই আইনমতে গৃহীত ঋণের সুদ দিবার নিমিত্ত আবশ্যক টাকা দিবেন এই বিধান হইয়াছে।

৭। গবর্ণমেণ্ট ইতিপূর্ব্বে যে টাকা দিয়াছেন তাহা ডকগুলির উপর প্রথম দায় স্বরূপ বর্ত্তিবে আমরা ৯ ধারায় ইহা নির্দ্দেশ করা আবশ্যক বোধ করি নাই। আমরা কেবল এই বিধান করিয়াছি যে ঐ টাকা গবর্ণমেণ্ট যে প্রকারের ও যে সময়ের আদেশ করেন সেই প্রকারে ও সেই সময়ে শোধ দিতে হইবে।

৮। পরিশেষে, কলিকাতা বন্দরের কমিশ্যনরেরা এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইবার আশায় যে সমস্ত কার্য্য করেন তৎপ্রতি নিষ্কৃতি প্রদান করিবার জন্য আমরা পাণ্ডুলিপিতে একটি ধারা যোগ করিয়াছি।

এচ, জে, রেণল্ডস্
এ, ফিলিপ্স। *
সি, বেকলে।
এন, টি, ট্রেবার
এ, বি, মিলার। †
জ, আর্বিং।

১৮৮২ সাল ২৩ ফেব্রুয়ারি।

---

* আমার বিবেচনায় এই রিপোর্টের মধ্যে ইহা উল্লেখ করা আবশ্যক যে শ্রীযুত স্টেট সেক্রেটরী সাহেবের প্রতিভূ বা টাকা কর্জ্জদাতা হইবার অভিপ্রায় থাকাতে তাঁহারই আদেশমতে ঋণ শোধ করণ বিষয়ক বিধান পাণ্ডুলিপিতে সন্নিবেশ করা হইয়াছে।

এই পাণ্ডুলিপির ভবিষ্যতে পুনর্ব্বিবেচিত হইবার ব্যাঘাত না জন্মাইয়া আমি এই রিপোর্টে স্বাক্ষর করিতেছি।

এ, ফিলিপ্স।

† উপস্থিত বিষয়ে আরো অগ্রসর হওয়া উচিত সভা এইরূপ নিষ্পত্তি করিলে পাণ্ডুলিপির আকার সম্বন্ধে যেরূপ প্রস্তাব হইয়াছে তাহা সাধারণতঃ অনুমোদন করি বলিয়া আমি এই রিপোর্টে স্বাক্ষর করিলাম। কিন্তু এই কল্পিত কার্য্য সফল হইবে কি না তদ্বিষয়ে আমার অত্যন্ত সন্দেহ আছে। উক্ত কার্য্য বাণিজ্য-সংক্রান্ত যেরূপ অবস্থায় আরব্ধ ও অনুমোদিত হয় তাহা এক্ষণকার অবস্থা হইতে সম্পূর্ণরূপে বিভিন্ন। পাণ্ডুলিপির মূলনীতি কেবল পরোক্ষভাবে কমিটীর বিবেচনাধীনে ছিল, তৎসম্বন্ধে রীতিমত বাদানুবাদ হয় নাই, উক্ত হইয়াছে যে পাণ্ডুলিপির প্রতিবাদ করিয়া সাধারণের এক আবেদনপত্র হয় গবর্ণমেণ্টে প্রেরিত হইয়াছে, না হয় শীঘ্রই প্রেরিত হইবার সম্ভাবনা। যাবৎ ঐ আবেদনপত্র বিবেচিত না হয়, তাবৎ এরূপ অবস্থায় আমার মতে এই পাণ্ডুলিপি সম্বন্ধে আর অগ্রসর হইতে বিলম্ব করা বাঞ্ছনীয়। আমি শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের প্রস্তাবে সম্মত আছি।

এ, বি, মিলার।

সিলেক্ট কমিটীর দ্বারা সংশোধিত।

ডক প্রস্তুত করিবার নিমিত্ত কলিকাতা বন্দরের কমিশ্যনরদিগকে ক্ষমতা দিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা বন্দরের সংস্রবে খিদিরপুরে ডক প্রস্তুত করিবার ও তদর্থে ঋণ গ্রহণ করিবার নিমিত্ত কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে ক্ষমতা দেওয়া বিহিত।

এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব ঐ ঋণের সুদ দিবার প্রতিভূ হইতে সম্মত হইয়াছেন;

এবং উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব উক্ত ডক প্রস্তুত করণকার্য্য আরম্ভ করিবার নিমিত্ত অগ্রেই উক্ত কমিশ্যনরদিগকে বহুতর টাকা দিয়াছেন।

অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

অর্থ করণের কথা।

১ ধারা। এই আইন বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭০ সালের ৫ আইনের সহিত পঠিত ও তাহার অংশ বলিয়া গৃহীত হইবে।

আরম্ভ।

এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহিত যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ১৭ মার্চ্চ।]

"ডক" শব্দের অর্থ।

২ ধারা। এই আইনে "ডক" শব্দে সমুদয় কেনাল কাটাখাত, পোস্তা, ওয়ার্ফ, গুদাম, ট্রামওয়ে, এবং ডক সংক্রান্ত ও তদ্ব্যবহারের সুবিধাজনক অন্যান্য বিষয়ও বুঝাইবে।

ডক প্রস্তুত করিয়া রাখিবার ক্ষমতার কথা।

৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া যে প্রকারের অনুমতি করেন, সেই প্রকারে উক্ত কমিশ্যনরগণ উক্ত বন্দরের সংস্রবে খিদিরপুরে ডক প্রস্তুত করিতে পারিবেন এবং তাহা সজ্জিত করিয়া রাখিতে ও তাহার কার্য্য চালাইতে পারিবেন।

উক্ত ডক প্রস্তুত করণ প্রভৃতি নিমিত্ত ঋণ গ্রহণ করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া যে সুদের হারে যত টাকার অনুমতি করেন, কমিশ্যনরগণ উক্ত ডক প্রস্তুত করিবার ও তাহা সজ্জিত করিয়া রাখিবার ও তাহার কার্য্য চালাইবার নিমিত্ত সেই সুদের হারে

তত টাকা পর্য্যন্ত সময়ে সময়ে ঋণ গ্রহণ করিতে পারিবেন।

আসল টাকা শোধ করিবার কথা।

৫ ধারা। উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব ৪ ধারামতে ঋণ গৃহীত হইবার অন্যূন দশ বৎসর পর যে কোন সময়ে কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া নির্দ্দেশ করিতে পারিবেন যে, ঐ বিজ্ঞাপন প্রথম প্রকাশিত হইবার সময়াবধি ত্রিশ বৎসরের পূর্ব্বে না হয়, উক্ত বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট এরূপ কোন তারিখে ঐ ঋণের আসল টাকা শোধ করিতে হইবে, এবং উক্ত কমিশ্যনরদিগকে এরূপ বন্দোবস্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন যাহাতে তাঁহার অভিপ্রায়মতে ঐ টাকা শোধ করিবার বিধান হয়। তাহা হইলে উক্ত কমিশ্যনরেরা তদনুসারে ঐরূপ বিধান ও ঐরূপ টাকা শোধ করিবেন।

ঋণেরসুদ দিবার নিমিত্ত আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের টাকা দিবার কথা।

৬ ধারা। ৪ ধারামতে গৃহীত ঋণের সুদের টাকা দিবার নিমিত্ত যত টাকার প্রয়োজন হয়, বঙ্গদেশের আকৌণ্টাণ্ট জেনরল সাহেব সময়েং উক্ত কমিশ্যনরদিগকে তত টাকা দিবেন।

আকৌণ্টাণ্ট জেনরল সাহেবের প্রদত্ত টাকা সুদ সমেত শোধ করিতে হইবার কথা।

৭ ধারা। পূর্ব্বধারামতে আকৌণ্টাণ্ট জেনরল সাহেব উক্তরূপে যে সকল টাকা দেন, সেই সকল টাকা শোধ করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে সময়ের ও যে প্রকারের আদেশ করেন, কমিশ্যনরেরা সেই সময়ে ও সেই প্রকারে তাহা বৎসর শতকরা সাড়ে চারি টাকা হারে সুদ সমেত পরিশোধ করিবেন।

শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে টাকা কর্জ্জ করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। কমিশ্যনরেরা এই আইনের কার্য্যোপলক্ষে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে সময়েং টাকা কর্জ্জ করিতে পারিবেন।

ঐরূপে যে টাকা কর্জ্জ করা যায় তাহা যেরূপে শোধ করা যাইবে তাহার কথা।

৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে ঐরূপ যে সকল টাকা কর্জ্জ করা হইয়াছে, তাহার বৎসর শতকরা সাড়ে চারি টাকা হারে সুদ চলিবে, এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে সময়ে ও যে প্রকারে তাহা শোধ করিবার আজ্ঞা করেন সেই সময়ে ও সেই প্রকারে তাহা শোধ করিতে হইবে।

যে টোল প্রভৃতি আদায় করিতে হইবে তাহার কথা।

১০ ধারা। এই আইনমতে প্রস্তুত করা ডকে মাল নামাইবার নিমিত্ত ও তথা হইতে জাহাজে মাল তুলিবার নিমিত্ত ও সমুদ্রগামী বা অন্য জাহাজ কর্ত্তৃক উক্ত ডকের ব্যবহার নিমিত্ত ও উক্ত ডকের বা তৎসংক্রান্ত কোন বাটীতে কোন মাল গুদামজাত করিয়া রাখিবার নিমিত্ত ও উক্ত মাল স্থানান্তর করিবার নিমিত্ত ও উক্ত ডকসংক্রান্ত কোন লঙ্গরাদি ব্যবহার নিমিত্ত যে টোল, মাসুল, ও খরচ আদায় করিবেন, কমিশ্যনরেরা সময়ে সময়ে তাহার হারের ফর্দ্দ প্রস্তুত করিবেন;

এবং কোন জাহাজ বা মাল সম্বন্ধে কমিশ্যনরেরা বা তাঁহাদের কর্ম্মচারীরা যে কোন কর্ম্ম করিবেন তন্নিমিত্ত ও উক্ত ডকের সংস্রবে কমিশ্যনরেরা যে কোন বিষয়ের বা যন্ত্রের বিধান করেন তাহার ব্যবহার নিমিত্ত খরচের হারের ফর্দ্দ প্রস্তুত করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া সময়ে সময়ে যে হার ধার্য্য করিয়া দেন, উক্ত টোল, মাসুল, ও খরচ তদধিক হারে হইবে না।

উক্ত টোল, মাসুল, ও খরচের হারের ফর্দ্দ সভাগত কমিশ্যনরদের নির্দ্ধারণক্রমে গৃহীত হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট অর্পণ করা যাইবে; এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনসহিত ঐ বা ঐ২ ফর্দ্দ কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে পর কমিশ্যনরেরা উক্ত টোল প্রভৃতি আদায় করিতে পারিবেন।

এই আইনমতে আদেয় টোল প্রভৃতি ও প্রাপ্ত সম্পত্তি প্রয়োগের কথা।

১১ ধারা। উক্ত টোল, মাসুল, ও খরচের টাকা ও এই আইনমতে অন্যান্য যে সকল টাকা ও সম্পত্তি আদায় হয় বা পাওয়া যায় তাহা এই আইনের কার্য্যপক্ষে এবং এই আইন মানিয়া বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭০ সালের ৫ আইন ও ১৮৮০ সালের ৪ আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণ লইয়া রাখিবেন ও প্রয়োগ করিবেন।

উপবিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। কমিশ্যনরেরা এই আইনমতে যে সকল ব্যক্তিকে নিযুক্ত করেন তাহাদের উপদেশ নিমিত্ত;

উক্ত ডক ও তথায় যাইবার স্থান নিরাপদে ও সুবিধামতে ব্যবহারের নিমিত্ত;

জাহাজ বোট প্রভৃতি উক্ত ডকে আসিবার ও তথা হইতে চলিয়া যাইবার বিধান করিবার নিমিত্ত;

এই আইনমতে আদেয় টোল, মাসুল, ও খরচ যে প্রণালীতে আদায় করিতে ও দিতে হইবে সেই প্রণালী নিরূপণ নিমিত্ত;

এবং প্রকারান্তরে এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত;

কমিশ্যনরেরা সময়েং উপবিধি প্রণয়ন করিতে পারিবেন;

এবং ঐ রূপে যে কোন উপবিধি প্রণয়ন করেন, তাহা সময়েং রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

উপবিধি অনুমোদন করিবার কথা।

১৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদন সহকারে কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে, উক্ত উপবিধি ও কোন উপবিধি রহিত বা পরিবর্ত্তন করণের কথা আইনতুল্য বলবৎ হইবে।

পূর্ব্বকৃত কার্য্যের সিদ্ধতার কথা।

১৪ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে উক্ত ডক প্রস্তুত করণের নিমিত্ত বা তৎসংস্রবে উক্ত কমিশ্যনরগণ যে সকল টাকা কর্জ্জ করেন, যে সকল ব্যয় করেন, যে সকল চুক্তি করেন, ও যে সকল কার্য্যের অনুষ্ঠান করেন, তৎসমুদয় এই আইনমতে কর্জ্জ করা, করা ও অনুষ্ঠান করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

সি, এচ, রাইলী,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L., *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১৭ মার্চ্চ।

সপ্তম খণ্ড।

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর।

(গ) [১৮৮০ সালের ২৮ আপ্রিল তারিখের ১৯ নম্বর সরক্যুলর অর্ডর।] ১৮৭৩ সালের ২৪ জুলাই তারিখের ১৭৬৩ নং (রাজস্ব বিষয়ক) নির্দ্ধারণে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করেন যে, কোন আদালতে মোকদ্দমার নিষ্পত্তি হইলে মোহাফেজের হস্তে যখন নথী রাখিবার জন্য অর্পিত হয়, তিনি প্রত্যেক কোর্টফী টিকিটে ছেনী দিয়া কাটিয়া প্রথম ছিদ্র হইতে স্বতন্ত্র আর একটি ছিদ্র করিবেন, এবং তাহা করিয়াছেন বলিয়া সেই সময়েই লিখিয়া রাখিবেন। কোনং জিলার মোহাফেজখানায় যত আমলা ছিল, এই অবধারিত কার্য্য সাধনার্থ তাহাদিগের সংখ্যা যথেষ্ট না হওয়াতে, এই আজ্ঞা সম্পূর্ণরূপে ফলবৎ করা যায় নাই। কিন্তু সমুদয় জিলার মোহাফেজখানার নিমিত্ত গবর্ণমেণ্ট এক্ষণে যথেষ্ট সংখ্যক আমলা নিয়োগ করিবার অনুমতি দেওয়াতে, জিলার জজ সাহেবেরা ভবিষ্যতে উক্ত আজ্ঞা সম্পূর্ণরূপে ফলবৎ করিবার আদেশ দিবেন। রেবিনিউ বোর্ডের নিম্নোক্ত সরক্যুলর অর্ডরের প্রতি ও ইষ্টাম্প গৃহীত হইবার বা তদনুসারে কার্য্য হইবার পূর্ব্বে তাহা ছেনী দিয়া কাটিয়া রেজিষ্টরী করা হয় ইহা দেখা আবশ্যক বলিয়া ইহার প্রতি মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। খোলা আদালতে দরখাস্ত লইতে হয়, এ নিমিত্ত বিচারপতির হস্তে দরখাস্ত দিবার অব্যবহিত পূর্ব্বে তাঁহার সম্মুখে ইষ্টাম্প ছেনী দিয়া কাটিয়া রেজিষ্টরী করিবার নিমিত্ত সেই স্থানে কোন ব্যক্তির উপস্থিত থাকউচিত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

দেওয়ানী।

১ নং বিধি।

১৮৮৫ সাল ১৫ জানুয়ারি।

দেওয়ানী বিধি ও অর্ডরের ২৩৮ পৃষ্ঠায় ৪ অধ্যায়ের ১২ ধারার (গ) প্রকরণে "১৮৭৩ সালের ২৪ জুলাই তারিখের" এইং কথা অবধি "সমুদয় জিলার মোহাফেজখানার নিমিত্ত গবর্ণমেণ্ট এক্ষণে যথেষ্ট সংখ্যক আমলা নিয়োগ করিবার অনুমতি দেওয়াতে" এইং কথা পর্য্যন্ত অংশটি উঠাইয়া দিয়া তৎপরিবর্ত্তে নিম্নলিখিত কথা দিতে হইবে।—

"কোন আদালতে মোকদ্দমার নিষ্পত্তি হইলে মোহাফেজের হস্তে যখন নথী রাখিবার জন্য অর্পিত হয়, তিনি প্রত্যেক কোর্টফী টিকিট ছেনী দিয়া কাটিয়া প্রথম ছিদ্র হইতে স্বতন্ত্র আর একটি ছিদ্র করিবেন, এবং যে তারিখে ঐ নথীর অন্তর্গত দলীলের ইষ্টাম্প তৎকর্ত্তৃক উক্তরূপে ছেনী দিয়া কাটা গেল তাহা সেই সময়েই ঐ নথীর সূচীপত্রের* উপর লিখিয়া রাখিবেন।"

*৩০৭ পৃষ্ঠায় (৭ক) প্রকরণ দেখ।

দেওয়ানী।

২৮ নম্বর সরকুলর অর্ডর। ১৮৮১ সাল ১৭ নবেম্বর।

দেওয়ানী সাধারণ বিধি ও সরকুলর অর্ডরের ৩১৪ ও ৩১৫ পৃষ্ঠায় প্রকাশিত ৫ অধ্যায়ের ৫২ ধারার সংশোধিত (৩) প্রকরণ।

(৩) [১৮৮১ সালের ১৭ নবেম্বরের ২৮ নং সরকুলর অর্ডরে]—আদালত সংলগ্ন বেতনভোগী এক বা অধিক জন পেয়াদার জিম্মায় নথী পাঠাইতে হইবে, এবং লইয়া যাইবার খরচ জিলার জজ সাহেবের নৈমিত্তিক খরচের টাকা হইতে দেওয়া যাইবে। জিলার প্রয়োজন ও যে নথী চালান করা যায় তাহার সংখ্যা অনুসারে লইয়া যাইবার উপায় ভেদ হইবে। যেরূপ পরামর্শসিদ্ধ হয়, মজুর বা নৌকা বা গরুর গাড়ী ব্যবহার করা যাইবে।

দেওয়ানী।

২ নম্বর সরকুলর অর্ডর। ১৮৮৫ সাল ১৬ জানুয়ারি।

দেওয়ানী বিধি ও অর্ডরের ৩১৪ ও ৩১৫ পৃষ্ঠায় প্রকাশিত ৫ অধ্যায়ের ৫২ ধারার সংশোধিত (৩) প্রকরণের (১৮৮১ সালের ১৭ নবেম্বর তারিখের ২৮ নম্বর সরকুলর অর্ডর দেখ) পরিবর্ত্তে নিম্নলিখিত প্রকরণ দিতে হইবে।—

(৩) [১৮৮৫ সালের ১৬ জানুয়ারির ২ নং সরকুলর অর্ডর]—(ক) সদর মোকাম ও অধীন আদালত রেল পথের ধারে কি তথা হইতে সহজ গম্য হইলে, নথী একটি সিন্দুকের মধ্যে নির্বিঘ্নরূপে কুলুপ দ্বারা বন্ধ করিয়া মাল গাড়ীতে পাঠাইতে হইবে। পহুঁছাইবার পর ভাড়া দিতে হইবে। ঐ সিন্দুকের আর একটি চাবী জিলার জজ সাহেবের নিকট থাকিবে। জিলার জজ সাহেব ঐ সিন্দুক পাইলে পর যত শীঘ্র সম্ভব ভাড়া অগ্রে দিয়া "খালি" বলিয়া উহা ফিরাইয়া দিতে হইবে। প্রত্যেক স্থলেই ঐ সিন্দুকের "রেলওয়ে রসীদ" উহা যে আফিস প্রেরণ করিতেছেন তৎকর্ত্তৃক ডাকযোগে কানসাইনীর নিকট প্রেরিত হইবে।

(খ) রেলযোগে পাঠান যাইতে না পারা গেলে, আদালত সংলগ্ন বেতন ভোগী এক বা অধিকজন পেয়াদার জিম্মায় নথী পাঠাইতে হইবে। জিলার প্রয়োজন ও যে নথী চালান করা যায় তাহার সংখ্যা অনুসারে লইয়া যাইবার উপায় ভেদ হইবে। যেরূপ পরামর্শসিদ্ধ হয়, মজুর বা নৌকা বা গরুর গাড়ী ব্যবহার করা যাইবে।

(গ) সর্ব্ব স্থলেই লইয়া যাইবার খরচ জিলার জজ সাহেবের নৈমিত্তিক খরচের টাকা হইতে দেওয়া যাইবে।

২। ১৮৮১ সালের ১৭ নবেম্বর তারিখের ২৮ নম্বর সরকুলর অর্ডর রহিত করা গেল।

দেওয়ানী।

৩ নম্বর সরকুলর অর্ডর। ১৮৮৫ সাল ২৩ জানুয়ারি।

দেওয়ানী বিধি ও অর্ডরের ২৫৩ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ৬A ধারার (গ) প্রকরণের পর ও ৬B ধারার পূর্ব্বে নিম্নলিখিত প্রকরণ দিতে হইবে।—

(ঘ) [১৮৮৫ সালের ২৩ জানুয়ারির ৩ নং সরকুলর অর্ডর।]—সাক্ষীদিগের খরচ দিবার নিমিত্তে কিম্বা হিসাব বিষয়ক বিধির ৫ ধারার (ছ) প্রকরণের অন্তর্গত অন্য কোন অত্যাবশ্যক খরচ দিবার জন্য মণিঅর্ডর কি পোষ্টাল নোট করিয়া টাকা পাঠান গেলে, যে আদালতে ঐ টাকা পাঠান যায় তাহার খাজাঞ্চীর নামে ঐ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

অর্ডর কি নোটের টাকা দেয় করিয়া দিতে হইবে। খাজাঞ্চী ২৬ ধারার বিধানমতে ঐ টাকা লইয়া হিসাব বিষয়ক বিধির ৩২ ধারার আদেশমত কার্য্য করিবেন।

মণিঅর্ডর করা গেলে, মণিঅর্ডরের সহিত একণে যে কুপন সংযুক্ত থাকে তাহাতে মোকদ্দমার নম্বর ও অন্য আবশ্যক বৃত্তান্ত লিখিতে হইবে।

---

১ নম্বর সাধারণপত্র।

বঙ্গদেশের সমুদয় দেওয়ানী বিচারসম্পর্কীয় কার্য্যকারক সমীপেষু।—

কলিকাতা, ১৮৮৫ সাল ২৬ জানুয়ারি।

হাই কোর্ট।
ইংরেজী কার্য্যবিভাগ।
দেওয়ানী।

নিম্নোদ্ধৃত চিঠীপত্রের প্রতি আপনার মনোযোগ আকর্ষণ করণার্থ ও আপনি ভবিষ্যতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ৩১ অক্টোবর তারিখের $\frac{৪১}{১৮১২-২০}$ নম্বর পত্রের ৩ দফার লিখিত পরামর্শানুসারে কার্য্য করিবেন আপনাকে এই অনুরোধ জানাইবার নিমিত্ত আমার প্রতি আদেশ হইয়াছে।

সি, এ, উইলকিন্স,
একটিং রেজিষ্ট্রার।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত এ, মাকেঞ্জি সি, এস, সাহেবের সিমলা-হইতে লিখিত ১৮৮৪ সালের ৩১ অক্টোবর তারিখের $\frac{৪১}{১৮১২-২০}$ নম্বর পত্র।

হোম ডিপার্টমেণ্টের ১৮৮৩ সালের ১৫ অক্টোবর তারিখের ৪৫-১৫১২-১৫২০ নম্বর সরকুলরের প্রত্যুত্তরস্বরূপ যে সকল পত্র পাওয়া গিয়াছে তাহাতে দৃষ্ট হয় যে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী-বিষয়ক আইনের ৩১৬ ধারামতে দেওয়ানী আদালতসমূহ ভূমিস্থিত বৃক্ষ বিক্রয়ের যে সার্টিফিকেট দেন তাহা রেজিষ্টরী করিবার রীতি সম্বন্ধে বহুল বৈলক্ষণ্য আছে। এই বিষয়ে সকল প্রদেশেরই রেজিষ্টরী আফিসে সাধ্য হইলে একই প্রণালী অবলম্বিত হওয়া উচিত ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ইহা অত্যন্ত বাঞ্ছনীয় বোধ করাতে, আমি নিম্নলিখিত আদেশ ও মন্তব্য জানাইতে আদেশ প্রাপ্ত হইয়াছি।

২। সম্পত্তির কেবল মাত্র বাহ্য প্রকৃতি বিবেচনায় উহা "অস্থাবর" কি "স্থাবর" ইহার কার্য্যোপযোগী কোন লক্ষণ নির্দ্দেশ করা কঠিন বলিয়া বোধ হয়। বিক্রয়ের সময়ে ঐ সম্পত্তি যে ভাবে গণ্য হয় ও উহা লইয়া যে ভাবে কার্য্য করা যায় বোধ হয় তাহাও বিবেচনা স্থলে গ্রহণ করা আবশ্যক। ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইন প্রণেতৃগণ "বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ" ও "বৃক্ষ" স্বতন্ত্র বলিয়া নির্দ্দেশ করাতে ইহাই তাঁহাদিগের নির্দ্দেশ করিবার অভিপ্রায় ছিল বোধ হয়। কিন্তু সম্ভবতঃ অনেক বৃক্ষই বাহাদুরী কাষ্ঠস্বরূপ ও অন্য কার্য্যের জন্যও ব্যবহার করা গেলে যাইতে পারে। সুতরাং প্রকৃত কথা বলিতে গেলে প্রায় প্রত্যেক বৃক্ষই সম্ভবতঃ বাহাদুরী কাষ্ঠ কিন্তু বস্তুতঃ বাহাদুরী কাষ্ঠ না হওয়াতে, কোন একটি বৃক্ষ বিক্রয়াদি কোন কার্য্যপক্ষে "বাহাদুরী কাষ্ঠ" বলিয়া জ্ঞান করিতে হইবে কি না ইহা ঐ বৃক্ষ উক্ত বিক্রয়াদি কার্য্যকালে যে ভাবে গণ্য হইয়া উহা লইয়া কার্য্য হয় তাহারই বিবেচনার উপর নির্ভর করিবে। উদাহরণ এই, যদি কাটিয়া লইয়া যাইবার অভিপ্রায়ে বৃক্ষ বিক্রয় করা যায়, তাহা হইলে রেজিষ্টরী করণ বিষয়ক আইনের অর্থানুসারী ঐ বিক্রয় "বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ" বিক্রয় বলিয়া গণ্য হইবে। পক্ষান্তরে মাল্রাজের* গবর্ণমেণ্টের উল্লিখিত সকল স্থলে যেরূপ হইয়া থাকে বলিয়া অবগত হওয়া গিয়াছে সেইরূপ ক্রেতা বৃক্ষ লইয়া তাহা চিরকাল রক্ষা ও তাহার ফল এবং কি প্রকারান্তরে তাহা ভোগ করিবেন এই অভিপ্রায়ে বৃক্ষ বিক্রয় করা গেলে, ঐ বিক্রয় আইনের যেরূপ ব্যাখ্যাই করা হউক "বাহাদুরী কাষ্ঠের বৃক্ষ" বিক্রয় বলিয়া গণ্য হইবে ইহা বিশ্বাস করা যায় না। প্রত্যুত ঐ বিক্রয় স্থাবর সম্পত্তির বিক্রয় বলিয়া ধরিতে হইবে। এই সকল হেতুতে রেজিষ্টরীকরণবিষয়ক আইনের ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের কার্য্যপক্ষে "স্থাবর" সম্পত্তির যে লক্ষণ নির্দ্দেশ করা হইয়াছে তন্মধ্যে কোন২ কর্ত্তৃপক্ষ যতদূর প্রভেদ আছে বিবেচনা করেন সম্ভবতঃ ততদূর প্রভেদ নাই দৃষ্ট হইবে। কিন্তু আইনের সংশোধন করিয়া ঐ প্রভেদ ঘটিত গোলযোগ নিবারণ করা সম্ভব কি না ও উক্ত বিভিন্ন লক্ষণগুলি মিলাইয়া এক প্রকারের করা যায় কি না ইহা বিবেচনা করা যাইবে।

* হোম ডিপার্টমেণ্টের ১৮৮৩ সালের ১৫ অক্টোবর তারিখের সরক্যুলরের সহিত প্রেরিত ১৮৮৩ সালের ১০ মার্চ তারিখের ৭৯৮ নং পত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

৩। ইতিমধ্যে ইহা স্পষ্টই দৃষ্ট হইতেছে যে দেওয়ানী আদালত পূর্ব্বোক্তপ্রকার সার্টিফিকেট পাঠাইলে তাহা যদি রেজিষ্টরীই করিতে হয়, তবে তাহা ১ নম্বর বহীতে রেজিষ্টরী করিতে হইবে (১৮৭৯ সালের ১২ আইন দেখ)। এক্ষণে কেবল এই কথা হইতেছে যে স্থলে রেজিষ্টরী কার্য্যকারক যে সম্পত্তি লইয়া কথা তাহা রেজিষ্টরী করণ বিষয়ক আইনের অর্থানুযায়ী "স্থাবর" সম্পত্তি নহে এইরূপ বিবেচনা করেন, সেই স্থলে তিনি ঐ সার্টিফিকেট ভুলক্রমে তাঁহার নিকট প্রেরিত হইয়াছে জ্ঞান করিয়া উহা রেজিষ্টরী করিতে ক্ষান্ত থাকিবেন কি না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মতে এই বিষয়ের উপযুক্ত প্রণালী এই যে, কোন্ স্থলে সার্টিফিকেট রেজিষ্টরী করিবার নিমিত্তে পাঠাইতে হইবে দেওয়ানী আদালতই ইহা স্থির করিবেন ও রেজিষ্ট্রারেরা আপনারা এই বিষয় বিবেচনা করিয়া নিষ্পত্তি করিবার চেষ্টা না করিয়া তাঁহাদের নিকট প্রেরিত প্রত্যেক সার্টিফিকেট ১৮৭৯ সালের ১২ আইনদ্বারা সংশোধিত ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৮৯ ধারার বিধানমতে ১ নম্বর বহীতে রেজিষ্টরী করিবেন।

৪। যদি এই পরামর্শ গৃহীত হইয়া রেজিষ্টরী কার্য্য সংক্রান্ত কর্ম্মবিভাগের প্রতি এতদনুযায়ী আদেশ প্রচারিত হয়, তাহ হইলে কে তদ্রূপ জানাইতে হইবে এবং রা এই বিষয়ে অধীন আদালত সমূহের মনোযোগ আকর্ষণ করিবেন কিনা ইহা বিবেচনা করিবার ভার তাঁহাদিগের প্রতি প্রদান করিতে হইবে।

৫। এই পত্রের একখানি নকল কলিকাতাস্থ হাই কোর্টে অবগতির নিমিত্ত প্রেরিত হইয়াছে।

হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের প্রতি জুডিশাল, পোলিটিকাল ও আপইণ্টমেণ্ট কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের এটি সেক্রেটরী শ্রীযুক্ত জে, ওয়র এডগার সি, এস, আই, সাহেবের কলিকাতা হইতে লিখিত ১৮৮৪ সালের ৮ ডিসেম্বর তারিখের ১১২২ P নম্বর পত্র।

দেওয়ানী আদালত ভূমি ভিন্ন বিক্রয়ের যে সার্টিফিকেট দেন তাহার রেজিষ্টরী করণ সম্বন্ধীয় হোম ডিপার্টমেণ্টের ১৮৮৪ সালের ৩১ অক্টোবর তারিখের ৪৯—১৮১১ নম্বর পত্রোপলক্ষে হাই কোর্টের মান্যবর জজ সাহেবদের অবগতার্থে মি এই কথা লিখিতে আদেশ প্রাপ্ত হইয়াছি যে ঐ পত্রের ৩ দফার লিখিত পরামর্শ এই গবর্ণমেণ্ট কর্ত্তৃক গৃহীত হইয়াছে। রেজিষ্টরী করণকার্য্যের ইনস্পেক্টর জেনরল সাহেবের প্রতিও তদনুযায়ী আদেশ দেওয়া গিয়াছে যে তিনি সকল রেজিষ্টরী সংক্রান্ত কার্য্যকারককে এই উপদেশ দেন যে, তাঁহাদিগের নিকট দেওয়ানী আদালত কর্ত্তৃক প্রেরিত তদ্রূপ প্রত্যেক সার্টিফিকেট তাঁহারা ১৮৭৯ সালের ১২ আইনদ্বারা সংশোধিত ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৮৯ ধারার বিধানমতে ১ নম্বর বহীতে রেজিষ্টরী করিবেন।

(গ) ১৮৭৩ সালের ২৪ জুলাই তারিখের ১৭৬১ নং (রাজস্ব বিষয়ক) নির্দ্ধারণে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করেন যে, কোন আদালতে মোকদ্দমার নিষ্পত্তি হইলে মোহাফেজের হস্তে যখন নথী রাখিবার জন্য অর্পিত হয়, তিনি প্রত্যেক কোর্টফী টিকিটে ছেনী দিয়া কাটিয়া প্রথম ছিদ্রহইতে স্বতন্ত্র আর একটি ছিদ্র করিবেন, এবং তাহা করিয়াছেন বলিয়া সেই সময়েই লিখিয়া রাখিবেন। জিলার ও মহকুমার মাজিষ্ট্রেটেরা ভবিষ্যতে উক্ত আজ্ঞা সম্পূর্ণরূপে ফলবৎ করিবার আদেশ দিবেন। রেবিনিউ বোর্ডের নম্বরাঙ্কিত সরকুলর অর্ডরের প্রতি ও ইষ্টাম্প গৃহীত হইবার বা তদনুসারে কার্য্য হইবার পূর্ব্বে তাহা ছেনী দিয়া কাটিয়া রেজিষ্টরী করা হয়, ইহা দেখা আবশ্যক বলিয়া ইহার প্রতি মনোযোগ আকর্ষণ করা যাইতেছে। খোলা আদালতে দরখাস্ত লইতে হয়, এনিমিত্ত মাজিষ্ট্রেটের হস্তে দরখাস্ত দিবার অব্যবহিত পূর্ব্বে তাঁহার সম্মুখে ইষ্টাম্প ছেনী দিয়া কাটিয়া রেজিষ্টরী করিবার নিমিত্ত সেই স্থানে কোন ব্যক্তির উপস্থিত থাকা উচিত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

ফৌজদারী।

১ নম্বর বিধি।

১৮৮৫ সাল ১৫ জানুয়ারি।

১৮৮৩ সালের ফৌজদারী বিধি ও অর্ডরের ৯৭ পৃষ্ঠার ৫ অধ্যায়ের ৫ ধারার (গ) প্রকরণে "১৮৭৩ সালের ২৪ জুলাই তারিখের" এইং কথা অবধি "এবং তাহা করিয়াছেন বলিয়া সেই সময়েই লিখিয়া রাখিবেন" এইং কথা পর্য্যন্ত অংশটি উঠাইয়া দিয়া তৎপরিবর্ত্তে নিম্নলিখিত কথা দিতে হইবে।—

"কোন আদালতে মোকদ্দমার নিষ্পত্তি হইলে মোহাফেজের হস্তে যখন নথী রাখিবার জন্য অর্পিত হয়, তিনি প্রত্যেক কোর্টফী টিকিটে ছেনী দিয়া কাটিয়া প্রথম ছিদ্র হইতে স্বতন্ত্র আর একটি ছিদ্র করিবেন, এবং যে তারিখে ঐ নথীর অন্তর্গত দলীলের ইষ্টাম্প তৎকর্ত্তৃক তদ্রূপে ছেনী দিয়া কাটা গেল তাহা সেই সময়েই ঐ নথীর সূচীপত্রের * উপর লিখিয়া রাখিবেন।"

* ১৪৪ ও ১৪৫ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ৫০ ধারা দেখ।

১ নম্বর সাধারণ পত্র।

সমুদয় সেশন জজ ও জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৮৫ সাল ২৪ জানুয়ারি।

হাই কোর্ট।
ইংরেজী বিভাগ।
ফৌজদারী।

১৮৮৪ সালের ২৮ জানুয়ারি তারিখের ১ নম্বর সাধারণ পত্রের অনুক্রমে ও বার্ষিক ফৌজদারী রিটর্ন গুলি যাহাতে আরো সত্বর প্রেরিত হয় তদভিপ্রায়ে হাই কোর্ট এই আজ্ঞা করিতেছেন যে, সেশন আদালত সম্পর্কীয় বার্ষিক বর্ণনা পত্র ও টেবিলগুলি সেশন জজ সাহেব আপন আফিসের রেজিষ্টর ও কাগজপত্র হইতে যে সন্ধান ও অঙ্ক পাওয়া যায় তদ্দ্বারা যতদূর সাধ্য পূরণ করিয়া দিবেন; এবং তাহা কেবল মাজিষ্ট্রেটের আফিসে হইতেই যে বৃত্তান্ত পাওয়া যাইতে পারে তাহার অপেক্ষা না করিয়া বৎসর শেষ হইবার পর যত শীঘ্র সম্ভব জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবে। কথিত রিটর্নগুলি প্রাপ্ত হইলেই জিলার মাজিষ্ট্রেট সাহেব উহা আপন বর্ণনা-পত্র ও টেবিলের মধ্যে সন্নিবেশ করত সেশন জজ কোন সন্ধান বা অঙ্ক না দিয়া থাকিলে তাহা পূরণ করিয়া দিয়া ঐসকল রিটর্নের সম্পূর্ণ এক প্রস্থ হাই কোর্টে অবিলম্বে প্রেরণ করিবেন।

২। সেশন জজ সাহেবের আফিসের কাগজপত্র সম্পূর্ণ করিয়া রাখিবার জন্য জিলার মাজিষ্ট্রেট সাহেব হাই কোর্টের আবশ্যক রিটর্নগুলি পাঠাইয়া দিবার পর তিনি সেশন জজ সাহেবের রিটর্নে যে অঙ্ক ও সন্ধান লিখিয়া দিয়াছেন তাহার একখানি নকল ঐ জজ সাহেবকে প্রেরণ করিবেন। অর্থাৎ ইতিপূর্ব্বে সেশন আদালতে তিনি যে সন্ধান জানাইতেছিলেন তাহাই জানাইতে থাকিবেন, তবে হাই কোর্টের আবশ্যক বর্ণনাপত্র ও টেবিলগুলি পাঠাইবার পর তাহা জানাইবেন।

সি, এ, উইলকিন্স,
একটিং রেজিষ্ট্রার।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L.,
Bengali Translator.

রাজস্ববিষয়ক সরকুলর।

১৮৮৫ সাল ফেব্রুয়ারি মাস।

শ্রীযুত এফ, বি, পীকক সাহেব।

১ নম্বর।

রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেক্টরীর ভিন্ন২ শাখার মধ্যে যে প্রণালীতে অধিকাংশ কার্য্য চলে, সেই প্রণালীর পুনর্গঠনের আবশ্যকতার প্রতি সংপ্রতি বোর্ডের মনোযোগ আকর্ষিত হইয়াছে; এবং যেং প্রস্তাব করা গিয়াছে, তাহা সফল করণার্থ ইহা স্থির করা হইয়াছে যে, সর্টিফিকেট বিভাগে একণে যেং রেজিষ্টর রাখা হয়, তাহা সংশোধন করিতে হইবে। বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ২৮৫ পৃষ্ঠায় যে ৬১ নং রেজিষ্টর এখন আছে, তৎপরিবর্ত্তে ভবিষ্যতে তিনখান রেজিষ্টর রাখিতে হইবে। ঐ রেজিষ্টরগুলি ৬১, ৬১ A ও ৬১ B নং রেজিষ্টর নামে খ্যাত হইবে।

২। নূতন রেজিষ্টরগুলির পাঠ এইসঙ্গে দেওয়া গেল। ইহা দৃষ্ট হইবে যে ৬১ নং রেজিষ্টর আদেশ-পত্রের রেজিষ্টর, আদেশপত্রদাতা কার্য্যকারক উহা রাখিবেন; আর ৬১ A নং রেজিষ্টর সর্টিফিকেটের রেজিষ্টর, সর্টিফিকেটদাতা কার্য্যকারক উহা রাখিবেন। সকল বিষয়ে ঐ দুই রেজিষ্টর পরস্পর স্বতন্ত্র ও পৃথক্। সর্টিফিকেটদাতা ডেপুটী কালেক্টরের হস্তে অর্পিত হইবার পূর্ব্বে প্রত্যেক সর্টিফিকেটের কথা আদেশপত্রদাতা কার্য্যকারকের রেজিষ্টরে লিখিত হওয়ায়, ৬১ A নং রেজিষ্টর হইতে কোন সর্টি-ফিকেট বাদ না পড়ে এবিষয়ে পূর্ব্বোক্ত রেজিষ্টর দ্বারা সুন্দর শাসন হইবে। ঐ রেজিষ্টর থাকাতে যাবৎ সর্টিফিকেটের প্রাপ্য টাকা আদায় না হয়, তাবৎ সর্টিফিকেটদাতা ডেপুটী কালেক্টরের উপর আদেশ করণের ক্রমাগত ও নিয়মিত প্রণালী আদেশপত্রদাতা কার্য্যকারক রক্ষা করিতে সমর্থ হইবেন। সুতরাং শাসনের উপায়স্বরূপ নূতন ৬১ নং রেজিষ্টরের মূল্য এই অনুমানমূলক যে আদেশপত্রদাতা কার্য্যকার-কের ও সর্টিফিকেটদাতা ডেপুটী কালেক্টরের পদ সম্পূর্ণরূপে পৃথক। বোর্ডের ১৮৮২ সালের জুন মাসের ২ নং সরকুলর অর্ডরে যে বিধি নির্দিষ্ট হইয়াছে, তদনুসারে এই দুই পদ সামান্যতঃ পৃথক থাকিবে। কিন্তু খাস কার্য্যাধ্যক্ষতা নিমিত্ত চট্টগ্রামে যেরূপ বন্দোবস্ত অনুমোদিত হইয়াছে, তদ্রূপ যে কোন স্থলে

আদেশপত্র দিবার ও সর্টিফিকেট জারী করিবার কার্য্য অগত্যা একই কার্য্যকারকের করিতে হয়, সেই স্থলে উক্ত কার্য্যকারক এক্ষণে যে দুই রেজিষ্টর নির্দ্দিষ্ট হইল তদুভয়ই রাখিবেন ; এবং তাঁহার নিজের বিশেষ সতর্কতা সহকারে দেখা আবশ্যক হইবে যে, তাঁহার কর্তৃত্বাধীন দুই কার্য্যবিভাগের উপর এই দুই রেজিষ্টরে যে শাসন রাখে তাহা যেন নিয়মিতরূপে রক্ষিত হয়।

৩। এক্ষণে ৬১ B নং যে তৃতীয় রেজিষ্টর নির্দ্দিষ্ট হইল, তাহার একমাত্র উদ্দেশ্য নাজীরের আফিসের উপর শাসন রাখা। সুতরাং নাজীরকর্তৃক বা নাজীরের আফিসে এই রেজিষ্টর রক্ষিত হইবে না। কিন্তু নাজীরের হস্তে পরওয়ানা দেওয়া গেলে ও তিনি তাহা জারী করিয়া ফিরাইয়া দিলে, রেজিষ্টরে তাঁহার স্বাক্ষর লইতে হইবে। পরওয়ানার বর্ত্তমান ৪১ নং রেজিষ্টর নাজীর এক্ষণে যেমন রাখেন তদ্রূপ রাখিবেন।

৪। এই সকল নূতন রেজিষ্টর আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে। জিলার কর্তৃপক্ষেরা ষ্টেশনরীর সুপারিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট চাহিলে এই সকল রেজিষ্টরের পাঠ পাইতে পারিবেন।

---

৬১ নং রেজিষ্টর।

রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৯ ধারামতে * যে প্রত্যেক আদেশপত্রদাতা ডেপুটী কালেক্টর বা অন্য সরকারী কর্ম্মচারী নোটিস দেন, তাঁহার উক্ত আইনমত সর্টিফিকেটের আদেশপত্রের যে রেজিষ্টর রাখিতে হইবে।

১	২	৩	৪			৫	৬	৭	৮	৯	১০
ক্রমিক নম্বর।	দাওয়ার তারিখ।	বাকীদারের নাম ও ঠিকানা।	যত টাকা পাওনা।			যে তারিখে সর্টিফিকেটদাতা কার্য্যকারকের প্রতি আদেশপত্র দেওয়া যায়। (সর্টিফিকেটদাতা কার্য্যকারকের নামের আদ্যক্ষর।)	ঐ পত্রিকা দস্তখত হইয়া থাকিলে, যে তারিখে আদেশপত্রদাতা কার্য্যকারক সর্টিফিকেটদাতা কার্য্যকারকের নিকট হইতে নিষ্পত্তি নিমিত্ত † দস্তখত পান। (আদেশপত্রদাতা কার্য্যকারকের নামের আদ্যক্ষর।)	দস্তখতের নিষ্পত্তি করিবার তারিখ।	দস্তখত ও তৎসংক্রান্ত নথী সর্টিফিকেটদাতা কার্য্যকারকের নিকট ফিরিয়া দিবার তারিখ।	সর্টিফিকেটের চূড়ান্ত কার্য্য হইবার তারিখ ও যে প্রকারে কার্য্য হয় তাহার বিবরণ (অর্থাৎ টাকা দেওয়া গেল বা আদায় হইতে পারিবে না বলিয়া খারিজ করা গেল।)	মন্তব্য।
			টাকা	আ	পা						

* আদেশপত্রদাতা কার্য্যকারক ডেপুটী কালেক্টর না হইলে, ৬, ৭ ও ৮ ঘর অবশ্য খালি থাকিবে।

† বোর্ডের ১৮৮২ সালের জুন মাসের ২ নম্বর সরকুলর অর্ডরের সহিত যে আদেশ প্রচারিত হয়, তাহার ১২ ধারা দেখ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

১১ A নং রেজিষ্টর।

রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের বিধানমতে লিখিত সর্টিফিকেটের যে রেজিষ্টর সর্টিফিকেটদাতা কার্য্যকারকের রাখিতে হইবে।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
ক্রমিক নম্বর।	কালেক্টর ভিন্ন অন্য কার্য্যকারক হইলে, তাঁহার নিকট হইতে যে তারিখে সর্টিফিকেটদাতা কার্য্যকারক ৬ ধারামতে নোটিস পান।	খাতকের নাম ও ঠিকানা।	দাওয়ার কারণ।	যত টাকা দাওয়া।	সর্টিফিকেটের তারিখ।	আইনের যে ধারামতে সর্টিফিকেট লেখা যায়।	১২ ধারামত দরখাস্ত পাইবার তারিখ।	নিষ্পত্তি নিমিত্ত আবেদনপত্রদাতা কার্য্যকারকের নিকট সর্টিফিকেটদাতা কার্য্যকারক যে আজ্ঞাক্রমে দরখাস্ত প্রেরিত হয়, সেই আজ্ঞার তারিখ।	যদ্যপি থাকিলে তদনুসারে দাওয়ার যত টাকা দিতে ১৪ ধারামতে আজ্ঞা হয়।	আপীলক্রমে আজ্ঞা হইলে, সেই আজ্ঞা পাইবার তারিখ।	যদ্যপি থাকিলে তদনুসারে আপীলী আজ্ঞামত দাওয়ার টাকা।	বন্দোবস্তের আর কার্য্যানুষ্ঠান না করিয়া, ১০ ধারামত সর্টিফিকেটের নোটিস দিলে টাকা দেওয়াতে দাওয়ার যত টাকা শোধ হয়।	অন্য কার্য্যানুষ্ঠানক্রমে যত টাকা আদায় হয়।	খাজানাখানার চালানের তারিখ ও নম্বর।	শোধ হইবার বিষয়ে কালেক্টর কর্ত্তৃক ২২ (খ) ধারা লেখ।	মন্তব্য।
				টাকা আ পা					টাকা আ প		টাকা আ পা	টাকা আ পা	টাকা পা আ			

আইনের ৯ ধারামতে নোটিস দেওয়া গেলে ১, ২, ৩, ৪, ও ৫ ঘর নোটিস দেখিয়া পূরণ করিতে হইবে, এবং উক্ত আইনের ঐ ধারামত সর্টিফিকেট দিবার সম্বন্ধে পরে যেং কার্য্যানুষ্ঠান হয়, তৎসমুদয় ৬ অবধি ১৬ পর্য্যন্ত সকল বা কোনং ঘরে দেখাইতে হইবে।

অন্যান্য যে সর্টিফিকেট দেওয়া যায়, তৎসম্বন্ধে আবশ্যকমত কথা ৩ অবধি ১৬ পর্য্যন্ত ঘরে লিখিতে হইবে।

১২ ধারামতে আপত্তি করিবার ও তাহার নিষ্পত্তি হইবার পর টাকা দেওয়া গেলেও, টাকার পরিমাণ ১৩ ঘরে লিখিতে হইবে।

১৪ ঘরে যে টাকা লেখা যায়, তাহা সম্পত্তিক্রোক নীলাম প্রভৃতি যে বিশেষ কার্য্যানুষ্ঠানক্রমে আদায় হয়, তাহার উল্লেখ করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১৭ মার্চ্চ।]

৬১ B নং রেজিষ্টর।

জারী করিবার নিমিত্ত নাজীরের নিকট যে পরওয়ানা দেওয়া যায় এবং গাঁথিয়া রাখা সর্টিফিকেট সম্বন্ধে তাঁহাকে জারী করণার্থ যে আজ্ঞা দেওয়া যায়, তাহার রেজিষ্টর।

১	২	৩	৪	৫	৬
ক্রমিক নম্বর।	সর্টিফিকেটের মোকদ্দমা ৬১ A নং রেজিষ্টরে লিখিত যে কথার সহিত মিলে, তন্নির্দ্দেশক নম্বর ও তারিখ।	যে প্রকারের পরওয়ানা নাজীরের নিকট দেওয়া যায় [ও তাহা যে তারিখে ফিরাইয়া দিতে হইবে]।	যে তারিখে নাজীরকে দেওয়া যায় [ও তাঁহার নামের আদ্যক্ষর]।	যে তারিখে নাজীর ফিরাইয়া দেন [ও তাঁহার নামের আদ্যক্ষর]।	মন্তব্য।

মন্তব্য।—নাজীরের কার্য্যবিভাগের উপর শাসন রাখা এই রেজিষ্টরের অভিপ্রায় হওয়াতে, ইহ নাজীরের শিরিস্তার হস্তে রাখিতে হইবে না।

শ্রীযুত এচ, এ, ককেরেল সাহেব সি. এস, আই।

২ নম্বর।

বিশেষ কোন২ স্থলে ছাপাকরা কোর্ট ফী ইষ্টাম্পের মূল্য ফেরত দিবার সংক্রান্ত রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্নমেণ্টের ১৮৮৪ সালের ২৬ ডিসেম্বর তারিখের ২৩৪৫ নং নির্দ্ধারণের প্রতি রাজস্ব কর্ম্মচারীদের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

ছাপা করা কোর্ট ফী ইষ্টাম্পের মূল্য ফেরত দিবার বিধি যাহাতে আছে নিম্নলিখিত এরূপ কএক নির্দ্ধারণপত্র আবার পাঠ করা গেল।—

১৮৮৪ সালের ১৯ ফেব্রুয়ারি তারিখের ৯২৭ নং নির্দ্ধারণ।
১৮৮৪ সালের ১৮ জুন তারিখের ১৬০২ নং নির্দ্ধারণ।
১৮৮৪ সালের ১০ জুলাই তারিখের ২০১০ নং নির্দ্ধারণ।
১৮৮৪ সালের ১১ অক্টোবর তারিখের ৩৯০৪ নং নির্দ্ধারণ।

আরো নিম্নলিখিত পত্র পাঠ করা গেল, যথা,—

The 17th March 1885.—Under section 4 of Act VII of 1871 (The Indian Emigration Act), the Lieutenant-Governor approves of the appointment of Monsieur Pierre Charriol to act as Emigration Agent at Calcutta for the French Colonies, during the absence, on leave, of Monsieur Emile Charriol.

A. P. MACDONNELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 5th March 1885.—The Lieutenant-Governor of Bengal has been pleased to direct that the head-quarters of thana Digwarah, in the district of Sarun, be removed from Digwarah to Sonepur in the same district; that the thana be henceforth known as thana Sonepur; and that Digwarah be an outpost subordinate to thana Sonepur.

A. P. MACDONNELL,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th March 1885.—It is hereby notified that, in exercise of the power vested in him by section 18 of Act VI of 1871 (the Bengal Civil Courts Act), the Lieutenant-Governor is pleased to vary, and hereby does vary, the local limits of the jurisdiction of the Munsif's Court at Calna in the district of Burdwan, and those of the jurisdiction of the First Munsif's Court at Cutwa in the same district, by transferring the villages Goragachi, Akidutpur and Ghorgorea from the Purbastali thana within the civil jurisdiction of the former Court to the Cutwa thana within the civil jurisdiction of the latter Court, with effect from the 18th March 1885, from and after which date the villages in question will form a part of the First Munsifship of Cutwa.

A. P. MACDONNELL,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 16th March 1885.—Whereas it appears to the Lieutenant-Governor that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz., for widening Hurro Lall Das's Lane to 15 feet in Jorabagan Bustee, it is hereby declared that for the above purpose a piece of land in No. 16-1, Jorabagan Street, measuring more or less 3 cottahs, is required.

The land is bounded on the north by No. 13, Hurro Lall Das's Lane and No. 23, Nimtala Ghat Street; on the south by No. 16-1, Jorabagan Street; on the east by the new road from Jora Bagan Street to Nimtola Ghat Street; and on the west by the sewered ditch road.

A plan and specification of the land are filed in the office of the Municipal Commissioners for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 24th March* 1885.]

নিম্নলিখিত মহাশয়েরা উক্ত আইনের ১২ ধারামতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু অক্ষয়কুমার মুখোপাধ্যায়।
„ বাবু দীননাথ মুখোপাধ্যায়।
„ বাবু কামাখ্যাচরণ মুখোপাধ্যায়।
শ্রীযুত বাবু আশুতোষ লাহিড়ী।
„ মৌলবী আবদুল হেয়ৎ।
„ মৌলবী আবদুল ফজল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৭ মার্চ্চ।—শ্রীযুত মনসিয়র এমিলি চারিয়ল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভিন্নদেশ গমনবিষয়ক ১৮৭১ সালের ৭ আইনের ৪ ধারামতে ফরাসী উপনিবেশের পক্ষে কলিকাতায় ভিন্নদেশ গমনকার্য্যের এজেণ্টস্বরূপ কর্ম্ম করণার্থে শ্রীযুত মনসিয়র পিয়ুরে চারিয়ল সাহেবের নিয়োগ অনুমোদন করিলেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৫ মার্চ্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সারণ জিলার অন্তর্গত দিগওয়ারা থানার সদর স্থান দিগওয়ারা হইতে এ জিলার অন্তর্গত সোণপুরে উঠিয়া যাইবার আজ্ঞা করিলেন। উক্ত থানা এই অবধি সোণপুর থানা নামে খ্যাত হইবে, এবং দিগওয়ারা, সোণপুর থানার অধীন ফাঁড়ি হইবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১২ মার্চ্চ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণমেণ্টের প্রতি বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ১৮ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনার প্রথম মুনসেফের দেওয়ানী বিচারাধিপত্যের অন্তর্গত পূর্ব্বস্থলী থানা হইতে গোরাগাছি, সাকদহপুর ও ঘড়ুগড়িয়া গ্রাম এ জিলার অন্তর্গত কাটওয়ার প্রথম মুনসেফের দেওয়ানী বিচারাধিপত্যের সামিল কাটওয়া থানা ভুক্ত করিয়া ১৮৮৫ সালের মার্চ্চ মাসের ১৮ তারিখ অবধি ঐ দুই মুনসেফের বিচারাধিপত্যের স্থান সীমা পরিবর্ত্তন করিলেন ও এতদ্দ্বারা পরিবর্ত্তন করা গেল। উক্ত কএক গ্রাম উক্ত তারিখ অবধি কাটওয়ার প্রথম মুনসেফীর অংশ হইবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ যোড়াবাগান বসতীতে হরলাল দাসের লেন ১৫ ফুট পর্য্যন্ত পরিসর করিবার জন্যে কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে যোড়াবাগান ষ্ট্রীটের ১৬—১ নম্বরে ন্যূনাধিক /০ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা হরলাল দাসের লেনের ১৩ নং ও নিমতলা ঘাট ষ্ট্রীটের ২৩ নং, দক্ষিণ সীমা যোড়াবাগান ষ্ট্রীটের ১৬—১ নং পূর্ব্ব সীমা যোড়াবাগান ষ্ট্রীট অবধি নিমতলা ঘাট ষ্ট্রীটপর্য্যন্ত নূতন রাস্তা, এবং পশ্চিম সীমা চাপানর্দ্দমা উপরের পথ।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে মুনিসিপল কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ মার্চ্চ।]

DECLARATION

The 16th March 1885.—Whereas it appears to the Lieutenant-Governor that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz., for the construction of a new road connecting Doyahatta Street with Juggo Mohun Mullick's Lane for the improvement of the Phool Bagan Bustee, it is hereby declared that for the above purpose pieces of land Nos. 5 and 6, Doyahatta Street; 8, Juggo Mohun Mullick's Lane; 80, 81, 82, 83, 84 and 85, Burtolah Street; measuring more or less 7 cottahs 3 chittacks and 27 square feet, are required.

The lands are bounded on the north partly by premises Nos. 5, 6 and 7, Doyahatta Street and partly by premises No 4, Bānstola Street and No 8, Juggo Mohun Mullick's Lane; on the south partly by No. 8 Juggo Mohun Mullick's Lane and partly by Nos. 80 to 85, Burtolah Street, and partly by Nos. 4 and 5, Doyahatta Street; on the east by Juggo Mohun Mullick's Lane, and on the west by Doyahatta Street.

Plans and specifications of the lands are filed in the office of the Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secy. to the Govt. of Bengal.

(Second publication.)

NOTIFICATION.

The 19th February 1885.—In exercise of the powers conferred by section 19 of the Chota Nagpore Encumbered Estates Act, 1876, *as amended by Act V of* 1884, the Lieutenant-Governor of Bengal has, with the approval of His Excellency the Governor-General in Council made the following rules:—

Rule 1.—An application under section 2 shall not ordinarily be submitted by the Commissioner for the consent of the Lieutenant-Governor, unless—

(1) the property consists of an estate paying revenue direct to Government, or entered in the register of revenue-free lands, and having a rental of not less than Rs. 2,000 a year;

(2) the holder is a person of position and influence, and belongs to one of the old families in the division; and

(3) the debts can be liquidated in 15 years.

In special cases an application may be submitted by the Commissioner in respect of a permanent tenure, when the other conditions above specified exist.

Ordinarily, no immoveable property other than land, or permanent interests in land, shall be brought under the provisions of the Act.

Rule 2.—Every application under section 2 of the Act shall, if made by the holder of immoveable property, or by his heir, or guardian, committee or other legal curator of such holder or heir, be accompanied by a statement of all debts and liabilities due by such holder, together with the names of the creditors and a specification of the date on which each debt was incurred, and also by a statement showing of what property such holder is possessed, *or to which he is entitled in his own right, or which he is entitled to redeem*, and the income derivable therefrom. These statements may, if the Commissioner deem it necessary, be sent to the Deputy Commissioner of the district or districts in which the immoveable property is situated, for enquiry into the correctness or otherwise of such statements, and for report as to whether the property is solvent or not. The Commissioner shall refrain from issuing the vesting order under section 2, if it appears to him, on such report or otherwise, that the property is hopelessly insolvent.

[*Government Gazette*, 24*th March* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ কুলগাছান বসতীর উৎকর্ষ সাধনার্থে জগমোহন মল্লিকের লেনের সহিত দয়েহাটা ষ্ট্রীট সংযোগকারি নূতন পথ করিবার জন্যে, কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ।২১ ছটাক ২৭ ফুট পরিমিত অর্থ ৫ দয়েহাটা ষ্ট্রীটের ৫ ও ৬ নং জগমোহন মল্লিকের লেনের ৮ নং বড়তলা ষ্ট্রীটের ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ও ৮৫ নং এই কএক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা অংশতঃ দয়েহাটা ষ্ট্রীটের ৫, ৬ ও ৭ নং ও অংশতঃ বাঁশতলা ষ্ট্রীটের ৪ নং ও জগমোহন মল্লিকের লেনের ৮ নং, দক্ষিণ সীমা অংশতঃ জগমোহন মল্লিকের লেনের ৮ নং ও অংশতঃ বড়তলা ষ্ট্রীটের ৮০–৮৫ নং ও অংশতঃ দয়েহাটা ষ্ট্রীটের ৪ ও ৫ নং বাড়ী, পূর্ব্ব সীমা জগমোহন মল্লিকের লেন এবং পশ্চিম সীমা দয়েহাটা ষ্ট্রীট।

উক্ত ভূমির নকশা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্যে কলিকাতা নগরের কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৯ ফেব্রুয়ারি।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮৪ সালের ৫ আইন দ্বারা সংশোধিত ছোট নাগপুরের দায়গ্রস্ত মহাল বিষয়ক ১৮৭৬ সালের আইনের ১৯ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে নিম্নলিখিত বিধি প্রণয়ন করিলেন :—

১ ধারা।—

(১) কোন সম্পত্তি সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেণ্টের নিকট রাজস্ব দায়ি মহাল না হইলে কিম্বা নিষ্কর ভূমির রেজিষ্টরে লেখা না থাকিলে এবং বৎসরে ২০০৲ টাকার ন্যূন খাজানার হইলে,

(২) ঐ সম্পত্তি যাঁহার তিনি পদস্থ ও ক্ষমতাবান এবং খণ্ডের মধ্যে পুরাতন বংশজ না হইলে,

(৩) পনের বৎসরের মধ্যে ঋণ শোধ করা যাইতে না পারিলে,

কমিশ্যনর সাহেব ২ ধারামত প্রার্থনাপত্র সামান্যতঃ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতির নিমিত্ত পাঠাইবেন না।

উপরের নির্দ্দিষ্ট অন্যান্য নিয়ম বর্ত্তমান থাকিলে কমিশ্যনর সাহেব বিশেষ স্থলে স্থায়ি ভূসম্পর্ক সম্বন্ধীয় প্রার্থনাপত্র পাঠাইতে পারিবেন।

সামান্যতঃ ভূমি কিম্বা ভূমিগত স্থায়িস্বার্থভিন্ন কোন স্থাবর সম্পত্তির উপর আইনের বিধান বর্ত্তান যাইবে না।

২ ধারা।—স্থাবর সম্পত্তি ভোগি ব্যক্তি বা তাঁহার উত্তরাধিকারী কিম্বা ঐ ভোগি ব্যক্তির কি উত্তরাধিকারীর অভিভাবক কি কমিটী কি আইনমত অন্য সম্পত্তি রক্ষক আইনের ২ ধারামত প্রার্থনা করিলে, প্রত্যেক প্রার্থনাপত্রের সহিত ঐ ভোগি ব্যক্তির সকল ঋণের ও দায়ের বর্ণনাপত্র ও মহাজনদের নাম ও প্রত্যেক ঋণ যে তারিখে লওয়া যায় তাহার নির্দ্দেশপত্র ও ঐ ভোগি ব্যক্তির অধিকারে যে সম্পত্তি আছে কিম্বা তিনি যে সম্পত্তিতে স্বীয় স্বত্বে স্বত্ববান্ কিম্বা যাহা তাঁহার উদ্ধার করিবার স্বত্ব আছে ও তাহাতে যত আয় উৎপন্ন হয় ইহার বর্ণনাপত্র দিতে হইবে। ঐ বর্ণনাপত্র ঠিক আছে কি না ইহার অনুসন্ধান লওনার্থে ও সম্পত্তি হইতে ঋণ শোধ হইতে পারে কি না ইহার রিপোর্ট করণার্থে ঐ স্থাবর সম্পত্তি যে বা যে২ জিলার অন্তর্গত থাকে কমিশ্যনর সাহেব আবশ্যক বোধ করিলে তথাকার ডেপুটী কমিশ্যনরের নিকট ঐ বর্ণনাপত্র পাঠাইতে পারিবেন। ঐ সম্পত্তি হইতে ঋণ শোধ হওয়ার আশা মাত্র নাই, কমিশ্যনর সাহেব ঐ রিপোর্টদ্বারা কিম্বা অন্য প্রকারে ইহা জানিতে পাইলে ২ ধারামত ভারাপণের আজ্ঞা প্রচার করিবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৫ মার্চ্চ।]

Rule 3.—When a Deputy Commissioner is of opinion that any proprty should be brought under the provisions of the Act, he shall ascertain, as far as possible, what debts and liabilities are due by the holder of such property, and what immoveble property he has in his possession, and the income derivable therefrom; and, after enquiry into the solvency or otherwise of the holder, he shall submit the whole of the papers to the Commissioner, who shall issue the vesting order or not according as, in his opinion, the property is solvent or not.

Rule 4.—After the vesting order has been issued, it shall be the duty of the manager to enquire carefully into the solvency of the property, and to make early report on this point to the Commissioner, with a view to the restoration of the property to the owner (under section 12 of the Act, *as amended by Act V of* 1884) should the property prove to be insolvent.

Rule 5.—Wherever the manager appointed under the Act is not the Deputy Commissioner of the district, the Deputy Commissioner will (subject to such orders, consistent with the provisions of the said Act, as the Commissioner may from time to time issue) exercise a general control over the management of all the properties in his district.

Rule 6.—The security to be required from any manager not being a Government servant, and from subordinate officers under this Act, shall be fixed from time to time by the Commissioner of the Division with the approval of the Lieutenant-Governor: provided that no such manager or subordinate officer shall be required to give security for an amount exceeding 25 per cent. of the annual rents and profits of the property on account of which he is employed.

Rule 7.—To every notice published under section 5 of the Act shall be appended a copy of section 6. The notice shall be published at the district cutcherries, moonsifs' courts, and thanas within the jurisdiction of which the property is situated, and shall be affixed to the bhandar of all villages contained within the property *and published in all such villages by beat of drum.* Whenever possible, special service of such notice shall be made on every known creditor of the property; but the absence of such special service shall not be a bar to proceedings under the Act.

Rule 8.—When any property is restored to the holder or his heir, in accordance with section 12 of the Act, notice of the restoration shall be published at the places mentioned in the preceding rule and in the *Calcutta Gazette.*

Rule 9.—On the publication of the vesting order under section 2 of the Act, the holder of the property, or his legal representative, shall be called upon to deliver to the manager, within fifteen days, all accounts and other papers connected with the management of the property.

Rule 10.—In determining the amount of any principal debt or liability under section 8 of the Act, claims equitably due may be admitted by the manager if acknowledged by the holder of the property or his legal representative, notwithstanding the existence of some legal defence, such as limitation or insufficiency of stamp.

Rule 11.—The allowance of interest on any principal debt or liability shall not exceed 12 per cent. per annum from the date on which it was incurred to the date of determination, or from the date of determination to the date of payment.

Rule 12.—Notice shall be given to each creditor of the date on which orders will be passed by the manager on his claim. If any oral evidence in support of the claim is adduced, it shall be recorded by the manager in the English language, and shall be filed with the papers relating to the claim. The manager may from time to time, as seems necessary, adjourn the passing of orders on any claim. Notice of such adjournment shall be given to the claimant or his representative.

Rule 13.—The manager shall record in the English language reasons for his decision on each claim, and within one week of the date of such decision, a copy thereof shall be prepared in the vernacular of the district for delivery to the creditor on application.

[*Government Gazette,* 24*th March* 1885.]

৩ ধারা।—কোন সম্পত্তির উপর আইনের বিধান বর্ত্তান উচিত, ডেপুটী কমিশানরের এইরূপ মত হইলে সেই সম্পত্তিভোগি ব্যক্তির যত ঋণ ও দায় আছে ও তাঁহার অধিকারে যত স্থাবর সম্পত্তি আছে ও তাহাহইতে যত আয় উৎপন্ন হয়, এই সকল কথা তিনি সাধ্যমতে জানিয়া লইবেন; ও সম্পত্তি-ভোগি ঋণ শোধ করিতে পারেন কি না ইহার অনুসন্ধান লইলে পর তিনি সমুদয় কাগজপত্র কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন। ঐ সম্পত্তি হইতে ঋণ শোধ হইতে পারে কি না, এই বিষয়ে কমিশ্যনর সাহেবের যে মত হয়, তদনুসারে তিনি ভারার্পণের আজ্ঞা প্রচার করিবেন বা নাই করিবেন।

৪ ধারা।—ভারার্পণের আজ্ঞা প্রচার হইলে পর কার্য্যাধ্যক্ষের কর্ত্তব্য এই যে, ঐ সম্পত্তি হইতে ঋণ শোধ হইতে পারে কি না, অবধান পূর্ব্বক ইহার অনুসন্ধান লন ও ঋণ শোধ হইতে না পারিলে, ১৮৮৪ সালের ৫ আইন দ্বারা সংশোধিত আইনের ১১ ধারামতে স্বামিকে সম্পত্তি ফিরিয়া দেওয়াইবার নিমিত্ত কমিশ্যনর সাহেবের নিকট ত্বরায় সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৫ ধারা। আইনমতে যিনি কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত হন তিনি জিলার ডেপুটী কমিশানর না হইলে, কমিশ্যনর সাহেব সময়েং উক্ত আইনের বিধানের সহিত সঙ্গত যে আজ্ঞা প্রচার করেন ডেপুটী কমিশ্যনর তদনুসারে আপন জিলার অন্তর্গত সকল সম্পত্তির কার্য্যাধ্যক্ষতার উপর সাধারণ তত্ত্ব রাখিবেন।

৬ ধারা।—গবর্ণমেণ্টের কর্ম্মচারিভিন্ন কোন ব্যক্তি কার্য্যাধ্যক্ষ হইলে এই আইনমতে তাঁহার স্থানে ও এই আইনমত অধীন কার্য্যকারকদের স্থানে কত টাকা জমিন লইতে হইবে, খণ্ডের কমিশ্যনর সাহেব সময়েং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদনক্রমে ইহা স্থির করিবেন, কিন্তু যে সম্পত্তির নিমিত্ত তাঁহাকে নিযুক্ত করা যায় তাহার খাজানা ও উপস্বত্ব যত টাকা হয়, ঐ কার্য্যাধ্যক্ষের কি অধীন কার্য্যকারকের প্রতি তাহার উপর শত করা ২৫ টাকার অধিক জামিন দিবার আজ্ঞা হইবে না।

৭ ধারা।—আইনের ৫ ধারামতে যে প্রত্যেক নোটিস প্রচার করা যায় তাহার সঙ্গে ৬ ধারার প্রতিলিপি সংযোগ করিয়া দিতে হইবে। সম্পত্তি যেং জিলার ও মুনসেফদের আদালতের ও থানার এলাকার মধ্যে থাকে সেইং জিলার কাছারীতে ও মুনসেফদের আদালতে ও থানায় ঐ নোটিস প্রচার করিতে হইবে ও সম্পত্তির অন্তর্গত সকল গ্রামের ভাণ্ডারে লাগাইয়া দেওয়া যাইবে ও উক্ত সকল গ্রামে ঢেঁড়ারা দিয়া প্রকাশ করা যাইবে। যেং স্থলে হইতে পারে, সেইং স্থলে সম্পত্তির যত জন মহাজনকে জানা যায় তাঁহাদের প্রত্যেকের উপর ঐ নোটিস বিশেষ করিয়া জারী করিতে হইবে, কিন্তু বিশেষমতে জারী না হওয়াতে এই আইনমতে কার্য্যানুষ্ঠানের বাধা হইবে না।

৮ ধারা।—আইনের ১১ ধারামতে ভোগি ব্যক্তির কি তাঁহার উত্তরাধিকারির হস্তে সম্পত্তি ফিরিয়া দেওয়া গেলে, এই বিধির পূর্ব্ব ধারার উল্লিখিত নানা স্থানে ও কলিকাতা গেজেটে ঐ ফিরিয়া দেওয়ার নোটিস প্রচার করা যাইবে।

৯ ধারা।—আইনের ২ ধারামতে ভারার্পণের আজ্ঞা প্রচার করা গেলে, সম্পত্তি ভোগির প্রতি কিম্বা আইনমত তাঁহার স্থলাভিষিক্তের প্রতি এই আজ্ঞা করা যাইবে যে, সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা সম্পর্কীয় সকল হিসাব ও অন্যান্য কাগজপত্র পনের দিনের মধ্যে কার্য্যাধ্যক্ষের হস্তে সমর্পণ করেন।

১০ ধারা।—আসল ঋণ কি দায় যত টাকা হয়, আইনের ৮ ধারামতে ইহা নির্ণয় করিতে গেলে, যেং টাকা ন্যায়মতে দেনা হয়, আইনমতে মিয়াদ গত হওন বা ইষ্টাম্প অপ্রচুর হওন প্রভৃতি আপত্তি হইতে পারিলেও, সম্পত্তি ভোগি কি আইনমত তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি ঐ দাওয়া স্বীকার করিলে কার্য্যাধ্যক্ষ তাহা গ্রাহ্য করিতে পারিবেন।

১১ ধারা।—আসল ঋণ কি দায় যে তারিখে বর্ত্তিয়াছিল তদবধি নির্ণয় হওয়ার তারিখ পর্য্যন্ত কিম্বা নির্ণয় হওয়ার তারিখ অবধি শোধ না হওয়া পর্য্যন্ত তাহার উপর বৎসর শত করা ১২৲ টাকার অধিক সুদ ধরিতে হইবে না।

১২ ধারা।— কার্য্যাধ্যক্ষ যে তারিখে যে মহাজনের দাওয়ার উপর আজ্ঞা প্রচার করিবেন তাঁহাকে সেই তারিখের নোটিস দেওয়া যাইবে। দাওয়ার পোষকতায় বাচনিক সাক্ষ্য উপস্থিত করা গেলে, কার্য্যাধ্যক্ষ তাহা ইংরেজী ভাষায় লিপিবদ্ধ করিবেন ও তাহা দাওয়া সম্পর্কীয় কাগজপত্রের সঙ্গে নথীভুক্ত করা যাইবে। আবশ্যক বোধ হইলে কার্য্যাধ্যক্ষ সময়েং কোন দাওয়ার উপর আপনার আজ্ঞা প্রচার করিবার দিনান্তর নিরূপণ করিতে পারিবেন। দাওয়াদারকে কি তাঁহার স্থলাভিষিক্তকে সেই দিনান্তরের নোটিস দেওয়া হইবে।

১৩ ধারা।— কার্য্যাধ্যক্ষ প্রত্যেক দাওয়ার উপর যে নিষ্পত্তি করেন তাহার কারণ ইংরেজী ভাষায় লিপিবদ্ধ করিবেন ও ঐ নিষ্পত্তির তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে তাহার নকল জিলার চলিত ভাষায় লিখিয়া প্রস্তুত করা যাইবে ও মহাজনের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ মার্চ্চ।]

Rule 14.—The scheme mentioned in section 11 of the Act shall be submitted by the manager through the Deputy Commissioner, who will forward it, with his opinion, to the Commissioner. The manager shall note in such scheme the order in which he proposes to pay the admitted debts. The manager, in determining the order for payment of the debts, will, as far as possible, give preference first to claims of mortgagees and conditional vendees removed from possession; *secondly, to claims of creditors to whom lands have been pledged (without possession given) as security for repayment; thirdly,* to decrees of court; and *fourthly,* to bond debts.

Rule 15.—Applications by the manager, under section 16 of the Act, for the removal of a mortgagee or conditional vendee from possession, shall not be made without the sanction of the Commissioner.

Rule 16.—The power to lease under section 17 of the Act shall be subject to the following provision:—No lease shall be given for any term exceeding three years without the sanction of the Deputy Commissioner, or exceeding four years, without the sanction of the Commissioner.

A. P. MacDonnell,
Secretary to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 1486A.

The 11th March 1885.—The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Hari Pada Banerjee of his appointment of Honorary Magistrate of the Bhola Bench, in the district of Backergunge, and appoints Baboo Pran Chaitanya Ghose to be an Honorary Magistrate in his place. Baboo Pran Chaitanya Ghose is vested with the powers of a Magistrate of the third class.

The 13th March 1885.—Mr. W. B. Martin, Deputy Magistrate and Deputy Collector, Gopalgunge, Sarun, is vested with the powers of a Magistrate of the first class, and with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Baboo Kalipudo Ghose, Officiating Additional Munsif of Dacca, is appointed to act, until further orders, as a Munsif in the district of Bhagulpore, to be ordinarily stationed at Monghyr.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Independent Bench at Bussirhaut, in the district of the 24-Pergunnahs, and are vested with the powers of a Magistrate of the third class:—

Baboo Jogendro Nath Mookerjee. | Baboo Satoonath Mookerjee.
Baboo Jodunath Bosu.

The 16th March 1885.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Bench at Magoorah, in the district of Jessore, and are vested with the powers of a Magistrate of the third class:—

Baboo Rash Behary Pal.	Baboo Manmatha Nath Basu, B.A.
,, Kali Prosunna Dey.	,, Indu Bhusan Bose.
,, Rakhyakar Moitra.	,, Akrur Chandra Sikdar.

The 17th March 1885.—Baboo Brojo Behari Shome, Munsif of Comillah, Tipperah, is appointed to act as Subordinate Judge of that district, during the absence, on leave, of Baboo Kali Das Dutt, or until further orders, with effect from the date on which he joined his appointment.

Baboo Radha Madhub Bose, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Cutwa sub-division of the Burdwan district, is vested with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Baboo Aswini Kumar Basu, B.L., is appointed to act as a Munsif in the district of Dacca, to be ordinarily stationed at Moonshigunge, during the absence, on deputation, of Baboo Chunder Mohun Mookerjee, or until further orders, with effect from the date on which he joined his appointment.

[*Government Gazette, 24th March* 1885.]

১৪ ধারা।—আইনের ১১ ধারায় যে পাণ্ডুলিপির কথা আছে, কার্য্যাধ্যক্ষ ডেপুটী কমিশ্যনরের দ্বারা তাহা অর্পণ করিবেন। ডেপুটী কমিশ্যনর তাহার সহিত আপনার মত লিখিয়া কমিশনর সাহেবের নিকট পাঠাইবেন। কার্য্যাধ্যক্ষ যে ক্রমানুসারে স্বীকৃত সকল ঋণ শোধ করিতে প্রস্তাব করেন তাহা ঐ পাণ্ডুলিপিতে লিখিয়া দিবেন। ঋণ শোধ করণের ক্রম নিরূপণ করিতে গেলে যে বন্ধকগ্রহীতা ও কটকবালাদারদিগকে অধিকার হইতে অবসর করা গেল, কার্য্যাধ্যক্ষ সাধ্যমতে প্রথম তাঁহাদের ঐ দাওয়া ও দ্বিতীয়তঃ দখল না দিয়া যে মহাজনদের নিকট ঋণ শোধ করিবার প্রতিভূস্বরূপ ভূমি বন্ধক রাখা গিয়াছে তাঁহাদের দাওয়া তৃতীয়তঃ আদালতের ডিক্রী ও চতুর্থতঃ অন্যের ঋণ অগ্রগণ্য করিবেন।

১৫ ধারা।—কার্য্যাধ্যক্ষ আইনের ১৬ ধারামতে বন্ধকগ্রহীতাকে কি কটকবালাদারকে অধিকার হইতে অবসর করিতে প্রার্থনা করিলে কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা ঐ প্রার্থনা করিবেন না।

১৬ ধারা।—আইনের ১৭ ধারামতে পাট্টা দিবার যে ক্ষমতা আছে তৎসম্পর্কে এই বিধান মানিতে হইবে,—ডেপুটী কমিশ্যনরের অনুমতি বিনা তিন বৎসরের অধিক ও কমিশ্যনর সাহেবের অনুমতি বিনা চারি বৎসরের অধিক কোন মিয়াদের পাট্টা দিতে হইবে না।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

১৪৮৬ এ নম্বর।

১৮৮৫ সাল ১১ মার্চ্চ।—শ্রীযুত বাবু হরিপদ বন্দ্যোপাধ্যায় বাখরগঞ্জ জিলার অন্তর্গত ভোলাবেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট স্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিয়া তাঁহার স্থানে শ্রীযুত বাবু প্রাণচৈতন্য ঘোষকে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত করিলেন। শ্রীযুত বাবু প্রাণচৈতন্য ঘোষ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ১১ মার্চ্চ।—ফরিদপুরের অন্তর্গত গোপালগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ, বি, মার্টিন সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

ঢাকার একটিং আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু কালীপদ ঘোষ যাবৎ অন্য আজ্ঞা না হয় ভাগলপুর জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ মুঙ্গেরে অবস্থাপিত হইবেন।

নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত বশিরহাট স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।—

শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায়।	শ্রীযুত বাবু সাতুনাথ মুখোপাধ্যায়।

শ্রীযুত বাবু রঘুনাথ বসু।

১৮৮৫ সাল ১৬ মার্চ্চ।—নিম্নলিখিত মহাশয়েরা যশোহর জিলার অন্তর্গত মাগুরা বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।—

শ্রীযুত বাবু রাসবিহারী পাল।	শ্রীযুত বাবু মন্মথনাথ বসু, বি, এ।
„ বাবু কালীপ্রসন্ন দে।	„ বাবু ইন্দুভূষণ বসু।
„ বাবু রত্নাকর মৈত্র।	„ অক্রূরচন্দ্র শীকদার।

১৮৮৫ সাল ১১ মার্চ্চ।—শ্রীযুত বাবু কালিদাস মল্লের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ত্রিপুরার অন্তর্গত কমিল্লার মুনসেফ শ্রীযুত বাবু ব্রজবিহারী সোম স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি সেই জিলার সবাডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বর্দ্ধমান জিলার অন্তর্গত কাল্‌না মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মাধবচন্দ্র বসু ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু চন্দ্রমোহন মুখোপাধ্যায়ের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু অশ্বিনীকুমার বসু, বি, এল, ঢাকা জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি সামান্যতঃ মুনশীগঞ্জে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ মার্চ্চ।]

This cancels the order of the 27th January last, appointing Baboo Krishna Prosad Chaudhuri to be Munsif of Moonshigunge in Dacca.

LEAVE OF ABSENCE TO MUNSIFS.—*The 11th March* 1885.—Baboo Nund Lall Koondoo, Additional Munsif of Chandpore, in the district of Tipperah, is allowed leave for one month and seven days, under section 73, rule 1, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him on the 28th January 1885.

The 16th March 1885.—Baboo Devendro Chandra Mukerjee, Second Munsif of Gya, is allowed leave for 2 months and 15 days, under rule 2, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the 16th of April 1885.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th March 1885.—The man described in the roll below having been convicted, under section 161 of the Indian Penal Code, of taking illegal gratifications while employed as an acting Mohurir in the Registration Office at Motihari, in the district of Chumparun, has been dismissed from the service of Government, and is hereby declared disqualified for future employment under Government in any capacity.

Descriptive roll.

Name ...	...	...	...	Audh Behari Sarun.
Father's name	...	...	...	Peary Lal.
Caste ...	...	...	...	Kayestha.
Age ...	...	...	...	25 years.
Height	...	...	...	5 feet 8½ inches.
Native place	...	...	...	Mouzah Mastichak, district Sarun

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16th March 1885.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons as Qazis), the Lieutenant-Governor has been pleased to grant sanads (licenses) to the undermentioned gentlemen appointing them Qazis of the thanas or outpost, in the Mymensingh district, specified against their respective names for the celebration of marriages and the performance of other rites and ceremonies, when application is made to them to perform any such functions.—

Moulvi Mahammad Ali, Katwali, exclusive of Muktagacha.
Altaf Ali, Muktagacha outpost.
Mahammed Mehdi, Isshorganj.
Afsar Ali, Tanguil.
Khaliluddin, Pingna.
Hamiduddin Ahmad, Sherpore.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal

NOTICE.

The 16th March 1885.—It is hereby notified for general information that the provisions of Act II (B.C.) of 1867 (entitled an Act for the punishment of public gambling and the keeping of common gaming houses) are extended to the town of Motihari, in the district of Chumparun, the boundaries of which are mentioned below:—

North and West.—Chaker road, which joins the Adapur road, Adapur road, village road to Baejariah Toleh, and Turcowliah road passing round and to the west of the new jail leading to Gobindgunge.

[*Government Gazette*, 24*th March* 1885.]

শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ চৌধুরীকে ঢাকার অন্তর্গত মুনশীগঞ্জের মুনসেফের পদে নিযুক্ত করণ বিষয়ক গত জানুয়ারি মাসের ২৭ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

মুনসেফদের ছুটী।—১৮৮৫ সাল ১১ মার্চ।—ত্রিপুরা জিলার অন্তর্গত চাঁদপুরের আডিশ্যনেল মুনসেফ শ্রীযুত বাবু নন্দলাল কুণ্ডু ১৮৮৫ সালের ২৮ জানুয়ারি তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারার ১ প্রকরণমতে এক মাস সাত দিনের ছুটী পাইলেন।

১৮৮৫ সাল ১৬ মার্চ।—গয়ার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রেন্দ্র মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারার ২ প্রকরণমতে ১৮৮৫ সালের ১৬ আপ্রিল অবধি দুই মাস পনের দিনের ছুটী পাইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ মার্চ।—নিম্নলিখিত বর্ণনাপত্রের লিখিত ব্যক্তি চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারীর রেজিষ্টরী আফিসে মহুরী স্বরূপ নিযুক্ত থাকন কালে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬১ ধারামতে বেআইনীমতে পারিতোষিক গ্রহণের অপরাধের অপরাধী প্রমাণ হওয়াতে গবর্ণমেণ্টের কর্ম্মচ্যুত হইয়াছে। সে আর কখন কোনরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম পাইতে পারিবে না বলিয়া এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

বর্ণনাপত্র।

নাম	শ্রীরুধবিহারী সরণ।
পিতার নাম	প্যারীলাল।
জাতি	কায়স্থ।
বয়স	২৫ বৎসর।
উচ্চতা	৫ ফুট ৮ ইঞ্চি।
বাসস্থান	সারণ জিলার অন্তর্গত মৌজা মল্লিচক।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ৩ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে নিম্নলিখিত মহাশয়দের প্রত্যেক জনের নামের পার্শ্বলিখিত ময়মনসিংহ জিলার অন্তর্গত প্রত্যেক থানায় না ফাঁড়িতে কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাদিগকে সনন্দ (লাইসেন্স) দিলেন। তাঁহাদের নিকট বিবাহ ও অন্য কোনং ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তাঁহারা উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।—

মুক্তাগাছা ভিন্ন কোতওয়ালীতে শ্রীযুত মৌলবী মহম্মদ আলি।
মুক্তাগাছা ফাঁড়িতে শ্রীযুত আশরফ আলি।
ঈশ্বরগঞ্জে শ্রীযুত মহম্মদ মেহদি।
তাড়াইলে শ্রীযুত আফসর আলি।
পিঙ্গনায় শ্রীযুত খলিলুদ্দীন।
শেরপুরে শ্রীযুত হামিদুদ্দীন আহম্মদ।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৩ মার্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ডবিধায়ক ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের বিধান চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারী নগরে প্রচলিত করা গেল। তাহার সীমা এইং।—

উত্তর ও পশ্চিম সীমা।—আদাপুর পথ সংযোগকারি চকের পথ, আদাপুর পথ, বাল্লারিয়া টোলে পর্য্যন্ত গ্রাম্যপথ এবং নূতন জেলের পশ্চিমদিক দিয়া ঘুরিয়া গোবিন্দগঞ্জে যাইবার তর্কৌলিয়া পথ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ মার্চ।]

South.—Old road to Gobindgunge from Kurwa bridge joining the Turcowliah road.
East.—The village Patowra, the lake, and the road leading to Kooseriah.
This notification will have effect from the 1st April 1885.

J. WARE EDGAR,
Offg Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 16th March 1885.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for jail purposes in the village of Chandowti, pergunnah Puhra, zillah Gya, it is hereby declared that for the above purposes, a piece of land measuring, more or less, 100 beegahs 8 cottahs 15 chitttacks of standard measurement, bounded on the north by a branch road to the road of Sherghotty, on the west by the Dobhi road, and on the south and east by the valley and the hills of Gowbachha, is required within the aforesaid village of Chandowti, pergunnah Puhra.

This declaration is made under the provisions of section 6 of Act X of 1870 to all whom it may concern.

J. WARE EDGAR,
Offg. Secy to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

The 13th March 1885.

No 94.—The Lieutenant-Governor is pleased to make the following appointments :—

Name.	Rank.	
Mr. C. E. Livesay ...	Executive Engineer, 2nd grade	To be Executive Engineer, Cossye Division
,, C. Taylor ...	Ditto ditto, 3rd do. ...	Ditto ditto, Brahmini-Byturni Division.

No. 95. *Transfer.*—Mr. C. J. K. Watson, Executive Engineer, fourth grade, is transferred in the interests of the public service from the Pooree Division to the Acquapada-Jajipore sub-division of the Brahmini-Byturni Division.

The 16th March 1885.

No. 96.—Major A. D. McArthur, R.E., Executive Engineer, first grade, Cossye Division is appointed to officiate as Under-Secretary in this department, during the absence of Mr. C. W. Odling, or until further orders.

No. 97.—Mr. C. A. White, Assistant Engineer, first grade, Arrah Division, passed the lower standard examination in Hindustani on the 3rd November 1884.

S. TREVOR, *Col.*, R. E.,
Secretary to the Govt. of Bengal, P. W. Dept

[*Government Gazette*, 24*th March* 1885.]

দক্ষিণ সীমা।—করওয়া সেতু হইতে তার্কালিয়া পথ সংযোগকারি গোবিন্দগঞ্জে যাইবার পুরাতন পথ।

পূর্ব্বসীমা।—পাতোরা গ্রাম, হুদ, ও কীসেরিয়ায় যাইবার পথ।

১৮৮৫ সালের ১ এপ্রিল অবধি এই বিজ্ঞাপন বলবৎ হইবে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৬ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গয়া জিলার অন্তর্গত পহরা পরগনার, চাঁদৌতি গ্রামে জেলের কার্য্যের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত পহরা পরগনার চাঁদৌতিগ্রামে কম্তিমতে ন্যূন কল্পে ১০০ বিঘা ৩ কাঠা ৸৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা সেরগাটী পথের শাখা পথ, পশ্চিম সীমা বোধি পথ, দক্ষিণ ও পূর্ব্ব সীমা উপত্যকা ও গোবাছা পাহাড়।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ১৩ মার্চ্চ।

৯৪ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত নিয়োগ করিলেন।—

নাম।	পদ।	
শ্রীযুত সি. ই, লাকিবলে সাহেব..	দ্বিতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র...	কাঁসাই খণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়র হইবেন।
,, সি, টেলর সাহেব ..	তৃতীয় ঐ ঐ	ব্রাহ্মণী খণ্ডের ঐ ঐ

৯৫ নম্বর।—স্থানান্তরে প্রেরণ—চতুর্থ শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, জে, কে, ওয়াটসন সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে পুরীখণ্ড হইতে ব্রাহ্মণী বৈতরণী খণ্ডের অন্তর্গত একরোপানা খাজিপুর উপ খণ্ডে প্রেরিত হইলেন।

১৮৮৫ সাল ১৬ মার্চ্চ।

৯৬ নম্বর।—শ্রীযুত সি. ডবলিউ, ওডালিং সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, কাঁসাই খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত এ, ডি, ম কার্থর সাহেব আর, ই, এই ডিপার্টমেণ্টে ছোট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

৯৭ নম্বর।—আরা খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত সি, এ, ওয়াইট সাহেব ১৮৮৪ সালের ৩ নবেম্বরে নিম্নতর কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ মার্চ্চ।]

The 16th March 1885.

No. 99.—*Notification.*—Mr. F. Rawson, Deputy Examiner, second grade, passed the departmental standard examination in Hindustani on the 5th instant.

No. 101.—*Notification.*—It is hereby notified that the Declaration No. 246, dated 3rd July 1883, published at page 582 of the *Calcutta Gazette* of the 4th idem, relative to the acquisition of land for a dàk bungalow at Goalundo, in the district of Furreedpore, is cancelled.

No. 103.—*Posting.*—With reference to Government of India, Public Works Department, Notification No. 76 of the 11th instant, Mr. J. Manson, Assistant Engineer, first grade, is posted to the Tirhoot State Ràilway.

CIVIL BUILDINGS.

The 16th March 1885.

No. 105.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz., for the construction of sub-divisional buildings in the village of Nischintapur, pergunnah Salbari, zillah Dinagepore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 30 beeghas 11 cottahs in area, bounded on the north by the Tangan river, on the south by the Government land occupied by the police station, on the east by the Darjeeling road, and on the west by the Tangan river, is required within the aforesaid village of Nischintapur.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

IRRIGATION.

The 16th March 1885.

No. 106.—Notice is hereby given that the Lieutenant-Governor of Bengal proposes, under the powers conferred on him by sections XI and XII of Act V (B.C.) of 1864 (the Canals Act), to make the following alterations in the rules having reference to the undermentioned navigable channels:—

1. The river Bhagiruthee throughout its whole course, from the Ganges to Nuddea, or to its junction with the Hooghly.
2. The river Hooghly, from Nuddea to its junction with the river Matabhanga.
3. The river Jellinghee, from the Ganges to Nuddea.
4. The river Bhoyrub, from the Ganges to Nuddea.
5. The river Matabhanga from the Ganges to its junction with the Hooghly.
6. Such portions of the river Ganges as may be within 5 miles of the entrance for the time being of the Bhagiruthee, the Bhyrub, the Jellinghee and the Matabhanga rivers, respectively, which were passed in Notification No. 175, dated the 30th July 1879, and published in Part I of the *Calcutta Gazette* of that date, pages 783 to 789.

For the 1st paragraph of rule II, substitute the following:—

The tonnage of every vessel shall for the purpose of the Canals Act, 1864, and of these rules be determined by the following measurements.

Add to rule II as clause (*d*) —In the case of steamers, the tonnage as determined by clauses *a*, *b* and *c* shall be reduced by one-half as an allowance for engine and cabin space.

Rules 3 and 4 will be abolished.

J. M. MCNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette*, 24*th March* 1885.]

১৮৮৫ সাল ১৬ মার্চ।

৯৯ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর ডেপুটী এক্সামিনর শ্রীযুক্ত এফ, রামন সাহেব এই মাসের ৫ তারিখে কার্য্যবিভাগ সম্পর্কীয় কমিটিতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

১০১ নম্বর।—বিজ্ঞাপন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ফরীদপুর জিলার অন্তর্গত গোয়ালন্দে ডাক বাঙ্গলা ঘর করিবার জন্য ভূমি গ্রহণার্থ ১৮৮৩ সালের ৩ জুলাই তারিখের ২৪৬ নং যে বিজ্ঞাপন ঐ মাসের ১০ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৩৩৪ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে তাহা রহিত করা গেল।

১০৩ নম্বর।—অবস্থিতির কথা।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এই মাসের ১১ তারিখের ৭৬ নং বিজ্ঞাপনোপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে মান্সন সাহেব ত্রিহুত ষ্টেট রেলওয়েতে অবস্থাপিত হইলেন।

সিবিল অট্টালিকা বিষয়।

১৮৮৫ সাল ১৬ মার্চ।

১০৫ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দিনাজপুর জিলার অন্তর্গত সাল বাড় পরগনার নিশ্চিন্তপুর গ্রামে মহকুমার বাড়ী প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নিশ্চিন্তপুর গ্রামে ন্যূনাধিক ৩০।।৩ পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা তাঙ্গন নদী, দক্ষিণ সীমা পোলীস থানার অধিকৃত গবর্ণমেণ্টের জমি পূর্ব্ব সীমা দার্জিলিঙ্গের পথ এবং পশ্চিম সীমা তাঙ্গন নদী।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এস. টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন বিষয়ক।

১৮৮৫ সাল ১৬ মার্চ।

১০৭ নম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি খাল বিষয়ক ১৮৬৪ সালের বঙ্গীয় ৫ আইনের ১১ ও ১২ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি পশ্চাৎ লিখিত নৌকাগম্য খাল সম্পর্কীয় বিধির নিম্নলিখিত পরিবর্ত্তন করিবার প্রস্তাব করিলেন।

১। ভাগিরথী নদী, গঙ্গা অবধি নদীয়া পর্য্যন্ত সমুদয় জলপথে অর্থাৎ হুগলী নদীর সহিত তাহার সংযোগ স্থান পর্য্যন্ত।

২। হুগলী নদী, নদীয়া অবধি মাতাভাঙ্গা নদীর সহিত তাহার সংযোগ স্থান পর্য্যন্ত।

৩। জলঙ্গী, গঙ্গা অবধি নদীয়া পর্য্যন্ত।

৪। ভৈরব নদ, গঙ্গা অবধি নদীয়া পর্য্যন্ত।

৫। মাতাভাঙ্গা নদী, গঙ্গা অবধি হুগলী নদীর সহিত তাহার সংযোগ স্থান পর্য্যন্ত।

৬। গঙ্গা নদীর যে অংশ সময়ক্রমে ভাগিরথী ও ভৈরব ও জলঙ্গী ও মাতাভাঙ্গা নদীর প্রবেশ স্থানে ৫ মাইলের মধ্যে থাকে সেই অংশ। উক্ত বিধি ১৮৭৯ সালের জুলাই মাসের ৩০ তারিখের ১৭৫ নং বিজ্ঞাপনক্রমে অনুমোদিত হইয়া ঐ সালের ৭ অক্টোবরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৯১৩ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছে।

উক্ত বিধির ২ ধারার প্রথম দফার পরিবর্ত্তে নিম্নলিখিত দফা দিতে হইবে।—

খালবিষয়ক ১৮৬৪ সালের আইনের ও এতদ্ বিধির কার্য্য পক্ষে নৌকাতে যত মণ মাল থাকে তাহা নিম্নলিখিতমতে মাপ করিয়া নির্ণয় করা যাইবে।

উক্ত বিধির ২ ধারার (ঘ)—প্রকরণ বলিয়া এই প্রকরণ যোগ করিতে হইবে—ষ্টীমর হইলে ক, খ ও গ প্রকরণমতে যত মণ মাল থাকে বলিয়া নির্ণয় করা যায়, এঞ্জিনের ও কাবানের স্থানের নিমিত্তে বাদ দিয়া তাহার অর্দ্ধেক মাপ ধরিতে হইবে।

বিধির ৩ ও ৪ ধারা উঠাইয়া দিতে হইবে।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৪ মার্চ।]

The 16th March 1885.

No. 107.—*Leave.*—Major F. W. Joseph, B.S.C., Executive Engineer, first grade, Burdwan Division, is granted privilege leave for two months and twenty-eight days, under section 74 of the Civil Leave Code, with effect from the 27th April 1885, or such subsequent date as he may avail himself of it.

No. 108.—*Appointment.*—Mr. O. Hœrnle, at present on special duty, is appointed to be Executive Engineer of the Burdwan Division, during the absence, on leave, of Major F. W. Joseph, B.S.C., or until further orders.

The 17th March 1885.

No. 109.—*Leave.*—Mr. L. R. Fraser, Assistant Engineer, first grade, Hazaribagh Division, is granted privilege leave for two months, under section 74 of the Civil Leave Code, with effect from the 6th April 1885, or such subsequent date as he may avail himself of it.

No. 110.—Baboo Krishna Chundra Bandopadhya, Assistant Engineer, first grade, Patna Division, is granted leave on medical certificate for three months, with effect from the 26th ultimo.

RAILWAY.

The 17th March 1885.

No. 111.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for approaches to the Gunduk bridge, Tirhoot State Railway, in the villages named below,* pergunnah Kasmur, zillah Saran, it is hereby declared that for the above purpose a strip of land measuring 1 mile and 1,520 feet long, and varying in breadth from 144 feet to 770 feet, more or less—

* Bagh Mirzaadil, Sonepur, Sonepuradam, Jehangirpur, and Syedpurrangan *alias* Barahbatta.

is required within the aforesaid villages of Baga Mirzaadil, Sonepur, Sonepuradam, Jehangirpur, and Barahbatta.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

This declaration is published in modification of No. 67, published at page 281 of the *Calcutta Gazette* of the 6th February 1881, Part I.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

১৮৮৫ সাল ১৬ মার্চ্চ।

১০৭ নম্বর।—ছুটী।—বর্দ্ধমান খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত এফ, ডবলিউ, জোসেফ সাহেব, বো, এস, সি, ১৮৮৫ সালের ২১ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭৪ ধারামতে দুই মাস আটাইশ দিনের ছুটী পাইলেন।

১০৮ নম্বর।—নিয়োগ।—মেজর শ্রীযুত এফ, ডবলিউ, জোসেফ বো, এস, সি, সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, সম্প্রতি বিশেষ কার্য্যে নিযুক্ত শ্রীযুত এ, হেরনৃলী সাহেব বর্দ্ধমান খণ্ডে একসেকিউটিব ইঞ্জিনিয়েরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ২৭ মার্চ্চ।

১০৯ নম্বর।—ছুটী।—হাজারীবাগ খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এস, আর, সেসর সাহেব ১৮৮৫ সালের ৬ আপ্রিল অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭৪ ধারামতে দুই মাসের অনুগ্রহের ছুটী পাইলেন।

১১০ নম্বর।—পাটনা খণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, চিকিৎসকের সর্টিফিকেটক্রমে গত মাসের ২৬ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

রেলওয়ে বিষয়ক।

১৮৮৫ সাল ১৭ মার্চ্চ।

১১১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যে নিমিত্তে অর্থাৎ সারণ জিলার অন্তর্গত কাসমর পরগনার বাথ মির্জ্জাদিল, সোনপুর, সোনপুরাদম, জেহাঙ্গিরপুর ও (সৈয়দপুরগুন বা) বড়বট্ট গ্রামে ত্রিহুত ষ্টেট রেলওয়ের গণ্ডক সেতুতে যাইবার পথের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কএক গ্রামে ন্যূনাধিক ১ মাইল ১,৩২০ ফুট দীর্ঘ ও ১৪৪ অবধি ৬৭০ ফুট পর্য্যন্ত প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

১৮৮৪ সালের ফেব্রুয়ারি মাসের ১২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১৫৭ পৃষ্ঠায় প্রকাশিত ৬৭ নং বিজ্ঞাপনের পরিবর্ত্তে এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই.
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ২৪ মার্চ্চ।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৫ সালের ৬ ফেব্রুয়ারি তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করায়, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।—

১৮৮৫ সালের ৫ আইন।

ভারতবর্ষের বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইন সংশোধনার্থ আইন।

ভারতবর্ষের বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইন পশ্চাল্লিখিত প্রকারে সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা গেল।—

ভারতবর্ষের বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৪২ ধারা সংশোধনের কথা।

১ ধারা। উক্ত আইনের ৪২ ধারায় "ও সেই বিধি যে বন্দর সম্পর্কীয় হয়, সেই বন্দরের রক্ষক সাহেবের আফিসের কোন প্রকাশ স্থানে, ও এই আইনের অধীন বন্দরে কষ্টম হৌস থাকিলে সেই কষ্টম হৌসের কোন প্রকাশ স্থানে" এই২ কথার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত কথা দিতে হইবে, যথা,—"সেই বিধি যে বন্দর সম্পর্কীয় হয়, সেই বন্দরের রক্ষক সাহেবের আফিসের কোন সুপ্রকাশ স্থানে ও সেই বন্দরে কষ্টম হৌস থাকিলে সেই কষ্টম হৌসে।"

ঐ আইনের ৪৭ ধারায় যোগ করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ৪৭ ধারার চতুর্থ দফায় নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে, যথা,—"পূর্ব্বোক্ত খরচের মধ্যে ঐ বন্দরে এই আইনমতে যে ব্যক্তিরা কর্ম্মে নিযুক্ত হইয়া থাকেন, তাঁহাদিগের পেন্‌শ্যান, বৃত্তি ও পারিতোষিক বা ঐ পেন্‌শ্যান, বৃত্তি ও পারিতোষিকের যে অংশ স্থানীয় গবর্ণমেণ্ট বিধি প্রণয়ন করিয়া নিরূপণ করেন তাহাও ধরিতে হইবে।"

ঐ ধারায় আরও যোগ করিবার কথা।

৩ ধারা। ঐ ধারার পঞ্চম দফার পর নিম্নলিখিত কথা সন্নিবেশ করিতে হইবে ও উহা উক্ত আইন যে তারিখে বলবৎ হয় সেই তারিখ অবধি সন্নিবিষ্ট হইয়াছে জ্ঞান করিতে হইবে, যথা,—"স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক কোন বন্দরের কর্ত্তৃপক্ষেরা সময়ে২ ঐ বন্দরের পোর্টফণ্ডের খাতাহইতে ৬০ ধারার উল্লিখিত সকল কি কোন কার্য্যের নিমিত্তে চাঁদাস্বরূপ টাকা দিতে পারিবেন।

"তদ্রূপে প্রদত্ত টাকা স্থানীয় গবর্ণমেণ্ট যদি ও যত কাল তদ্রূপ আদেশ করেন, তবে ও তত কাল ঐ বন্দরে ৫৯ ধারামতে ধার্য্য হাঁস্পাতালের বন্দরীয় মাসুলের পরিবর্ত্তে হইবে।"

ঐ আইনের ৫৯ ধারার ৩ দফায় যোগ করিবার কথা।

৪ ধারা। উক্ত আইনের ৫৯ ধারার তৃতীয় দফায় পশ্চাল্লিখিত কথা যোগ করিতে হইবে, যথা, "স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া তদ্রূপ কোন আজ্ঞা রহিত করিতে পারিবেন।"

ঐ আইনের প্রথম তফসীলের ২ ভাগ সংশোধনের কথা।

৫ ধারা। উক্ত আইনের প্রথম তফসীলের ২ ভাগে কটকের অন্তর্গত বন্দর সমূহ বিষয়ক দফায় "এক২ শত মণ প্রতি ।৶০ ছয় আনার অধিক নয়" এই২ কথার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত কথা দিতে হইবে, যথা, "টন প্রতি ।০ আনার অধিক নয়।"

আর, জে, ক্রস্থোয়েট,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 24, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৪ মার্চ্চ।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

জিলা নদীয়া!—বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ—কাছারি কালেক্টরী জিলা নদীয়া।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা অনুসারে জিলা নদীয়ার তৌজির অন্তর্গত নিম্নলিখিত মহাল সকলের ১৮৮৫ সালের ১২ জানুয়ারি তারিখের প্রাপ্য মালগুজারি এবং অন্যান্য দাওয়া যাহা চলিত আইন ও অষ্ট অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৫ সালের ২৫শে মার্চ মোতাবেক ১২৯১ সালের ১২ই চৈত্র বুধবার এই জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক ইতি।

তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা।	লিখিত মালিকের নাম।	মোট সদর জমা।	বাকীর পরিমাণ।	মন্তব্য।
মধুবনিয় রেগুলর ও মুনিসিপল বেঞ্চে।

শ্রীযুত বাবু আশুতোষ মুখোপাধ্যায়। | শ্রীযুত মহম্মদ ওয়েজ।

শ্রীযুত মশক আলি।

১৮৮৫ সাল ২১ মার্চ।—শাহাবাদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ সেন দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটর ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ২৩ মার্চ।—জলপাইগুড়ির অন্তর্গত বক্সার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি, সণ্ডার সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

যশোহরের একটিং প্রথম সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু মাধবচন্দ্র চক্রবর্ত্তী সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে গত মাসের ১১ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইলেন।

বাখরগঞ্জের অন্তর্গত বরিশালের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু শরৎকুমার ঘোষাল মেদিনীপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ নেমালে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু শরৎকুমার ঘোষাল নেমালের খাজানার মোকদ্দমার বিচারার্থ মুনসেফের পদেও নিযুক্ত হইয়া উক্ত মুনসেফীর সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

মেদিনীপুরের অন্তর্গত নেমালের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু কালীচরণ ঘোষাল ত্রিপুরা জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ ব্রাহ্মণবেড়িয়ায় অবস্থাপিত হইবেন।

ত্রিপুরার অন্তর্গত ব্রাহ্মণবেড়িয়ার ছুটী প্রাপ্ত দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব দে, চট্টগ্রাম জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ ফটিকছেরিতে অবস্থাপিত হইবেন।

চট্টগ্রামের অন্তর্গত ফটিকছেরির মুনসেফ শ্রীযুত বাবু তারাচরণ সেন, ময়মনসিংহ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ জামালপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু তারাচরণ সেন, জামালপুর মুনসেফীর সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

ময়মনসিংহের অন্তর্গত জামালপুরের মুনসেফ শ্রীযুত বাবু দীনেশচন্দ্র রায় চট্টগ্রাম জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

চট্টগ্রামের মুনসেফ শ্রীযুত বাবু হরিশচন্দ্র সেন রঙ্গপুর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

রঙ্গপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু মন্মথনাথ চট্টোপাধ্যায় বর্দ্ধমান জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন॥

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ৩১ মার্চ।]

Baboo Monmatha Nath Chatterjee is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the limits of the sudder munsifi of Burdwan.

Baboo Mati Lal Singh, Third Munsif of Burdwan, is appointed to be a Munsif in the district of Cuttack, to be ordinarily stationed at the sudder station of that district.

Baboo Mati Lal Singh is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the limits of the sudder munsifi of Cuttack.

Baboo Hara Krishna Chatterjee, Munsif of Cuttack, is appointed to be a Munsif in the district of the 24-Pergunnahs, to be ordinarily stationed at Alipore.

Baboo Hara Krishna Chatterjee is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the limits of the Alipore Munsifi.

Baboo Mohun Chundra Ghose, Third Munsif of Alipore, in the 24-Pergunnahs district, is appointed to be a Munsif in the district of Backergunge, to be ordinarily stationed at Burrisal.

Baboo Chandra Prosanna Datta, First Munsif of Patna, is appointed to be a Munsif in the district of Tipperah, to be ordinarily stationed at Gouripore.

Munshi Mahomed Nurul Hossein, Second Munsif of Patna, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the limits of the Patna Munsifi (not including the Dinapore Cantonment).

Baboo Mohendro Nath Das, Additional Munsif of Gouripore, in Tipperah, is appointed to be a Munsif in Chota Nagpore, to be ordinarily stationed at Kharakdea.

Baboo Purna Chundra Ghose, Munsif of Kharakdea, in Chota Nagpore, is appointed to be a Munsif in the district of Patna, to be ordinarily stationed at the sudder station of that district.

Baboo Madan Gopal Singh, Temporary Sub-Deputy Collector, Deoghur, Sonthal Pergunnahs, is vested with the powers of a Magistrate of the third class.

Baboo Krishnendra Nath Sircar is appointed to be an Honorary Magistrate for the Bogra Bench, and is vested with the powers of a Magistrate of the third class.

The 24th March 1885.—Baboo Behari Lal Mitter, B.L., acted as a Munsif of Raneegunge, in the district of Burdwan, from the 5th to the 18th September 1884, both days inclusive.

Baboo Ramnarayan Sarkar, B.L., is appointed to act as a Munsif in the district of Mymensingh, to be ordinarily stationed at Hossainpore, during the absence, on leave, of Baboo Purna Chundra De, or until further orders, with effect from the date on which he joined his appointment.

Baboo Doorga Das Chowdhry, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is vested with the powers of a Magistrate of the first class.

Baboos Troyluckya Nath Mitter, L.L.D., and Khetter Mohun Bose are appointed to be Honorary Magistrates for the Serampore Municipal Bench, and are vested with the powers of a Magistrate of the third class.

Baboo Gopal Kristo Ghose, Munsif of Kurigram in Rungpore, is appointed to be a Munsif in the district of Cuttack, to be ordinarily stationed at Jajpore.

Baboo Gopal Kristo Ghose is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Jajpore Munsifi.

Baboo Prosonno Kumar Roy, Munsif of Jajpore in Cuttack on leave, is appointed to be a Munsif in the district of Rungpore, to be ordinarily stationed at Kurigram.

Baboo Kali Das Dutt, Subordinate Judge, Tipperah, is allowed leave for one month, under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 2nd ultimo.

The gentlemen named below are appointed to be Honorary Magistrates for the Jessore Bench, and are vested with the powers of a Magistrate of the third class :—

Baboo Bolo Hurry Ghose Chowdry.	Baboo Noruttum Ghose Chowdry.
,, Raghuttam Ghose Chowdry.	Roy Amulla Rutton.
Revd. Brojo Nath Banerjee.	Baboo Poresnath Mookerjea.

[*Government Gazette, 31st March* 1885.]

শ্রীযুত বাবু মন্মথনাথ চট্টোপাধ্যায় বর্দ্ধমানের সদর মুনসেফীর সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

বর্দ্ধমানের তৃতীয় মুনসেফ শ্রীযুত বাবু মতিলাল সিংহ কটক জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু মতিলাল সিংহ কটকের সদর মুনসেফীর সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

কটকের মুনসেফ শ্রীযুত বাবু হরাকৃষ্ণ চট্টোপাধ্যায় ২৪ পরগনা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ আলিপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু হরাকৃষ্ণ চট্টোপাধ্যায় আলিপুরের মুনসেফীর সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত আলিপুরের তৃতীয় মুনসেফ শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ, বাখরগঞ্জ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বরিশালে অবস্থাপিত হইবেন।

পাটনার প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত ত্রিপুরা জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ গৌরীপুরে অবস্থাপিত হইবেন।

পাটনার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত মুনশী মহম্মদ নুরল হুসেন (দানাপুর সেনানিবেশ ভিন্ন) পাটনার মুনসেফী সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থ ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

ত্রিপুরার অন্তর্গত গৌরীপুরের অফিশিয়েটিং মুন্সেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ দাস ছোট নাগপুরে মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ খড়কদিয়ায় অবস্থাপিত হইবেন

ছোট নাগপুরের অন্তর্গত খড়কদিয়ার মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র ঘোষ পাটনা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত দেওঘরের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মদনগোপাল সিংহ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু কৃষ্ণেন্দ্রনাথ সরকার বগুড়া বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৫ সাল ২৪ মার্চ।—শ্রীযুত বাবু বিহারীলাল মিত্র, বি, এল, ১৮৮৪ সালের সেপ্টেম্বর মাসের ৫ তারিখ অবধি ১৮ তারিখ পর্য্যন্ত বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জের মুনসেফের কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র দের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু রামনারায়ণ সরকার বি, এল, ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি সামান্যতঃ হুসেনপুরে অবস্থাপিত হইবেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাদাস চৌধুরী প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র, এম, এল, ডি, ও শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন বসু শ্রীরামপুর মুনিসিপল বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

রঙ্গপুরের অন্তর্গত কুড়িগ্রামের মুনসেফ শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ ঘোষ কটক জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ যাজপুরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ ঘোষ যাজপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

কটকের অন্তর্গত যাজপুরের ছুটী প্রাপ্ত মুনসেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার রায় রঙ্গপুর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ কুড়িগ্রামে অবস্থাপিত হইবেন।

ত্রিপুরার সব-জিনেট জজ শ্রীযুত বাবু কালিদাস দত্ত গত মাসের ২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণ মতে এক মাসের ছুটী পাইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা যশোহর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।—

শ্রীযুত বাবু বলহরি ঘোষ চৌধুরী।	শ্রীযুত বাবু নরোত্তম ঘোষ চৌধুরী।
,, বাবু রঘূত্তম ঘোষ চৌধুরী।	,, রায় অমূল্য রতন।
পাদরি শ্রীযুত ব্রজনাথ বন্দ্যোপাধ্যায়।	,, বাবু পরেশনাথ মুখোপাধ্যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩১ মার্চ।]

The following gentlemen, who have, under separate orders of this date, been appointed to act as Deputy Magistrates and Deputy Collectors in the districts mentioned opposite their names, are vested with the powers of a Magistrate of the third class :—

Baboo Bhupati Chuckerbutty, M.A., B.L. ...	Tipperah.
" Nagendra Nath Ghose, M.A. ...	Rajshahye.
" Krishna Kali Mookerjee, B.A. ...	Jessore.
" Satis Chandra Bose, B.A. ...	Sarun.
Mr. A. L. McGavin. ...	Monghyr.
Baboo Basanta Krishna Bose, B.A. ...	Bankoora.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th March 1885.—It is hereby notified that the Lieutenant-Governor sanctions the extension of the provisions of section 34 of Act V of 1861 to the town of Contai and its surrounding villages, named below, in the district of Midnapore :—

Paschim Kuarpur.	Bhugabanpore.
Purvakuarpur.	Dorna.
Astulaguri.	Khagrabani.
Karkuly.	Haripore.
Manchur Chuck.	Khurki.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th March 1885.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons as Qazis), the Lieutenant-Governor has been pleased to grant sanads (licenses) to the undermentioned gentlemen appointing them Qazis of the thanas or outpost, in the Rungpore district, specified against their respective names for the celebration of marriages and the performance of other rites and ceromonies, when application is made to them to perform any such functions :—

Moulvie Syad Nurali ...	Mahiganj.
Fazlar Rahaman	Nisbatgunj, Badurganj and Kaliganj.
Shah Abourrunf ...	Sundurgunj.
Qazi Rajab Ali	Sadullahpore.
Zainuddin Ahammad ...	Bhuvanigunj.
Sadat Ali	Govindganj.
Hafizuddin Ahmad ...	Ulipore.
Altaful Huq	Phulkhmar outpost.
Moulvie Gumanuddin ...	Mittapookoor.
" Zemiruddin ...	Dimla.
" Abdul Kader ...	Barabari.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18th March 1885.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons as Qazis), the Lieutenant-Governor has been pleased to grant sanads (licenses)

অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে আপনং নামের পার্শ্ব লিখিত জিলায় ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত নিম্নলিখিত মহাশয়েরা তৃতীয় শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা পাইলেন।—

শ্রীযুত বাবু ভূপতি চক্রবর্ত্তী, এম, এ, বি, এল, ... ত্রিপুরা।
,, বাবু নগেন্দ্রনাথ ঘোষ এম, এ, ... রাজশাহী।
,, বাবু কৃষ্ণকালী মুখোপাধ্যায়, বি, এ, ... যশোহর।
,, বাবু সতীশচন্দ্র বসু, বি, এ, ... সারণ।
,, এ, এল, মাকুগবিন সাহেব, ... মুঙ্গের।
,, বাবু বসন্তকৃষ্ণ বসু, বি, এ, ... বাঁকুড়া।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৮ মার্চ্চ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথিনগরে ও নিম্নলিখিত তৎচতুঃপার্শ্বস্থ গ্রামে ১৮৭১ সালের ৫ আইনের ২৪ ধারার বিধান প্রচলিত হইবার আদেশ করিলেন।—

পশ্চিমে কুমারপুর। | ভগবানপুর।
পশ্চিম মুরারিপুর। | দেপাল।
অন্তুলগড়ি। | খাগড়াবনি।
কাকুলী। | ফরিদপুর।
মধ্যচক। | খড়কী।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৮ মার্চ্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে নিম্নলিখিত মহাশয়দের প্রত্যেক জনের নামের পার্শ্বলিখিত রঙ্গপুর জিলার অন্তর্গত কএক থানায় বা ফাঁড়িতে কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাদিগকে সনন্দ (লাইসেন্স) দিবেন। তাঁহাদের নিকট বিবাহ ও অন্য কোন ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তাঁহারা উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।—

শ্রীযুত মৌলবী সৈয়দ নুরালী ... ... মাহিগঞ্জ।
,, ফজলর রহমান ... ... নিসবৎগঞ্জ, বদরগঞ্জ, ও কালীগঞ্জ।
,, শাহআবদুর রৌফ ... ... সুন্দরগঞ্জ।
,, কাজি বুজর আলি ... ... সাদুল্লাপুর।
,, জৈনদ্দীন আহম্মদ ... ... ভবানীগঞ্জ।
,, সাদৎ আলি ... ... গোবিন্দগঞ্জ।
,, হাফিজুদ্দীন আহম্মদ ... ... অলিপুর।
,, আমতা ফল হক ... ... ফলগমার ফাঁড়ি।
,, মৌলবী গুমানদ্দীন ... ... মিঠাপুকুর।
,, ,, জেমিরুদ্দীন ... ... ডিমলা।
,, ,, আবদুল কাদের ... ... বড়বাড়ী।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৮ মার্চ্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে নিম্নলিখিত মহাশয়দের প্রত্যেক জনের নামের পার্শ্বলিখিত

to the undermentioned gentlemen appointing them Qazis of the thanas, in the Dinagepore district, specified against their respective names for the celebration of marriages and the performance of other rites and ceremonies, when application is made to them to perform any such functions :—

Moulvie Mahammad Ali Khan ... Katwali and Rajarampore.
Fazlur Rahaman ... ... Thakurgaon and Ranisunkoil.
Nefatallah ... ... Kaligunj and Bunshihari.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 23rd March 1885.—The Lieutenant-Governor is pleased to declare that the outpost of Ghoria, in the district of Dinagepore, shall henceforth be called the Balliadangi outpost

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

The 21st March 1885.

No. 112 —Mr. F. M. S. Douglas, Executive Engineer, third grade, is granted furlough for one year on medical certificate, with effect from the 22nd instant, together with the necessary subsidiary leave.

The 24th March 1885.

No. 116.—*Notification.*—Mr. A. E. Silk, Assistant Engineer second grade, passed the colloquial examination in Hindustani on the 11th instant.

No. 117.—*Notification.*—Mr. A. Hayes. Executive Engineer, fourth grade, Aquapada Jajepore sub division, passed the higher standard examination in Uriya on the 6th January 1885.

IRRIGATION.

The 24th March 1885.

No. 118.—*Notification*—Notice is hereby given that the Lieutenant-Governor of Bengal proposes, under the provisions of section 6 of Act II (B.C.) of 1882, to declare that clause 6 of section 76 of that Act shall take effect over a tract of country extending for three miles from the right or north bank of Buxee khall, in pergunnah Mundulghat, in the district of Hooghly. The erection of any new embankment, or any addition to an existing embankment or the obstruction or diversion of any watercourse within the tract above defined, without the previous permission of the Collector, is prohibited.

J. M. MCNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal. P. W. Dept.

The 24th Mach 1885.

No 120—*Posting.*—Mr. J. P. Cleghorn, Assistant Engineer, first grade, is, on return from privilege leave, posted to the Akra Division.

No. 121.—The Lieutenant-Governor is pleased to make the following permanent promotion in the Engineer Establishment, with effect from the 10th February 1885 :—

Name	From	To
Mr. E. R. Gardiner	Assistant Engineer, second grade	Assistant Engineer, first grade.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette,* 31*st March* 1885.]

দিনাজপুর জিলার অন্তর্গত কএক থানার কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাদিগকে সনন্দ (লাইসেন্স) দিবেন। তাঁহাদের নিকট বিবাহ ও অন্য কোন২ ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তাঁহারা উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।—

শ্রীযুত মৌলবী মহম্মদ আলি খাঁ ...	... কোতওয়ালী ও রাজারামপুর।
„ ফজলর রহমান ...	... ঠাকুরগাঁ ও রাণীশঙ্কৈল।
„ মোফাজ্জল ...	... কালীগঞ্জ ও বংশীহারী।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২৩ মার্চ্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দিনাজপুর জিলার অন্তর্গত ঘোড়িয়া কাঁড়ি এই অবধি বাল্লাপাড়াঙ্গি ফাঁড়ি নামে খ্যাত হইবার আদেশ করিলেন।

জে. ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৫ সাল ২১ মার্চ্চ।

১১৫ নম্বর।—তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এম, এস, ডগলাস সাহেব চিকিৎসকের সার্টিফিকেটক্রমে এই মাসের ২২ তারিখ অবধি এক বৎসরের নিয়মিত ছুটী পাইলেন, তদ্ভিন্ন প্রয়োজনীয় আনুষঙ্গিক ছুটী পাইয়াছেন।

১৮৮৫ সাল ২৪ মার্চ্চ।

১১৬ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, ই, সিল্ক সাহেব এই মাসের ১১ তারিখে চলিত হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

১১৭ নম্বর।—বিজ্ঞাপন।—মাজপুর উপখণ্ডের কাকোয়াপদার চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ. কেন সাহেব ১৮৮৫ সালের ৬ জানুয়ারি তারিখে উচ্চতর কষ্টিমতে উড়িয়া ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

জলসেচন বিষয়ক।

১৮৮৫ সাল ২৪ মার্চ্চ।

১১৮ নম্বর।—বিজ্ঞাপন।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮৩ সালের বঙ্গীয় ২ আইনের ৬ ধারার বিধানমত হুগলী জিলার অন্তর্গত মণ্ডলঘাট পরগনার বক্সী খালের ডাইন বা উত্তর তট হইতে তিন মাইল বিস্তৃত প্রদেশে উক্ত আইনের ৭০ ধারার ৬ প্রকরণ বলবৎ হইবার প্রস্তাব করেন। কালেক্টর সাহেবের অনুমতি বিনা উপরের নির্দ্দিষ্ট উক্ত প্রদেশের মধ্যে কোন নূতন বাঁধ ও সুতকি এইক্ষণে যে বাঁধ আছে তাহাতে কোন সংযোগ কিম্বা কোন জলপথ অবরোধ করিতে কি তাহা কিরাইতে নিষেধ করা গেল।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটরী।

১৮৮৪ সাল ২৫ মার্চ্চ।

১২০ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, ক্রেঘর্ন সাহেব অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করিয়া আক্রাখণ্ডে অবস্থাপিত হইলেন।

১২১ নম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইঞ্জিনিয়র সিরিশ্‌তায় ১৮৮৫ সালের ১০ ফেব্রুয়ারি অবধি নিম্নলিখিত স্থায়ী পদ বৃদ্ধি করিলেন।

নাম।	যে পদ হইতে।	যে পদে।
শ্রীযুত ই, আর গার্ডিনর সাহেব ..	দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের...	প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়রের।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩১ মার্চ্চ।]

MILITARY.

The 24th March 1885.

No. 122.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the Gujrajgunge encamping ground, in the villages of Sasseroon and Sarai Jagernath, pergunnah Arrah, zillah Shahabad, it is hereby declared that for the above purpose a piece of land measuring 11 beegahs and 14 cottahs of local measurement, bounded on the north by the road from Koelwar to Buxar, on the south by the cultivated lands of Boudth Kali Charun, Musafir Lall, Ramphul Lall and Vazir Koeri, on the east by the road from Gujrajgunge to Bibia, and on the west by the narrow road to Sasseroon village, is required within the aforesaid villages of Sasseroon and Sarai Jagarnath.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

LOCAL COMMUNICATIONS.

The 24th March 1885.

No. 123.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Road Cess Committee, Burdwan, for a public purpose, viz. for a road from Malumba to Kusumgram, in the villages of Malumba, Malgram, Takpur, Shijna, Ujna and Kusumgram, pergunnahs Shatshaika and Shahabad, zillah Burdwan, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 52 beegahs of standard measurement, passing through the above villages, is required.

A copy of the land plan may be inspected by the parties interested in the office of the Collector of Burdwan.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

সমর সম্পর্কীয়।

১৮৮৫ সাল ২৪ মার্চ্চ।

১২২ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ শাহাবাদ জিলার অন্তর্গত আরা-পরগনার সাসেরুণ ও সরাই জগন্নাথ গ্রামে গজরাজগঞ্জে তাম্বু ফেলিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত সাসেরুণ ও সরাই জগন্নাথ গ্রামে স্থানীয় মাপের ন্যূনাধিক ১১।৪ কাঠা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কোয়েলওয়ার অবধি বক্সার পর্য্যন্ত পথ, দক্ষিণ সীমা গৌদ্ধ কালীচরণ, মুরারি লাল, রামফল লাল ও ভিকির কোয়েরীর কর্ষিত জমি, পূর্ব্ব সীমা গজরাজগঞ্জ অবধি বিবয়া পর্য্যন্ত পথ, এবং পশ্চিম সীমা সাসেরুণ গ্রামে যাইবার সঙ্কীর্ণ পথ।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এস, টি, ট্রেবর, কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

স্থানীয় বর্ত্মাদি বিষয়ক।

১৮৮৫ সাল ২৪ মার্চ্চ।

১২৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত সাতসৈকা ও শাহাবাদ পরগনার মলম্বা, মালগ্রাম, টাকপুর, শিজনা, উজনা ও কুসুমগ্রাম গ্রামে মলম্বা অবধি কুসুমগ্রাম পর্য্যন্ত পথ করিবার জন্যে পথকর কমিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত সকল গ্রামের মধ্য দিয়া গানি কষ্টিমতে ন্যূনাধিক ৫২/ বিঘা পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির নকশা স্বার্থ যুক্ত ব্যক্তিরা বর্দ্ধমানের কালেক্টর আপিসে দেখিতে পারিবেক।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এস. টি, ট্রেবর, কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল, ৩১ মার্চ্চ।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ২১ মার্চ্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া তৎসম্বন্ধে এক সপ্তাহের মধ্যে রিপোর্ট করিবার আদেশ সহিত সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয়।

বঙ্গদেশের খেয়াঘাটের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের মধ্যে খেয়াঘাটের বিধান করা বাঞ্ছনীয়।

অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

উপক্রমণিকা।

১ ধারা। সংক্ষেপ নাম। এই আইন বঙ্গদেশের খেয়াঘাট বিষয়ক ১৮৮৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

২ ধারা। আইনের ব্যাপ্তি ও আরম্ভ। এই আইন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমস্ত দেশে বর্ত্তিবে;

এবং শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিয়া এতদর্থে যে তারিখ নিরূপণ করেন সেই তারিখ অবধি এই আইন প্রবল হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ৩১ মার্চ্চ।]

A Bill to regulate ferries in Bengal.

৩ ধারা। ১৮১৯ সালের ৬ আইন ও ১৮৬৬ সালের বঙ্গীয় ১ আইন রহিত হইবার কথা। ১৮১৯ সালের ৬ আইন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের সহিত যতদূর সম্পর্ক রাখে বা যতদূর তথায় বলবৎ থাকে ততদূর এবং ১৮৬৬ সালের বঙ্গীয় ১ আইন এতদ্দ্বারা রহিত করা গেল; কিন্তু উক্ত দুই আইনমতে যে সকল নিরূপণ, নির্দ্দেশ, আজ্ঞা, বিধি, ও চুক্তি করা গিয়াছে ও জামিন লওয়া গিয়াছে, তৎসমুদয় এই আইনমতে করা ও লওয়া গিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

৪ ধারা। অর্থকরণের কথা। এই আইনে বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে,

"কমিশ্যনর সাহেব।" "কমিশ্যনর সাহেব" শব্দে খণ্ডের কমিশ্যনর সাহেবকে বুঝাইবে।

"খেয়া ঘাট।" "খেয়াঘাট" শব্দে নৌকার, পীপার, বা মাড়ের সেতু, ঝুলান পুল, সচল সেতু ও কিয়ৎকালীন পুল এবং খেয়াঘাটে যাইবার ও তথায় নৌকা লাগাইবার স্থানও বুঝাইবে।

"বিজ্ঞাপন।" "বিজ্ঞাপন" শব্দে কলিকাতা গেজেটে প্রকাশিত বিজ্ঞাপন বুঝাইবে।

"বেসরকারী" খেয়াঘাট। যে সকল খেয়াঘাট এই আইনের ৫ ধারামতে সরকারী খেয়াঘাট বলিয়া নির্দ্দেশ বা স্থাপন করা যায় বেসরকারী খেয়াঘাট বলিলে তদ্ভিন্ন অন্য সকল খেয়াঘাট বুঝাইবে।

১ অধ্যায় ।

সরকারী খেয়াঘাট বিষয়ক বিধি ।

সরকারী খেয়াঘাট নির্দ্দেশ, স্থাপন, নিরূপণ ও বন্ধ করিবার ক্ষমতার কথা।

৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে সময়ে

(ক) কোন্ কোন্ খেয়াঘাট সরকারী খেয়াঘাট বলিয়া গণ্য হইবে, এবং এই আইনের কার্য্যপক্ষে যেং জিলায় ঐ২ খেয়াঘাট আছে বলিয়া গণ্য হইবে, ইহা নির্দ্দেশ করিতে পারিবেন ;

(খ) কোন বেসরকারী খেয়াঘাট দখল করিয়া লইয়া তাহা সরকারী খেয়াঘাট বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন ।

(গ) যে স্থলে তাঁহার মতে আবশ্যক হয়, সেই স্থলে নূতন খেয়াঘাট স্থাপন করিতে পারিবেন;

(ঘ) কোন সরকারী খেয়াঘাটের সীমা নিরূপণ করিয়া দিতে পারিবেন ;

(ঙ) সরকারী খেয়ার গতি পরিবর্ত্তন করিতে পারিবেন ; এবং

(চ) কোন সরকারী খেয়াঘাট অনাবশ্যক বোধ করিলে তাহা বন্ধ করিয়া দিতে পারিবেন ।

ঐ রূপ প্রত্যেক নির্দ্দেশ, স্থাপন, নিরূপণ, পরিবর্ত্তন ও বন্ধ করণকার্য্য বিজ্ঞাপন দিয়া করিতে হইবে ।

কিন্তু যে নদীর ধারে ঐরূপ খেয়াঘাট স্থাপিত হইয়াছে, সেই নদীর পরিবর্ত্তন বশতঃ সরকারী খেয়ার গতি বা সীমা পরিবর্ত্তন করা যে স্থলে আবশ্যক হয়, সেই স্থলে লিখিত আজ্ঞা দিয়া কমিশ্যনর সাহেব ঐ পরিবর্ত্তন করিতে পারিবেন, অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং নাম বা পদোল্লেখে অন্য যে কোন কার্য্যকারক বা কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করেন, সেই কার্য্যকারক বা কর্ত্তৃপক্ষ ঐ পরিবর্ত্তন করিতে পারিবেন।

ক্ষতিপূরণের দাওয়া ও যত টাকা দিতে হইবে তাহার কথা।

৬ ধারা। ৫ ধারামতে কোন বেসরকারী খেয়াঘাট দখল করিয়া লওয়াতে কোন ব্যক্তির বা ব্যক্তিদের কোন ক্ষতি হইলে, উক্ত খেয়াঘাট যে জিলায় থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব অথবা এতদর্থে তাঁহার নিযুক্ত অন্য কোন কার্য্যকারক ক্ষতিপূরণের দাওয়া সম্বন্ধে অনুসন্ধান লইয়া যে ব্যক্তির বা ব্যক্তিদের ন্যায্যতঃ ক্ষতিপূরণ পাইবার অধিকার আছে বলিয়া বোধ হয় সেই ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে ক্ষতিপূরণ দিবেন। উক্ত নির্দ্দেশ করণের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী পাঁচ বৎসরের গড় ধরিয়া উক্ত ব্যক্তি বা ব্যক্তিরা প্রকৃত পক্ষে বার্ষিক যত নিট লভ্য পাইয়া থাকেন, তাহা অবলম্বন করিয়া ঐ ক্ষতি পূরণের টাকা হিসাব করা যাইবে, এবং উহা কোন স্থলেই উক্ত বার্ষিক নিট লভ্যের পনের গুণের অধিক হইবে না।

সরকারী খেয়াঘাটের তত্ত্বাবধানের কথা।

৭ ধারা। সরকারী খেয়াঘাট যে জিলার মধ্যে থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি, অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং নাম বা পদোল্লেখে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার প্রতি, ৩৬ ধারার নির্দ্দিষ্ট স্থল ছাড়া অন্যস্থলে, প্রত্যেক সরকারী খেয়াঘাটের অব্যবহিত তত্ত্বাবধানের ভার বর্ত্তিবে ।

ঐ রূপ খেয়াঘাটের মাসুল ইজারা দেওয়া না গেলে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব বা কার্য্যকারক উক্ত খেয়ার নৌকা যোগাইয়া দিবার ও তথায় অনুমোদিত আদেয় মাসুল আদায় করিবার সমুদয় আবশ্যক বন্দোবস্ত করিবেন ।

নীলামক্রমে খেয়াঘাটের মাসুল ইজারা দিবার কথা।

৮ ধারা। খেয়াঘাট যে জিলায় থাকে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে পাঁচ বৎসরের অনধিক যত কালের আদেশ করেন, তত কালের নিমিত্ত কোন সরকারী খেয়াঘাটের মাসুল সময়েং প্রকাশ্য নীলাম দ্বারা ইজারা দেওয়া যাইতে পারিবে।

জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা উক্ত নীলাম কার্য্য চালাইতে তিনি যে কার্য্যকারককে ক্ষমতা দেন সেই কার্য্যকারক উপযুক্ত কারণ লিখিয়া যে ব্যক্তির সর্ব্বোচ্চ ডাক থাকে তাহার ডাক গ্রাহ্য করিতে অস্বীকার করিয়া অন্য কোন ডাক গ্রাহ্য করিতে অথবা মাসুল নীলাম করা বন্ধ করিতে পারিবেন ।

ইজারদারের চুক্তিপত্র লিখিয়া দিবার কথা।

এই ধারামতে যে কোন খেয়াঘাট ইজারা দেওয়া যায়, তাহার ইজারদার যে যে নিয়মের অধীনে ঐ খেয়াঘাটের মাসুল ভোগ করিতে হইবে তাহা উল্লেখ করিয়া চুক্তিপত্র সম্পাদন করিবেন ও উক্ত নিয়ম উপযুক্তরূপে পালিত হইবার জামিন দিবেন ।

সরকারী খেয়াঘাটের ইজারদার ও তাঁহার চাকরেরা বিধিমতে কার্য্য করিতে বাধ্য হইবার কথা।

৯ ধারা। কোন সরকারী খেয়াঘাট নিয়মিতরূপে ইজারা দেওয়া গেলে, উক্ত ইজারদার ও তাঁহার প্রত্যেক চাকর উক্ত খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা ও তত্ত্বাবধান নিমিত্ত এই আইনমতে প্রণীত বিধি অনুসারে কার্য্য করিতে আইনমতে বাধ্য বলিয়া জ্ঞান হইবে ।

প্রতিপোষক খেয়াঘাট স্থাপনের বিধানের কথা।

১০ ধারা। যে জিলায় কোন সরকারী খেয়াঘাট থাকে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের আদেশানুসারে উক্ত খেয়াটের ভারপ্রাপ্ত ব্যক্তি, যে স্থানে উক্ত সরকারী খেয়াঘাট স্থাপিত হইয়াছে তাহা ছাড়া সেই স্থানহইতে দুই মাইলের মধ্যে সাধারণের সুবিধা নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব যত প্রতিপোষক খেয়াঘাট আবশ্যক বোধ করেন, এক বা অধিক স্থানে তত খেয়াঘাট রাখিবেন ; এবং সরকারী খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধে এই আইনে যে সকল বিধান আছে, তৎসমুদয় মাজিষ্ট্রেট সাহেবের আদেশমতে রক্ষিত কোন প্রতিপোষক খেয়াঘাট সম্বন্ধে খাটিবে বলিয়া জ্ঞান করিতে হইবে ।

১১ ধারা। কোন সরকারী খেয়াঘাটের মাসুলের ইজারদারের নিকট তদীয় ইজারা হিসাবে যত টাকা পাওনা থাকে;

ইজারদারের স্থানে বাকী আদায় করিবার কথা।

চুক্তিপত্রে কিম্বা প্রকাশ্য নীলামক্রমে বিক্রয়ের নিয়মপত্রে চুক্তিভঙ্গ নিমিত্ত যে কোন অর্থদণ্ডের কথা থাকে; এবং

১৩ ধারামতে ইজারদার ইজারা পরিত্যাগ করিলে, তাঁহার নিকট যত টাকা পাওনা থাকে,

তৎসমুদয় ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনমত প্রাপ্যস্বরূপ অথবা রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক অন্য যে কোন আইন যৎকালে বলবৎ থাকে, সেই আইনমত প্রাপ্যস্বরূপ উক্ত ইজারদারের স্থানে কিম্বা তাঁহার কোন জামিন থাকিলে, ঐ জামিনের স্থানে আদায় করা যাইতে পারিবে।

১২ ধারা। যে জিলায় সরকারী কোন খেয়াঘাট থাকে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের স্থানে লিখিত নোটিসক্রমে আদেশ পাইলেও উক্ত ইজারদার ১৫ দিনের মধ্যে সাধারণের সুবিধা বা নির্ব্বিঘ্নতা নিমিত্ত উপযুক্ত বিধান করেন নাই, উক্ত মাজিষ্ট্রেট সাহেবের যদি এরূপ বোধ হয়, তবে তিনি অবিলম্বে ঐ খেয়াঘাটের মাসুলের ইজারা রহিত করিতে পারিবেন।

ইজারা রহিত করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। যে জিলায় কোন সরকারী খেয়াঘাট থাকে, সেই খেয়াঘাটের মাসুলের ইজারদার সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ ইজারা পরিত্যাগ করিবার আপন অভিপ্রায়ের লিখিত নোটিস দিলে পর এক মাস অতীত হইলে, এবং প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনাধীনে যে ক্ষতিপূরণ দিবার আদেশ করেন, সেই ক্ষতিপূরণ দিলে, আপনার ইজারা পরিত্যাগ করিতে পারিবেন।

ইজারা পরিত্যাগের কথা।

১৪ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে সময়ে২ এই আইনের সহিত সঙ্গত করিয়া নিম্নলিখিত বিষয়ের বিধি প্রণয়ন করিতে পারিবেন।—

সরকারী খেয়াঘাট সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

(ক) উক্ত জিলার অন্তর্গত সমুদয় সরকারী খেয়াঘাটের কার্য্যাধ্যক্ষতার ও উক্ত খেয়াঘাটে পারাপারের কার্য্য নিয়মিত করিবার বিধি;

(খ) যে সময়ে যে প্রকারে যে২ নিয়মে যে ব্যক্তি ঐ সকল খেয়াঘাটের মাসুল নীলামক্রমে ইজারা দিতে পারিবেন, তাহার বিধান করিবার বিধি;

(গ) ঐরূপ কোন খেয়াঘাট ব্যবহার করণার্থ দেয় মাসুলসম্বন্ধে যাহারা এককালীন চুক্তি করিয়াছে, চুক্তির মিয়াদ অতীত হইবার পূর্ব্বে ঐ খেয়াঘাট বন্ধ করা গেলে, সেই ব্যক্তিদিগকে ক্ষতিপূরণ দিবার বিধি; এবং

(ঘ) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সফল করিবার বিধি।

আর ৮ ধারামতে কোন খেয়াঘাটের মাসুল ইজারা দেওয়া গেলে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ পূর্ব্বোক্তরূপ অনুমোদনক্রমে এই আইনের সহিত সঙ্গত করিয়া নিম্নলিখিত বিষয়ের অতিরিক্ত বিধি প্রণয়ন করিতে পারিবেন।—

(ঙ) উক্ত খেয়াঘাটের মাসুলের নিমিত্ত দেয় খাজানা আদায় করিবার বিধি;

(চ) উক্ত খেয়াঘাটের ইজারদার সময়ে২ পারাপার কার্য্যের যে রিটর্ণ অর্পণ করিবেন, তাহার বিধান করিবার বিধি;

(ছ) যে২ স্থলে নৌকার, পীপার, বা মাড়ের সেতু দ্বারা, কিম্বা ঝুলানপুল, সচল সেতু বা কিয়ৎকালীন পুলদ্বারা যাতায়াতের বিধান করিতে হইবে, সেই২ স্থলে ঐ সেতু বা পুল যে সময়ে যে প্রকারে প্রস্তুত ও রক্ষা করিতে এবং তাহার ভিতর দিয়া নৌকাদি ও মাড় যাইবার নিমিত্ত খুলিয়া রাখিতে হইবে, তাহার বিধান করিবার বিধি;

(জ) যে২ স্থলে নৌকায় পারাপার কার্য্য চালান হয়, সেই২ স্থলে,

যে প্রকারের যতখান নৌকা ও তাহার যেরূপ আয়তন ও সজ্জা হইবে;

প্রত্যেক নৌকায় ইজারদার যত জন দাঁড়ি মাঝি রাখিবেন;

যেরূপ উত্তমাবস্থায় ঐরূপ নৌকা রাখিতে হইবে

যে২ ঘণ্টায় ও যতক্ষণ অন্তর ইজারদার নৌকা চালাইতে বাধ্য থাকিবেন; এবং

এক যাত্রায় প্রত্যেক প্রকারের নৌকায় যত আরোহী, জন্তু, যান ও যে আয়তনের ও ওজনের অন্যান্য দ্রব্য লইয়া যাওয়া যাইতে পারিবে, তাহার বিধান করিবার বিধি।

উক্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ পূর্ব্বোক্তরূপ অনুমোদনক্রমে উক্ত বিধি রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

এই ধারামতে প্রণীত বিধি শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্ত্তৃত্বাধীন থাকিবে, এবং শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে প্রকারের আদেশ করেন, সেই প্রকারে উহা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ও প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

১৫ ধারা। সরকারী খেয়াঘাটের তত্ত্বাবধান ভার প্রাপ্ত কার্য্যকারকের অনুমতি বিনা কোন ব্যক্তি ঐ সরকারী খেয়াঘাটের সীমা হইতে দুই মাইলের মধ্যস্থিত কোন স্থান হইতে বা কোন স্থান পর্য্যন্ত ভাড়া লইয়া যাতায়াত করিবার নিমিত্ত কোন খেয়ার নৌকা রাখিবেন না।

অনুমতি বিনা সরকারী খেয়াঘাটের দুই মাইলের মধ্যে বেসরকারী খেয়া না চলিবার কথা।

কিন্তু কোন নির্দ্দিষ্ট সরকারী খেয়াঘাট সম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া উক্ত দুই মাইল দূরত্ব যতদূর উচিত বোধ করেন, ততদূর হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবেন।

কিন্তু দুই স্থানের মধ্যে এক স্থান উক্ত সীমার বহির্ভূত ও অন্য স্থান তদন্তর্গত হইলে ও ঐ দুই স্থানের ব্যবধান তিন মাইলের কম না হইলে, ইতিপূর্ব্বের কোন কথায় ঐ দুই স্থানের মধ্যে যাতায়াত করিবার নিমিত্ত নৌকা রাখিতে কোন ব্যক্তির বাধা হইবে না, অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে সকল নৌকা এই ধারার বিধানহইতে স্পষ্টাক্ষরে মুক্ত করেন, সেই সকল নৌকা সম্বন্ধে উক্ত কথা খাটিবে না।

১৬ ধারা। কোন ব্যক্তি সরকারী খেয়াঘাটে যাইবার স্থান অথবা তথায় লাগাইবার স্থান ব্যবহার করিলে, উক্ত খেয়াঘাটে পার হইলে যে মাসুল দিতে হয় তিনি সেই মাসুল দিতে দায়ী হইবেন।

কোন ব্যক্তি খেয়াঘাটে যাইবার স্থান ব্যবহার করিলে তাঁহার মাসুল দিবার দায়ের কথা।

১৭ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে সময়েং যে হার ধার্য্য করেন, সেই হারানুসারে, যে সকল লোক, জন্তু, যান ও অন্য দ্রব্য সরকারী খেয়ায় কোন নদী পার হয়, এবং রাজকীয় কার্য্যে নিযুক্ত না থাকে বা প্রেরিত না হয়, সেই সকল লোক প্রভৃতির উপর মাসুল লওয়া যাইবে।

মাসুলের কথা।

কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কোন ব্যক্তি, জন্তু, যান বা অন্য দ্রব্য উক্ত মাসুল দিবার দায় হইতে মুক্ত বলিয়া সময়েং নির্দ্দেশ করিতে পারিবেন।

কোন খেয়াঘাটের মাসুল ৮ ধারামতে ইজারা দেওয়া গিয়া থাকিলে, ও নীলামের তারিখের পর ঐরূপ নির্দ্দেশ করা গেলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতে যেরূপ ধার্য্য করেন, ইজারদারের মাসুল সম্বন্ধে দেয় খাজানার সেইরূপ হ্রাস করিয়া লইবার অধিকার থাকিবে।

১৮ ধারা। ইজারদার বা কোন সরকারী খেয়াঘাটের মাসুল আদায় করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি দেশীয় ভাষায় ও কমিশ্যনর সাহেব আজ্ঞা করিলে ইংরাজী ভাষায় স্পষ্ট করিয়া লেখা বা ছাপা মাসুলের তালিকা ঐ খেয়াঘাটের নিকট কোন সুপ্রকাশ স্থানে লটকাইয়া দিবেন;

মাসুলের তালিকার কথা।

এবং কেহ চাহিলে, মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষরিত অথবা এতদর্থে তাঁহার নিযুক্ত অন্য কার্য্যকারকের স্বাক্ষরিত মাসুলের নির্ঘণ্টপত্র দেখাইতে বাধ্য থাকিবেন।

মাসুলের নির্ঘণ্টপত্রের কথা।

১৯ ধারা। ৩৬ ধারার নির্দ্দিষ্ট স্থল না হইলে, গবর্ণমেন্ট কর্ত্তৃক বা তৎপক্ষে যে সকল মাসুল, খাজানা ও ক্ষতিপূরণ গৃহীত হয় ও এই আইনমতে যে সকল অর্থদণ্ড আদায় হয়, তাহা হইতে প্রথমতঃ এই আইনের বিধান সফল করিতে যে সকল খরচ পড়ে তাহার টাকা দিতে হইবে; এবং উদ্বর্ত্ত কিছু থাকিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যে তহবীলের আদেশ করেন সেই তহবীলে জমা করিয়া দিতে হইবে।

মাসুল, খাজানা, ক্ষতিপূরণ ও অর্থ দণ্ডের টাকা কিরূপে প্রয়োগ করিতে হইবে তাহার কথা।

২০ ধারা। যে জিলায় কোন সরকারী খেয়াঘাট থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে কোন ব্যক্তি উক্ত খেয়াঘাটের ব্যবহার নিমিত্ত দেয় মাসুল সম্বন্ধে যে হারে চুক্তি করিতে পারে ইহা সময়েং ধার্য্য করিতে পারিবেন।

মাসুলসম্বন্ধে চুক্তির কথা।

---

২ অধ্যায়।

বেসরকারী খেয়াঘাট বিষয়ক বিধি।

২১ ধারা। কমিশ্যনর সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক আপন খণ্ডস্থ বেসরকারী খেয়া ঘাটে সুধারা রক্ষণার্থ এবং আরোহীদের ও দ্রব্যের নির্ব্বিঘ্নতা সাধনার্থ এই আইনের সহিত সঙ্গত করিয়া সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন;

বেসরকারী খেয়াঘাট সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

এবং সময়েং পূর্ব্বোক্তরূপ অনুমতি লইয়া উক্ত বিধি রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

এই ধারামতে প্রণীত বিধি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করা গেলে আইনতুল্য বলবৎ হইবে।

২২ ধারা। ঐরূপ খেয়াঘাটে যে মাসুল লওয়া যায়, তাহা তদ্রূপ সরকারী খেয়াঘাটের নিমিত্ত ১৭ ধারামতে যৎকালে যে সর্ব্বোচ্চ হার ধার্য্য করা হয়, তাহার অধিক হইবে না।

মাসুলের কথা।

---

৩ অধ্যায়।

দণ্ড ও ফৌজদারী কার্য্যপদ্ধতি বিষয়ক বিধি।

২৩ ধারা। সরকারী খেয়াঘাটের মাসুল আদায় করিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ইজারদার বা অন্য ব্যক্তি ১৮ ধারার উল্লিখিত মাসুলের তালিকা লটকাইয়া দিতে ও উত্তম অবস্থায় মেরামত করিয়া রাখিতে শৈথিল্য করিলে,

মাসুলের তালিকা, মাসুলের নির্ঘণ্টপত্র ও পারাপার কার্য্যের রিটর্ণ বিষয়ক বিধান লঙ্ঘন হইলে দণ্ডের কথা।

কিম্বা ঐ তালিকা ইচ্ছাপূর্ব্বক স্থানান্তর, পরিবর্ত্তন কি বিকৃত করিলে বা উহা যাহাতে পড়িতে না পারা যায় এরূপ হইতে দিলে,

কিম্বা ১৮ ধারার উল্লিখিত মাসুলের নির্ঘণ্টপত্র চাহিবামাত্র উপস্থিত না করিলে, এবং

কোন ইজারদার ১৪ ধারার আদেশমতে কোন রিটর্ণ দিতে শৈথিল্য করিলে, তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

অননুমোদিত মাসুল লইবার ও বিলম্ব ঘটাইবার দণ্ডের কথা।

২৪ ধারা। পূর্ব্বোক্তরূপ কোন ইজারদার কি অন্য ব্যক্তি এবং যে ব্যক্তির দখলে কোন বেসরকারী খেয়াঘাট থাকে তিনি আইনমত মাসুলের অতিরিক্ত কিছু চাহিলে কি লইলে, কিম্বা উপযুক্ত কারণ বিনা কোন ব্যক্তি, জন্তু, যান কি অন্য বস্তু সম্বন্ধে বিলম্ব ঘটাইলে, তাঁহাদের একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

১৪ ও ২১ ধারামতে প্রণীত বিধি লঙ্ঘনের দণ্ডের কথা।

২৫ ধারা। কোন ব্যক্তি ১৪ কি ২১ ধারামতে প্রণীত কোন বিধি লঙ্ঘন করিলে, তাঁহার ছয়মাস কাল পর্য্যন্ত কারাদণ্ড অথবা দুইশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ডই হইবে।

ত্রুটি কি বিধি লঙ্ঘন বশতঃ ইজারা রহিত করিবার কথা।

২৬ ধারা। কোন সরকারী খেয়াঘাটের মাসুলের ইজারদার ঐ মাসুল সম্বন্ধে দেয় খাজানা দিতে ত্রুটি করিলে কি ২৫ ধারামতে তাঁহার কোন অপরাধ নির্ণীত হইলে অথবা ২৩ কি ২৪ ধারামতে, তাঁহার কোন অপরাধ নির্ণীত হইবার পর আবার উহার কোন ধারামতে তাঁহার অপরাধ নির্ণীত হইলে,

জিলার মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদন ক্রমে ঐ খেয়াঘাটের মাসুলের ইজারা রহিত করিয়া যে কালের জন্য মাসুল ইজারা দেওয়া গিয়াছিল সম্পূর্ণ সেই কাল অথবা তাহার কিয়দংশের জন্য ঐ খেয়াঘাটের কার্য্য নির্ব্বাহার্থে অন্য বন্দোবস্ত করিতে পারিবেন।

আরোহিরা ত্রুটি করিলে দণ্ডের কথা।

২৭ ধারা। যে কোন ব্যক্তি সরকারী খেয়ায় পার হইয়া কি খেয়াঘাটে যাইবার স্থান কি তথায় লাগাইবার স্থান ব্যবহার করিয়া উপযুক্ত মাসুল দিতে অস্বীকার করে ও যে কোন ব্যক্তি ঐ মাসুল দেওন এড়াইবার অভিপ্রায়ে ঐ মাসুল না দিয়া প্রতারণা কি বলপূর্ব্বক তদ্রূপ কোন খেয়ায় পার হয়, কিম্বা

কোন সরকারী খেয়াঘাটের মাসুল আদায়কারক কি মাসুলের ইজারদার কি তাঁহার কোন সহকারীকে এই আইনমত তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে কোন প্রকারে বাধা দেয়, কিম্বা

তদ্রূপ কোন মাসুল আদায়কারক, ইজারদার কি সহকারী ঐ রূপ কার্য্য যেন না করে বলিয়া সতর্ক করিয়া দিবার পর যে খেয়ার নৌকা কিম্বা খেয়াঘাটের কোন সেতু এরূপ অবস্থায় আছে কি এরূপ বোঝাই হইয়াছে যে প্রাণ কি সম্পত্তির পক্ষে আশঙ্কাজনক সেই নৌকায় কি সেতুতে নিজে যায় কি কোন জন্তু, যান কি অন্য দ্রব্য লইয়া যায়, কিম্বা

তদ্রূপ মাসুল আদায়কারক, ইজারদার কিম্বা সহকারী কর্ত্তৃক অনুরুদ্ধ হইয়াও তদ্রূপ কোন খেয়ার নৌকা কি সেতু হইতে নিজে যাইতে কি কোন জন্তু, যান বা দ্রব্য সরাইতে অস্বীকার করে কি শৈথিল্য করে, তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৮৫ । ৩১ মার্চ ।]

লাইসেন্স না লইয়া সরকারী খেয়ার সীমার মধ্যে পার করিলে দণ্ডের কথা।

২৮ ধারা। কোন ব্যক্তি ১৫ ধারার বিধান লঙ্ঘন করিয়া ভাড়ার নিমিত্ত কোন আরোহী, জন্তু, যান, কি অন্য দ্রব্য লইয়া গেলে, তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

দণ্ডের টাকা ইজারদারকে দিতে হইবার কথা।

২৯ ধারা। ইহার পূর্ব্বের লিখিত বিধানমতে কোন সরকারী খেয়াঘাটের মাসুলের ইজারা দেওয়া গেলে, ২৭ কি ২৮ ধারামত দণ্ডের টাকা আদায় হইলে উহার সমুদয় টাকা কি কোন অংশ ১৯ ধারার বিধান সত্ত্বেও অপরাধ নির্ণয়কারী মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেটদের বেঞ্চের বিবেচনামতে ঐ ইজারদারকে দেওয়া যাইতে পারিবে।

দুঃসাহসিক ভাবে নৌকা চালাইলে কি বাহাদুরী কাঠ জমা করিয়া রাখিলে দণ্ডের কথা।

৩০ ধারা। যাহাতে কোন সরকারী খেয়ার ক্ষতি হয় কোন ব্যক্তি এরূপ দুঃসাহসিক ভাবে কি শৈথিল্য প্রকাশপূর্ব্বক নৌকা কি ঝাড় চালাইলে, লঙ্গর করিলে, বাঁধিলে বা লাগাইয়া রাখিলে কিম্বা বাহাদুরী কাঠ জমা করিলে, তাহার তিন মাস কাল পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ডই হইবে; এবং ঐ খেয়াঘাটের মাসুল আদায়কারক বা মাসুলের ইজারদার বা তাঁহার কোন সহকারী পশ্চাল্লিখিত অনুসন্ধান ও ক্ষতিপূরণের টাকা নিরূপণের অপেক্ষায় উক্ত নৌকা, ঝাড় কি বাহাদুরী কাঠ ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন।

ওয়ারেন্ট বিনা ধৃত করিবার কথা।

৩১ ধারা। কোন ব্যক্তি ২৭ কি ৩০ ধারার বিরুদ্ধ অপরাধ করিলে পোলীস তাহাকে ওয়ারেন্ট বিনা ধৃত করিতে পারিবেন।

সরাসরীমতে বিচার করিবার ক্ষমতার কথা।

৩২ ধারা। যে মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেটদের বেঞ্চের ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২২ অধ্যায়মত সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা আছে, তাঁহারা ঐ অধ্যায়ের বিহিত প্রকারে এই আইনবিরুদ্ধ যে কোন অপরাধের বিচার করিতে পারিবেন।

অপরাধীর কৃত ক্ষতির জন্য মাজিষ্ট্রেটের ক্ষতিপূরণ নিরূপণ করিতে পারিবার কথা।

৩৩ ধারা। যে প্রত্যেক মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেটদের বেঞ্চ এই আইনমত অপরাধের বিচার করেন, তাঁহারা অপরাধী সম্পর্কীয় কোন খেয়ার কোন ক্ষতি করিয়া বা করাইয়া থাকিলে ঐ ক্ষতির বিষয়ে অনুসন্ধান ও উহার মূল্য নিরূপণ করিতে পারিবেন, ও এই আইনমতে তাহার যে অর্থদণ্ড হয় তদতিরিক্ত ঐ মূল্যের টাকা দিবার জন্য তাহার প্রতি আজ্ঞা করিবেন। তদ্রূপে যে টাকা দিবার আজ্ঞা হয় তাহা অর্থদণ্ডের টাকার ন্যায় আদায় হইতে পারিবে; কিম্বা ৩০ ধারামত অপরাধ হইলে যে নৌকা, ঝাড় বা বাহাদুরী

কাষ্ঠের দ্বারা ঐ ক্ষতি ঘটিয়াছে তাহা ও ঐ নৌকা বা মাড়ের ভিতর বা উপরে কোন দ্রব্য পাওয়া গেলে সেই দ্রব্য বিক্রয় করিয়া আদায় হইতে পারিবে।

কোন ব্যক্তি এই ধারামত কোন আজ্ঞা দ্বারা ক্ষতিগ্রস্ত বোধ করিয়া আপীল করিলে, কমিশ্যনর সাহেব ঐ আজ্ঞাক্রমে দেয় টাকা কমাইয়া দিতে কিম্বা ক্ষমা করিতে পারিবেন।

৪ অধ্যায়।

বিবিধ বিধি।

ইজারা পরিত্যাগ কি রহিত করিলে নৌকাদির দখল লইবার ক্ষমতার কথা।

৩৪ ধারা। কোন ইজারা রহিত কি পরিত্যাগ করা গেলে ইজারদার খেয়ার কার্য্য চালাইবার জন্য যে সকল নৌকা ও অন্য সরঞ্জাম ব্যবহার করিয়াছিলেন জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহার দখল লইতে পারিবেন ও উহার স্বামীকে উপযুক্ত মূল্য দিয়া চিরকালের নিমিত্তে কিম্বা যাবৎ অন্য প্রকারক নৌকা ও সরঞ্জামের বন্দোবস্ত না করিতে পারেন তাবৎ তিন মাসের অনধিক যে কালের নিমিত্তে আবশ্যক হয় উহা রাখিতে পারিবেন। শেষোক্ত স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব উক্ত নৌকা ও সরঞ্জামের ব্যবহার নিমিত্ত উহার স্বামীকে ন্যায্য মূল্য দিবেন।

পরন্তু তদ্রূপ দখল লইবার এক সপ্তাহের মধ্যে উক্ত ইজারদারকে জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ সকল নৌকা ও সরঞ্জাম চিরকালের কি কিয়ৎকালের নিমিত্ত রাখিবার তাঁহার অভিপ্রায় আছে ইহা নির্দ্দেশ করিয়া নোটিস দিতে বাধ্য থাকিবেন।

বিশেষ প্রয়োজন স্থলে ঐরূপ ক্ষমতার কথা।

৩৫ ধারা। খেয়া চালাইবার উপযোগী কোন নৌকাদি উহার সজ্জা কিম্বা কোন মাল মশলা কি সরঞ্জাম শ্রীশ্রীমতীর কার্য্যে নিযুক্ত কর্ম্মচারী কি সৈন্য কিম্বা শ্রীশ্রীমতীর কার্য্যের নিমিত্তে অন্য কোন ব্যক্তিদিগকে কিম্বা ঐ কর্ম্মচারী, সৈন্য কি ব্যক্তিদের কোন জন্তু, যান কি গাটরী কিম্বা শ্রীশ্রীমতীর কোন সম্পত্তি চালান করিবার সুবিধার নিমিত্তে বিশেষমতে প্রয়োজন হইলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব যাবৎ ঐ চালান কার্য্য শেষ না হয় তাবৎ ঐ সকল নৌকাদি দখল লইয়া ব্যবহার করিতে পারিবেন; ও ঐ ব্যবহার জন্য শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব প্রত্যেক স্থলে যে রূপ আদেশ করেন সেইরূপ ক্ষতি পূরণের টাকা দিবেন।

জিলার বোর্ড বা মুনিসিপালিটীর প্রতি কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতা দিবার কথা।

৩৬ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই রূপ আজ্ঞা করিতে পারিবেন যে বঙ্গদেশের স্থানীয় স্বতন্ত্র শাসন বিষয়ক ১৮৮৫ সালের আইনের বিধানমতে কোন জিলায় জিলার বোর্ড স্থাপিত হইয়া থাকিলে ঐ জিলার মধ্যে কিম্বা বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের আইনক্রমে গঠিত কোন মুনিসিপালিটীর মধ্যে অবস্থিত কোন সরকারী খেয়াঘাটের কার্য্য ক্রমান্বয়ে উক্ত জিলার বোর্ড কি উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের কর্ত্তৃক নির্ব্বাহিত হইবে; এবং উক্ত বোর্ড বা কমিশ্যনরেরা ৬, ৭, ৩২ ও ৩৩ ধারার লিখিত ক্ষমতা ভিন্ন এই আইনক্রমে জিলার মাজিষ্ট্রেটের প্রতি প্রদত্ত অন্য সমুদয় ক্ষমতা প্রাপ্ত হইবেন। আর ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই রূপ আদেশ করিতে পারিবেন যে ঐ খেয়াঘাটের সমুদয় আয় কি উহার কিয়দংশ ও দণ্ডের যে টাকা আদায় হয় তাহার ও ঐ খেয়াঘাট সম্পর্কে এই আইনমতে প্রাপ্ত ক্ষতিপূরণের টাকার সমুদয় কি কিয়দংশ ক্রমান্বয়ে জিলার তহবিলে কি মুনিসিপাল তহবীলে দিতে হইবে—

এই রূপ আদেশ হইলে পর ঐ খেয়াঘাটের কার্য্য তদনুসারে নির্ব্বাহিত হইবে এবং ঐ আয় ও অর্থ দণ্ডের ও ক্ষতিপূরণের টাকা তদনুসারে দেওয়া যাইবে।

ক্ষমতা অর্পণ করিবার কথা।

৩৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যেরূপ নিয়মাধীনে বিহিত বোধ করেন সেইরূপ নিয়মাধীনে এই আইনক্রমে তাঁহার প্রতি প্রদত্ত অন্যতর ক্ষমতা কোন কমিশ্যনর কি জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি কিম্বা অন্য যে কার্য্যকারককে কর্ত্তৃপক্ষকে তিনি উপযুক্ত জ্ঞান করেন তাঁহার প্রতি নাম বা পদোল্লেখ অর্পণ করিতে পারিবেন।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

বঙ্গদেশের খেয়াঘাটের কার্য্যনির্ব্বাহসম্বন্ধীয় ব্যবস্থা এক্ষণে ১৮১৯ সালের ৬ আইনে ও ১৮৬৬ সালের বঙ্গীয় ১ আইনে প্রাপ্ত হওয়া যায়। পূর্ব্বোক্ত আইনে খেয়াঘাটের তত্ত্বাবধান কার্য্য মাজিষ্ট্রেট ও জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবদের প্রতি অর্পণ করিয়া ঐ সকল ঘাটের কার্য্যনির্ব্বাহার্থ বিধিপ্রণয়ন করিবার, মাসুলের হার ধার্য্য করিবার ও ঐ সকল ঘাট পর্য্যবেক্ষণ করণার্থে লোক নিযুক্ত করিবার ক্ষমতা কেবল তাঁহাদিগকেই দেওয়া হইয়াছে। বঙ্গদেশের অনেক গুলি সরকারী খেয়াঘাটই এইক্ষণে জিলার বোর্ড ও মুনিসিপালিটীর কর্ত্তৃত্বাধীনে সংস্থাপন করিবার প্রস্তাব হইতেছে। সুতরাং ইহাতে প্রচলিত আইনের সংশোধন আবশ্যক হইবে। এই সুযোগে আইনের যে বিধানগুলি অপ্রচলিত হইয়া পড়িয়াছে তাহার পরিবর্ত্তে শাসনকার্য্যের প্রকৃত অবস্থানুযায়ী বিধান প্রণয়ন করা ও এরূপ নানা উৎকর্ষাত্মক বিষয় সন্নিবেশ করা যাইবে যাহার আবশ্যকতা বহুকালাবধি স্বীকৃত হইয়া আসিলেও সর্ব্বাবয়ব ব্যবস্থা প্রণয়নের অপেক্ষাতেই এতকাল স্থগিত রাখা হইয়াছে।

কোলমান মেকলে,

১৮৮৫ সাল ১১ মার্চ্চ।

সি. এচ. রাইলী,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

[গবর্ণমেন্ট গেজেট ১৮৮৫। ৩১ মার্চ্চ।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ৩১ মার্চ্চ।

সপ্তম খণ্ড।

রাজস্ববিষয়ক সরকুলার।

১৮৮৫ সাল ফেব্রুয়ারি মাস।

শ্রীযুত এফ, বি, পীকক্ সাহেব।

৪ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ২১২ পৃষ্ঠায় ৯ অধ্যায়ের ১০ পরিচ্ছেদের ৮ ধারায় নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।—

জিলার মফঃসল স্থানে রাজকার্য্যে নিযুক্ত ডেপুটী কালেক্টরদিগের উক্ত কার্য্যে নিয়োগ জন্য বৃত্তির বিলেও কমিশ্যনর সাহেবেরা নিজে কোড়স্বাক্ষর করিবেন।

শ্রীযুত এচ, এ, কক্রেল সাহেব, সি, এস, আই।

৫ নম্বর।

বোর্ডের ১৮৮১ সালের নবেম্বর মাসের ৩ নম্বর সরকুলর অর্ডরের অনুক্রমে, জিলার পথ কমিটীরা যে চ্যাক কাটেন তাঁহাতে ইষ্টাম্প দেওন বিষয়ক রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৮৫ সালের ৩০ জানুয়ারি তারিখের নিম্নলিখিত ৫০৫ নম্বর আদেশের প্রতি রাজস্ব কার্য্যকারকদিগের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।—

৫০৫ নম্বর। কলিকাতা, ১৮৮৫ সাল ৩০ জানুয়ারি। রাজস্বকার্য্য বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের প্রতি রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী শ্রীযুত জে, এফ, ফিনুলে সাহেবের পত্র।

১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনমতে স্থাপিত বঙ্গদেশের জিলার পথ কমিটীরা যে চ্যাক কাটেন, তাহা ইষ্টাম্পের মাসুল হইতে মুক্ত কি না, এই প্রশ্ন বিবেচিত হইবার নিমিত্ত অর্পণ করিয়া আপনি ১৮৮৪ সালের ২৪ ডিসেম্বর তারিখের ২৩৩২ নম্বর যে পত্র লিখিয়াছেন আমি তাহার প্রাপ্তি স্বীকার করিতে আদিষ্ট হইয়াছি।

২। প্রত্যুত্তরে লিখিতেছিযে মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মত এই যে, পূর্ব্বোল্লিখিত আইনমতে স্থাপিত জিলার পথকমিটীদিগের প্রদত্ত চাকে ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের বিধানমতে ইষ্টাম্পের মাসুল দিতে হয়। সিবিল আকৌন্ট বিধিপুস্তকের যে বিধি থাকায় উপস্থিত প্রশ্ন উত্থাপিত হইয়াছে, শ্রীযুত কণ্ট্রোলর ও অডিটর জেনরল সাহেবকে তাহা পরিবর্ত্তন করিবার আদেশ দেওয়া হইয়াছে।

সিবিল আকৌন্ট বিধিপুস্তকের ১ অধ্যায়ের ৭ ধারার ২ প্রকরণের অন্তর্গত বিধিটী পরিবর্ত্তন করিয়া উপরিলিখিত নিষ্পত্তির অনুযায়ী করিবেন, এই আদেশ করিয়া এই পত্রের নকল শ্রীযুত কণ্ট্রোলর ও অডিটর জেনরল সাহেবের নিকট প্রেরিত হইল।

---

১ নম্বর।

বোর্ডের ১৮৮৪ সালের ফেব্রুয়ারি মাসের ৭ নম্বর সরকুলর অর্ডরের অনুক্রমে বোর্ডের বিধিপুস্তকের ১ বালমের ১৫ অধ্যায়ের ও ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ১৭ পরিচ্ছেদের ৫০ ধারার নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।—

৯ দফায় "হিসাবে বাদ দিতে হইবে" এই২ কথার পূর্ব্বে "৩১ মার্চ্চ তারিখে বা তাহার পূর্ব্বে" এই কথাগুলি দিতে হইবে।

১১ দফায় "তদনুসারে মাসুল আদায় হইবে।" এই২ কথার পর "উহা ৩১ মার্চ্চ তারিখে বা তাহার পূর্ব্বে আদায় করা যাইবে।" এই কথা গুলি যোগ করিতে হইবে।

১২ দফায় "কালেক্টর সাহেব" এই২ কথার পর "৩১ মার্চ্চ তারিখে বা তাহার পূর্ব্বে" এই কথা গুলি দিতে হইবে।

৪০ নম্বর বার্ষিক রিটর্ণের ১ম টেবিলে (আবকারী বিধিপুস্তকের ৩২৬ পৃষ্ঠা দেখ) ঙ শীর্ষকের অর্থাৎ "যত কমতি কমিশনর সাহেবের অনুমোদনক্রমে হিসাব হইতে খারিজ করা যায়" এই শীর্ষকের পরিবর্ত্তে নিম্নলিখিত শীর্ষক দিতে হইবে।—

ঙ।— "১৭ পরিচ্ছেদের ৫০ ধারামতে কমিশ্যনর সাহেবের অনুমোদনাধীনে কালেক্টর সাহেব শতকরা ২॥০ অংশ পর্য্যন্ত যে কমতি হিসাব হইতে খারিজ করিয়া দেন।"

উক্ত রিটর্ণের ১ম টেবিলে এক্ষনকার চ, ছ, জ, ঝ, ঞ ৫ট শীর্ষকের পরিবর্ত্তে নিম্নলিখিত শীর্ষক গুলি দিতে হইবে।—

চ। } যত কাটতির উপর মাসুল আদায় হয়। { চালান হইয়া যাইতেছে।
ছ। } যত কাটতির উপর মাসুল আদায় হয়। { ছাড়পত্রের সহিত মিলাইয়া ওজনে যত কম পাওয়া যায়।
জ। } যত কাটতির উপর মাসুল আদায় হয়। { প্রকৃত প্রস্তাবে জিলার মধ্যে যত আছে।

ঠ। শতকরা ২॥ অংশের অধিক যে কমতির উপর মাসুল লওয়া গেল।

ঝ। মোট যত গাঁজার উপর মাসুল আদায় হয় (চ, ছ, জ ও ঠ)।

ঞ। মোট যত গাঁজার হিসাব দেওয়া গেল। (গ, ঘ, ঙ ও ঝ) (B)

ট। ১৮৮-৮ সালের ১ আপ্রিল তারিখে গোলায় যত অবশিষ্ট থাকে (A হইতে B বাদ দিতে হইবে)

Raj Krishna Mukhopadhyaya, M.A. & B.L, *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 31, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ৩১ মার্চ্চ।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৮৫ সালের মার্চ্চ মাসের ১৫ তারিখের পূর্ব্ব দুই সপ্তাহ

৮০ তোলার সেরের হিসাবে

সংখ্যা	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			বজু ও বাজরা।			চোলম ও জোয়ার।		
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ
	বঙ্গদেশ। পশ্চিমদিকস্থ জিলা।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বর্দ্ধমান ...	।৬	।৬।	।৮	...	...	...	।৩।	।৩৸৵	।৫	।৬।।	।৭।।	।৯।	..	...	...	..	...	...
২	বাঁকুড়া ...	।৭।।	।৬।।	।৫	।৮	।৮	।৪	।৬	।৬।।	।৮	।৯	।৯।।	।৯	...	...	...	...	...	...
৩	বীরভূম ...	।৬	।৬	।৫	...	..	...	।২	।২৸	।৩।।	।৩।।	।৫৸	।৬	...	...	...	...	...	...
৪	মেদিনীপুর...	।।০	।৬	।২	।।৪	।।০	।৫	।৪	।৪	।২	।।০	।।০	।৮	...	...	...	...	...	..
